সামবেদ সংহিতা।

কৌথুমী শাখা।

পূজ্যপাদশ্রীমৎসায়ণাচার্য্যবিরচিতেন মাধবীয়েন
"সামবেদার্থপ্রকাশ"-নাম-ভাষ্যেণ,

শ্রীসত্যব্রতসামশ্রমিভট্টাচার্য্যকৃতেন
বিবরণেন বঙ্গানুবাদেন চ

সহিতঃ

প্রথমো ভাগঃ।

(ছন্দআর্চ্চিকঃ তত্র গেয়গানং চ)

কলিকাতা—সত্যযন্ত্রে
মুদ্রিতঃ।
(শাকাঃ ১৮০৭)

ভূমিকা।

মঙ্গলাচরণ।

"য়ো অগ্নৌ রুদ্রো য়ো অপ্স্ব ১ ন্ত—

র্য় ওষধী র্বীরুধ আ বিবেশ।

য় ইমা বিশ্বা ভুবনানি চাকৢপে

তস্মৈ রুদ্রায় নমো অস্ত্বগ্নয়ে।"

(অথ০ স০ ৭, ৮৭, ১)

যে রুদ্রদেবতা অগ্নিতে, যিনি জলের অন্তরে, যিনি ওষধি ও লতাদি পর্য্যন্তে আবিষ্ট আছেন; যিনি এই বিশ্বভুবন কল্পনা করিতেছেন; সেই রুদ্র দেবতাকে—সেই অগ্নি দেবতাকে নমস্কার।

"য়ো ভূতং চ ভব্যং চ সর্বং য়শ্চাধিতিষ্ঠতি।

স্ব ১ র্য়স্য চ কেবলং তস্মৈ জ্যেষ্ঠায় ব্রহ্মণে নমঃ॥"

(অথ০ স০ ১০, ৮, ১)

যিনি এই ভূতভব্য সমস্ত চরাচরে অধিষ্ঠিত রহিয়াছেন, একমাত্র সূর্য্য যাঁহার প্রধান যন্ত্র, ব্রহ্ম নামে প্রসিদ্ধ সেই জ্যেষ্ঠ দেবতাকে নমস্কার।

—*॰*—

প্রার্থনা।

"প্রিয়ং মা কৃণু দেবেষু প্রিয়ং রাজসু মা কৃণু।

প্রিয়ং সর্ব্বস্য পশ্যত উত শূদ্র উতার্য্যে ॥"

(অথ০ সং ১৯, ৬২, ১)

অর্থ ১ম প্রকার— কেবল, দ্যুতিমান্ (জ্ঞানী) ব্যক্তি-দেরই প্রিয় করিও না ; কেবল, রাজগণেরই (ধনীদেরই) প্রিয় করিও না ; কি আর্য্য, কি শূদ্র, সকলেরই সমভাবে প্রিয় কর।

অর্থ ২য় প্রকার— দেবজাতি (ব্রাহ্মণ) দিগেরই প্রিয় করিও না, রাজজাতি (ক্ষত্রিয়) দিগেরই প্রিয় করিও না এবং শূদ্রজাতিরই প্রিয় করিও না অথবা অর্য্য (বৈশ্য) জাতিরই প্রিয় করিও না। প্রভৃত সকলেরই প্রিয় কর।

অর্থ ৩য় প্রকার— আমাকে দেবগণের প্রিয় কর। আমারে রাজগণের প্রিয় কর। কি আর্য্য, কি শূদ্র, সকলেই আমাকে প্রিয়রূপে দেখুন।

আরও—— (ঋ০ স০ ১, ৬, ১৮, ১-২-৩)

"মধু বাতা ঋতায়তে মধু ক্ষরন্তি সিন্ধবঃ।

মাধ্বীর্নঃ সন্ত্বোষধীঃ। (১)

মধু নক্ত মুতোষসো মধুমৎ পার্থিবং রজঃ।

মধুদ্যৌরস্তু নঃ পিতা। (২)

মধুমান্ নো বনস্পতি র্মধুমাঁ অস্তু সূর্য্যঃ।

মাধ্বী র্গাবো ভবন্তু নঃ॥" (৩)

হে প্রার্থনা-পূরণ-সমর্থ দেব! তোমার প্রসাদে, আমাদের দেশে, বায়ু সকল স্বাস্থ্যকর রূপে প্রবাহিত হউক। স্রোতস্বিনীরা অমৃতস্যন্দিনী হউক। ওষধিরাও সুস্বাদু হউক। কি রাত্রি কি উষা উভয়ই স্বাস্থ্য-নিদান হউক। পার্থিব প্রত্যেক পরমাণুই স্বাস্থ্যের কারণ হউক। পিতৃ স্থানীয় দ্যুলোকও আমাদের স্বাস্থ্যের উপযোগী হউক। বনস্পতিরা মধুর ফল প্রসব করুক। সূর্য্য নির্দ্দোষ রশ্মি বিতরণ করুন। আমাদের গো-সকলও বহুক্ষীরা হউক।

—:*:*:—

বিষয় ও আশা।

পূর্ব্বে, টীকা ও বাঙ্গলা অনুবাদাদির সহিত সামবেদের ব্রাহ্মণগ্রন্থ ৭ খানি প্রকাশিত করিয়াছি; সামবেদের আরণ্যকও ঐরূপ সায়ণভাষ্য ও বাঙ্গলা অনুবাদসহ প্রকাশিত করিয়াছি; সংহিতাগ্রন্থও সায়ণভাষ্যের সহিত আদ্যন্ত সম্পূর্ণ একবার এঃ সোঃ র কর্ত্তৃত্বে প্রকাশিত করিয়াছি; পরং উহা নাগাক্ষরে হইবায় এবং তৎসহ বঙ্গানুবাদ না থাকায় তদ্বিষয়ে এ পর্য্যন্ত শান্তিলাভ করিতে পারি নাই; সেই জন্যই পুনশ্চ সামবেদ-সংহিতা খানি প্রথম হইতেই সায়ণ-ভাষ্য ও বাঙ্গলা অনুবাদের সহিত বঙ্গ সমাজে প্রচারিত করিতে কৃতসংকল্প হইয়াছি। ইতিপূর্ব্বেই যজুর্ব্বেদ সংহিতা-খানিও বাঙ্গলা অনুবাদ ও মহীধরকৃত ভাষ্যের সহিত আদ্যন্ত সমস্ত প্রকাশিত করিয়াছি। যে সাহায্যকারীগণ পূর্ব্বে পূর্ব্বে সাহায্য করিয়াছেন তাঁহারা'ত ঈশ্বরপ্রসাদাৎ ইহারও সাহায্যকারী হইতেই পারেন, অধিকন্তু, আমার এই বেদার্থ প্রচার কার্য্যের ইদানীং শৈশব অবস্থা অতীত হইয়াছে বলা যায়, এতাবতা এ সময়ে আর অকাল মৃত্যুর তাদৃশ আশঙ্কা না থাকায় ভরসা করি, যে, যে মহোদয়েরা নৈষ্ফল্য শঙ্কায় এতদিন খিন্নমনা ছিলেন, তাঁহারাও সাহায্য করিতে সোৎসাহে অগ্রসর হইবেন।

—*:*:*—

অনুবাদকের চিন্তা।

প্রথম চিন্তা—

বৈদিকগ্রন্থগুলি নিবিষ্ট চিত্তে পর্য্যালোচনা করিলেই স্পষ্ট প্রতিভাত হয় যে অধিকাংশ মন্ত্রই ঘটনানুসারে রচিত হইয়াছিল, তৎসমস্ত বিশেষ আন্দোলন করিলে তদানীন্তনীয় কতকগুলি ঘটনা ব্যতীত অপর কিছুই অবগত হওয়া যায় না সুতরাং সে গুলির অনুবাদ ঐতিহাসিক রূপেই কর্ত্তব্য কিন্তু যজ্ঞকালে অর্থাৎ যদবধি ঐ মন্ত্রগুলি যজ্ঞে ব্যবহৃত হইতে আরব্ধ হইয়াছে, তদানীং উহাদের আর এক প্রকার অর্থ কল্পিত হইয়াছে, পুনশ্চ তাহার পরেও অপেক্ষাকৃত আধুনিক পণ্ডিতগণ কর্ত্তৃক ঐগুলিই অপরাপর সাংসারিক কার্য্যেও ব্যবহৃত এবং তদনুসারে অর্থান্তরিত, এমন কি পাঠান্তরিত পর্য্যন্তও হইয়াছে অতএব এক্ষণে ইহা অনল্প চিন্তনীয় নহে যে কোন্ ভাব অবলম্বন করিয়া অনুবাদকার্য্যে প্রবৃত্ত হই ?

যথা ; অথর্ব্ববেদসংহিতার দ্বাদশকাণ্ডের দ্বিতীয় অনুবাকের নবম দশম সূক্তে অশ্মন্বতী* নামক নদীর উত্তরপশ্চিম পারে সম্ভবত ব্রহ্মাবর্ত্তে সমাগত, তদীয় দক্ষিণপূর্ব্বপারে অর্থাৎ ব্রহ্মর্ষি প্রদেশে আগমনেচ্ছু, তীরস্থিত, কতকগুলি আর্য্যের কথোপকথন প্রসঙ্গে ৩১শ মন্ত্রে সহাগতা পথশ্রান্তা সধবা রমণীগণকে সুস্থ করিয়া নৌকাতে আরোহণ করিবার পরামর্শ প্রতিভাত হইয়াথাকে। সে মন্ত্রটি এই—

* বোধহয়, ঋক্‌সংহিতার ৩য় মণ্ডলে (২৩,৪) এবং মনুসংহিতাদিতে ইহাই 'দৃশদ্বতী' বা 'দৃষদ্বতী' নামে ব্যবহৃত এবং ইহাই ইদানীং দিল্লীর উত্তর পূর্ব্বে প্রবাহিত কাগার বলিয়া প্রসিদ্ধ।

"ইমা নারীরবিধবাঃ সুপত্নীরাঞ্জনেন সর্পিষা সংস্পৃশন্তাম্।
অনশ্রবো অনমীবাঃ সুরত্না আ রোহন্তু জনয়ো যোনিমগ্রে॥"

অর্থ— 'ইমাঃ' এই সমস্ত, 'অবিধবাঃ' সধবা, 'সুপত্নীঃ' শোভন পতিবিশিষ্টা, 'নারীঃ জায়াঃ' নারীজনগণ, 'অনশ্রবঃ' অশ্রুশূন্যা অর্থাৎ পূর্ব্ববাস ত্যাগজন্য মনঃ ক্লেশ বিহীনা হইয়া বা পূর্ব্ববাসজন্য ক্লেশ স্মরণে সমাগত-নেত্রনীর-বিহীনা হইয়া 'অনমীবাঃ' স্নান পান বিশ্রামাদির দ্বারা শারীরিক ক্লান্তি দূর করত 'সুরত্নাঃ' রত্নালঙ্কারে ভূষিতা হওত 'সর্পিষা আঞ্জনেন' ঘৃতকজ্জলের দ্বারা 'সংস্পৃশন্তাম্' সম্যক্ রূপে চক্ষু-স্পর্শ করুন; অনন্তর 'অগ্রে' সম্মুখে স্থিত 'য়োনিং' এই নৌকাতে 'আরোহন্তু' আরোহণ করুন।

এ মন্ত্রটি পূর্ব্বে যে এই অভিপ্রায়েই রচিত হইয়াছিল; তৎপ্রমাণার্থ ঐ প্রকরণেরই ২৬শ মন্ত্রটিও এস্থলে উদ্ধৃত করিতেছি; যথা—

"অশ্মন্বতী রীয়তে সংরভধ্বং বীরয়ধ্বং প্রতরতা সখায়ঃ।
অত্রা জহীত যে অসন্ দুরেবা অনমীবানুত্তরেমাভি বাজান্॥"

অর্থ— বন্ধুগণ! দেখ— এই অশ্মন্বতী নদী প্রবাহিত হইতেছে; উৎসাহকর,—সাহসকর,—পারহও; যে সমস্ত দৌর্ভাগ্য আছে তৎসমস্ত এই পারেই ত্যাগকর এই নদী পার হইলেই আশা করি সুস্থতা সহ অন্ন লাভ করিতে পারিব।

উল্লিখিত মন্ত্রদ্বয়ের প্রথম (৩১শ)টি, যমপুত্রে সঙ্কুসুক ঋষি

কর্ত্তৃক সঙ্গৃহীত ১৪শ ঋগাত্মক সূক্তের মধ্যে দৃষ্ট হয়; যাহা এক্ষণে ঋগ্বেদসংহিতার দশম মণ্ডলের অষ্টাদশসূক্তের সপ্তমী ঋক্। তথায় এটি পিতৃমেধ যজ্ঞে ব্যবহার্য্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছে এবং কিঞ্চিৎ পাঠপরির্ত্তিতও হইয়াছে। দ্বিতীয় (২৬শ) টি, ঋগ্বেদের দশমমণ্ডলের একাদশ ঋগাত্মক ত্রিপঞ্চাশত্তম সূক্তের অষ্টমী ঋক্ রূপে দৃষ্ট হয়। তথায় উক্ত সূক্তের প্রথম কয়েকটি ঋকের প্রকাশক সৌচীক অগ্নি ঋষি ও অপর কয়েকটি ঋকের প্রকাশক অজ্ঞাতনামা কতিপয় ঋষি স্থিরীকৃত হইয়াছে। বস্তুত ঐ প্রকরণের পূর্ব্বাপর সকল ঋক্‌গুলিই ঐ সৌচীক কর্ত্তৃক সংঙ্গৃহীত বলিয়া বোধহয়। যাহাহউক তথায় এ সূক্তটী মহাব্রত যাগের নিষ্কেবল্য শংসনে ব্যবহার্য্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছে এবং কিঞ্চিৎ পাঠও পরিবর্ত্তিত হইয়াছে।

পুনশ্চ হিরণ্যকেশী প্রকাশিত গৃহ্যসূত্রে ঐ ৩১শ মন্ত্রের বিনিয়োগ অপর প্রকার দেখাযায়। তিনি বলেন—শবানুগামিকগণের মধ্যে যাঁহারা সধবা স্ত্রীলোক যাইবেন, তাঁহারা ধূম শান্ত হইলে স্নানানন্তর এইমন্ত্রে কজ্জল ও ভূষণে ভূষিত হইয়া গৃহে প্রত্যাগতা হইবেন। এইরূপ আশ্বলায়ন গৃহ্যসূত্রে ঐ ২৬শ মন্ত্রটির বিনিয়োগও অপর প্রকার দৃষ্টহয়। তিনি বলেন—বরযাত্রিকগণ কন্যার সহিত নদীতীরে উপস্থিত হইলে এমন্ত্রের প্রথম অর্দ্ধ পাঠ করিয়া নববধূকে নৌকাতে আরোহণ করাইবে এবং অপর অর্দ্ধ পাঠ পূর্ব্বক তাহা হইতে অবতরণ করাইবে।

সর্ব্বশেষে বঙ্গদেশীয় স্মার্ত্তবাগীশ রঘুনন্দন ভট্টাচার্য্য কি জানি কোন্ প্রমাণানুসারে স্বীয় শুদ্ধিতত্ত্বে ঐ ৩১শ ঋকটিকে

জ্বলচ্চিতারোহণের মন্ত্র বলিয়া ব্যবস্থা করিয়াছেন। তিনি বলেন—'পুরোহিত এই মন্ত্র পাঠ করিতে থাকিবেন এবং চিতারোহণে প্রবৃত্তা রমণীটী নমঃ নমঃ বলিয়া ঐ জ্বলচ্চিতা প্রদক্ষিণ পূর্ব্বক তাহাতে ঝম্পপ্রদান করিবে।' তিনি এ মন্ত্রের অপূর্ব্ব পাঠও আবিষ্কার করিয়াছেন।

যথা— { প্রকৃতপাঠ—"জনয়ো য়োনি মগ্রে"
তাঁহার কল্পিত—"জলয়োনিমগ্নে" }

নাগরাক্ষরের বিশেষ পরিচয় না থাকাই এরূপ পাঠের একমাত্র নিদান এবং এই পাঠানুসারেই 'জলয়োনিরূপ অগ্নিতে প্রবিষ্ট হইবে' এই অর্থটুকু কল্পিত হইয়াছিল, তাহাতে সন্দেহ নাই। প্রসঙ্গত ইহা বলা অযুক্ত নহে, যে, তিনি এই মন্ত্রটিকেই সতীদাহ বিষয়ে ঋগ্বেদীয় প্রমাণ বলিয়া স্বীকারও করিয়াছেন!!

এতাবতা ইহা বোধহয় স্পষ্টই প্রকাশিত হইল, যে, আদিকালে অর্থাৎ যে সময়ে সংহিতা প্রকাশিত হইতেছিল, তখন অধিকাংশ মন্ত্রই ঐতিহাসিকভাবে পূর্ণ ছিল, যজ্ঞকালে অর্থাৎ যে সময়ে ব্রাহ্মণগ্রন্থকারগণের শাসনানুসারে তাহাই যজ্ঞীয়রূপে ব্যবহৃত হইত, তখন তাহাই যজ্ঞকাণ্ডে ব্যবহারোপযোগীরূপে পরিণত হইয়াছিল, পরে সূত্রকাল অর্থাৎ গৃহসূত্রকারগণ কর্ত্তৃক যখন গৃহকার্য্য সকলের সুব্যবস্থা প্রণালি নির্দ্দিষ্ট হইতেছিল, তদবধি উহা তদুপযোগী অর্থই প্রসব করিয়া আসিতেছিল, ইদানীং অর্থাৎ কালক্রমে বর্ণজ্ঞান পর্য্যন্তেরও হ্রাস হইয়া উঠিলে, যথেচ্ছ ব্যবহারে বিনিযুক্ত এবং সেইরূপ ভাবেই ব্যাখ্যাত হইতেছে।

এক্ষণে ইহা কি অনল্প চিন্তার বিষয়, যে, কোন্ কালের ভাব অবলম্বন করিয়া মন্ত্রগুলির অনুবাদ কর্ত্তব্য ?

এই বিষয়ে আরও একটি উদাহরণ দ্রষ্টব্য—

দস্যুদলনকারী আর্য্যদলপতি মহাবল ইন্দ্র চত্বারিংশ আর্য্যাব্দে, কুলিতরের পুত্র পরাক্রান্ত শম্বর নামক অসুরপতিকে তদীয় রাজধানী রোদসী নামক দ্বীপস্থ বৃহৎ পর্ব্বতের অধিত্যকা ভূমিতে বধ করেন। এই বৃত্তান্তটি ঋক্‌সংহিতার কতিপয় ঋকে অংশশঃ প্রকাশিত আছে; তন্মধ্যে একটি যথা—

"দিবে দিবে সদৃশী রন্যমর্দ্ধং
কৃষ্ণা অসেধদপ সদ্মনো জাঃ।
অহন্ দাসা বৃষভো বস্নয়ন্তো
দব্রজে বর্চ্চিনং শম্বরঞ্চ ॥" (ঋ০ স০ ৪,৭,৩৪,১)

অর্থ— 'বৃষভঃ' পুরুষশ্রেষ্ঠ ইন্দ্র, 'সদ্মনঃ' বাসভূমি এই পৃথিবীর অন্যং 'অর্দ্ধং' অপরার্দ্ধ অর্থাৎ যে অর্দ্ধে বাস করিতেছি তদন্য প্রদেশ (আক্রম্য) আক্রমণ পূর্ব্বক এবং 'দিবেদিবে সদৃশীঃ' প্রতিদিন সমভাব অর্থাৎ হ্রাসবৃদ্ধিশূন্য 'কৃষ্ণাঃ জাঃ' কৃষ্ণসমুদ্রীয় জলসমূহকে 'অপ সেধৎ' কিঞ্চিৎ দূরে রাখিয়া অর্থাৎ কৃষ্ণসমুদ্রের সন্নিহিত 'উদব্রজে' জল-

মধ্যস্থ দ্বীপে * 'দাসা বস্নয়ন্তা' দাসজাতির নিবাসহেতু অর্থাৎ দস্যু দলের অধিপতি 'বর্চিনং'প্রভাশালী 'শম্বরং' এতন্নামক অসুরকে 'অহন্' বধ করেন।

যাজ্ঞিকগণ এই মন্ত্রটির মধ্যগত কৃষ্ণাপদটি রাত্রিবাচক স্থিরকরিয়া তদনুযায়ী ব্যাখ্যা করত ইহাও সূর্য্যের স্তুতি-কার্য্যেই ব্যবহৃত করিয়াছেন।

প্রকৃতপক্ষে অনেক মন্ত্র এরূপও দৃষ্ট হয়, যাহা ঐতিহাসিক ঘটনার প্রকাশক বলিয়া স্পষ্ট উপলব্ধ হইলেও বস্তুত তাহা নহে।

মনুবংশীয় নাভানেদিষ্ট কর্ত্তৃক প্রকাশিত সপ্তবিংশতি ঋকের যে একটি সূক্ত ইদানীং ঋক্‌সংহিতার দশম মণ্ডলে একষষ্ঠিতম, তদীয় সপ্তম মন্ত্রটিই এস্থলে উদাহরণার্থ গ্রহণ করিলাম। যথা—

"পিতা যৎ স্বাং দুহিতর মধিষ্কন্ ক্ষ্ময়া রেতঃ সঞ্জগ্মানো নিষিঞ্চন্।
স্বাধ্যোঽজনয়ন্ ব্রহ্ম দেবা বাস্তোষ্পতিং ব্রতপাং নিরতক্ষন্॥"

অর্থ—'ব্রহ্ম' ব্রহ্মা নামে প্রসিদ্ধ 'পিতা', 'স্বাং দুহিতরং' স্বীয় দুহিতাকে 'অধিষ্কন্' আক্রমণ করেন; পরে তাঁহাকে পাইয়া 'ক্ষ্ময়া' তদীয় পৃথিবীতে অর্থাৎ জননেন্দ্রিয়ে 'সঞ্জগ্মানঃ'

* শম্বর পদ ঘটিত ঋগ্বেদীয় অপরাপর মন্ত্রের সহিত একবাক্যতানুসারে বোধহয়;—এইটীই রোডস্ দ্বীপ এবং সে দ্বীপের সুপ্রসিদ্ধ কলোসস্‌টীই জুপিতরের পুত্র কোলিতর নামে প্রসিদ্ধ শম্বরাসুরের স্মারক প্রতিমূর্ত্তি। আশা করি আরব্ধ ২য় ভাগ বৈদিকসমালোচনাতেই ইহা সপ্রমাণ প্রকাশ করিব।

সঙ্গম করত 'রেতঃ' 'নি সিঞ্চন্' গর্ভাধান করেন; তাহা হইতে 'স্বাধ্যঃ দেবাঃ' স্বাধ্য দেবগণ 'অজনয়ন্' সমুৎপন্ন হইয়াছেন এবং 'ব্রতপাং' ব্রত রক্ষক 'বাস্তোষ্পতিং' বাস্তোষ্পতি দেবতাও 'নিরতক্ষন্' তাহা হইতেই নির্ম্মিত হইয়াছেন।

এই মন্ত্র অবলম্বন করিয়া ঐতরেয় ব্রাহ্মণে একটি বৃহৎ গল্প রচিত হইয়াছে; 'তা মৃশ্যো ভূত্বা রোহিতং ভূত্বা মভ্যেৎ' ইত্যাদি ৩, ৩, ১০। অর্থ—আক্রমণকালে উক্ত কন্যা ভীতা হইয়া শীঘ্র পলায়ন করিবার মানসে ঋশ্য নামক মৃগীরূপ ধারণ করিয়াছিলেন, ব্রহ্মাও তখনি উক্ত মৃগরূপ ধারণ করেন ইত্যাদি।

এই ব্রাহ্মণোক্ত কল্পিত আখ্যায়িকাটিই পুরাণ-প্রণেতৃগণ 'ইতিহাসপুরাণাভ্যাং বেদার্থমুপবৃংহয়েৎ' এই শাসনটি সার্থক করিবার জন্যই যেন যথাসাধ্য পল্লবিত করেন এবং তদনুসরণ ক্রমেই শিবের ধ্যানে মৃগহস্ত চিত্রিত ও তদনুযায়ীই মহিম্ন স্তবে 'প্রজানাং নাথ প্রসভমভিকং স্বাং দুহিতরং (১২)' এই শ্লোকটি রচিত হইয়াছে। এক্ষণে অস্মদ্ধর্ম্মছিদ্রান্বেষীদিগকেও এইটাই যথেষ্ট পূর্ণ-মনোরথ করিতেছে।

ফলকথা; এ সমস্তই কল্পিত, ইহার কিছুই বাস্তবিক ঘটনা নহে। নিরুক্তকার, "পিতা দুহিতুর্গর্ভং দধাতি, পর্জন্যঃ পৃথিব্যাঃ" (অর্থ—পিতা দুহিতার গর্ভাধান করিলেন, ইহার তাৎপর্য্য, যে, পর্জন্য পৃথিবীতে রেতঃসেক—জলধারা পাত অর্থাৎ বৃষ্টি করেন) এই সারগর্ভ অতি যৎসামান্য উক্তিতেই সমস্ত ভ্রম বিদূরিত করিয়া রাখিয়াছেন।

এতাবতা ইহার প্রকৃত অর্থ—'ব্রহ্ম' অতিবৃহদবয়ব অর্থাৎ বহুদূর ব্যাপী, 'পিতা' সৃষ্টির পালয়িতা, পর্জন্য দেবতা=মেঘমণ্ডল 'য়ৎ' যখন 'স্বাং দুহিতরং' স্বীয় দোহণ কারিণী পৃথিবীকে 'অধিষ্কন্' আক্রমণ করিয়া, 'রেতঃ নি সিঞ্চন্' বৃষ্টিপাত করত 'ক্ষ্ময়া সঞ্জগ্মানঃ' পৃথিবীর সহিত সঙ্গত হ'ন। তখনই 'স্বাধ্যঃ দেবাঃ' স্বাস্থ্যকর দ্যুতিমান্ অন্ন সকল 'অজনয়ন্' সমুৎপন্ন করেন এবং তখনই 'বাস্তোষ্পতিং' বাস্তু শব্দে বাসগৃহ, তাহার পালক=রক্ষক শিংশপা শাল প্রভৃতি বিবিধ কাষ্ঠতরু ও 'ব্রতপাং' ব্রত শব্দে যজ্ঞ, তাহার পালক=রক্ষক অর্থাৎ যজ্ঞমণ্ডপ নির্ম্মাণের উপযোগী, বংশ তৃণাদি নির্ম্মাণ করেন।

নিরুক্তকার দুহিতৃশব্দের এইরূপ ব্যাখ্যা করিয়াছেন—
"দুহিতা=দুর্হিতা, দূরে হিতা, দোগ্ধে র্বা" ৩,৪।

সায়ণাচার্য্যও "পিতা দুহিতুর্গর্ভমাধাৎ"(ঋ০স০২,৩,২০,৩) ইহার ব্যাখ্যানে বলেন—"পিতা দ্যুলোকঃ। অধিষ্ঠাত্রধিষ্ঠানয়োরভেদেনাদিত্যো দ্যৌরুচ্যতে। স রশ্মিভিঃ। অথবা ইন্দ্রঃ পর্জন্যো বা। দুহিতুঃ দূরে নিহিতায়া ভূম্যা গর্ভং সর্ব্বোৎপাদনসামর্থং বৃষ্ট্যুদকলক্ষণ মাধাৎ সর্ব্বতঃ করোতি।" অর্থ—পিতা=দ্যুলোক। বাসস্থানের নামানুরূপও বাসকারীর আখ্যান হইয়াথাকে তদনুযায়ী এস্থলে দ্যুশব্দে সূর্য্য। তিনি স্বীয় রশ্মির দ্বারা, দূরে স্থিতা সুতরাং দুহিতা পৃথিবী, তাহার গর্ভাধান করিতেছেন অথবা ইন্দ্র বা পর্জন্য নামক বৃষ্টিদেব ঐ দুহিতৃস্থানীয় পৃথিবীতে সর্ব্বোৎপাদন-সামর্থ্য বৃষ্টিজল আধান করিতেছেন।

পিতৃশব্দে, প্রজাপতি শব্দে বা ব্রহ্মা শব্দে এতাদৃশ-স্থলে সূর্য্য বা পর্জ্জন্য এবং দুহিতৃ শব্দে উষা বা বৃষ্টি বহুতর মন্ত্রেই বুঝিতে হয়। এইরূপ কল্পিত—ভ্রাতা, ভগিনী, পিতা, মাতা, দুহিতা, জামাতা, নপ্তা প্রভৃতি সম্বন্ধ, বেদের অনেক মন্ত্রেই বর্ণিত দৃষ্ট হয়; যথাস্থানে সপ্রমাণ প্রকাশ করিবার মানস থাকিল।

অতএব কোন্‌স্থানে বাস্তবিক ঐতিহাসিক সম্বন্ধ এবং কোন্ স্থানেই বা কাল্পনিক সম্বন্ধ? ইহা সামান্য চিন্তনীয় নহে॥

দ্বিতীয় চিন্তা।—

বেদের মধ্যে, ইন্দ্র রুদ্র প্রভৃতি যে সমস্ত দেবতা-পদ দৃষ্ট হয়, স্থানবিশেষে তাহাদের প্রকৃত অর্থনির্ণয় অতি কঠিন। কারণ, ঐরূপ পদগুলি প্রায়ই নানার্থ, এবিষয়েরও বিশেষ আলোচনা পরে করা যাইবে আপাততঃ সংক্ষেপে একমাত্র ইন্দ্রশব্দের অর্থত্রয়ের উদাহরণত্রয় প্রদর্শিত হইতেছে। যথা—

১ম— ইন্দ্র= ঈশ্বর।

"ইন্দ্রো দীর্ঘায় চক্ষস আ সূর্য্যং রোহয়দ্দিবি।

বি গোভিরদ্রিং মৈরয়ৎ॥ ঋ॰ সং ১, ১, ১৩, ৩।

অর্থ—'ইন্দ্রঃ' দেবতা 'দীর্ঘায় চক্ষসে' দীর্ঘ দৃষ্টির জন্য অর্থাৎ সুদূর দর্শনে প্রাণীগণকে সক্ষম করিবার জন্য 'সূর্য্যং' সূর্য্যমণ্ডলকে 'দিবি' দ্যুলোকে 'আরোহয়ৎ' আরোহণ করাইয়াছেন অর্থাৎ স্থাপন করিয়াছেন। যে সূর্য্য, 'গোভিঃ' স্বীয়

রশ্মিজাল দ্বারা পৃথিবীর রসাহরণ করত 'অদ্রিং' মেঘসমূহ নির্ম্মাণ পূর্ব্বক তাহাই 'বি ঐরয়ৎ' বিশেষরূপে অর্থাৎ সৃষ্টির উপযোগী করত নিযুক্ত করিতেছেন ॥ এ মন্ত্রে ইন্দ্রশব্দের অর্থ ঈশ্বর স্পষ্টই বোধিত হইতেছে, যেহেতু ঈশ্বর ব্যতীত সূর্য্যস্থাপন রূপ কার্য্য কে করিতে সমর্থ ? পরং টীকাকারগণের পাণ্ডিত্যের কল্লোল অতিক্রম করত প্রকৃত মর্ম্মাবগত হওআ সুকঠিন।

এই মন্ত্রটি অথর্ব্বসংহিতার ২০শ কাণ্ডেতেও দৃষ্ট হয়, অধিকন্তু ঐকাণ্ডে আরও অনেকগুলি শ্রুতি ঈশ্বর বোধক ইন্দ্রশব্দ ঘটিত দেখাযায় ; যথা—

"য়ঃ সূর্য্যং য় উষসং জজান য়ো অপাং নেতা
স জনাস ইন্দ্রঃ।" ইত্যাদি।

অর্থ—যিনি সূর্য্যকে ও উষাকে সৃজন করিয়াছেন, যিনি জলরাশির নেতা, হে জনগণ! তিনিই ইন্দ্র।

২য়— ইন্দ্র—সূর্য্য।

"ইন্দ্রং স্তবা নৃতমং য়স্য মহ্না বি বব্বাধে
রোচনা বি জ্মো অন্তান্।
আ য়ঃ পপ্রৌ চর্ষণীধৃদ্ বরোভিঃ
প্র সিন্ধুভ্যো রিরিচানো মহিত্বা॥
(ঋ০ সং ৮, ৪, ১৪, ১)

অর্থ—যিনি নেতৃতম অর্থাৎ যাঁহার প্রভাবে জাড্যাদি দোষ দূরগত হইবায় প্রাণিগণ স্ব স্ব কার্য্যে ব্যাপৃত হইতে সমর্থ হয়, যাঁহার দীপ্তি পৃথিবীর প্রান্তভূমি পর্য্যন্তে অপরাপরসমস্ত দ্যুতিকে পরাভূত করে, এবং মনুষ্যাদি জীবগণের ধারক ও পোষক যে দেবতা স্বীয় প্রভাপুঞ্জে এই সমস্ত দ্যাবাপৃথিবী পরিপূর্ণ রাখিয়াছেন ও যাঁহার মহিমাতে সমুদ্রজলসমূহও স্ফীত (জোয়ার) হয়। সেই ইন্দ্র দেবতাকে স্তব কর ॥

ইহার পরের মন্ত্রে স্পষ্টই আছে— 'স সূর্য্যঃ' তিনি সূর্য্য ইত্যাদি। সূর্য্যের দ্বাদশ মাসে দ্বাদশ নামাদির মধ্যেও পৌরাণিকগণ কর্ত্তৃক ইন্দ্র পদ গৃহীত হইয়াছে; যথা— 'জ্যৈষ্ঠমূলে ভবেদিন্দ্রঃ' কূ॰ পু॰ ৪০ অ॰।

৩য়— ইন্দ্র— ইন্দ্রনামক রাজা বা রাজা।

বামদেব কর্ত্তৃক সঙ্গৃহীত ঋক্‌সংহিতার চতুর্থ মণ্ডলের চতুর্বিংশতি ঋগাত্মক ত্রিংশসূক্তের মন্ত্রগুলি প্রায় সমস্তই ইন্দ্রনামক কোন রাজার বর্ণনাতেই প্রযুক্ত বলিয়া বোধহয়; তাহারই চতুর্দ্দশ এই—

"উত দাসং কৌলিতরং বৃহতঃ পর্ব্বতাদধি।

অবাহন্নিন্দ্র শম্বরম্ ॥"

অর্থ—দাসবংশীয় কুলিতরের পুত্র সুতরাং কৌলিতর শম্বরকে, আর্য্যদলপতি ইন্দ্রনামে প্রসিদ্ধ রাজা, বৃহৎ পর্ব্বতের অধিত্যকাতে বধ করিয়াছেন (বোধহয় এই কৌলিতর শব্দ হইতেই কলোসস্ শব্দের উৎপত্তি)।

অতিরাত্র যাগের তৃতীয় পর্য্যায়ে যে সূক্তটি মৈত্রাবরুণ শস্ত্ররূপে ব্যবহৃত হয়, এ মন্ত্রটি সেই সূক্তেরই অন্তর্গত। আশ্বলায়ন-কৃত শ্রৌত সূত্রের ৬, ৪ দ্রষ্টব্য।

ইন্দ্রশব্দের প্রকৃত অর্থ যজুর্ব্বেদীয় বাজসনেয়ী সংহিতাদিতে সাধারণ্যে সম্রাট্ পদবী প্রাপ্ত মনুষ্যমাত্রই ইন্দ্র বলিয়া স্বীকৃত হইয়াছেন, ৯ম অধ্যায়ের ১০ম কণ্ডিকা এবং ১০ম অধ্যায়ের ৮ম কণ্ডিকা প্রভৃতির তাৎপর্য্য পর্য্যালোচনীয়। এবং এই ঐশ্বর্য্যবত্তামূলক আরও অনেকরূপ অর্থ ঐ সংহিতাতে বোধিত হইয়াছে। মৎকৃত তদীয় অনুবাদের টীপ্পনী শ্রেণী আদ্যন্ত অন্বেষণীয়। শতপথব্রাহ্মণ ও ঐতরেয় ব্রাহ্মণ পর্য্যালোচনা করিলেও মদুক্ত সপ্রমাণ হইবে। আপাতত এই একটি বিষয়েরই আন্দোলনে সাধারণ ভূমিকার কলেবর বর্দ্ধন অনুচিত বিবেচনায় এই পর্য্যন্তই স্থগিত রাখিলাম, বৈদিকসমালোচনার যথাস্থানে বিশেষরূপে আলোচিত হইবার আশাও থাকিল॥

তৃতীয় চিন্তা—

আমাদের বিশ্বাস,—এক সময়ে এই আর্য্যজাতির মধ্যে বিজ্ঞানাদি চর্চ্চার এতদূর উন্নতি হইয়াছিল, যে, আজিও ততদূর হইয়াছে কি না সন্দেহ; মধ্যে কালতরঙ্গে প্রায় সমস্তই প্লাবিত হইয়াছে, ইদানীং ক্রমে সেইগুলিই, কতক যথাবৎ, কতক বা আকারান্তরে পুনঃ প্রকাশিত হইতেছে; প্রকাশিত বিষয়গুলির প্রকাশের পূর্ব্বে যদিও পূর্ব্বস্থিতি অনুভব করিতে সক্ষম হই না কিন্তু প্রকাশানন্তর বেদাব্ধি আলোড়নে তদীয় পূর্ব্বসত্তা বিষয়ে অনেক স্থানেই নিঃসংশয়

হইতে পারি। এ বিষয় বৈদিক সমালোচনায় প্রকরণানু-সারে বিশেষ আলোচ্য, ইদানীং এস্থলে এইমাত্র বক্তব্য, যে, যেসময়ে সায়ণাচার্য্য প্রভৃতি কোবিদগণ বেদব্যাখ্যান কার্য্যক্ষেত্রে উপস্থিত ছিলেন তৎকালে চিরন্তনীয় বৈজ্ঞানিক মহার্হ রত্নগুলি কালসাগরে নিমগ্ন অদৃষ্ট ছিল সুতরাং কোন রূপেই তাঁহাদের উপলব্ধির বিষয় ছিল না, যে বিষয় কখনও দৃষ্টিগোচর বা শ্রুতিগোচর না হয় তাহা কখনই বুদ্ধিগোচরও হইতে পারে না, যেহেতু ইন্দ্রিয়গণ বিষয় আহরণ করিয়া মনের নিকটে উপহৃত না করিলে বুদ্ধির দ্বারা অধ্য-বসিত হইতেই পারে না, তাহাদের দ্বারা আহৃত বিষয়ই বুদ্ধির দ্বারা নিশ্চিত হইয়াথাকে অতএব তদানীং অদৃষ্টচর সুতরাং তাঁহাদের নিতান্ত অজ্ঞাত রত্ন সকল কিরূপে তাঁহাদের বুদ্ধির বিষয় হইবে? পরং সম্প্রতি ক্রমে সেই-গুলি বৈজ্ঞানিক যন্ত্রে উদ্ধৃত হইতেছে, তদনুযায়ী বেদাব্ধি আন্দোলনে তাহাদের পূর্ব্বসত্তাও প্রত্যক্ষ করিতে পারি-তেছি কাজেই তাঁহাদের তত্তৎস্থলের ভাষ্যগুলি কূটব্যাখ্যা বলিয়া উপেক্ষিতা হইবে তাহারইবা বৈচিত্র কি? পরং তাদৃশস্থল অন্বেষণ পূর্ব্বক সিদ্ধান্তে উপনীত করাও সহজ ব্যাপার নহে। দৃষ্টান্তস্বরূপ একটি প্রদর্শিত হইতেছে; যথা—

দেবাঃ কপোত ইষিতো য়দিচ্ছন্

দূতো নির্ঋত্যা ইদ মাজগাম।

তস্মা অর্চাম কৃণবাম নিষ্কৃতিং

শং নো অস্তু দ্বিপদে শং চতুষ্পদে ॥”

(ঋ০ স০ ৮, ৮, ২৩, ১। অথং সং ৬, ২৭, ১)

‘দেবাঃ’ হে বন্ধুগণ! ‘ইষিতঃ’ পরপক্ষ হইতে প্রেরিত এই ‘কপোতঃ’ পারাবতটি ‘যৎ ইচ্ছন্’ যাহা ইচ্ছা করত ‘নির্ঋত্যাঃ’ নৈর্ঋত প্রদেশ হইতে ‘ইদং’ এইস্থানে ‘আ জগাম’ আগমন করিয়াছে, ‘তস্মৈ’ সেই উদ্দিশ্যটি অবগত হওনানন্তর, (অতিথি বিবেচনাতে) আইস, আমরা ইহাকে ‘অর্চ্চামঃ’ অর্চ্চনা করি এবং ‘নিষ্কৃতিং’ যাহাহউক একটি নিষ্পত্তি ‘কৃণবামঃ’ করাও উচিত; তাহাহইলেই ‘নঃ’ আমাদের ‘দ্বিপদে’ দ্বিপদ্‌প্রাণী পদাতিপ্রভৃতির পক্ষে ‘শং’ কল্যাণ এবং ‘চতুষ্পাদে’ চতুষ্পদ্‌প্রাণী গোপ্রভৃতির পক্ষেও ‘শং’ কল্যাণ ‘অস্তু’ হইবে।

অনুক্রমণিকা গ্রন্থানুসারে সায়ণাচার্য্য এস্থলের নির্ঋতি ও কপোত পদের অর্থ— নির্ঋতিরপুত্র কপোত ঋষি স্থির-করিয়াছেন পরং কপোত-দৌত্য বোধক এই সূক্তের পর পর মন্ত্রে পক্ষী প্রভৃতি বিশেষণও দৃষ্ট হয় এবং অথর্ব্ববেদের ২০শ কাণ্ডের ১৩৫ সূক্তের একাদশ মন্ত্রের ‘পারাবতেভ্যঃ’ ও ১২শ মন্ত্রের ‘ছিন্নপক্ষায়’ এই পদদ্বয়ও মদুক্ত ব্যাখ্যানেরই পোষকতা করিতেছে। আশ্বলায়ন বলেন “যদি বাটীতে কপোত প্রবেশ করে, তাহা হইলে এই সূক্তের প্রত্যেক মন্ত্র পাঠ পূর্ব্বক হোম করিবে (গৃ০ সূ০ ৩, ৭.)। এতাদৃশ

স্থলসমূহে কোন্ মতানুযায়ী কি ভাবে অনুবাদ কর্ত্তব্য ? ইহা কি সামান্য চিন্তার বিষয় ?। যাহাহউক সেই বেদ-রক্ষক একমাত্র সর্ব্বরক্ষক দেবতার শরণাপন্ন হইয়াই এই অতি গভীর রত্নাকরে প্রবিষ্ট হইয়াছি 'শরীরং বা পাতয়ে কার্য্যং বা সাধয়ে'।

বস্তুত যাঁহার কীর্ত্তি তিনিই রক্ষা করিতে তৎপর আছেন, তিনি স্বীয় কীর্ত্তি রক্ষার জন্যই এই দৃশ্যমান সূর্য্যাদি ত্রয়স্ত্রিংশৎ দেবতাকে নিযুক্ত রাখিয়াছেন। যথা—

"যস্য ত্রয়স্ত্রিংশদ্দেবা নিধিং রক্ষন্তি সর্ব্বদা।
নিধিং তমদ্য কো বেদ যং দেবা অভি রক্ষথ ॥ (১)
যত্র দেবা ব্রহ্মবিদো ব্রহ্ম জ্যেষ্ঠ মুপাসতে।
যো বৈ তান্ বিদ্যাৎ প্রত্যক্ষং স ব্রহ্মা বেদিতা স্যাৎ ॥ (২)
বৃহন্তো নাম তে দেবা যে সতঃ পরি জজ্ঞিরে।
একং তদঙ্গং স্কম্ভস্যাসদাহুঃ পরো জনাঃ ॥ (৩)

(অথ০ স০ ১০, ৭, ২৩-২৪-২৫)

জনগণ বলেন ;—তেত্রিশটি দেবতা, নিয়ত, যে স্কম্ভ-দেবতার নিধি রক্ষা করিতেছেন, সেই নিধিকে আজিও কে অবগত আছেন ? যাহা দেবগণ কর্ত্তৃক রক্ষিত হইতেছে (১)।

যে নিধিকে অবলম্বন করিয়া দ্যুতিমান্ ব্রহ্মবিদ্‌গণ সর্ব্ব-জ্যেষ্ঠ ব্রহ্মকে উপাসনা করেন, যিনি সেই ব্রহ্মবিদ্‌গণকে তত্বত অবগত হ'ন, তিনি ব্রহ্মকেও প্রত্যক্ষ করিতে সমর্থ হ'ন (২)। সেই সৎপদার্থ হইতে যে সমস্ত বড় বড় দেবতারা সমুৎপন্ন হইয়াছেন, তৎসমস্তই স্কম্ভদেবতার এক অঙ্গ মাত্র এবং যতক্ষণ তাহারা পৃথক্, ততক্ষণ অসৎ (২)। এস্থলে বোধহয় বেদই সে নিধি এবং ঈশ্বরই স্কম্ভ। স্কম্ভ শব্দের প্রকৃত অর্থ— স্তম্ভনকারী। ঈশ্বর স্বীয় সিসৃক্ষা-শক্তিতে সমস্ত চরাচর সৃজন করিয়া সেই স্কম্ভন=স্তম্ভন শক্তির দ্বারাই এতৎসমস্ত স্ব স্ব কক্ষায় স্ব স্ব কার্য্যে অবিচলিত ভাবে প্রতিষ্ঠিত রাখিয়াছেন, সেইজন্য তিনি বেদে স্কম্ভ নামে পরিচিত। অথর্ব্ববেদের ১ম কাণ্ডের ৪র্থ অনুবাকের ২২শ হইতে ২৯শ পর্য্যন্ত ৮টি সূক্তই এই স্কম্ভ বর্ণনাতে পূর্ণ ও তদনুযায়ী ঐগুলি 'স্কম্ভ সূক্ত' নামে খ্যাত।

এতাবতা তাঁহার নিধিরক্ষার জন্য আমাদিগকে ব্যগ্র হইতে হইবে না, তবে আমাদের নিজ নিজ মনের শান্তি লাভই এতাদৃশ কার্য্যসমস্তে হস্তক্ষেপের প্রধান উদ্দেশ্য।

আরও— (অথ° স° ১৯, ৯, ৩-৪-৫)

"ইয়ং যা পরমেষ্ঠিনী বাগ্দেবী ব্রহ্মসংশিতা।
যয়ৈব সসৃজে ঘোরং তয়ৈব শান্তিরস্তু নঃ ॥ (৩)

পরব্রহ্ম কর্ত্তৃক সম্পাদিতা এই যে পরমেষ্ঠিনী বাগ্দেবী,

যাহার দ্বারা এ জগতে প্রায় ঘোর কষ্টই স্বজন করিয়াথাকি ; প্রার্থনাকরি—তাহারই দ্বারা আমাদের শান্তিও লাভ হউক !

"ইদং য়ৎ পরমেষ্ঠিনং মনো ব্বা ব্রহ্মসংশিতম্।

য়েনৈব্ব সসৃজে ঘোরং তেনৈব্ব শান্তিরস্তু নঃ ॥" (৪)

পরব্রহ্ম কর্তৃক সম্পাদিত এই যে পরমেষ্ঠী মন, যাহার দ্বারা এ জগতে প্রায় ঘোর কষ্টই স্বজন করিয়াথাকি ; প্রার্থনা করি— তাহারই দ্বারা আমাদের শান্তিও লাভ হউক ! ৪

"ইমানি য়ানি পঞ্চেন্দ্রিয়াণি মনঃষষ্ঠানি

মে হৃদি ব্রহ্মণা সংশিতানি।

য়ৈরেব্ব সসৃজে ঘোরং তৈরেব্ব শান্তিরস্তু নঃ ॥" (৫)

পরব্রহ্ম কর্তৃক সম্পাদিত এই যে পঞ্চ ইন্দ্রিয় এবং ষষ্ঠ মন, যাহাদের দ্বারা এ জগতে প্রায় ঘোর কষ্টই স্বজন করিয়াথাকি ; প্রার্থনা করি— তাহাদেরই দ্বারা আমাদের হৃদয়ে শান্তিলাভ হউক ! ৫ ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥

—*:*:*—

আরব্ধ কার্য্য প্রণালি।

ইচ্ছাছিল, যজুর্ব্বেদ সংহিতার অনুবাদ কার্য্য শেষ করিয়াই সায়ণাচার্য্যের যুক্তি অনুসারে ঋগ্বেদের অনুবাদ শেষ করিয়া যদি কার্য্যক্ষম জীবনে জীবিত থাকি'ত তৎপরে

সামবেদে হস্তক্ষেপ করিব, কিন্তু বঙ্গদেশে সামবেদী ব্রাহ্মণেরই আধিক্য দর্শনে ঐ বেদ খানির অনুবাদই অপেক্ষাকৃত অধিক প্রয়োজনীয় বিবেচনায় সম্প্রতি তাহাই প্রকাশ করিতে প্রবৃত্ত হইলাম।

সামবেদের সংহিতাগ্রন্থগুলি গীতিময় * পরং তৎসমস্তের অর্থ জানিতে হইলে সেই গীতির আশ্রয় স্বরূপ অগীত বাক্যগুলিই অবলম্বন করিতে হয়, উক্ত বাক্যগুলির অধিকাংশই পদ্য, গদ্যও আছে। ঐ পদ্যগুলিকে ঋক্ এবং ঐ গদ্যগুলিকে যজু বলাযায়; তদনুযায়ী, সঙ্গৃহীত ঋক্ গ্রন্থগুলি 'আর্চ্চিক' ও সংগৃহীত যজু 'স্তোভ' নামে প্রসিদ্ধ। ঐ আর্চ্চিক গ্রন্থ প্রধানত ভাগদ্বয়ে বিভক্ত; দ্বিতীয় ভাগকে 'উত্তর' বলাযায় এবং পূর্ব্বভাগের বিশেষ নামকরণ না থাকায় সামান্যত 'ছন্দ' নামেই প্রসিদ্ধ। এই 'ছন্দ' ও 'উত্তর' আর্চ্চিকের ঋগ্বায় দশৎগুলির পর্য্যালোচনাতে প্রকাশ পায়, যে, যে কারণে, যে প্রণালিতে, যে সময়ে, ঋগ্বেদ সংহিতার সূক্ত সকল সঙ্গৃহীত হইয়াছে সেই কারণেই, সেই প্রণালিতেই, সেই সমকালেই ইহারাও সংগৃহীত হইয়া থাকিবে। পরং ইহা সত্য বটে, যে, ঐ ঋক্গুলি প্রায় সমস্তই ঋগ্বেদসংহিতার মধ্যেও বিকীর্ণ দেখা যায় এবং এতদীয় অনেক ঋক্ যজুঃ সংহিতাতে ও অথর্ব্ববেদ সংহিতাতেও আছে। ফলে ঋগ্বেদ সংহিতা বা যজুর্ব্বেদ সংহিতা অথবা অথর্ব্ববেদ সংহিতা অগ্রে সংগৃহীত হইয়াছিল কি সামবেদীয় আর্চ্চিক গ্রন্থগুলিই অগ্রে সংগৃহীত হইয়াছিল? ইহা নির্ণয় করা

* তাহাদের নামাদি মৎকৃত প্রথমভাগ বৈদিকসমালোচনা দেখ।

অতি কঠিন। আমি প্রথমত, অধ্যয়ন সম্প্রদায়ানুসারে সাম-বেদীয় সংহিতা গ্রন্থের মধ্যে গেয় নামক প্রথম গ্রন্থের এবং তৎসহ তদীয় আলম্বন ঋগ্বয় ছন্দ আর্চ্চিকের অনুবাদই আরম্ভ করিলাম। আশাকরি অত্যধিক ছয় বৎসরে (অসতি প্রতিবন্ধকে) আর্চ্চিক ও স্তোভসহ সভাষ্য সানুবাদ সংহিতা গ্রন্থগুলি একৈকক্রমে প্রকাশিত হইতে পারে। প্রজারঞ্জন ন্যায়বান্ মহামান্য ভারতবর্ষীয় গবর্ণমেণ্টও তদনুযায়ী ৬ বৎসরের জন্য (প্রতিবৎসর অগ্রিম) নির্দ্দিষ্ট সাহায্যদানে সোৎসাহ স্বীকারাদেশ করিয়াছেন। ভরসাকরি,—ইহার সঙ্গে সঙ্গেই এই ৬ বৎসরের মধ্যেই গোভিলাচার্য্য প্রণীত সামবেদীয় গৃহ্যসূত্রাদি ও ভবদেব প্রকাশিত তদনুযায়ী সংস্কা-রাদির পদ্ধতি খানিও সটীক সানুবাদ প্রকাশিত করিতে পারিব অধিকন্তু এতন্মধ্যেই ক্রমে দ্বিতীয় ভাগ বৈদিক সমালোচনাও সম্পাদিত হইতে পারিবে।

সামবেদের ভাষ্য অনেকগুলি ছিল, সম্প্রতি মাধবকৃত বিবরণ নামক একখানি এবং দ্বিতীয় সায়ণাচার্য্যের 'বেদার্থ প্রকাশ' নামক,—এই দুই খানিই পূর্ণ পাওআ যায়; তন্মধ্যে সায়ণভাষ্যেরই নাম সমধিক প্রসিদ্ধ অতএব ঐ খানিই তৎ-কৃত অবতরণিকার সহিত প্রকাশ করিতে প্রবৃত্ত হইলাম এবং ঐ অবতরণিকার সটীপ্পনী বঙ্গানুবাদও তৎসহ প্রকাশ করিতে আরম্ভ করিলাম। এই অবতরণিকা গ্রন্থ মীমাংসা-দর্শন-খচিত সুতরাং কিছু কঠিন কিন্তু সামবেদের অন্তঃপরি-চায়কতাগুণে সুভূষিত অতএব যতদূর সামর্থ সহজ ভাষায় অনুবাদিত ও টীপ্পনীদ্বারা বিবৃত করিতেছি তথাপি যে

কাঠিন্য থাকিতেছে তাহা গুরূপদেশ ব্যতিরেকে বিচূর্ণিত হয়, এরূপ বোধ হয় না অথবা হইতেও পারে, আমার তাদৃশ ক্ষমতাই নাই; যাহাহউক মৎকৃত এ প্রযত্ন সাধারণের কিছুমাত্র প্রীতিপ্রদ হইলেও শ্রম সফল জ্ঞান করিব।

আরব্ধ সামবেদ সংহিতার প্রকটন কার্য্য আপাতত নিম্নলিখিতানুসারে সম্পাদিত হইতেছে; যথা—

(ক) ছন্দ আর্চ্চিক। ইহা স্বরচিহ্নের সহিত প্রকাশিত হইতেছে এবং প্রত্যেক মন্ত্রের শেষে বন্ধনী চিহ্নান্তর্গত কতিপয় অঙ্কের দ্বারা ইহাও প্রকাশ করা যাইতেছে, যে, সেই মন্ত্রটি ঋগ্বেদে আছে কি না? আছে'ত কোন্ স্থানে আছে? এস্থলে আরও বিশেষ জ্ঞাপনীয়, যে, এই মন্ত্রগুলি সংহিতালক্ষণানুসারে এবং হস্তলিখিত তৎতৎ পুস্তক দৃষ্টানুসারে পদচ্ছেদবোধক বিরতি-শূন্য করা যাইতেছে। ভাষ্য ও অনুবাদ দৃষ্টে পদচ্ছেদগুলি স্বয়ংই হৃদয়ঙ্গম হইতে পারিবে।

(খ) বি॰ অর্থাৎ বিবরণ। এটি মৎসঙ্গৃহীত। ইহাতে কোন্ মন্ত্রটি, কোন্ ঋষি কর্তৃক প্রকাশিত, কোন্ ছন্দে নির্ম্মিত এবং কোন্ দেবতার অর্থাৎ কোন্ পদার্থের বর্ণনাতে ব্যবহৃত? এ সমস্ত সবিস্তার প্রদর্শিত হইতেছে অধিকন্তু কোন্ যজ্ঞের কোন্ প্রকরণে কি কার্য্যে ব্যবহার্য্য তাহাও সংক্ষেপে বোধিত হইতেছে। অনন্তর সে মন্ত্র অবলম্বন করিয়া কোন্ কোন্ ঋষি কোন্ কোন্ সাম (গান) গাহিয়াছেন? সেগুলি কোন্ কোন্ গ্রন্থে আছে? এবং সেই সমস্ত গানের কি কি নাম? এ সমস্তই যথাজ্ঞান বিবৃত করিতেছি।

(গ) গে॰ গা॰ অর্থাৎ গেয়গান। ইহা ঐ ছন্দোগ্রন্থের

গান গ্রন্থ, ইহাই সামবেদের প্রকৃত সংহিতাগ্রন্থগুলির মধ্যে প্রথম। ইহার যে বর্ণ যে স্বরে যেরূপে গাহিতে হইবে, বৈদিক-সমাজ-প্রচলিত বিবিধ চিহ্ন দ্বারা তাহাও সুব্যক্ত করা হইয়াছে।

(ঘ) বাং টীং অর্থাৎ বাঙ্গলা টীকা। সর্ব্বপ্রথমে, যে সময়ে মন্ত্রটি রচিত বা প্রকাশিত হইয়াছিল, তৎকালে উহা যে অভিপ্রায়ের বোধক ছিল, এই টীকাটি যথাজ্ঞান তদনুসারেই (বাঙ্গলা ভাষাতে) রচিত হইতেছে।

(ঙ) সাং ভাং অর্থাৎ সায়ণ-ভাষ্য। এখানি চতুর্ব্বেদাদির ভাষ্যকার মহামহোপাধ্যায় শ্রীমৎ সায়ণাচার্য্য বিরচিত, বেদের সুপ্রসিদ্ধ সংস্কৃত টীকা। ইহা যজ্ঞ কালের ভাবে সুতরাং যজ্ঞে ব্যবহারানুযায়ী অর্থের বোধক রূপেই প্রণীত হইয়াছিল। প্রতিমন্ত্রের সহিত ইহাও যথাবৎ থাকিতেছে।

(চ) ভাং অং অর্থাৎ ঐ ভাষ্যের বাঙ্গালা অনুবাদ। ইহাও যথাসাধ্য সরল বাঙ্গলাতে লিখিত হইয়া তত্তৎ ভাষ্যের পরেই নিবেশিত হইতেছে

—❊:❊:❊—

পরিভাষা।

(১) ছন্দ প্রভৃতি আর্চ্চিকগ্রন্থগুলির ঋক্‌গুলিতে যে ১ চিহ্ন আছে তাহাতে উদাত্ত স্বর অর্থাৎ উচ্চ উচ্চারণ, ২ চিহ্নে অনুদাত্ত স্বর অর্থাৎ নীচ উচ্চারণ এবং ৩ চিহ্নে স্বরিত অর্থাৎ সমভাবে উচ্চারণ জানিতে হইবে। দাঁড়ি বা র-চিহ্নে সেই উচ্চারণে সবল আঘাত বোধিত হইবে।

(২) গেয়গান প্রভৃতি গান গ্রন্থগুলির ১ হইতে ৭ চিহ্নে

সপ্ত স্বর বুঝিতে হইবে। যথা ১=নিষাদ, ২=গান্ধার, ৩=ষড়্জ, ৪=মধ্যম, ৫=পঞ্চম, ৬=ধৈবত, ৭=ঋষভ। অপরাপর চিহ্নগুলির অর্থবোধ শিক্ষা ব্যতিরেকে হওআ দুষ্কর। নারদীশিক্ষাদিতে বিশেষ দ্রষ্টব্য।

(৩) ঋ০ অর্থাৎ ঋষি। এ বিষয়ে অনেক বিচার্য্য আছে, আপাতত সায়ণাচার্য্যের স্বীকৃত লক্ষণই এ স্থলে প্রদর্শিত হইতেছে;—ঋ০ স০ ১০, ১৮ সূক্তের আরম্ভে "যস্য বাক্যং স ঋষিঃ" এতাবতা যে মন্ত্রটি যাঁহা কর্ত্তৃক রচিত হইয়াছে অথবা প্রকাশিত অর্থাৎ সূক্তাদি গ্রথনে সঙ্গৃহীত হইয়া যজ্ঞ-কাণ্ডে প্রথম ব্যবহৃত হইয়াছে, সেই মহাত্মাই সে মন্ত্রের ঋষি বলিয়া বেদে স্বীকৃত হইয়া থাকেন।

(৪) দে০ অর্থাৎ দেবতা। এ বিষয়েও অনেক বিচার্য্য আছে, আপাতত সায়ণাচার্য্যের স্বীকৃত লক্ষণই এ স্থলে প্রদর্শিত হইতেছে; যথা—ঋ০ স০ ১০, ৪৮ সূক্তের আরম্ভে "য়া তেনোচ্যতে সা দেবতা" যে মন্ত্রের দ্বারা যে কোন বস্তুর ব্যবহার বা উপাসনা বোধিত হয় তাহাই সে মন্ত্রের দেবতা। এই লক্ষণানুসারে উদূখল, মুশল, ধান্য, চর্ম্ম প্রভৃতি সমস্তই দেবতা বলিয়া পরিগৃহীত হইয়া থাকে।

(৫) ছ০ অর্থাৎ ছন্দ। পিঙ্গলাচার্য্যকৃত ছন্দোগ্রন্থই ইহার এবং সামবেদীয় দৈবত ব্রাহ্মণই তাহার মূল *। উহা ছন্দ অতিচ্ছন্দ ও বিচ্ছন্দ এই ত্রিবিধ নামে বিভক্ত। ছন্দ ৭টি, অতিচ্ছন্দ ৭টি ও বিচ্ছন্দও ৭টি এবং এই ২১টি কেই সামান্যত

---

* টীকা, অনুবাদ ও টিপ্পনীর সহিত মৎপ্রকাশিত দৈবত ব্রাহ্মণে বিস্তারিত প্রদর্শিত হইয়াছে।

বলা যায়। ইহাদের অক্ষর সংখ্যা বোধনার্থ নিম্নে এক খানি চক্রও অঙ্কিত করিতেছি। যথা—

সংখ্যা	ছন্দের অক্ষর	অতিচ্ছন্দের অক্ষর	বিচ্ছন্দের অক্ষর
১	গায়ত্রী ২৪	অতিজগতী ৫২	কৃতি ৮০
২	উষ্ণিক্ ২৮	শক্করী ৫৬	প্রকৃতি ৮৪
৩	অনুষ্টুপ্ ৩২	অতিশক্করী ৬০	আকৃতি ৮৮
৪	বৃহতী ৩৬	অষ্টি ৬৪	বিকৃতি ৯২
৫	পঙ্‌ক্তি ৪০	অত্যষ্টি ৬৮	সংস্কৃতি ৯৬
৬	ত্রিষ্টুপ্ ৪৪	ধৃতি ৭২	অতিকৃতি ১০০
৭	জগতী ৪৮	অতিধৃতি ৭৬	উৎকৃতি ১০৪

ছন্দ ৭টিও আর্ষী প্রভৃতি ভেদে অষ্ট প্রকার ; যথা—

	গায়ত্রী	উষ্ণিক্	অনুষ্টুপ্	বৃহতী	পঙ্‌ক্তি	ত্রিষ্টুপ্	জগতী
আর্ষী	২৪	২৮	৩২	৩৬	৪০	৪৪	৪৮
দৈবী	১	২	৩	৪	৫	৬	৭
আসুরী	১৫	১৪	১৩	১২	১১	১০	৯
প্রাজাপত্যা	৮	১২	১৬	২০	২৪	২৮	৩২
যাজুষী	৬	৭	৮	৯	১০	১১	১২
সাম্নী	১২	১৪	১৬	১৮	২০	২২	২৪
আর্চ্চী	১৮	২১	২৪	২৭	৩০	৩৩	৩৬
ব্রাহ্মী	৩৬	৪২	৪৮	৫৪	৬০	৬৬	৭২

(৬) ইদানীং প্রচলিত বাঙ্গলা অক্ষরে সংস্কৃত লিখনের একটি প্রধান অন্তরায় অন্তঃস্থ ব বর্ণের অভাব। সেই অভাবটি পূরণ করিবার আশয়ে নূতনপ্রিয় মহোদয়গণ নূতন বর্ণ আবিষ্কার করিতেছেন কিন্তু আমি কোন নূতন আবিষ্কারে

যত্নবান্ না হইয়া ২০০ বৎসর পূর্ব্বের হস্তলিখিত বাঙ্গলা পুস্তক দৃষ্টে ৱ এইরূপ বর্ণই লাভ করিয়াছি; অদ্যাপি আসাম প্রদেশে ইহা প্রচলিতও আছে। অতএব সংস্কৃতের মধ্যে ব বিষয়ে অন্তস্থ ও বর্গ্য প্রভেদ জ্ঞাপনার্থ কতকগুলি ৱ ৱৃ ৱু প্রভৃতি অক্ষর প্রস্তুত করাইয়াছি পরং দ্ব ত্ব প্রভৃতি-স্থলে অন্তস্থ জ্ঞান নিঃসংশয়ই থাকায় অর্থাৎ তাদৃশস্থল-সমূহে দুইপ্রকার ব কারের আশঙ্কা না থাকায় অন্তস্থ বোধক চিহ্ন বিশিষ্ট দ্ব ত্ব প্রভৃতি প্রস্তুত করাইবার আবশ্যক হয় নাই। এতাবতা প্রকাশ্যমান এই সামসংহিতার সংস্কৃত অংশে যে যে স্থলে ব আছে তত্তৎস্থলে নাগরি ব বর্ণের উচ্চারণ এবং যে যে স্থলে ৱ আছে তত্তৎস্থলে নাগরি ব বর্ণের উচ্চারণ জানিতে হইবে।

(৭) য বর্ণের প্রকৃত উচ্চারণই য়। বাঙ্গলা ভাষাতে যদিও এরূপ উচ্চারণের আবশ্যকতা নাই পরং সংস্কৃত ভাষাতে ওরূপ উচ্চারণ অবশ্য প্রয়োজনীয় অতএব সংস্কৃতের মধ্যে সর্ব্বত্রই য অক্ষরের ব্যবহার রহিত করিয়া য় অক্ষরই ব্যবহার করিয়াছি। যদিও 'পদমধ্যে পদান্তে বা' বচনানু-সারে অনেকস্থলে য পাঠও অনেকে ব্যবস্থা করেন পরং তাহা সাধারণ ব্যবস্থা নহে প্রত্যুত শাখা বিশেষ ও দেশ বিশেষে স্বীকার্য্য। প্রকৃত পক্ষে বিশেষ ব্যবস্থাতিরিক্ত সর্ব্বত্রই য বর্ণের য় উচ্চারণই কর্ত্তব্য।

(৮) বাঙ্গলা ভাষাতে হওআ উচ্চারণ করিয়া 'হওয়া' লিপি এবং 'করত' উচ্চারণ করিয়া 'করতঃ' লিপি অন্যায় বিবেচনায়, তাদৃশ লিপি সমস্তও শোধিত করিয়া ব্যবহার করিতে চেষ্টা করিয়াছি অর্থাৎ হওয়া, যাওয়া প্রভৃতি লিপি ব্যবহার না করিয়া হওআ যাওআ, প্রভৃতি এবং করতঃ, বিশেষতঃ প্রভৃতি লিপি ব্যবহার না করিয়া করত, বিশেষত প্রভৃতি লিপি ব্যবহার করিয়াছি।

সামশ্রমীত্যুপনাম শ্রীসত্যব্রত শর্ম্মা—

কলিকাতা।

ওঁ

শ্রীমৎসায়ণাচার্য্যকৃত-মাধবীয়-'সামবেদার্থপ্রকাশ'-ভাষ্যস্য

সানুবাদ অবতরণিকা।

—*:*:*—

বাগীশাদ্যাঃ সুমনসঃ সর্ব্বার্থানামুপক্রমে।
যং নত্বা কৃতকৃত্যাঃ স্যুস্তং নমামি গজাননম্ ॥ ১ ॥
যস্য নিঃশ্বসিতং বেদা যো বেদেভ্যোঽখিলং জগৎ—
নির্ম্মমে, তমহং বন্দে বিদ্যাতীর্থমহেশ্বরম্ ॥ ২ ॥

(অনুবাদ)

বাগীশাদি সুরগণ, সর্ব্বকার্য্য-উপক্রমে,
যাঁরে নমি কৃতকৃত্য, নমি সেই বিঘ্নহরে;
ত্রয়ী যাঁর শ্বাস-ত্রয়, সৃজেন্ যিনি ত্রয়ী-ক্রমে—
জগৎ; আমি বন্দি, সেই বিদ্যাতীর্থ মহেশ্বরে*। ১-২

---

* তীর্থ-শব্দে গুরু, বিদ্যার গুরু অর্থাৎ সর্ব্ব বিদ্যার আকর মহেশ্বর=মহাদেব, ইহা অতি সুপ্রসিদ্ধ এতাবতা বিদ্যাতীর্থ শব্দে জগদীশ্বর স্থির হইল, এবং পক্ষান্তরে বিদ্যাতীর্থ এক ব্যক্তির নাম। বুক্করাজা এবং মাধব ও সায়ণ উভয় ভ্রাতা, এ জনত্রয়ই বিদ্যারণ্য তীর্থস্বামী নামক তীর্থ সম্প্রদায়ের অন্যৈক সুবিজ্ঞ সন্ন্যাসীর ছাত্র। অতএব এই এক উক্তির দ্বারা জগদীশ্বর ও তত্রত্যাননীয় গুরুদেব এ উভয়েরই বন্দনা সম্পাদিত হইল।

শঙ্করাচার্য্যের দশনামা সম্প্রদায়ের মধ্যে প্রথম সম্প্রদায়ের নাম 'তীর্থ' যথা—"তীর্থাশ্রম-বনারণ্য-গিরি-পর্ব্বত-সাগরাঃ। সরস্বতী ভারতী চ পুরী নামানি বৈ দশ"।

তৎকটাক্ষেণ তদ্রূপং দধদ্ বুক্কমহীপতিঃ।
আদিশন্মাধবাচার্য্যং বেদার্থস্য প্রকাশনে ॥ ৩ ॥
যে পূর্ব্বোত্তরমীমাংসে তে ব্যাখ্যায়াতিসংগ্রহাৎ।
কৃপালুর্ম্মাধবাচার্য্যো বেদার্থং বক্তুমুদ্যতঃ ॥ ৪ ॥
সামবেদার্থমেষোঽত্র প্রকাশয়তি সাদরম্।
উদ্গাতৃস্তত্ত্বজিজ্ঞাসোরপি তেন কৃতার্থতা ॥ ৫ ॥
যজ্ঞো ব্রহ্ম চ বেদেষু দ্বাবর্থৌ কাণ্ডয়োর্দ্বয়োঃ।
অধ্বর্য্যুমুখ্যৈশ্চর্ত্বিগ্‌ভিশ্চতুর্ভির্যজ্ঞসম্পদঃ ॥ ৬ ॥

(অনুবাদ)

তাঁর কটাক্ষে, তদ্রূপ * ধরি, বুক্ক ধরাধীপ,
আদেশিলা মাধবেরে† প্রকাশিতে বেদদীপ। ৩
'উত্তর মীমাংসা' আর 'পূর্ব্ব' সংক্ষেপে বাখানি,
কৃপাকরি আরম্ভিলা,‡ তেঁহ "বেদার্থ কাশিনী"। ৪
সামবেদ-অর্থ, ইনি, এবে, কাশিছে সাদরে,
বোধলিপ্সু উদ্গাতারা যাহা গৃহীবে আদরে ॥ ৫
যজ্ঞ আর ব্রহ্ম ; বেদে, কাণ্ডদ্বয়েতে ভাষয়।
অধ্বর্য্যু আদি ঋত্বিকে তাহে যজ্ঞ সম্পাদয় ॥ ৬

---

* 'যাঁর শুভেক্ষণে রাজরূপ' ইহাও পাঠান্তর আছে, ঐ পাঠান্তরই ইহার টীকাস্বরূপ।

† অনেক পুস্তকে 'আদেশিলা সায়ণেরে' পাঠ দৃষ্ট হয়, পরন্তু তাহা বোধ হয় অশুদ্ধ ; মল্লিখিত 'সায়ণ-জীবনী' দেখ।

‡ এ সমস্তই মাধবের কনিষ্ঠ সহোদর সায়ণের উক্তি। মাধবাচার্য্য বুক রাজার সভাসদ্ ছিলেন এবং সায়ণাচার্য্য বুকানুজ হরিহরের সভাসদ্ ছিলেন। বুক রাজা স্বীয় সভাসদ্ মাধবকে বেদাদির ব্যাখ্যা করিতে আদেশ করেন এবং তাঁহার উপদেশানুসারে ও মতানুরূপ তৎকনিষ্ঠ সায়ণ এই ব্যাখ্যাদি লিখিয়া তাঁহারই নামে প্রকাশিত করেন অতএব এ টীকাগুলিকে মাধবীয় অথচ সায়ণ-বিরচিত উভয়ই বলা যায়।

নির্ম্মীতে ক্রিয়াসঙ্ঘৈরধ্বর্য্যুর্যজ্ঞিয়ং বপুঃ।
তদলঙ্কুর্ব্বতে হোতা ব্রহ্মোদ্গাতেত্যমী ত্রয়ঃ ॥ ৭ ॥
শস্ত্রযাজ্যানুবাক্যাভির্হোতালঙ্কুরুতেঽধ্বরম্। .
আজ্যপৃষ্ঠাদিভিঃ স্তোত্রৈরুদ্গাতালঙ্করোত্যমুম্ ॥ ৮ ॥
ত্রয়াণামপরাধস্তু ব্রহ্মা পরিহরেৎ সদা।
"ঋচাম্ত্ব"-ইতিমন্ত্রেঽসাবর্থঃ সর্ব্বোঽভিধীয়তে ॥ ৯ ॥
যজ্ঞং যজুর্ভিরধ্বর্য্যুর্নির্ম্মীতে ততো যজুঃ—
ব্যাখ্যাতং প্রথমং, পশ্চাদৃচাং ব্যাখ্যানমীরিতম্ ॥ ১০ ॥
সাম্নামৃগাশ্রিতত্বেন সাম-ব্যাখ্যাঽথ বর্ণ্যতে।
অনুতিষ্ঠাসুজিজ্ঞাসাবশাদ্ ব্যাখ্যা-ক্রমো হ্যয়ম্ ॥ ১১ ॥

(অনুবাদ)

অধ্বর্য্যুরি ক্রিয়া-গুণে যজ্ঞ, হয় বিনির্ম্মিত,
হোতা, ব্রহ্মা ও উদ্গাতা, উহা করেন ভূষিত; ৭
'শস্ত্র'-'যাজ্যা' প্রভৃতিতে হোতা করয়ে রঞ্জিত,
'আজ্য' 'পৃষ্ঠ' আদি স্তোত্রে, করেন্ উদ্গাতা মণ্ডিত; ৮
সকলেরই দোষ, সদা, ব্রহ্মা, করেন শোধন,
এ সমস্ত যথাযথ 'ঋচাং' মন্ত্রের বোধন। ৯
যজুর্মন্ত্রে যজ্ঞ-বপু, হয়, গঠিত যেহেতু,
বাখানিয়া অগ্রে তাহা, বাখানে ঋক্ সেই হেতু; ১০
ঋকেতে সামের স্থিতি, ব্যাখ্যা করে এবে;
অনুষ্ঠান-ক্রমে, এই পূর্ব্বাপর বিবেচিবে *। ১১

---

* এতাবতা ইহা বাস্তবিক নহে বস্তুতঃ সমস্ত ঋক্‌গুলিই যে প্রথম কি সমস্ত যজুগুলিই প্রথম অথবা সমস্ত সামগুলিই প্রথম বা দ্বিতীয় ইহা স্থির করা যায় না, বরং বেদত্রয়ই বিমিশ্রভাবে প্রকাশিত হইয়াছে ইহাই সিদ্ধান্ত এবং ঋক্‌গুলির মধ্যেও যজুগুলির মধ্যেও সামগুলির মধ্যেও পরস্পর পৌর্ব্বাপর্য্য লক্ষিত হয় কিন্তু তাহা অপৌরুষেয় বাদীদের বক্তব্য নহে।

জাতে দেহে ভবত্যস্য কটকাদিবিভূষণম্ ।
আশ্রিতম্ মণিমুক্তাদি কটকাদৌ যথা তথা ॥ ১২ ॥
যজুর্জ্জাতে যজ্ঞ-দেহে স্যাদৃগ্‌ভিস্তদ্বিভূষণম্ ।
সামাখ্যা মণিমুক্তাদ্যা ঋক্ষু তাসু সমাশ্রিতাঃ ॥ ১৩ ॥

নন্বধ্বর্য্যুহোত্রুদ্গাতৃব্রহ্মকর্ত্তব্যপ্রতিপাদকো যো মন্ত্রস্ত-স্যার্থো যোজনীয়ঃ? ইতি চেৎ, যোজ্যতে—'ঋচাং ত্বঃ পোষমাস্তে পুপুষ্বান্ গায়ত্রং ত্বো গায়তি শক্করীষু। ব্রহ্মা ত্বো বদতি জাতবিদ্যাং যজ্ঞস্য মাত্রাং বিমিমীত উ ত্বঃ' ইত্যেষ মন্ত্র *। তস্যায়মর্থঃ— ত্ব-শব্দঃ সর্ব্বনামসু পঠিতঃ

(অনুবাদ)

দেহেতে যেমতি হয়, বলয়াদি বিভূষণ,
মণি মুক্তা আদি সবে, যথা, আশ্রিত-ভূষণ ; ১২
যজুরূপ যজ্ঞদেহে, ঋক্ তেমতি অলঙ্কার;
সামরূপ মণি সব, সদা আশ্রিত তাহার ॥ ১৩

অধ্বর্য্যু, হোতা, উদ্গাতা ও ব্রহ্মা এই চারি প্রকার ঋত্বিক্ কর্ত্তৃক যজ্ঞকার্য্য সম্পন্ন হইয়া থাকে †; অধ্বর্য্যু কর্ত্তৃক যজুর্ব্বেদীয় মন্ত্রে অধ্বর ক্রিয়া অর্থাৎ বেদীনির্ম্মাণ

---

* ঋ০ স০ ৮, ২, ২৪, ৬।

† ইহাদের প্রত্যেকেরই তিন তিনটি সহকারী থাকেন। অধ্বর্য্যুর প্রধান সহকারীকে প্রতিপ্রস্থাতা, হোতার প্রধান সহকারীকে মৈত্রাবরুণ, উদ্গাতার প্রধান সহকারীকে প্রস্তোতা ও ব্রহ্মার প্রধান সহকারীকে ব্রাহ্মণাচ্ছংসি কহে এবং অধ্বর্য্যুর দ্বিতীয় সহকারীকে নেষ্টা, হোতার দ্বিতীয় সহকারীকে অচ্ছাবাক, উদ্গাতার দ্বিতীয় সহকারীকে প্রতিহর্ত্তা ও ব্রহ্মার দ্বিতীয় সহকারীকে আগ্নীধ্র কহে এবং অধ্বর্য্যুর তৃতীয় সহকারীকে উন্নেতা, হোতার তৃতীয় সহকারীকে গ্রাবস্তুৎ, উদ্গাতার তৃতীয় সহকারীকে সুব্রহ্মণ্য ও ব্রহ্মার তৃতীয় সহকারীকে পোতা কহে।

একশব্দপর্য্যায়ঃ। একো হোতৃ-নামকঃ ঋত্বিকু তত্র তত্র বি প্রকীর্ণত্বেনাধীতানামৃচাং যজ্ঞানুষ্ঠানকালে সজ্জীভাবমাপাদ্য পুষ্টিং কুর্ব্বন্নাস্তে। এক উদ্গাতৃনামকঃ শক্ব্যুপলক্ষিত-চ্ছন্দোবিশেষযুক্তাস্বৃক্ষু গায়ত্রাদিনামকং সাম গায়তি। একো ব্রহ্ম-নামকো হোত্রাদীনাং বেদত্রয় বিষয়ে যস্মিন্ কস্মিংশ্চিদপরাধে জাতে তৎপ্রতীকাররূপাং বিদ্যাং বদতি অতএব ছন্দোগা আমনন্তি—'যজ্ঞস্য হৈষ ভিষগ্ যদ্ ব্রহ্মা যজ্ঞায়ৈব তদ্ ভেষজং কৃত্বা হরতি'-ইতি, 'যদি যজ্ঞ ঋকৃত আর্ত্তির্ভবতি ভূরিতি ব্রহ্মা গার্হপত্যে জুহুয়াৎ'-ইত্যাদি চ

(অনুবাদ)

প্রভৃতি যজ্ঞশরীর সম্পন্ন হয়, পরে হোতৃ কর্ত্তৃক ঋগ্বেদীয় মন্ত্রে হোতৃকার্য্য অর্থাৎ ঐ বেদীতে হোমাদি যজ্ঞালঙ্কার সাধিত হয়, পরে সেই সময়ে সময়েই উদ্গাতৃ কর্ত্তৃক উদ্গান কর্ম্ম অর্থাৎ ঐ আহুতি সফল করণাশয়ে ঈশ্বরস্মরণাদি ঐ যজ্ঞালঙ্কারে মণি-মাণিক্য খচিত করিয়া দেওয়া যায়; যজু, ঋক্ ও সাম—এই বেদত্রয়াভিজ্ঞ * ব্রহ্মা কর্ত্তৃক ঐ সমস্তই পর্য্যবেক্ষিত † ও আবশ্যকানুসারে সংশোধিত হইয়া থাকে ‡। যেহেতু এইরূপ ক্রমে যজ্ঞানুষ্ঠান হইয়া থাকে অতএব সেই অনুষ্ঠান-ক্রমের অনুসারেই বেদত্রয়ের পৌর্ব্বাপর্য্য স্বীকার্য্য সুতরাং প্রথম যজু, দ্বিতীয় ঋক্, তৃতীয় সাম; ইহাই সিদ্ধ হইল এবং তদনুসারে প্রথমেই

---

* এই জন্যই ব্রহ্মার নামান্তর সমুদ্র (য০ বা০ স০ ৫, ৩৩)

† এই জন্যই ব্রহ্মাকে বিশ্বব্যচা ও বলা যায় (য০ বা০ স০ ৫, ৩৩)

‡ দক্ষিণাবিভাগ কার্য্যও ব্রহ্মারই, এইজন্যই ব্রহ্মার নামান্তর "ভূম" শতং ব্রা০ ৪, ৩, ৪, ১৫।

একত্বধ্বর্য্যুর্যজুস্য মাত্রা নিয়ন্তাং বিনিমীতে বিশেষেণ পরিচ্ছিনত্তি ইতি ।।

নমু বেদার্থপ্রকাশকেঽস্মিন্ গ্রন্থে বেদানাং ব্যাখ্যেয়ত্বে সতি তৎপরিত্যজ্য যজুরাদিকং ব্যাখেয়ত্বেনোপন্যসিতুমযুক্তম্ ? ইতি চেৎ, নায়ং দোষঃ ; মন্ত্রবিশেষবাচকৈর্যজুরাদিশব্দৈস্তত্তন্মন্ত্রোপেতানাং বেদানামুপলক্ষিতত্বাৎ ॥

নমু মন্ত্রবেদয়োঃ কো বিশেষঃ ? ইতি চেৎ, উচ্যতে—মন্ত্রব্রাহ্মণ সমষ্টির্ব্বেদঃ। তথাচাপস্তম্বঃ স্মরতি—'মন্ত্রব্রাহ্মণয়োর্ব্বেদনামধেয়ম্'-ইতি। বেদৈকদেশয়োর্ম্মন্ত্রব্রাহ্মণয়োঃ

(অনুবাদ)

যজুর্ব্বেদের, তৎপরে ঋগ্বেদের, ভাষ্য করিয়া এক্ষণে সামবেদের ব্যাখ্যানে প্রবৃত্ত হইয়াছি।

উল্লিখিত প্রস্তাবে প্রমাণ 'ঋচাং' মন্ত্র (ঋ০ স০ ৮, ২, ২৪, ৬) *। এবং ছান্দোগ্য ব্রাহ্মণাদিতেও এ বিষয়ের পোষক প্রমাণ দৃষ্ট হয়।

ভাল। বেদার্থ প্রকাশক এই গ্রন্থে বেদসমস্তের ব্যাখ্যা করাই কর্ত্তব্য, তাহা পরিত্যাগ করিয়া উল্লিখিত রূপ প্রস্তাব করা অন্যায় কি? না; যেহেতু ভিন্ন ভিন্ন প্রকারের মন্ত্রগুলিরই'ত 'যজু' প্রভৃতি আখ্যা, সেই সেই মন্ত্রের ব্যাখ্যানই বেদের ব্যাখ্যান।

মন্ত্র ও বেদে বিশেষ কি? বলি;—মন্ত্র ও ব্রাহ্মণ এই উভয়ের সমষ্টিকে 'বেদ' বলা যায়। আপস্তম্ব শ্রুতিতে অবিকল ইহাই আছে, যথা 'মন্ত্রব্রাহ্মণয়োর্বেদনামধেয়ম্।' বেদের এক

---

* ঋগ্বেদ ভাষ্য ভূমিকাতে এ মন্ত্রের বিস্তারিত ব্যখ্যা আছে।

পৃথক্ স্বরূপং জৈমিনির্ন্যায়েন নির্ণীতবান্। তত্র মন্ত্রস্বরূপ নির্ণয়ং দ্বিতীয়াধ্যায়স্থ প্রথমপাদে সপ্তমাধিকরণে ন্যায়-বিস্তরকার ইত্থমুদাজহার—'অহেবুধ্নিয় মন্ত্রং মে ইতি মন্ত্রস্য লক্ষণম্। নাস্ত্যস্তি বাংস্য নাস্ত্যেতদব্যাপ্ত্যাদেরবারণাৎ॥ যাজ্ঞিকানাং সমাখ্যানং লক্ষণং দোষবর্জিতম্। তে হ্নুষ্ঠান-

(অনুবাদ)

ভাগের নাম 'মন্ত্র' এবং অপর ভাগের নাম 'ব্রাহ্মণ'। মহর্ষি জৈমিনি স্বীয় সূত্রবদ্ধ দর্শন গ্রন্থে এই উভয়েরই ভিন্ন ভিন্ন স্বরূপ নির্ণয় করিয়াছেন। ন্যায় বিস্তরকারও* স্বীয় গ্রন্থে, দ্বিতীয়াধ্যায়ের প্রথম পাদীয় সপ্তম অধিকরণে মন্ত্রের স্বরূপ নির্ণয়, এই প্রকার করিয়াছেন—

'অহে বুধ্নিয়'-মন্ত্রেতে শুনি উল্লেখ মন্ত্রের!
কিন্তু আছে কিবা নাই কিছু লক্ষণ তাদের?
কেমনে লক্ষিবে বল, ঠেলি অব্যাপ্ত্যাদি-বাধে??
যাজ্ঞিক-প্রবাদে উহা, স্থির হইবে অবাধে। ১

আধান প্রকরণে আম্নাত হইয়াছে—'অহে বুধ্নিয় মন্ত্রং মে গোপায়' (তৈ॰ ব্রা॰ ১, ১, ২৬) এই শ্রুতিতে মন্ত্র শব্দের উল্লেখ আছে। এতাদৃশ স্থলে মন্ত্র শব্দে কি বুঝিতে হইবে? মন্ত্রের কোন রূপ লক্ষণ অর্থাৎ পরিচায়ক উপদেশ

* ন্যায় শব্দে পঞ্চাঙ্গ বিচার পূর্ব্বক বস্তু নির্ণয়। উক্ত পঞ্চাঙ্গ, যথা—১ম সঙ্গতি, ২য় বিষয়, ৩য় সংশয়, ৪র্থ পূর্ব্বপক্ষ ও ৫ম সিদ্ধান্ত। এই ন্যায়কেই অধিকরণও কহে, এইরূপ ন্যায়ানুসারে প্রণীত গ্রন্থবিশেষকে ন্যায়মালা, ন্যায়বিস্তর বা অধিকরণমালা কহে। এইরূপ ন্যায়মালা জৈমিনি, সূত্রাবলম্বনে মীমাংসার এবং ব্যাস সূত্রাবলম্বনে বেদান্তের, উভয় রূপই দৃষ্ট হয় এবং উভয়েরই প্রণেতা স্বয়ং মাধবাচার্য্য।

স্মারকাদৌ মন্ত্রশব্দং প্রযুঞ্জতে" ॥ আধানে ইদমাম্নায়তে—
"অহে বুধ্নিয় মন্ত্রং মে গোপায়"-ইতি। তত্র মন্ত্রস্য লক্ষণং নাস্তি, অব্যাপ্ত্যতিব্যাপ্ত্যোর্বারয়িতুমশক্যত্বাৎ। "বিহিতার্থাভিধায়কো মন্ত্রঃ"-ইত্যুক্তে 'বসন্তায় কপিঞ্জলান লভত' -ইত্যস্য মন্ত্রস্য বিধিরূপত্বাদব্যাপ্তিঃ ?—মনন-হেতুর্মন্ত্র-

(অনুবাদ)

আছে কি ? না, হইতেই পারে না; যেহেতু অব্যাপ্তি ও অতিব্যাপ্তি দোষ অপরিহার্য্য ;—যদি বলাযায় 'যাহা বিহিত পদার্থের অভিধায়ক, তাহাই মন্ত্র' তাহা হইলে 'বসন্ত দেবতার উদ্দেশে কপিঞ্জল আলভন করিবে *' এই বিধিরূপ মন্ত্রে অব্যাপ্তি † দোষ ঘটিবে। যদি বলি—'যাহা মননের হেতু, তাহাই মন্ত্র' তাহা হইলে অনেকানেক ব্রাহ্মণবাক্যের দ্বারাও মনন করা হয় সুতরাং তাদৃশ স্থলসমূহে অতিব্যাপ্তি‡ দোষ অনিবার্য্য। এই রূপ 'যাহার অন্তে অসি এই পদটি আছে, তাহাই মন্ত্র' বা 'যাহার অন্তে উত্তম পুরুষ ক্রিয়া যুক্ত আছে, তাহাই মন্ত্র'-ইত্যাদি লক্ষণসকলও পরস্পর অব্যাপ্তি দোষে দুষিত। না, এরূপ নহে; যেহেতু 'যাজ্ঞিকগণ যেগুলিকে মন্ত্র বলিয়া ব্যবহার করিয়াথাকেন, তাহাই মন্ত্র' এই একটি নির্দ্দোষ লক্ষণ করাযায়। এই ব্যবহার বলেই অনুষ্ঠানস্মারকাদি অর্থাৎ বাক্যাদির মন্ত্রত্ব স্থিরীকৃত হইয়াথাকে।

---

* মদনুবাদিত যজুর্ব্বেদ সংহিতার ৪১০ পৃষ্ঠা দেখ।

† লক্ষ্যেতে লক্ষণ না যাওয়া। অর্থাৎ ইহা মন্ত্র বটে অতএব এস্থলে মন্ত্রের লক্ষণ অন্বিত হওয়া উচিত কিন্তু বিহিত পদার্থের অভিধায়ক না হওয়ায় অব্যাপ্তি হইল।

‡ যাহা লক্ষ্য নহে সেস্থলেও লক্ষণের গতি।

ইত্যুক্তে ব্রাহ্মণেঽতিব্যাপ্তিঃ; এবম্ 'অসিপদান্তো-মন্ত্রঃ' 'উত্তমপুরুষান্তো মন্ত্রঃ'-ইত্যাদিলক্ষণানাং পরস্পরমব্যাপ্তিঃ? ইতিচেৎ নৈবম্; যাজ্ঞিকসমাখ্যানস্য নির্দ্দোষলক্ষণত্বাৎ। তচ্চ সমাখ্যানমনুষ্ঠানস্মারকাদীনাং মন্ত্রত্বং গময়তি। উরু-প্রথস্বেত্যাদয়োঽনুষ্ঠানস্মারকাঃ। অগ্নিমীলে পুরোহিত-মিত্যাদয়ঃ স্তুতিরূপাঃ। ইষেত্বেত্যাদয়স্ত্বান্তাঃ। অগ্নআয়াহি বীতয়ে ইত্যাদয় আমন্ত্রণোপেতাঃ। অগ্নীদগ্নীন্ বিহরেত্যাদয়ঃ প্রৈষরূপাঃ। অধঃস্বিদাসীদুপরিস্বিদাসীদিত্যাদয়ো বিচার-

(অনুবাদ)

তদ্‌যথা—'উরু প্রথস্ব' অর্থাৎ বিস্তৃত কর—ইত্যাদিকে অনু-ষ্ঠানস্মারক (১) মন্ত্র, 'অগ্নিমীড়ে পুরোহিতম্' অর্থাৎ অগ্রে স্থাপিত অগ্নিকে স্তব করি (ঋ০ স০ ১, ১, ১) ইত্যাদিকে স্তুতি (২) মন্ত্র, 'ইষে ত্বা' অর্থাৎ পৃথিবীতে যজ্ঞ-ফলে স্বন্ন হইবে সেই জন্যই তোমাকে ছেদন করিতেছি (য০ বা০ স০ ১)-ইত্যাদিকে ত্বান্ত (৩) মন্ত্র, 'অগ্ন আয়াহি বীতয়ে' অর্থাৎ হে অগ্নে! বীতির জন্য আবিষ্কৃত হও (সা০ছ০আ০১) -ইত্যাদিকে আমন্ত্রণোপেত (৪) মন্ত্র, 'অগ্নীদগ্নীন্ বিহর' অর্থাৎ ধিষ্ণ্য হইতে ধিষ্ণ্যান্তর গমন কর-ইত্যাদিকে প্রৈষ (৫) মন্ত্র, 'অধঃ স্বিদাসীদুপরি স্বিদাসীৎ' অর্থাৎ তিনি উপরেও

---

(১) যে মন্ত্র পাঠ করিতে করিতেই কিরূপ অনুষ্ঠান বিধেয় তাহা স্মরণ হয়।

(২) যাহাতে স্তব করা যায়।

(৩) যাহার অন্তে ত্বা-শব্দ।

(৪) সম্বোধন যুক্ত।

(৫) ঋত্বিগ্ বিশেষকে ঋত্বিগ্ বিশেষের আদেশ।

রূপাঃ। অম্বে' অম্বিকে অম্বালিকে ন মা নয়তি কশ্চনে-ত্যাদয়ঃ পরিদেবনরূপাঃ। পৃচ্ছামি ত্বা পরমন্তং পৃথিব্যাঃ ইত্যাদয়ঃ প্রশ্নরূপাঃ। বেদিমাহুঃ পরমন্তং পৃথিব্যাঃ ইত্যাদয় উত্তররূপাঃ। এবমন্যদপ্যুদাহার্য্যম্। ঈদৃশেম্বত্যন্তবিজা-তীয়েষু সমাখ্যানমন্তরেণ নান্যঃ কশ্চিদনুগতো ধর্ম্মোঽস্তি' যস্ত লক্ষণত্বমুচ্যেত। লক্ষণস্তোপয়োগশ্চ পূর্ব্বাচার্য্যৈর্দর্শিতঃ-

(অনুবাদ)

আছেন নিম্নেও আছেন কি ? (ঋ০ স০ ১০, ১২৯, ৫)-ইত্যা-দিকে বিচার (৬) মন্ত্র, 'অম্বে অম্বিকে অম্বালিকে ন মা নয়তি কশ্চন' অর্থাৎহে সহচরিগণ! আমাকে কেহই প্রেরণ করে নাই (য০ বা০ স০ ২৩, ১৮)-ইত্যাদিকে পরিদেবনা (৭) মন্ত্র, 'পৃচ্ছামি ত্বা পরমন্তং পৃথিব্যাঃ' অর্থাৎ তোমাকে জিজ্ঞাসাকরি পৃথিবীর অন্ত (য০ বা০ স০ ২৩, ৬১)-ইত্যা-দিকে প্রশ্ন (৮) মন্ত্র, 'বেদি মাহুঃ পরমন্তং পৃথিব্যাঃ' অর্থাৎ বেদিকেই পৃথিবীর অন্ত বলা যায় (য০ বা০ ২৩, ৬২)'-ইত্যা-দিকে উত্তর (৯) মন্ত্র বলা যায়। এইরূপ উদাহরণ আরও দেওয়া যায়। ঈদৃশ অত্যন্ত বিভিন্ন জাতীয় বাক্যাবলিতে এরূপ কোনই সাধারণ ধর্ম্ম দৃষ্ট হয় না, যাহা অবলম্বন করিয়া একটি পরিচায়ক লক্ষণ নির্ণয় করাযায়, অথচ 'ঋষি-রাও বিভিন্ন জাতীয় পদার্থ সমূহের সীমা প্রাপ্ত হন না

(৬) সিদ্ধান্ত করিবার অভিপ্রায়ে সংশয়।
(৭) পশ্চাত্তাপ।
(৮) উত্তর প্রাপ্ত্যর্থ জিজ্ঞাসা।
(৯) সন্দেহ ভঞ্জন।

'ঋষয়োঽপি পদার্থানাং নান্তং যান্তি পৃথক্ত্বশঃ। লক্ষণেন তু সিদ্ধানামন্তং যান্তি বিপশ্চিতঃ-ইতি; তস্মাদভিযুক্তানাং মন্ত্রোঽয়মিতি সমাখ্যানং লক্ষণম্' ॥

ব্রাহ্মণস্বরূপমপি তত্রৈবাষ্টমাধিকরণে ইত্থং নির্ণীতম্—"নাস্ত্যেতদ্ ব্রাহ্মণেত্যত্র লক্ষণং বিদ্যতেঽথবা। নাস্তীয়ন্তো

(অনুবাদ)

কিন্তু পরিচায়ক-সাহায্যে পণ্ডিতেরাও সহজেই সমস্তপদার্থই হৃদ্গত করিতে পারেন' অতএব অগত্যা 'প্রামাণিক ব্যক্তিদের এ মন্ত্র এ মন্ত্র ইত্যাকার যে প্রবাদ, তাহাই মন্ত্রের লক্ষণ অর্থাৎ পূর্ব্বাপর গুরুপরম্পরায় যে যে শ্রুতিগুলি মন্ত্র বলিয়া ব্যবহৃত হইয়া আসিতেছে সেই সমস্তকেই মন্ত্র বলা যায় * ॥

সেই গ্রন্থেই অষ্টম অধিকরণে ব্রাহ্মণস্বরূপও এই প্রকারে নির্ণীত হইয়াছে—

'এতদ্‌ব্রাহ্মণ'-শ্রুতিতে শুনি উল্লেখ ব্রাহ্মণ !
কিন্তু ; আছে কিবা নাই কিছু তাদের লক্ষণ ?
কতই যে বেদগ্রন্থ এবে নির্ণয় বিহনে,
ব্রাহ্মণ-লক্ষণ, স্থির, বল, হইবে কেমনে ??
অবশ্য হইবে, স্থির; কিছু ব্রাহ্মণ-লক্ষণ,
মন্ত্র-ভিন্ন সর্ব্ব উহা, ইহা কহে বিচক্ষণ। ২

* অর্থাৎ এই গ্রন্থগুলি সংহিতা বা মন্ত্র ভাগের, এগুলি ব্রাহ্মণগ্রন্থ, ইহা প্রসিদ্ধ আছে, তদনুযায়ী সংহিতাভাগীয় শ্রুতিগুলিকে মন্ত্র বলিয়া অবগত হওয়াই সুব্যবস্থা। বিশেষতঃ কতকগুলি মন্ত্র সংহিতাভাগে অদৃষ্ট হইলেও কল্পসূত্রকারাদি মন্ত্র বলিয়া ব্যবহৃত করা প্রযুক্ত যাহাদের মন্ত্রত্ব অবগত দুষ্কর নহে। এতদনুসারেই সামবেদের তাণ্ড্য ব্রাহ্মণের প্রথমাদি অধ্যায়ত্রয়' ছান্দোগ্য বা মন্ত্র ব্রাহ্মণের প্রথম ও দ্বিতীয়াধ্যায় এবং বংশ ব্রাহ্মণখানি সমস্তই মন্ত্ররূপে গ্রাহ্য।

বেদভাগা ইতি ক্লৃপ্তেরভাবতঃ। মন্ত্রশ্চ ব্রাহ্মণং চেতি দ্বৌ ভাগৌ তেন মন্ত্রতঃ। অন্যদ্ ব্রাহ্মণমিত্যেতদ্ ভবেদ্ ব্রাহ্মণ-লক্ষণম্ ॥" চাতুর্মাস্যেষ্বিদমাম্নায়তে—'এতদ্ ব্রাহ্মণান্যেব পঞ্চ হবীংষি'-ইতি। তত্র ব্রাহ্মণস্য লক্ষণং নাস্তি, কুতঃ? বেদ-ভাগানামিয়ত্তানবধারণেন ব্রাহ্মণভাগেষ্বন্যভাগেষু চ লক্ষণ-স্যাব্যাপ্ত্যতিব্যাপ্ত্যোঃ শোধয়িতুমশক্যত্বাৎ। পূর্ব্বোক্তৌ মন্ত্র-ভাগ একঃ, ভাগান্তরাণি চ কানিচিৎ পূর্ব্বৈরুদাহর্ত্তুং সঙ্গৃহী-তানি—'হেতুর্নির্বচনং নিন্দা প্রশংসা সংশয়ো বিধিঃ। পর-কৃতিঃ পুরাকল্পো ব্যবধারণকল্পনাৎ'-ইতি। তেন হ্যন্নং

(অনুবাদ)

চাতুর্মাস্য প্রকরণে শ্রুত হইয়াছে 'এতদ্‌ব্রাহ্মণান্যেব পঞ্চ হবীংষি'—এস্থলে ব্রহ্মণ পদের উল্লেখ রহিয়াছে; এই ব্রাহ্মণের কোনরূপ লক্ষণ অর্থাৎ এই লক্ষণাক্রান্ত ব্যাক্যাবলিকে ব্রাহ্মণ বলাযায় এরূপ কিছু পরিচায়ক আছে কি? বোধহয় না, বেদভাগের ইয়ত্তার অভাবে কোন্ গ্রন্থ যে ব্রাহ্মণ এবং কোন্‌টি ব্রাহ্মণ নহে, ইহা দুর্ব্বোধ। না, এরূপ নহে; যে হেতু 'পূর্ব্বোক্ত মন্ত্রভাগ ব্যতিরেকে অবশিষ্ট বেদ-গ্রন্থ সমস্তই ব্রাহ্মণ'—ইহা বলিলেই পর্য্যাপ্ত হইতে পারে। কোন আচার্য্য ঐ ব্রাহ্মণ কতপ্রকার? তাহাও নির্ণয় করি-য়াছেন, যথা—

'হেতু, নির্ব্বচন, নিন্দা, প্রশংসা, সংশয়, বিধি,
পরকৃতি, পুরাকল্প, ব্যবধারণ, এ নিধি (৯)।'

হেতু—'তেন হ্যন্নং ক্রিয়তে' সেই হেতু অন্ন করা হই-য়াছে।' নির্ব্বচন—'এতদ্দধ্নো দধিত্বম্' ইহাই দধির দধিত্ব।

ক্রিয়তইতি হেতুঃ। এতদ্দশ্নোদধিত্বমিতি নির্ব্বচনম্। অমেধ্যা বৈ মাষা ইতি নিন্দা। বায়ু র্বৈ ক্ষেপিষ্ঠো দেবতেতি প্রশংসা। তদ্ ব্যচিকিৎসন্ জুহবানী মাহৌষামিতি সংশয়ঃ। যজমানেন সম্মিতৌদুম্বরী ভবতীতি বিধিঃ। মাষানেব মহ্যং পচতেইতি পরকৃতিঃ। পুরা ব্রাহ্মণ অভৈষুরিতি পুরাকল্পঃ। যাবতোঽশ্বান্ প্রতিগৃহ্ণীয়াৎ তাবতে বারুণাংশ্চতুষ্কপালান্নির্বপেদিতি

(অনুবাদ)

নিন্দা—'অমেধ্যা বৈ মাষাঃ' মাষ নিশ্চয় অপবিত্র *। প্রশংসা-'বায়ুর্বৈ ক্ষেপিষ্ঠো দেবতা' বায়ু দেবতা অতিশয় বেগবান্। সংশয়—'তদ্ব্যচিকিৎসন্ জুহবানী মা হৌষাম্' আমি সন্দেহ করি হোম করি কি করিব না? বিধি—'যজমানেন সম্মিতৌদুম্বরী ভবতি' যজমান পরিমিত দীর্ঘ ঔদুম্বরী করিবে। পরকৃতি—'মাষানেব মহ্যং পচতে' তিনি আমার জন্য মাষকলাই'ই পাককরেন। পুরাকল্প—'পুরা ব্রাহ্মণা অভৈষুঃ' ইতি পূর্ব্বে ব্রাহ্মণগণ ভীত হইয়া ছিলেন। ব্যবধারণ কল্পনা—'যাবতোঽশ্বান্ প্রতিগৃহ্ণীয়াৎ তাবতো বারুণাংশ্চতুঃকপালান্ নির্বপেৎ' যতগুলি অশ্ব প্রতিগ্রহণ করিবে ততগুলি পুরোডাশ নির্ব্বপন করিবে, ঐগুলি চতুঃকপাল হইবে এবং উহা বরুণ দেবতোদ্দেশে নিরুপ্ত করিবে। এইরূপ আরও উদাহরণ দেখান যায়।

* এই শ্রুতি অনুসারেই বোধ হয় স্মৃতিগ্রন্থে ব্রহ্মচারী ও তদ্ব্রতচারিণী বিধবার পক্ষে মাষকলাই ভক্ষণ নিষিদ্ধ হইয়াছে ফলে যাহার শরীরে রসাধিক্য হইলে ক্ষতি নাই, তাহার পক্ষে নিষিদ্ধ না হইতে পারে অতএবই অগ্রে পরকৃতির উদাহরণ দ্রষ্টব্য। পরকৃতি শব্দের অর্থ পরের শ্লাঘনীয় ক্রিয়ার উল্লেখ করা (বড়াই)।

ৱিশেষাৱধারণকল্পনা। এৱমন্যদপ্যুদাহার্য্যম্। ন চ 'হেত্বাদীনা মন্যতমদ্ ব্রাহ্মণম্'—ইতি লক্ষণম্, মন্ত্রেষপি হেত্বাদি সত্ত্বাৎ। তথাহি—ইন্দৱোৱামুশন্তি হীতি হেতুঃ—উদানিষুর্মহীরিতি তস্মাদুদকমুচ্যতে ইতি নির্ৱচনম্—মোঘমন্নং ৱিন্দতে অপ্রচেতা ইতি নিন্দা—অগ্নির্মূর্দ্ধা দিৱঃ ককুদিতি প্রশংসা—অধঃস্বিদাসীদুপরি স্বিদাসীদিতি সংশয়ঃ—কপিঞ্জলানালভেত·

(অনুবাদ)

যদি এই হেতু নববিধই ব্রাহ্মণের লক্ষণ স্থির করা যায়, তাহা হইলে মন্ত্র ভাগেও যে সমস্ত শ্রুতিতে হেতু প্রভৃতি অর্থ বোধিত হয় তাহাকেও ব্রাহ্মণ বলিয়া স্বীকার করিতে হয়, বস্তুত তাহা নহে সুতরাং হেতু বা নির্ব্বচনাদি অর্থ-প্রকাশক বাক্য মাত্রেই ব্রাহ্মণ এরূপ লক্ষণ হইতে পারে না; ফলে ব্রাহ্মণ গ্রন্থেই হেত্বাদি সমধিক লক্ষিত হয়। মন্ত্র গ্রন্থেও হেতু প্রভৃতির অসদ্ভাব নাই; যথা—'ইন্দৱো ৱা মুশন্তি হি' অর্থাৎ হে ইন্দ্রবায়ু! সোমরসসকল যেহেতু তোমাদিগকেই কামনা করিতেছে (ঋ০ স০ ৭, ২, ৪) ইহা হেতু। 'উদানিষু র্মহীরিতি তস্মাদুদক মুচ্যতে' অর্থাৎ যেহেতু উপরি হইতে পতিত হওত ভূ-পৃষ্ঠ সিঞ্চিত করে সেই জন্যই উদক বলা যায় (অথ০ স০ ৩, ১৩, ৪) ইহা নির্ব্বচন। 'মোঘমন্নং ৱিন্দতে অপ্রচেতাঃ' অর্থাৎ জ্ঞানশূন্য পশুতুল্য মানবগণ বৃথা অন্নলাভ করে—তাহাদের জীবন-ধারণই বৃথা; ইহা নিন্দা. 'অগ্নি র্মূর্দ্ধা দিৱঃ' অর্থাৎ অগ্নিই দ্যুলোকের মস্তক স্বরূপ, (সা০ স০ ১, ১, ৩, ৭) ইহা প্রশংসা। 'অধঃ স্বি দাসীদুপরি স্বিদাসীৎ' অর্থাৎ তিনি

ইতি বিধিঃ—সহস্রমযুতা দদদিতি পরকৃতিঃ—যজ্ঞেন যজ্ঞময়-জন্ত দেবাঃ-ইতি পুরাকল্পঃ। 'ইতি-করণবহুলং ব্রাহ্মণম্' ইতি চেৎ ন, 'ইত্যদদা ইত্যযজথা ইত্যপচঃ ইতি ব্রাহ্মণো গায়েৎ'-ইত্যস্মিন্ ব্রাহ্মণেন গাতব্যে মন্ত্রেঽতিব্যাপ্তেঃ।'ইত্যা-

(অনুবাদ)

নিম্নেও আছেন উপরেও আছেন কি? (ঋ০ স০ ১০, ১২৯, ৫) ইহা সংশয়। 'বসন্তায় কপিঞ্জলানালভতে' বসন্তদেবতার, প্রীত্যর্থ কপিঞ্জল আলভন করিবে (য০ বা০ স০ ২৪, ২০)' ইহা বিধি। 'সহস্রমযুতা দদৎ' অর্থাৎ সহস্র, অযুত দান করিয়াছেন (ঋ০ স০ ৮, ২১, ১৮ *) ইহা পরকৃতি। 'যজ্ঞেন যজ্ঞময়জন্ত দেবাঃ' অর্থাৎ পূর্ব্বকালে এই রূপ † যজ্ঞের দ্বারা দেবগণ যজ্ঞ করিতেন (ঋ০ স০ ১০, ৯০, ১৬) ইহা পুরাকল্প। যদি ইতি শব্দের বাহুল্য দর্শনেই ব্রাহ্মণ বাক্য স্থিরীকৃত করিতে পারা যাইত অর্থাৎ 'যে বাক্যে ইতি শব্দের ব্যবহার দেখা যায় তাহাই ব্রাহ্মণ' এরূপ বলা যায় তাহা হইলে 'ইত্যদদা ইত্যযজথা ইত্যপচ'—ইত্যাদি মন্ত্রেও ইতি শব্দের বাহুল্য দর্শন নিবন্ধন ব্রাহ্মণত্ব হইতে

---

* পূর্ণমন্ত্র এই—'চিত্র ইদ্রাজা রাজকা ইদন্যকে যকে সরস্বতীমনু।
পর্জ্জন্য ইব ততনদ্ধি বৃষ্ট্যা সহস্রমযুতা দদৎ॥'

অর্থ—চিত্র নামক রাজা, সরস্বতীতীরবাসী অন্যান্য ক্ষুদ্র রাজগণকে, পর্জ্জন্য যে রূপ বৃষ্টির দ্বারা পৃথিবীকে প্রীত করে, সেইরূপ (স্বয়ং তাহাদের করগ্রাহী হইলেও) সহস্র২ দশ২ সহস্র প্রদানে প্রীত করিয়াছেন॥

† কিরূপ যজ্ঞের দ্বারা? তাহা মদনুবাদিত বাজসনেয়ী সংহিতার ৫৬৬ হইতে ৫৬৯ পৃষ্ঠা দ্রষ্টব্য; ঐ পৃষ্ঠার ১৬শ অনুবাদটিই এমন্ত্রের অনুবাদ।

হেত্যনেন বাক্যেনোপনিবদ্ধং ব্রাহ্মণম্-'ইতি চেৎ ন, 'রাজা চিদ্ য়ং ভগং ভক্ষীত্যাহ'—য়োবা রক্ষাঃ শুচিরস্মীত্যাহ'-ইত্যনয়োর্মন্ত্রয়োরতিব্যাপ্তেঃ। 'আখ্যায়িকারূপং ব্রাহ্মণম্' ইতি চেৎ ন, য়ময়মী-সংবাদসূক্তাদাবতিব্যাপ্তেঃ। তস্মান্নাস্তি ব্রাহ্মণলক্ষণমিতি প্রাপ্তে ব্রূমঃ;—মন্ত্রব্রাহ্মণরূপৌ দ্বাবেব বেদভাগাবিত্যঙ্গীকারাৎ মন্ত্রলক্ষণস্য পূর্ব্বমভিহিতত্বাৎ, অবশিষ্টো বেদভাগো ব্রাহ্মণম্'-ইত্যেতল্লক্ষণং ভবতীতি ॥

(অনুবাদ)

পারে। 'ইত্যাহ পদ ঘটিত বাক্যমাত্রই ব্রা ণ' ইহাও বক্তব্য নহে যে হেতু 'রাজা চিদ্ য়ং ভগং ভক্ষীত্যাহ' অর্থাৎ রাজাও যে ভজনীয় ধনকে ভোগ করিব বলে (ঋ০ স০ ৭, ৪১, ২) এবং 'য়ো বা রক্ষাঃ শুচিরস্মীত্যাহ' অর্থাৎ যে রাক্ষস বলে আমি শুচি (ঋ০ স০ ৭, ১০৪, ১৬)—এ মন্ত্র দুটিকে ও ব্রাহ্মণ বলিতে হয় *। 'আখ্যায়িকাবিশিষ্ট গ্রন্থ ভাগকে ব্রাহ্মণ বলিয়া নির্ণয় করাও অবিধি, কারণ যমযমীসংবাদ সূক্ত † প্রভৃতি মন্ত্রভাগেও আখ্যায়িকার অসদ্ভাব নাই। অতএব ইহা বলাই উচিত যে 'মন্ত্র ও ব্রাহ্মণ উভয় ভাগাত্মক বেদ, তন্মধ্যে মন্ত্রের লক্ষণ পূর্ব্বেই বলা হইয়াছে, তদরিক্ত ভাগই ব্রাহ্মণ ॥

---

* এ কয়টি উদাহরণ মাত্র; 'ইত্যাহ' পদযুক্ত ও 'ইতি' বিশিষ্ট অনেক মন্ত্র আছে।

† এ সূক্তটী ঋক্‌সংহিতার দশম মণ্ডলের দশম। যম ও যমী উভয়েই বিবস্বান্ ঋষির সন্ততি, ভ্রাতা ও ভগিনী।

মন্ত্রবিশেষাণামৃগ্‌যজুঃসামরূপাণাং লক্ষণানি তস্মিন্নেবাধিকারে ত্রিষ্বধিকরণেষু জৈমিনিঃ সূত্রয়ামাস—"তেষামৃগ্‌ যত্রার্থবশেন পাদব্যবস্থা" (৩২) "গীতিষু সামাখ্যা" (৩৩) "শেষে যজুঃশব্দঃ" (৩৪) ইতি। তদেতন্ন্যায়বিস্তরে স্পষ্টীকৃতম্—"নর্ক্‌সামযজুষাং লক্ষ্ম সাঙ্কর্য্যাদিতি শঙ্কিতে। পাদগীতিঃ প্রশ্লিষ্টপাঠ ইত্যস্ত্যসঙ্করঃ। ইদমাম্নায়তে—'অহেবুধ্নিয়! মন্ত্রং মে গোপায় যমৃষয়স্ত্রৈবিদা বিদুঃ। ঋচঃ সামানি যজূংষি' ইতি। ত্রীন্ বেদান্ বিদন্তীতি ত্রিবিদঃ, ত্রিবিদাং সম্বন্ধিনোঽধ্যেতারস্ত্রৈবিদাস্তে চ যং মন্ত্রভাগমৃগাদিরূপেণ ত্রিবিধমাহুঃ, তং গোপায়েতি যোজনা। তত্র

(অনুবাদ)

উল্লিখিতরূপ লক্ষণাক্রান্ত মন্ত্র সমস্তকে মহর্ষি জৈমিনি (ঐ প্রকরণেই) ঋক্, যজু ও সাম এই ত্রিবিধ বলিয়া স্বীকার করতঃ প্রত্যেকেরই লক্ষণ সূত্রিত করিয়াছেন এবং ন্যায়বিস্তরকারও তদনুসারে স্বীয়গ্রন্থে উহা সুস্পষ্ট করিয়াছেন। যথা—

ঋক্‌-সাম-যজু-র্লক্ষণ, বল, বুঝিব কি করে,
মিশ্রিত আছয়ে ত্রয়ী, চারি বেদের অন্তরে?
বাছিয়া বুঝিব, তাহা, গদ্য-পদ্য-গীতি-ক্রমে,
ক্রিয়ামতে চারি ভাগ, কেন ডুবিব সে ভ্রমে। ৩

এইরূপ একটি শ্রুতি আছে—'হে অহেবুধ্নিয়! যে মন্ত্র ভাগকে ঋষিগণ ঋক, সাম ও যজুর্ব্বেদে ত্রিবিধ বলিয়া অবগত আছেন, উহা রক্ষা কর (তৈ০ ব্রা০ ১, ২, ২৬)' ইহাতে স্পষ্টই প্রতিপন্ন হইতেছে যে মন্ত্রভাগ ত্রিবিধ কিন্তু তন্মধ্যে

ত্রিবিধানামৃক্‌সামযজুষাং ব্যবস্থিতং লক্ষণং নাস্তি, কুতঃ? সাঙ্কর্য্যস্য দুষ্পরিহরত্বাৎ। 'অধ্যাপকপ্রসিদ্ধেষৃগ্বেদাদিষু পঠিতো মন্ত্রঃ'-ইতি হি লক্ষণং বক্তব্যম্, তচ্চ সঙ্কীর্ণম্। "দেবোবঃ সবিতোৎপুনাত্বচ্ছিদ্রেণ বসোঃ সূর্য্যস্য রশ্মিভিঃ" -ইত্যয়ং মন্ত্রো যজুর্বেদে সম্প্রতিপন্নো যজুষাং মধ্যে পঠিতঃ, ন চ তস্য যজুষ্ট্বমস্তি, তদ্‌ব্রাহ্মণে সাবিত্র্যর্চে ত্র্যক্‌ত্বেন ব্যব- হৃতত্বাৎ। এতৎ সাম গায়ন্নাস্তে-ইতি প্রতিজ্ঞায় কিঞ্চিৎ সাম যজুর্বেদেঽঙ্গীকৃতম্—"অক্ষিতমসি" "অচ্যুতমসি" "প্রাণসংশিতমসি" ইতি ত্রীণি যজুংষি সামবেদে সমাম্নাতানি। তথা গীয়মানস্য সাম্ন আশ্রয়ভূতা ঋচঃ সামবেদে সমাম্নায়ন্তে;

(অনুবাদ)

কোন্ মন্ত্রটি ঋক্, কোন্‌টি সাম ও কোন্‌টিই বা যজু? জানিবার উপায় নাই, যেহেতু অধ্যাপকাদি কর্ত্তৃক ইদানীং যজুর্ব্বেদ বলিয়া প্রসিদ্ধ গ্রন্থের মধ্যেও 'দেবোবঃ সবিতোৎ- পুনাত্বচ্ছিদ্রেণ বসোঃ সূর্য্যস্য রশ্মিভিঃ' ইত্যাদি ঋকের সদ্ভাব দেখা যায়, বস্তুতঃ ইহা যজু নহে, যজু হইলে তদীয় ব্রাহ্মণগ্রন্থে সাবিত্রী নামক ঋক্‌সমূহের মধ্যে ত্র্যক বলিয়া ইহা ব্যবহৃত হইতে পারিত না; এইরূপ ঐ যজুর্ব্বেদেই 'এতৎ সাম গায়ন্নাস্তে' (তৈ০ স০ ১, ৬, ৫, ১)—এই প্রতিজ্ঞা করিয়াই কিছু সামও স্বীকৃত হইয়াছে; সামবেদেও 'অক্ষিতমসি, অচ্যুতমসি, প্রাণসংশিতমসি (ছা০ ব্রা০ ৩, ১৭)'-ইত্যাদি যজুর্মন্ত্র দৃষ্ট হয় এবং গীয়মান সামসমস্তের আশ্রয় ঋক্‌গুলি'ত সমস্তই সামবেদে অধ্যাপিত হইয়াই থাকে; অতএব ঋক্ প্রভৃতির লক্ষণ নাই? এই আশঙ্কার

তস্মান্নাস্তি লক্ষণমিতিচেৎ ন, পাদাদীনামসঙ্কীর্ণলক্ষণত্বাৎ। 'পাদবন্ধেনার্থেন চোপেতাঃ বৃত্তবদ্ধাঃ মন্ত্রাঃ ঋচঃ'—'গীতিরূপাঃ মন্ত্রাঃ সামানি'—'বৃত্তগীতিবর্জিতত্বেন প্রশ্লিষ্টপঠিতাঃ মন্ত্রাঃ যজূংষি'—ইত্যুক্তে ন কাপি সঙ্করঃ"-ইতি।

যদুক্তং 'গীতিষু সামাখ্যা'-ইতি তদেব বিশদীকর্ত্তুং সপ্ত-

(অনুবাদ)

উত্তরে বলা হইতেছে—না, অবশ্যই লক্ষণ করা যাইবে; যথা—পদ্যে রচিত মন্ত্রগুলি ঋক্ (জৈ° সূ° ২, ১, ৩২) গদ্যে রচিত মন্ত্রগুলি যজু (জৈ° সূ° ২, ১, ৩৪) ও গীতিতে রচিত মন্ত্রগুলিই সাম (জৈ° সূ° ২, ১, ৩৩)। এইরূপে ত্রিবিধ মন্ত্রভাগই সুপরিচিত হইল *॥

কথিত 'গীতীতে রচিত মন্ত্রগুলিকে সাম বলা যায়'—এই লক্ষণটি স্পষ্টরূপ হৃদঙ্গম করণার্থ সেই ন্যায়বিস্তর গ্রন্থের সপ্তমাধ্যায়ে দ্বিতীয় পাদে রথন্তর শব্দের নির্ণয় করা হইয়াছে। যথা—

* এতাবতা, ঋঙ্‌মন্ত্রের অধিকারী হোতার ব্যবহারোপযোগী মন্ত্রসংহিতা পাঠকে ঋক্‌সংহিতা, যজুর্মন্ত্রের অধিকারী অধ্বর্যুর ব্যবহারোপযোগী মন্ত্রসংহিতা পাঠকে যজুঃসংহিতা, সামগানাধিকারী উদ্‌গাতার ব্যবহারোপযোগী মন্ত্রসংহিতা পাঠকে সামসংহিতা এবং যে হেতু অথর্ব্বা ঋষিই যজ্ঞের প্রথম প্রকাশক (ঋ° স° ১, ৮৩, ৫) ও ব্রহ্মাই ঋত্বিক্‌গণের মধ্যে সর্ব্বপ্রধান অতএব ব্রহ্মার উপযোগী মন্ত্রসংহিতা পাঠকে অথর্ব্বসংহিতা (গোপথ ব্রাহ্মণ ১, ১, ১) ও তত্তৎসংহিতার অর্থবাদাদি বোধক ব্রাহ্মণ গ্রন্থগুলিকে তত্তদ্বেদীয় বলিয়া ইদানীং চারি নাম প্রসিদ্ধ থাকিলেও ঋক্ (গদ্য), যজু (পদ্য) ও সাম (গীতি) এই রচনাত্রয়াতিরিক্ত মন্ত্র না থাকায় বেদের ত্রয়ীত্ব অব্যাহতই আছে এবং ঐ ঐ লক্ষণানুসারে ঋক্ প্রভৃতিও অনায়াসেই পরিচিত হইতেছে; অর্থাৎ যে কোন সংহিতাতে থাকুক গদ্য রচনাময় মন্ত্র হইলেই তাহাকে যজু, এইরূপ গীতি রচনাময় মন্ত্র হইলেই তাহাকে সাম, ও পদ্যরচনাময় মন্ত্র হইলেই তাহাকে ঋক্ বলিয়া বুঝিতে হইবে।

মাধ্যায়স্য দ্বিতীয়পাদে রথন্তরশব্দো নিরূপিতঃ—"অতি-দেশ্যং বিনিশ্চেতুং কবতীষু রথন্তরম্। গায়তীত্যগ্ গানযুক্তা শব্দার্থৌ গানমেব বা। ইতি চিন্তা গানযুক্তা ত্বভিত্বেত্যৃক্-প্রসিদ্ধিতঃ। লাঘবাদতিদেশস্য য়োগ্যত্বাচ্চান্তিমো ভবেৎ॥ ইদমাম্নায়তে—'কবতীষু রথন্তরং গায়তি'-ইতি, 'কয়া নশ্চিত্র আভুবদিত্যাদ্যাস্তিস্র ঋচঃ কবত্যঃ, তাসু বামদেব্যং সাম অধ্যয়নতঃ প্রাপ্তম্, তদ্বাধিতুং রথন্তরং সাম তাস্বতিদিশ্যতে,

(অনুবাদ)

'কবতীতে রথন্তর সাম গাইবে'-বিধিতে,
স্বর-স্তোভমাত্র গেয় কিংবা ঋচার সহিতে?
স্বর-স্তোভ মাত্র সাম নহে, প্রসিদ্ধি মতেতে,
অতএব গেয় হবে বুঝি ঋচার সহিতে??
না না, তাহা নহে কভু, এ বিধির অভিপ্রায়,
কবতী ঋচাটি গেয় হইবে রথন্তর প্রায়। ৪

'কবতীগুলিতে রথন্তর সাম গান করিবে'—ইত্যাদি বিবিধ বিধান আছে। এস্থলে সন্দেহ যে ইহা কিরূপে সম্পন্ন হইবে? কারণ, 'কয়ানশ্চিত্রআ (উ০ আ০ ১, ১, ১২, ১৩)' ইত্যাদি তিনটি ঋক্‌কেই কবতী কহে এবং এই মন্ত্র-গুলিই স্বর * ও স্তোভাদির † যোগেতে গীত হইলেই তাহাকে বামদেব্য সাম কহে (উ০ গা০ ১, ১, ৫);—

* ক্রুষ্ট, প্রথম প্রভৃতি নারদীশিক্ষা, লোমশী শিক্ষা ও গৌতমী শিক্ষা দ্রষ্টব্য।

† স্তোভ তিনপ্রকার। বর্ণস্তোভ, পদস্তোভ ও বাক্যস্তোভ। মৎকৃত বৈ০ স০ দ্রষ্টব্য। স্তোভ নামে একখানি গ্রন্থও আছে, তাহাতে পদস্তোভ ও বাক্যস্তোভগুলি সংগৃহীত দৃষ্টহয়।

তত্রাতিদেশস্য স্বরূপং নিশ্চেতুং রথন্তর-শব্দার্থশ্চিন্ত্যতে। গানবিশেষযুক্তা 'অভি ত্বা শূর নোনুম' ইতীয়মৃগ্ রথন্তর-মিত্যুচ্যতে, কুতঃ ? অধ্যেতৃ-প্রসিদ্ধিতঃ। রথন্তরং গীয়তামিতি কেনচিদুক্তাঃ অধ্যেতারঃ স্বরস্তোভবিশেষযুক্তামভিত্বেত্যৃচং পঠন্তি, ন তু স্বরস্তোভমাত্রম্। তস্মাদ্ গানবিশেষানুপূর্ব্বী-মাত্রস্বরূপমৃগক্ষরব্যতিরিক্তং যদ্ গানং তদেব রথন্তরশব্দার্থঃ। কুতঃ ? লাঘবাৎ। কিঞ্চ কবতীষ্বৃক্ষু গানমতিদেষ্টুং যোগ্যং ন ত্বৃচস্তদ্‌যোগ্যতাস্তি, কয়ানোঽভিত্বেত্যনয়োর্ঋচোর্যুগপদা-

(অনুবাদ)

এদিকে, 'অভিত্বাশূর নোনুমঃ (ছ০ আ০ ৩, ১, ৫, ১)'-এই মন্ত্রটি স্বরাদিযোগে গীত হইয়া রথন্তর সাম নামে প্রসিদ্ধ রহিয়াছে (আ০ গা০ ২, ১, ২১) রথন্তর সাম গান কর বলিলেই এইটিই পাঠ্য হইয়াথাকে ; এক্ষণে বিচার্য্য যে রথন্তর শব্দে কি বুঝিতে হইবে ? স্বরস্তোভাদিযুক্ত 'অভি-ত্বাশূর নোনুমঃ' এই ঋক্‌টি অথবা কেবল ঐ স্বরস্তোভাদি ? কেবল স্বরস্তোভাদি হইতে পারে না, স্বরস্তোভাদিযুক্ত ঐ ঋক্‌টিই রথন্তর বলিতে হইবে কারণ কেবল স্বরস্তোভাদিতে রথন্তর শব্দ প্রসিদ্ধ নহে ?? এই আশঙ্কা দূর করণাশয়ে বলা হইতেছে, যে, না, এরূপ নহে ; কবতীও ঋক্, ঐ ঋকের উপরে অভিত্বা ঋক্‌টি গীত হওয়াও কি সম্ভব ? কোন ঋক্ কি কখন অপর ঋকের আধার হইতে পারে ? না, কখনই না। অতএব অভিত্বা ঋক্‌টি যেরূপ স্বরস্তোভে গীত প্রসিদ্ধ আছে, ঐরূপ স্বরস্তোভকেই রথন্তর কহে ; কবতী

ধারাধেয়ভাবেন পঠিতুমশক্যত্বাৎ। তস্মাদ্ গানবিশেষ এব রথন্তরশব্দার্থঃ”-ইতি ॥

পুনরপি নবমাধ্যায়স্য দ্বিতীয়পাদে প্রথমাধিকরণস্য প্রথমবর্ণকে সামশব্দস্য গানমাত্রবাচিত্বং স্মারিতম্—“সামোক্তিবৃহদাদ্যুক্তী গীতায়ামৃচি কেবলে। গানে বা গানএবেতি স্মার্য্যতে সপ্তমোদিতম্ ॥ সামান্যবাচী সামশব্দো বিশেষবাচিনো বৃহদ্রথন্তরাদিশব্দাশ্চ গানমাত্রে বর্ত্তন্তে, ন তু গান-

(অনুবাদ)

ঋক্‌গুলিও ঐরূপ রথন্তরীয় স্বরস্তোভাদিযুক্ত করিয়া গাম করিবে * ইহাই তাদৃশ বিধির অভিপ্রায় ॥

পুনশ্চ নবমাধ্যায়ের দ্বিতীয়পাদে প্রথমাধিকরণের প্রথম বর্ণকে † সাম শব্দে যে কেবল গান বুঝায়, তাহা স্মরণ করান হইয়াছে। যথা—

'সাম' কিংবা 'রথন্তর' বলিতে কি বুঝাইবে,—
গীত-মন্ত্র কিংবা স্বর ? সেই স্বরই গাইবে। ৪

সামান্যত সাম অথবা বিশেষত বৃহৎ-নামক সাম রথন্তর-নামক সাম বলিলে সেই সেই স্বরই বুঝিতে হইবে, যে কোন মন্ত্রকে আশ্রয় করিয়া হউক সেই স্বরটি গাইলেই

---

* এ সামটি উহ্যগানে সংবৎসর পর্ব্বের অন্তিম সাম; প্রায়ণীয়াহের মধ্যন্দিন সবনে ব্যবহৃত হইয়া থাকে।

† অধিকরণ শব্দে পঞ্চাবয়ব বিচার, ইহা পূর্ব্বেই উক্ত হইয়াছে, ঐ পঞ্চাবয়ব বিচারটি যে বিষয়ে যত প্রকার হয়, সেইগুলি বর্ণক আখ্যাতে ব্যবহৃত হইয়াথাকে।

বিশিষ্টায়ামৃচি। ইত্যয়ং নিয়মঃ সপ্তমস্য দ্বিতীয়পাদে সিদ্ধঃ সোঽত্র বক্ষ্যমাণবিচারোপযোগিতয়া স্মার্য্যতে” ইতি ॥

সামশব্দবাচ্যস্য গানস্য স্বরূপমৃগক্ষরেষু ক্রুষ্টাদিভিঃ সপ্তভিঃ স্বরৈঃ অক্ষরবিকারাদিভিশ্চ নিষ্পাদ্যতে। ক্রুষ্টঃ প্রথমো দ্বিতীয় স্তৃতীয় শ্চতুর্থঃ পঞ্চমঃ ষষ্ঠ শ্চেত্যেতে সপ্তস্বরাঃ—তে চাবান্তরভেদৈর্ব্বহুধা ভিন্নাঃ। স্বরস্য সামনিষ্পাদকত্বং ছান্দোগ্যোপনিষদঃ প্রথমে প্রপাঠকে (৮খ০) প্রশ্নো·

(অনুবাদ)

সেই সাম গান সিদ্ধ হইবে *; ইহা সপ্তমাধ্যায়ের দ্বিতীয়-পাদে সিদ্ধান্তিত হইলেও এস্থলে বক্ষ্যমাণ বিচারের উপ-যোগী বিবেচনায় স্মরণ করা হইল।

সাম শব্দের বাচ্য যে গান, তাহা আশ্রয়স্বরূপ ঋচাদির অক্ষরসকলে ক্রুষ্ট প্রভৃতি সপ্তস্বরে এবং অক্ষর-বিকারাদি দ্বারা নিষ্পাদিত হইয়া থাকে। ক্রুষ্ট (১), প্রথম (২), দ্বিতীয় (৩), তৃতীয় (৪), চতুর্থ (৫), পঞ্চম (৬) ও ষষ্ঠ (৭) প্রাধান্যত এই সপ্তস্বর; ইহারাই আবান্তর ভেদে বহু প্রকার বিভিন্ন হয়। এই সপ্তস্বরই যে সামের জীবন তাহা ছান্দোগ্য উপনিষদের প্রথম প্রপাঠকেই প্রশ্নোত্তর দ্বারা

---

* এতাবতা যেরূপ কোন একটি পদ্যকে আশ্রয় করিয়া কোন গ্রন্থে ভৈরব রাগ লিখিত থাকিলে বা ঐরূপ মৌখিক শিক্ষিত হইলেও ভৈরব রাগ গাহিতে হইলে সেই পদ্যেরই আবশ্যক হয় না প্রত্যুত সেই স্বরেরই গান কর্ত্তব্য হয়, সেইরূপ সামবেদেও যে কোন ঋক আশ্রয় করিয়া যে কোন গ্রন্থে বৃহৎ বা রথন্তর প্রভৃতি স্বরের আদর্শ দর্শিত আছে, বৃহৎ বা রথন্তর গান করিতে আদিষ্ট হইলে গ্রন্থে লিখিত গানটি মাত্রই গাইতে হইবে এরূপ নহে, ঐ ঐ স্বর অবলম্বন পূর্ব্বক যে কোন ঋক্ গাওআ যাইবে, তাহাই বৃহৎ ও তাহাই রথন্তর ইত্যাদি।

ত্তরাভ্যামামনন্তি—"স হ শিলকঃ শালাৱত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্যমুৱাচ— হন্ত! ত্বা পৃচ্ছামীতি, পৃচ্ছেতি হোৱাচ, কা সাম্নোগতিরিতি, স্বরইতি হোৱাচ"-ইতি। কাণ্বা উদ্গীথ-ৱিদ্যায়াং স্বরস্য সামসম্বন্ধিসর্ব্বস্বস্থানীয়ত্বং শোভনৱর্ণস্থানী-য়ত্বং চামনন্তি—"তস্য হৈতস্য সাম্নো যঃ সুৱর্ণং ৱেদ ভৱতি হাস্য সুৱর্ণং তস্য ৱৈ স্বর এৱ সুৱর্ণম্"-ইতি চ॥

অক্ষরৱিকারাদীনাস্তু সাম নিষ্পাদকত্বং নৱমাধ্যায়স্য

(অনুবাদ)

জ্ঞাপিত হইয়াছে। যথা—'সেই শালাবত্য শিলক, চৈকতায়ন দাল্‌ভ্য কে বলিলেন, ওহে আমি তোমাকে কিছু প্রশ্ন করি তিনি বলিলেন, প্রশ্ন কর।' এইরূপ প্রশ্ন করিবার অনুমতি গ্রহণানন্তর জিজ্ঞাসিত হইল—'সামের জীবন কি?' ইহার উত্তরে 'তিনি বলিলেন স্বর'। কাণ্ব শাখাধ্যায়ীরাও উদ্গীথবিদ্যার প্রকরণে স্বরই যে সামের জীবনসর্ব্বস্ব এবং সুন্দর স্বরূপ স্থানীয়;—ইহা স্পষ্টীকৃত করিয়াছেন। যথা—'যে কেহ সামের জীবনসর্ব্বস্ব অবগত আছে, তাহার অবশ্যই জীবনসর্ব্বস্ব লাভের ন্যায় তৃপ্তি হয়;—স্বরই সামের জীবনসর্ব্বস্ব।' আরও—'যে কেহ সামের সুন্দর স্বরূপ অবগত আছে, তাহার অবশ্যই সুন্দর স্বরূপ লাভ হয়,— স্বরই সামের সুন্দর স্বরূপ।'

কেবল স্বরবোধেই সাম সম্পন্ন হইবার নহে, ইহার সহিত কোন্ সামের কোন্ স্থানে কিরূপ অক্ষরবিকারাদি কর্ত্তব্য, ইহাও সবিশেষ জ্ঞাতব্য। মীমাংসাদর্শনের নবমা-ধ্যায়-দ্বিতীয় পাদে 'অর্থৈকত্বাৎ ৱিকল্পঃ স্যাৎ (জৈ০ সূ০ ৯,২,

দ্বিতীয়পাদে এব 'অর্থৈকত্বাদ্ বিকল্পঃস্যাৎ' (২৭) ইত্যেতস্য সপ্তমাধিকরণগতস্য সূত্রস্য ব্যাখ্যানাবসরে শবরস্বামিন' স্পষ্টমুক্তম্—"সামবেদে সহস্রং গীত্যুপায়াঃ। আহ—ক ইমে গীত্যুপায়া নাম? উচ্যতে—গীতির্নাম ক্রিয়া হ্যভ্যন্তরপ্রযত্নজন্যা, স্বরবিশেষাণামভিব্যঞ্জিকা, সামশব্দাভিলাপ্যা, সা নিয়তপ্রমাণা, ঋচি গীয়তে। তৎসম্পাদনার্থোহয়মৃগক্ষরবিকারোবিশ্লেষোবিকর্ষণমভ্যাসোবিরামঃ স্তোভঃ ইত্যেবমাদয়ঃ সর্ব্বে সামবেদে সমাম্নায়ন্তে" ইতি। তদ্বিষয়ে বিচা-

(অনুবাদ)

২৭)'— এইটির ব্যাখ্যাকালে শবরস্বামী স্পষ্ট বলিয়াছেন;—সামবেদে বহুতর গীতি-সাধন। সেগুলি কি? বলি,—আভ্যন্তর প্রযত্নজন্য ক্রিয়াবিশেষকে গীতি বলা যায়, তাহাই বৃহৎ রথন্তর প্রভৃতি বিবিধ স্বরের অভিব্যঞ্জক, উহাকেই সাম বলা যায়, তাহা পরিমিতাক্ষরাদি-নিয়মে গ্রথিত ঋক্ (পদ্য) অবলম্বন করিয়া গীত হইয়া থাকে *; কেবল স্বরই এই গীতির সম্পাদক নহে প্রত্যুত ঋক্গুলির কোন স্থানে অক্ষর বিকার, কোথাও বা বিশ্লেষ, কোথা বা বিকর্ষণ, স্থানবিশেষে অভ্যাস, নিয়মানুসারে বিরাম এবং স্তোভযোগ প্রভৃতিও বহুতর সাধন আছে; তৎসমস্তই সামবেদে শ্রুত হওয়া যায়। এই বিষয়ে ন্যায়বিস্তরকারও বিচার করিয়াছেন। যথা—

*কেবল স্তোভমাত্র অবলম্বনেও আরণ্যগানে অনেক সাম আছে, সেগুলি ঋক্ নহে বরং তাহাদিগকে যজু বলা যাইতে পারে। বস্তুত যদিও গানে পদ্যেরই বাহুল্য দেখা যায় কিন্তু গদ্যও হইতে পারে না বা হয় না এরূপ নহে।

রোন্যায়বিস্তরেঽভিহিতঃ—"সমুচ্চেয়া বিকল্প্যা বা বিভিন্না গীতি-হেতবঃ। আদ্যঃ প্রয়োগগ্রহণাদর্থৈকত্বাদ্ বিকল্পনম্ ॥ ছান্দোগ্যতবল্কারাদিশাখাভেদেষু বিলক্ষণা গীতিহেতবোঽক্ষরবিকারাদয় আম্নায়ন্তে, তে সর্ব্বে কর্ম্মানুষ্ঠানে সমুচ্চেতব্যাঃ। কুতঃ? প্রয়োগবচনে সর্ব্বেষাং পরিগৃহীতত্বাৎ। মৈবম্, একৈকশাখোক্তৈরেবাক্ষরবিকারাদিভিরধ্যয়নকালা এব গীতিস্বরূপনিষ্পত্তেস্তন্নিষ্পত্তিলক্ষণস্য প্রয়োজনস্যৈকত্বাৎ।

(অনুবাদ)

শাখাভেদে সামভেদ, কার্য্যে, সমস্ত বা একটি?
একেতে সাধিবে ইষ্ট; গ্রাহ্য, যিটি ইচ্ছা সিটি। ৫

ছান্দোগ্য * তবল্কার প্রভৃতি শাখাভেদে এক একটি সামও ভিন্ন ভিন্ন প্রকারে গীত হইয়া থাকে †, কার্য্যকালে সে সকলপ্রকার সামই গীত হইবে অথবা যে কোন একটী মাত্র? এই আশঙ্কা নিবারণার্থ বলা হইয়াছে যে, যে কোন শাখার নিয়মানুসারে হউক সেই সামটি গীত হওআই প্রয়ো-

---

* ইহারই নামান্তর কৌথুম। বস্তুত ছন্দোময় ঋক্‌গুলিকে বা ছন্দোনামক আর্চ্চিক গ্রন্থকে যাঁহারা গান করেন তাঁহারাই ছন্দোগ অর্থাৎ সামগ, তাঁহাদের ঔদ্গাত্র কার্য্যাদিতে ব্যবহার্য্য সামসংহিতা বা সামব্রাহ্মণ সমস্তকেই ছান্দোগ্য বলিতে পারাযায়; বিশেষত ছান্দোগ্য পদটি ব্রাহ্মণ গ্রন্থের বিশেষণই প্রায় দেখা যায়।

† এই জন্যই সামবেদের সহস্র শাখা প্রবাদ আছে বস্তুত একমাত্র মন্ত্র অবলম্বনে অনেকানেক প্রকার সাম গীত হইয়াছে এবং এক্ষণেও হইতে পারে। ফলে সাম বেদের ১৩টি মন্ত্র শাখা। ১ভা০ বৈ০ স০ দ্রষ্টব্য।

প্রয়োগবচনপরিগৃহীতা অপি ব্রীহিযববদ্ বৃহদ্রথন্তরবচ্চ বিকল্পন্তে”-ইতি ॥

গীতিহেতুষু স্তোভস্যাত্যন্তপ্রসিদ্ধত্বাত্তল্লক্ষণং তস্মিন্নেব-পাদে একাদশাধিকরণে চিন্তিতম্—“স্তোভস্য লক্ষণং নাস্তি কিং বাস্তি ন বিবর্ণতা। আধিক্যমপ্যতিব্যাপ্তং বিশিষ্টং লক্ষণং ভবেৎ ॥ ন তাবদ্ বিবর্ণত্বং লক্ষণম্, বর্ণ-বিকারস্য বিপরীত-বর্ণত্বেন স্তোভত্ব প্রসঙ্গাৎ। অগ্নআয়াহীত্যস্যামৃচি অকারস্য

(অনুবাদ)

জনীয় অতএব যে কোনটির দ্বারা ইষ্ট সিদ্ধ হইলেই অপরা-পরের গান সুতরাং নিষ্প্রয়োজন হইবে *।

উল্লিখিত অক্ষর বিকার প্রভৃতি গীতি-হেতুগুলির মধ্যে স্তোভ অতিপ্রসিদ্ধ অতএব সেই পাদেরই একাদশাধিকরণে স্তোভের লক্ষণ কথিত হইয়াছে। যথা—

স্তোভের লক্ষণ কিছু আছে কিবা হয় নাই ?
বৈবর্ণ বা অধিকতা রূপে দোষ আছে ভাই।
ভাল ; আছে এক যুক্তি, দুই একত্র মিশালে,
অবশ্য হইবে রূপ, নাহি দোষ তার ভালে ॥ ৬

কোন ঋগংশ বিকৃত হইলেই উহাকে স্তোভ বলা যায় না; তাহা বলিলে ‘অগ্ন আয়াহি’ এই মন্ত্রে গীত সামে প্রথমত অকারের স্থানে ওকার শ্রুত হওয়া যায়†, উহা-

* কার্য্যত শাখা-সূত্র অর্থাৎ গৃহ্যাদি সূত্র প্রণেতৃগণের মতানুসারে স্বীয় শাখার সামই সমাদরণীয় হইয়াথাকে।

† গেয়গানের প্রথম মন্ত্রটির আবহ দেখ।

স্থানে ওকারং কৃত্বা গায়ন্তি "ওগ্নায়ি" ইতি । অধিকো বর্ণঃ স্তোভঃ ইত্যুক্তে সতি অভ্যাসেঽতিব্যাপ্তিঃ। পিবাসোমমিন্দ্র মন্দতুত্বেত্যেতস্যামৃচি দতুত্বেত্যক্ষরত্রয়ং গানকালে ত্রিরভ্যস্তম্। অতোবিকাবাভ্যাসয়োরতিব্যাপ্তের্নাস্তি লক্ষণম্? ইতি চেৎ নৈবম্, "অধিকত্বে সত্যখিলক্ষণবর্ণঃ স্তোভঃ"—ইতি বিশিষ্টস্য তল্লক্ষণত্বাৎ। লোকেঽপি সভায়াং বিপ্রলম্ভকেনোচ্যমানং প্রকৃতার্থানন্বিতং কালক্ষেপমাত্রহেতুং শব্দরাশিং স্তোভ ইত্যাচক্ষতে। তস্মাদস্তি লক্ষণম্"—ইতি ॥

(অনুবাদ)

কেও স্তোভ বলিতে হয়, বস্তুত উহা স্তোভ নহে প্রত্যুত অক্ষরবিকারের উদাহরণ। ঋকের মধ্যে বর্ণ বা পদের আধিক্যও স্তোভের জ্ঞাপক নহে; অন্যথা 'পিবা সোম মিন্দ্র মন্দতু ত্বা (ছ০ আ০ ৫,১,১,৮)' এই ঋকের গান কালে (গে০ গা০ ১০, ২, ৩) 'দতুত্বা' প্রভৃতি কয়েকটি অংশ ত্রিবার করিয়া গীত হইয়াথাকে, তাহাকে অভ্যাস কহা যায় কিন্তু উল্লিখিত রূপ স্তোভের লক্ষণ স্বীকার করিলে, তাদৃশ স্থলসমূহেও এ লক্ষণের অতিব্যাপ্তি দোষ ঘটিবে। তবে কি স্তোভের লক্ষণ নাই? না, এরূপ নহে, অবশ্যই আছে; ঋকের বর্ণ বিকৃত হইয়া রূপান্তরিত না হইয়াও বৃদ্ধি প্রাপ্ত হইলেই সেই বর্দ্ধিত বর্ণকে বা বর্ণগুলিকে স্তোভ কহে*। কালক্ষেপার্থক বাক্যাদিকে লোকেও স্তোভ দেওআ বলিয়া থাকে 'অমুক অমুককে স্তোভ দিতেছে' ইত্যাদি।

---

*—যথা প্রথম সামেই—"আযাহী ঈ" এস্থলে যাহি পদের ইকারটি বিকৃত হইয়া ঈ হইয়াছে এবং ঐ ঈ-রূপেই পরিবর্দ্ধিত হইয়া, যাহ ঈ ঈ'

অক্ষরবিকার-স্তোভাদিবৎ বর্ণ-লোপোঽপি ক্বচিদ্ গীতি-হেতুর্ভবতি, তল্লোপ-বিষয়শ্চ বিচারো নবমাধ্যায়ে প্রথম-পাদস্যাষ্টাদশাধিকরণেঽভিহিতঃ— "ইরা গিরা • বিকল্পঃ স্যাদুতেরৈবা বিশেষতঃ। আদ্যো নৈবং বাধপূর্ব্ব মিরায়া বিহিতত্বতঃ॥ জ্যোতিষ্টোমে শ্রূয়তে—"যজ্ঞায়জ্ঞীয়েন

(অনুবাদ)

যেরূপ অক্ষরবিকারাদি ও স্তোভযোগ গীতির হেতু, সেইরূপ বর্ণলোপও অন্যতম হেতু। তদ্বিষয়ক বিচারও নবমাধ্যায়ের প্রথমপাদীয় অষ্টাদশাধিকরণে কথিত হই-য়াছে। যথা—

'ইরা' 'গিরা' বিকল্পিবে, কিংবা আছে কিছু কথা?
বাধয়ে যে বলবান্, ইহা কে করে অন্যথা॥ ৭

জ্যোতিষ্টোমে বিধি আছে 'যজ্ঞায়জ্ঞীয় দ্বারা স্তব করিবে (তাং ব্রাং ৮, ৬)' 'যজ্ঞা যজ্ঞা (ছং আং ১, ১,৪,১)'

আকার ধারণ করিয়াছে। 'ওগ্নায়ি' স্থলে 'অগ্ন' অংশের অ বিকৃত হইয়া ও হইয়াছেমাত্র কিন্তু বর্দ্ধিত হয় নাই অতএব উহা বর্ণ-বিকারের উদাহরণ এবং 'গ্ন' ইহার অ বর্ণটি বিকৃত ও পরিবর্দ্ধিত হইলেও রূপান্তরিত হইয়া 'আই' হইয়াছে অতএব ইহাও স্তোভ নহে, প্রত্যুত ইহা আগমের উদাহরণ হইতে পারে। এইরূপ 'পিবাসোম (৫, ১, ১, ৮)" মন্ত্রের 'দতুত্বা' অংশটি পরিবর্দ্ধিত হইলেও বিকৃত নহে অতএব উহাকেও স্তোভ বলা যায় না প্রত্যুত অভ্যাস বলা যায়। এ স্থলে ইহাও বক্তব্য—যে, উল্লিখিত লক্ষণটি বর্ণ স্তোভের বাক্য-স্তোভ বা পদ স্তোভের লক্ষণ এরূপ নহে। যেখ ঋক্ হইতে অতিরিক্ত, অথচ ঋগংশরূপে ঋকের মধ্যে বা পৃথক্ আশ্রয় রূপেই গীত পদ বা পদা-বলিকে পদস্তোভ এবং ঐরূপ বাক্য বা বাক্যাবলিকে বাক্য-স্তোভ কহে। পদস্তোভ ''ঊনবিংশ প্রকার এবং বাক্যস্তোভ নববিধ মাত্র ১ম ভাগ বৈং সং দেখ।

স্তবীত"-ইতি। "যজ্ঞায়জ্ঞা'-ইত্যনেন শব্দেন যুক্তায়ামৃচ্যুৎপন্নং সাম যজ্ঞায়জ্ঞীয়ম্, তস্যামৃচি গিরাশব্দঃ পঠ্যতে 'যজ্ঞায়জ্ঞা বো অগ্নয়ে গিরা গিরা চ দক্ষসে' ইতি। তত্র সামগা য়োনিগান-মধীয়ানাঃ সহৈব গকারেণ গায়ন্তি—'গায়িরা গিরা'-ইতি। ব্রাহ্মণে তু গকার লোপপূর্ব্বক মাকারয়কারাদিকং গানং বিধীয়তে 'ঐরং 'কৃত্বোদ্গেয়ম্'-ইতি। গিরাশব্দে গকারলোপা দিরাশব্দো ভবতি ইরায়াঃ সম্বন্ধি গানং ঐরম্। তাদৃশং কৃত্বা প্রয়োগকালে তদ্গানং কর্ত্তব্যমিত্যর্থঃ। তত্র,

(অনুবাদ)

—এই মন্ত্রেতে গীত একটি সাম* যজ্ঞায়জ্ঞীয় নামে প্রসিদ্ধ (গেঃ গাঃ ১, ২, ২৫)। যজ্ঞায়জ্ঞা ঋক্‌টিতে গিরা শব্দ আছে, যোনি গানগ† গ্রন্থে ঐ ঋঙ্মূলক সামে ঐ গিরা স্থানে অক্ষর-বিকৃতি ও আগম করিয়া 'গায়িরা' গীত হইয়া থাকে। তাণ্ড্য গ্রন্থে বিধি আছে যে 'গিরাকে ইরা করিয়া অর্থাৎ গকারটি লোপ করিয়া জ্যোতিষ্টোমে গান করিবে (৮,৬)'। এ স্থলে সন্দেহ যে যোনিগান, সংহিতাগ্রন্থ; তাণ্ড্য, ব্রাহ্মণগ্রন্থ;

---

* 'যজ্ঞায়জ্ঞা' ঋক্‌টি অবলম্বন করিয়া সাকল্যে ১২টী সাম গীত দেখা যায়। তন্মধ্যে ঊহগানে ছয়টী, ঊহ্যগানে দুইটী, অবশিষ্ট চারিটিই যোনি গান গ্রন্থে। যোনিগানের এই চারি সামের প্রথম ও দ্বিতীয়কে ঊপহব, তৃতীয়কে শ্মৌষ্টীগব এবং চতুর্থ টীকেই যজ্ঞাযজ্ঞীয় বলা যায়।

† এই গ্রন্থের প্রকৃত নাম গেয়গান, আরণ্যগানও ইহারই অন্তর্গত অথবা গেয় ও আরণ্য এই উভয়কেই যোনিগান কহে বলিলেও হয় পরং যেহেতু এই গানের এক একটি সাম অবলম্বন করিয়া সেই সেই স্বরাদিতে তদনুরূপ অপর আরও দুইটী করিয়া সাম ঊহ ও ঊহ্য নামক গানগ্রন্থদ্বয়ে দৃষ্ট হয় অতএব ইহাকে যোনিগান কহে। পরে, এ বিষয়ে স্পষ্ট পরিচিতও হইবে।

য়োনিগান ব্রাহ্মণয়োঃ সমানবলত্বেন বিশেষাভাবাৎ বিকল্পেন প্রয়োক্তব্যম্। ইতি প্রাপ্তে, ব্রূমঃ—'ন গিরা গিরেতি ব্রূয়াদ্ যদ্ গিরা গিরেতি ব্রূয়াদ্ আত্মানমেব তদুদ্গাতা গিরেৎ'-ইতি গকারসহিতগানে বাধকমুক্ত্বা গকাররহিতমিরাপদং গেয়ত্বেন বিধীয়তে, তৎপদাদেরিকারস্য গানার্থমাকারো য়কার ইকারশ্চেতি ত্রীন্ বর্ণান্ প্রযুঞ্জতে, তত 'আয়িরা' ইত্যেব গাতব্যম্"-ইতি॥

তত্রৈবোপরিতনাধিকারে কশ্চিদ্ বিশেষশ্চিন্তিতঃ—"ইরাপদং ন গেয়ং স্যাদ্ গেয়ং বা গীত্যনুক্তিতঃ। ন গেয়ং গীয়মানস্য

(অনুবাদ)

উভয়ই বেদ সুতরাং তুল্যানুতুল্য; ঈদৃশ স্থলে কোন্‌টি অগ্রাহ্য করা যাইবে? তবে বিকল্পে উভয়ই ব্যবহার্য্য হউক। এই আশঙ্কা পরিহারার্থ বলিতেছেন যে, না, তাহা নহে; ব্রাহ্মণ গ্রন্থে আরও বিশেষ দেখা যায় 'গিরা গিরা বলিবে না, যেহেতু গিরাগিরা বলিলে উদ্গাতা আপনারই গিরণ করিবে (৮, ৬)'। এস্থলে গকারের লোপ করিয়া ইরা-গানের বিধি স্পষ্টই পাওআ যাইতেছে অতএব এটি জ্যোতিষ্টোম বিষয়ে বিশেষ বিধি সুতরাং অনুল্লঙ্ঘনীয়; ঐ গিরা পদটি হইতে গায়িরা এবং ঐ গাইরার গ লোপ করিয়া আইরা রূপে জ্যোতিষ্টোমে গীত হইবে *॥

এবিষয়ে সেই স্থলেই আরও কিছু বিশেষ বলা হইয়াছে। যথা—

---

* এই গানটি অভিজিৎ প্রকরণের, অগ্নিষ্টোম সাম নামে প্রসিদ্ধ। উহা গানের দ্বিতীয় প্রপাঠকে প্রথমার্দ্ধের পঞ্চদশ দ্রষ্টব্য।

স্থানে পাতাৎ ·প্রগীয়তে ॥" ব্রাহ্মণেন বিহিত ইরাশব্দো ন গাতব্যঃ, কুতঃ ? ঐরমিতিশব্দেন গীতেরনুক্তত্বাৎ। পাণি-নীয়েন 'বিমুক্তাদিভ্যোঽণ্ [৫,২ ৬১]'-ইতিসূত্রেণেরাশব্দাদণ্-প্রত্যয়োমত্বর্থীয়োবিহিত, তথাসতীরাপদোপেতং কুর্য্যেত্যেতা-বানেবার্থো ভবতি। যদি প্রগীতেরাপদসম্বন্ধস্তদ্ধিতেন বিব-ক্ষ্যেত তদানীমাকারো য়কার ইকারো রেফ আকারশ্চৈতৈঃ পঞ্চভির্বর্ণৈর্নিষ্পন্নং 'আয়িরা' রূপং গীয়মানেরাশব্দপ্রাতি-পদিকং ভবতি। তাদৃশাৎ প্রাতিপদিকাৎ পাণিনীয়েন 'বৃদ্ধাচ্ছঃ [৪,১,১১৪]'-ইতি সূত্রেণ প্রত্যয়ান্তরে সতি, আয়ি-

(অনুবাদ)

'ঐরংকুর্য্যা' আছে বিধি, তা'তে ঐরমাত্র হবে,
'আইরা' হইবে কেন, বিধি কেমনে লঙ্ঘিবে ?
ঐর করি, গাহিবার বিধি আছয়ে ব্রাহ্মণে,
নহিলে আইরা শ্রুতি, গান বলিব কেমনে। ৮

'গিরাকে ঐর করিবে' এ বিধিতে 'ঐরকে আইরা করিয়া গাইবে' এরূপ অর্থ লাভ করা যায় না, তাহা হইলে পাণিনি ব্যাকরণ বিরুদ্ধ হয় *, যদি 'আইরীয় করিবে' ঈদৃশ বিধান থাকিত তাহা হইলে আইরা করিলে পাণিনি-বিরোধ হইত না *। এই আশঙ্কার উত্তরে বলা হইতেছে যে 'ঐর করিয়া গান করিবে' যখন বিধি আছে, তখন আইরা বিধিও সুতরাং হইয়াছে, যেহেতু আইরা না করিলে গানই সম্পন্ন হইবে না এবং পাণিনি-মতে সাম অর্থে অর্থাৎ সামাংশ ইরা সম্বন্ধেই

* অর্থাৎ 'বিমুক্তাদিভ্যোঽণ্ (৫, ২, ৬১)' সূত্রের দ্বারা ইরা শব্দ হইতে মত্বর্থে অণ্ প্রত্যয় করিয়া ঐর পদ সিদ্ধ হয় সুতরাং ইরা পদ বিশিষ্ট করিবে, ইহাই ব্যবস্থিত হইতেছে।

রীয়ং কৃত্বেতি ব্রাহ্মণপাঠোভবেৎ। তস্মাম্ .গেয়ম্। ইতি প্রাপ্তে, ক্রমঃ—গীয়মানস্য গিরাপদস্য স্থানে ইরাপদং বিধীয়তে ইতি পদমাত্রস্য বাধঃ, গানস্তু ন বাধ্যতে। কিঞ্চ 'বিমুক্তাদি'-সূত্রেণাণ্প্রত্যয়েঽপি, পূর্ব্বস্মাৎ 'মতৌ ছঃ সূক্ত-সাম্নোঃ'-ইতি সূত্রাৎ সামানুবৃত্তেরেবং সামেত্যর্থো ভবতি, সামত্বঞ্চ গীতিসাধ্যম্। যদা তু 'তস্য বিকারঃ'-ইত্যস্মিন্নর্থে অণ্প্রত্যয়ঃ, তদানীমিরায়া বিকার ইতি বিগ্রহে যথোক্তং গানং লভ্যতে; তস্মাদ্ গাতব্যম্"—ইতি ॥ ৮

(অনুবাদ)

ঐরপদ নিষ্পন্ন হইয়া থাকে * অথবা ইরা-বিকার এ অর্থেও ঐরপদ হইবে †, তাহাহইলেই সামাংশ ইরা সম্বন্ধী গান বা ইরা-বিকৃত গান করিয়া উদ্গাতৃকার্য্য সম্পন্ন করিবে; এইরূপ অর্থই লব্ধ হইবে সুতরাং গিরার গ লোপ করিয়া নিষ্পাদিত ইরা শব্দটির আইরা গানই তাদৃশ স্থলে অভি-লষিত সিদ্ধান্তিত হইল ‡ ॥

---

* উল্লিখিত সূত্রে 'মতৌ' ছঃ সূক্তসাম্নোঃ (৫, ২, ৫৯)' এই সূত্র হইতে সামার্থ অনুবৃত্তি হইয়া থাকে অতএব ইরাপদ বিশিষ্ট সাম করিবে অর্থ লাভ সুতরাংসিদ্ধ এবং ইরাপদ বিশিষ্ট সাম করিতে হইলেই আইরা রূপটিও সুতরাংসিদ্ধ, কারণ ঐ গ-লোপ ও আ-আগম দ্বারাইত সাম সম্পন্ন হয়।

† অর্থাৎ 'তস্য বিকারঃ (৪, ৩, ১৩৪)' এই সূত্রের দ্বারা বিকারার্থে অণ্ প্রত্যয় করিয়া ঐরপদ নিষ্পন্ন হইয়াছে স্বীকার করিলেও ক্ষতি নাই। কারণ, ইরা-বিকার করিবে বিধিতে আইরা লাভও হইতে পারে, যে হেতু আইরাওত ইরা-বিকৃত।

‡ বস্তুত মূল মন্ত্রে গিরা পদ আছে, ঐ গিরাটিই গান কালে গায়িরা স্বরূপ ধারণ করে; অগ্নিষ্টোম সাম গান কালে ঐ গায়িরার গটি লোপ করাই ব্রাহ্মণ গ্রন্থের উদ্দেশ্য সুতরাং গিরাকে ইরা করিলেই ইষ্টসিদ্ধ হইবে; পরে গিরা হইতে যেরূপ গায়িরা গান হইয়া থাকে, সেইরূপ ইরা হইতেও আয়িরা হইবে, তৎপক্ষে বিধি অনাবশ্যক।

বহুভিঃ প্রকারৈর্গানাত্মকং যৎ সামস্বরূপং নিরূপিতম্, তস্যৈব দেবতাস্তুতিহেতুত্বম্ নবমাধ্যায়স্য দ্বিতীয়পাদেঽষ্টমাধিকরণস্য প্রথমবর্ণকে নির্ণীতম্—

"ঋক্সামাভ্যাং বিকল্পেন স্তুতিঃ সাম্নৈব বাগ্রিমঃ।
প্রাগেব নৈবমৃঙ্নিন্দাসামপ্রাশস্ত্যদর্শনাৎ ॥ ১

ক্বচিৎ কর্ম্মবিশেষে শ্রূয়তে—'ঋচা স্তবতে, সাম্না স্তবতে'-ইতি। তত্র, পূর্ব্বন্যায়েন বিকল্পঃ? ইতি চেৎ নৈবম্, ঋঙ্নিন্দাসামপ্রশংসয়োর্বাক্যশেষেঽবগমাৎ। 'যদৃচা স্তবতে তদস্থরা অন্ববায়ন্, যৎ সাম্না স্তবতে তদস্থরা নান্ববায়ন্, য এবং বিদ্বান্ সাম্না স্তুবীত' ইত্যৃচং নিন্দিত্বা সাম প্রশস্য লিঙপ্রত্যয়েন সাম বিহিতম্, তস্মাৎ সাম্নৈব স্তোতব্যম্" -ইতি ॥ ১

তস্য চ সাম্নঃ ঋচং প্রতি সংস্কারকত্বং তস্মিন্নেব পাদে দ্বিতীয়াধিকরণে নির্ণীতম্,—

(অনুবাদ)

সামগান দ্বারাই দেবতাদিগের স্তুতি কর্ত্তব্য —ইহা নবমাধ্যায়ের দ্বিতীয়পাদীয় অষ্টমাধিকরণের প্রথম বর্ণকে নির্ণীত হইয়াছে। যথা—

ঋচা, সাম, উভয়ই বিকল্পিবে কি স্তুতিতে?
হ'তেও পারে তাহাই পূর্ব্বদৃষ্টান্ত বিধিতে??
না না, তাহা নহে কভু, বাধক বিধান আছে,
ঋচাতে করিলে স্তুতি সাম কি করিবে পাছে। ১

একটি শ্রুতি আছে- 'ঋচা স্তবতে, সাম্না স্তবতে' অর্থাৎ ঋঙ্ মন্ত্রে স্তুতি করিবে, গান মন্ত্রে স্তুতি করিবে। এস্থলে

"সামর্চং প্রতি মুখ্যং স্যাদ্ গুণো বা বাহ্যপাঠতঃ।
মুখ্যমভ্যসিতুং পাঠো গুণো গীতাক্ষরৈঃ স্তুতেঃ ॥ ১০

রথন্তরং গায়ত্রীত্যাদৌ যদ্ গানং বিহিতম্ তদেব সামশব্দার্থ ইতি প্রতিপাদিতং স্থাবিতঞ্চ, তদেতদ্ গান মৃচং প্রতি প্রধানং কর্ম্ম স্যাৎ, কুতঃ? যাগ-প্রয়োগাদ্ বহিরধ্যয়নকালেঽপি পঠ্যমানত্বাৎ। গুণকর্ম্মত্বে তু ব্রীহি-

(অনুবাদ)

বিবেচ্য পূর্ব্ববৎ বিকল্প অর্থাৎ ইচ্ছানুসারে উভয়ই ব্যবহৃত হইবে কি? এই সংশয় নিবারণার্থ বলা হইতেছে—না, এরূপ নহে; যখন অপর শ্রুতিতে ঋঙ্মন্ত্রের দ্বারা স্তুতি করণের নিন্দা এবং সাম দ্বারা স্তুতি করণের প্রশংসা স্পষ্ট বিহিত রহিয়াছে, যথা 'ঋচার দ্বারা স্তুতি করিলে উহা অসুরগণ প্রাপ্ত হয়, সামের দ্বারা স্তুতি করিলে উহা অসুরেরা লাভ করিতে পারে না' অতএব 'যিনি ইহা অবগত আছেন তিনি সামদ্বারাই স্তুতি করিবেন'—এই ঋকের নিন্দা ও সামের প্রশংসার দ্বারা স্তুতিকার্য্যে ঋঙ্মন্ত্র অব্যবহার্য্য ও সামই অবশ্য ব্যবহরণীয়; ইহাই স্থিরীকৃত হইল। এস্থলে ইহাও বোদ্ধব্য যে এতাবতা 'ঋচা স্তুবতে, সাম্না স্তুবতে' এই শ্রুতির প্রকৃত অভিপ্রায়—যে, সামগান বিশিষ্ট ঋঙ্মন্ত্রে স্তুতি করিবে *। ফলতঃ ঋগক্ষর আশ্রয় করিয়াই সাম

* এ ব্যবস্থাটি উদ্গাতৃ-প্রকরণের অতএব 'সামদ্বারাই স্তুতি কর্ত্তব্য' এ ব্যবস্থাটি উদ্গাতৃগণের পক্ষেই জ্ঞাতব্য। এইজন্যই ঋঙ্মূলক সামগান দ্বারা সম্পাদিত স্তুতিকেই স্তোত্র কহে এবং তাহা সামবেদী ঋত্বিক্ উদ্গাতারই কার্য্য; ঋগ্বেদী ঋত্বিক্ হোতাও ঋঙ্মন্ত্রে দেবতা-গুণ-বর্ণনাদি স্তুতি করিয়া থাকেন বটে কিন্তু তাহাকে শস্ত্র কহে।

প্রোক্ষণাদিবদ্ যাগমধ্যে এব গানমনুষ্ঠীয়েত, ততো বহির্গানস্য বিশ্বজিদাদিবৎ ফলং কল্পনীয়ম্, মধ্যকালীনগানং তু প্রয়াজাদিবদারাদুপকারকম্ ; তস্মান্মুখ্যমেতন্ন তু গুণকর্ম্ম। ইতিপ্রাপ্তে ব্রূমঃ—ন তাবদ্ বহিঃপাঠঃ প্রধানকর্মত্বং কল্পয়িতুং শক্নোতি, ভূমিরথিক-শুক্লেষ্টি-ন্যায়েন প্রয়োগপাটবায় গানাধ্যয়নোপপত্তেঃ। ভূমিরথিকো ভূমৌ রথমালিখ্যাভ্যাসং করোতি, যথা বা ছাত্রঃ শুক্লেষ্ট্যা প্রয়োগপাটবং সম্পাদয়তি, তদ্বৎ। নাপি গুণকর্ম্মত্বে প্রয়োজনাভাবাৎ প্রধানকর্মত্বমিতি

(অনুবাদ)

হইবে সুতরাং ঋক্‌শূন্য সাম হইতেই পারে না কিন্তু যে ঋকের সাম নাই, এরূপ ঋক্ বহুতর রহিয়াছে, তৎসমস্তই উদ্গাতৃগণের অর্থাৎ স্তুতিকার্য্যে অব্যবহার্য্য ॥

উল্লিখিত শ্রুতির কথিতরূপ অভিপ্রায়, ইহাও সেই স্থলেই দ্বিতীয় অধিকরণে বিচারপূর্ব্বক ব্যবস্থিত হইয়াছে। যথা—

সামগান বিধি শ্রুতি, প্রধান অথবা গুণ ?
স্বতঃসিদ্ধ সামরূপ অতএব এ প্রধান ? ?
এই আশঙ্কা হরিতে কহি, বিশেষ করিয়া,
ঋগক্ষরে সামগুণ—সংস্কার বিধি মানিয়া। ১০

'ঋচা স্তুবতে' ঋঙ্‌মন্ত্রের দ্বারা স্তব করিবে, এই একটী প্রধান বিধি এবং 'সাম্না স্তুবতে' সামগানের দ্বারা স্তব করিবে এটিও অবশ্যই প্রধান বিধি ; এতাবতা স্তুতিকার্য্যে ঋকের বিধানও প্রধান এবং সামের বিধানও অবশ্যই প্রধান ;

ব্রাচ্যম্, গানেন সংস্কৃতৈর্ঋগক্ষরৈঃ স্তুতিসম্ভবাৎ 'আজ্যৈঃ স্তুবতে' 'পৃষ্ঠৈঃ স্তুবতে'-ইতি স্তুতিবিধানাৎ,। তস্মাদৃগক্ষরাণাং স্বরবিশিষ্টত্বাকারাভিব্যক্তির্দৃষ্টং প্রয়োজনমিত্যদৃষ্টস্যাকল্পনীয়ত্বাদ্ গানং সংস্কারকর্ম্ম"-ইতি ॥ ১০

(অনুবাদ)

ঈদৃশস্থলে উভয় প্রধান ক্রিয়ার বাধ্যবাধক ভাব স্বীকার্য্য হইবে অথবা উভয়ই বিকল্পে ব্যবহৃত হইবে? এই আশঙ্কার উত্তরে সিদ্ধান্তিত হইতেছে,—যে, ইহা প্রধান কর্ম্ম নহে, বরং ঋগ্ব্যবহার বিষয়ক 'ঋচা স্তুবতে' বিধিই প্রধান বিধি, এই বিধির দ্বারা প্রাধান্যত ঋগ্দ্বারা স্তুতি বিহিত হইলে 'সাম্না স্তুবতে' এই বিধান দ্বারা তাদৃশ ঋগক্ষরগুলির স্বরযোগরূপ সংস্কার ব্যবস্থিত হইয়াছে মাত্র অর্থাৎ স্বরসংযুক্ত ঋকে গান করিবে অতএব ইহা প্রধান কর্ম্ম নহে প্রত্যুত ইহা সংস্কারব্যবস্থাপক গুণবিধি *। এতাবতা উভয় বিধিতে পরস্পর বাধ্যবাধকভাব বা বিকল্পাশঙ্কা কিছুই থাকিল না বরং গুণগুণীরূপে উভয়েরই ঐকাত্ম্য প্রতিপাদিত হইল।

---

* অর্থাৎ যেরূপ দর্শপূর্ণমাস যাগ প্রকরণে একটি শ্রুতি আছে, যে, সৌর্য্যং চরুং নির্বপেৎ অর্থাৎ সূর্য্য দেবতার প্রীত্যর্থ চরু প্রস্তুত করিয়া নির্ব্বাপ করিবে। সেই স্থলে অপর একটী শ্রুতি যে ব্রীহীন্ প্রোক্ষতি ধান্য গুলি ধৌত করিবে, আরও ব্রীহীন্ অবহন্তি ধান্যগুলি উদূখলস্থ করিয়া মুশলাঘাত দ্বারা তুষহীন করিবে, আরও ব্রীহীন্ পিনষ্টি ঐ তুষহীন সুতরাং তণ্ডুলগুলি পেষণ করিবে ইত্যাদি। এস্থলে কোন বিধিই কোন বিধির বাধক নহে বরং ব্রীহি প্রোক্ষণাদি সংস্কার বিধান গুলি ঐ চরুনির্ব্বাপ রূপ বিধিরই অনুগত সুতরাং গুণবিধি, সেইরূপ এস্থলেও সাম্না

স্তবতে সামদ্বারা স্তব করিবে এ বিধিটি ঋচা স্তবতে এই প্রধান বিধিরই অনুগত অর্থাৎ প্রধান বিধির দ্বারা সামান্যতঃ ঋক্ দ্বারা স্তব কর্ত্তব্য এই মাত্র উপদিষ্ট হইলে, এই গুণবিধির দ্বারা সেই ঋকের স্বরসংযোগাদি গুণ বিধান করা হইয়াছে অর্থাৎ স্তোত্র করিতে হইলে ঋক্‌গুলিই স্বরাদি সংযোগে সংস্কৃত করিয়া সামরূপে ব্যবহৃত করিবে। আজ্যৈঃ স্তবতে আজ্যগুলির দ্বারা স্তব করিবে, পৃষ্ঠৈঃ স্তবতে পৃষ্ঠগুলির দ্বারা স্তব করিবে, এগুলিও ঐ সাম্না স্তবতে বিধিরই বিশেষ বিশেষ বিধিমাত্র অতএব তাহারই সহিত মিলিত হইয়া অর্থ প্রসব করে, যথা—আজ্য নামক সামগুলির দ্বারা এবং পৃষ্ঠ নামক সামগুলির দ্বারা স্তব করিবে ইত্যাদি। এস্থলে কেহ কেহ আশঙ্কা করেন, যে, সৌর্য্যচরুর নির্ব্বাপ রূপ প্রধান বিধিতে যে ব্রীহির প্রোক্ষণাদি সংস্কার রূপ গুণ বিধান করা যায়, তাহা সেই চরুর জন্যই এবং সেই যজ্ঞ মণ্ডপের মধ্যেই ব্যবহার্য্য, অপরত্র ব্রীহির প্রোক্ষণ বিধির কোন আবশ্যক নাই, সংস্কার বিধি এইরূপই হইয়া থাকে, এস্থলে'ত সেরূপ নহে, কারণ—আজ্য পৃষ্ঠ প্রভৃতি সামগুলি যে কেবল স্তোত্র কালেই বা যজ্ঞ মণ্ডপের মধ্যেই দেখা যায় এরূপ নহে প্রত্যুত সামবেদী। সংহিতা গ্রন্থগুলি সমস্তই সাম-পূর্ণ এবং সর্ব্বত্র সর্ব্বকালেই অধ্যয়নাদিতে ব্যবহার্য্য অতএব ইহাদিগকে ঋকেরই সংস্কারক স্বীকার পূর্ব্বক সাম্না স্তবতে ইহাকে সংস্কাররূপ গুণ বিধায়ক বিধি কিরূপে করা যায়? ইহার উত্তরে মাধবাচার্য্য বলেন, যে, আজ্য পৃষ্ঠাদিও যজ্ঞাদিতে ঋক্ সংস্কারার্থই আবশ্যক, তবে যে অপর সময়েও অর্থাৎ অধ্যয়নাধ্যাপনাদিকালেও এবং গ্রন্থাকারেও দৃষ্ট হয় তাহা ভূমিরথিক ও শকেষ্টি ন্যায়েই বুঝিতে হইবে অর্থাৎ যেরূপ বীরবংশধরগণ ভূমিতে রথ লিখিয়া বা মৃণ্ময়াদি রথে আরোহণ করিয়া রথী হইতে শিক্ষা লাভ করেন এবং ব্রাহ্মণকুমারগণ মন্ত্রাদিশূন্য ইষ্টি ক্রীড়ার দ্বারা ইষ্টি-কার্য্য অর্থাৎ কিরূপে সোমাদি ইষ্টি সম্পন্ন করিতে হয় শিক্ষা করেন, সেই রূপ অভ্যাস করিবার জন্যই গ্রন্থাকারে থাকাও আবশ্যক এবং অধ্যয়নাধ্যাপনাও প্রয়োজনীয় বস্তুত স্তোত্র কালে ঋক্‌গুলি স্বরাদি সংযুক্ত করাই এ বিধির উদ্দেশ্য, তাহাই সাম এবং তৎসমস্তের সমষ্টিই সাম সংহিতা এবং দ্বিতীয় অর্থবাদাদির আকরই সমগ্রাহ্মণ।

যথোক্তমৃগক্ষরাণাং সংস্কারকং গীত্যাত্মকং যৎ সাম, তদেতদেকৈকং ছন্দোগা একৈকস্যামৃচি 'বেদসাম' নামকে গ্রন্থেঽধীয়ন্তে, উহনামকে তু গ্রন্থে একৈকং সাম ত্র্যচেঽধীয়ন্তে সোঽয়মূহগ্রন্থঃ তস্মিন্নেব পাদে প্রথমাধিকরণস্য দ্বিতীয় বর্ণকে বিচারিতঃ ;—

(অনুবাদ)

এই সাম সকল, এক্‌একটি ঋক্ অবলম্বন করিয়া এক্‌একটি ক্রমে 'বেদসাম'* নামক গ্রন্থে ছন্দোগগণ অধ্যয়ন করেন অর্থাৎ বেদসাম গ্রন্থে ঋক্‌গুলির স্বরসংযোগে বিবিধ আকৃতির উদাহরণ এক একটি পাওয়া যায়। 'উহ' নামক সামবেদীয় অপর গানগ্রন্থে † ঐরূপ স্বরসংযোগে অবিকল ঐ ঐ আকৃতির আরও দুইটি করিয়া সাম দৃষ্ট হইয়া থাকে‡। এই উহ গ্রন্থখানি পৌরুষেয় কি অপৌরুষেয় ? অর্থাৎ কোন সংসারী পুরুষ কর্তৃক রচিত কি না ? ইহাও সেই পাদেই প্রথমাধিকরণের দ্বিতীয় বর্ণকে বিচারিত হইয়াছে। যথা—

* এই গ্রন্থের মধ্যে, আরম্ভে বা সমাপ্তি বাক্যে অথবা অপর গ্রন্থান্তরে কোন স্থলেই 'বেদসাম' নাম দৃষ্ট হয় না। গ্রন্থস্থ অধ্যায়াদি সমাপ্তে ও গ্রন্থ সমাপ্তি বাক্যে সর্ব্বত্রই 'গেয়গান' নাম দৃষ্ট হয়, কোন২ পুস্তকে তৎপরিবর্ত্তে 'বেগান'ও আছে কিন্তু মাধবাচার্য্য এই গেয় বা বে গানকেই 'বেদসাম' বলিয়া ব্যবহার করিয়া থাকেন, বোধ হয় শাখান্তরে এ নামটি প্রসিদ্ধ থাকিতে পারে। এস্থলে আরও বক্তব্য—যে, 'আরণ্য গান' খানি যদিও অধ্যয়ন সম্প্রদায়ানুসারে পৃথক্ গ্রন্থ পরং মাধবাচার্য্য সর্ব্বত্রই উহাকেও ঐ বেদসাম নামক গ্রন্থেরই অন্তর্গত বলিয়া স্বীকার করেন।

† মাধবাচার্য্যের মতে উহ ও উহ্য একই গ্রন্থ বস্তুত অধ্যয়ন সম্প্রদায়ানুসারে উহারা বিভিন্ন।

‡ ছন্দোনামক আর্চ্চিক গ্রন্থে এক একটি ঋক্ আছে, উত্তর নামক

"ঊহগ্রন্থোঽপৌরুষেয়ঃ পৌরুষেয়োঽথবাগ্রিমঃ।
বেদসাম-সমানত্বাদ্ বিধি-সার্থত্বতোঽন্তিমঃ ॥ ১১

যস্মিন্ গ্রন্থে সামগাস্তৃ্যচে তৃ্যচে সামৈকৈকং গায়ন্তি সোঽয়মূহগ্রন্থোনিত্যো ন তু পুরুষেণ নির্ম্মিতঃ, কুতঃ ? অনধ্যায়-বর্জ্জনেন কর্ত্তুরস্মরণেনাধ্যাপকানাং বেদত্ব-প্রসিদ্ধ্যা চ বেদ-সামনামক-যোনিগ্রন্থ-সদৃশত্বাৎ ইতি চেৎ ? নৈবম্, অপৌরুষেয়ত্বে বিধিবৈয়র্থ্যপ্রসঙ্গাৎ। 'যদ্‌য়োন্যাং তদুত্তরয়ো-

(অনুবাদ)

ঊহগ্রন্থ পৌরুষেয় অথবা অপৌরুষেয় ?
পৌরুষেয় নহে ইহা, 'বেদসাম' সম জ্ঞেয় ? ?
তাহা হইলে হইবে ব্রাহ্মণ-বিধান বৃথা,
অতএব নহে তাহা, পৌরুষেয় এ সর্ব্বথা। ১১

যে গ্রন্থানুসারে সামগগণ এক এক তৃ্যচে একপ্রকারই তিনটি সামাত্মক এক একটি গান শিক্ষায় কৃতকার্য্য হন, উক্ত গ্রন্থখানি পৌরুষেয় অর্থাৎ কোন পুরুষ কর্ত্তৃক নির্ম্মিত অথবা অপৌরুষ তন্নির্ম্মাতা কোন সংসারী পুরুষই নহেন ?

আর্চ্চিকেও ঊহা আছে অধিকন্তু তত্তৎসহ অবিকল তত্তদনুরূপ আরও দুইটী কোথাও বা একটী গ্রথিত রহিয়াছে। এই ছন্দোনামক আর্চ্চিকের গান গ্রন্থই 'বেদসাম' নামে প্রসিদ্ধ এবং এই উত্তর আর্চ্চিকের গানই 'ঊহ' নামে উল্লিখিত হইয়া থাকে। এস্থলে বিশেষ বক্তব্য এই যে যদি উত্তরার্চ্চিকে কোন কোন ঋকের অনুরূপ আর একটিমাত্র ঋক্ আছে পরং ঊহ গ্রন্থে সর্ব্বত্রই বেদসাম গ্রন্থে দৃষ্ট একটি সামের অনুরূপ তৎসহ অপর দুইটি সাম-দেখা যায়; এমন কি যে স্থলে ঊহ গানের মূল উত্তরার্চ্চিকে ঋগ্‌দ্বয় মাত্র আছে, তথায় সেই সমুদিত দুটি ঋক্‌কেই সমান ত্রিভাগ করিয়া একরূপ গানত্রয় গীত দৃষ্ট হয়।

বিধিরূহগ্রন্থস্য বেদত্বে ব্যর্থঃ স্যাৎ ? বেদসামবদধ্যয়-নাদেব তৎসিদ্ধেঃ। *উপরিতনঋগ্‌দ্বয়ে সাম্নোঽস্য পৌরুষেয়-ত্বেঽপি সামস্বরূপস্য তদাধারভূতানাং তিসৃণামৃচাং চ বেদত্বাদনধ্যায়া বর্জনীয়াঃ, কর্ত্তুরস্মরণং জীর্ণকূপারামাদিম্বিব চিরকালব্যবধানাদুপপন্নম্, অস্মরণমূলৈরধ্যাপকানাং বৈদত্ব-প্রসিদ্ধিঃ। যথা বহ্বৃচামধ্যাপকা মহাব্রতপ্রয়োগপ্রতিপাদক-

(অনুবাদ)

(১,১,৫ম)। এস্থলে বিচার্য্য,—যদি ঊহগানে শ্রুত ঐ দ্বিতীয় ও তৃতীয় সামও অপৌরুষেয়ই হইত, তবে ব্রাহ্মণ গ্রন্থে প্রথম ঋঙ্‌মূলক সামটিই তদুত্তর ঋগ্‌দ্বয়েও গান করিবার ব্যবস্থা বিধানের কি আবশ্যক ছিল ? ইহার দ্বারা ইহাই সিদ্ধান্তিত হইতেছে যে বেদসাম গ্রন্থে যে বামদেব্য সামটি আছে, সেইটীই অপৌরুষেয় এবং পরে যজ্ঞব্যাপারে আবশ্যকানুসারে ঐ ব্রাহ্মণোক্ত বিধি অনুসরণ করিয়া যে দ্বিতীয় ও তৃতীয় বামদেব্য গীত হইয়াছিল, তাহাই সঙ্গৃহীত হইয়া ঊহগানের সৃষ্টি হইয়াছে অতএব ঊহগান পৌরুষেয় গ্রন্থ। তবে যে তাহার প্রণেতৃ-নাম স্থির করা যায় না, তাহার একমাত্র কারণ বহুকাল-হেতুক অস্মরণ; অরণ্যানী-মধ্যস্থিত জীর্ণ কূপ তড়াগাদিরও কর্ত্তৃ নির্ণয় করা কঠিন হইয়া থাকে, তাহাও কি অপৌরুষেয় ? ইহাও সেইরূপ। বেদ বলিয়া প্রসিদ্ধি ইহার বেদত্বে হেতু হইতে পারে না, যেহেতু বেদ নহে অথচ বেদ বলিয়া প্রসিদ্ধ এরূপ আরও গ্রন্থ আছে, যথা মহাব্রত প্রয়োগ প্রতিপাদক আশ্বলায়ন

স্বাশ্বলায়ননির্ম্মিতং কল্পসূত্রমরণ্যেঽধীয়মানাঃ ‘পঞ্চমমারণ্যক-মিতি বেদত্বেন ব্যবহরন্তি, তদ্বৎ। ন চ তস্যাপি বেদত্বমাস্থিতি বাচ্যম্, প্রথমারণ্যকেন পুনরুক্তত্বাৎ, অর্থবাদরাহিত্যেন ব্রাহ্মণসাদৃশ্যাভাবাচ্চ, তস্মাৎ পঞ্চমারণ্যকবদূহঃ পৌরুষেয়ঃ। পৌরুষেয়স্য চ ন্যায়মূলত্বাৎ যত্র বক্ষ্যমাণন্যায়-বিরোধস্তদপ্রমাণম্ * ”—ইতি ॥ ১১

তত্রৈব কেচিদ্ বিশেষাস্তৃতীয়চতুর্থপঞ্চমষষ্ঠাধিকরণৈর্বহু-বর্ণকোপেতৈর্বিচারিতাঃ তত্র তৃতীয়াধিকরণম্—

(অনুবাদ)

নির্ম্মিত কল্পসূত্র গ্রন্থও ঋগ্বেদীয় আরণ্যকের মধ্যে অধ্যাপিত হইবায় ‘পঞ্চম আরণ্যক’ বলিয়াই প্রসিদ্ধ; বস্তুত উহা বেদ নহে; ইহাও সেইরূপ। অনধ্যায়ে ইহা অধ্যাপিত হয় না বলিয়াও অপৌরুষেয় বলিয়া স্থিরীকৃত হইতে পারে না; কেননা ইহা স্বয়ং বেদ না হইলেও যে যে মন্ত্রকে আশ্রয় করিয়া ইহা নির্ম্মিত হইয়াছে, উত্তরাগ্রন্থে শ্রুত ঐ ঐ মন্ত্র সকল বস্তুত অপৌরুষেয় বেদ সুতরাং অনধ্যায়ে অধ্যাপিত হইতে পারে না ॥ ১১

এই বিষয়ে তৃতীয়, চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ অধিকরণে বহু বর্ণকে আরও অনেক প্রকার বিশেষ বিশেষ বিচার বর্ণন করা হইয়াছে। তৃতীয় যথা—

---

* ‘একং সাম তৃচে ক্রিয়তে স্তোত্রিয়ম্’—ইত্যাদিমূলকো জৈমিনীয়ঃ [illegible] হত্র ন্যায়শব্দেন গৃহ্যতে। যদ্যপি ন্যায়বিরোধো হত্র উক্তে ন [illegible] চেদুপলক্ষ্যং পৌরুষেয়ত্বাদিত্যেব তাৎপর্য্যম্।

"অংশৈঃ সামক্ষ্ কৃৎস্নং বা প্রত্যৃচং তিসৃভিঃ শ্রুতেঃ।
অংশৈর্যেবং স্তুতেরংশৈরসিদ্ধেঃ প্রত্যৃচং ভবেৎ ॥ ১২

'একং সাম ত্র্যচে ক্রিয়তে স্তোত্রিয়ম্'— ইতি শ্রূয়তে। তত্র ত্রেধা বিভক্তেষু সামাংশেষু একৈকোঽংশঃ একৈকস্যা-

(অনুবাদ)

ঋক্‌ত্রয়ে একরূপ তিনটি গানের শ্রুতি,
ব্রাহ্মণে আছয়ে বিধি; তবে কি প্রত্যেকে স্তুতি?
না; তাহা হইলে স্তুতি কখন নহিবে সিদ্ধ,
যেহেতু স্তোত্রিয় নাম ঋক্‌ত্রয়ে এক প্রসিদ্ধ। ১২

ব্রাহ্মণগ্রন্থে এইরূপ শ্রুতি আছে, যে, 'ঋক্‌ত্রয়েই একরূপ গীত হইবে, তাহাকেই স্তোত্রিয় কহে'। এতদনুযায়ীই উহগানের সকল সামগুলি ঋক্‌ত্রয় মূলক * এবং সকলগুলিই এক প্রকার স্বরস্তোভাদিযুক্ত এক-নাম সামত্রয়ের এক একটি সমষ্টি। (যথা, উত্তর আর্চ্চিকের ১,১,১ম তৃচের ১ম, ২য় ও ৩য় ঋক্ এই—

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১
"উপাস্মৈ গায়তা নরঃ পবমানায়েন্দবে। অভি দেবাঁইয়ক্ষতে (১) ॥

২। ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২।
যক্ষতে (১) ॥ অভিতে মধুনা পয়ো থর্ব্বাণো অশিশ্রয়ুঃ।

৩ ২ ৩ ১ ২ ৩ ২ ১ ২ ৩ ২। ১ ২। ৩
দেবন্দেবায় দেবয়ুঃ (২) ॥ স নঃ পবস্ব শঙ্গবে শঞ্জনায়

১ ২। ১ ২ ৩ ১ ২
শমর্বতে। শং রাজন্নোষধীভ্যঃ (৩) ॥ ১ (তৃচ—সূক্ত)

* এই ঋকত্রয়কে তৃচ কহে। যে কোন সূক্ত দুই ঋকের, তাহাকে দ্বৃচ কহে। দ্ব্যচসূক্তগুলির ও অংশ বিশেষ পুনরাবৃত্তি করিয়া তৃচ রূপে গ্রথন করিয়া লইতে হয়, এইজন্য তাহাদিগকে প্রগাথও বলা যায়।

মৃচি গাতব্যঃ, কুতঃ? একস্য সাম্নস্তিসৃভির্নিষ্পাদনস্য শ্রবণাদিতি প্রাপ্তে। ক্রমঃ—স্তোত্রিয় গিতি স্তুতিনিষ্পাদকত্বং কৃৎস্নস্য সাম্নো বিধীয়তে, ন তু সামাংশানাম্। স্তুতির্নাম গুণকথনপরমেকং বাক্যম্, তচ্চ বাক্যমেকস্যামৃচি সম্পূর্ণম্, ততঃ কৃৎস্নেন সাম্না তদ্বাক্যং সংস্কার্য্যমিতি

(অনুবাদ)

এই তৃচ্ সূক্তটি অবলম্বন করিয়া যে একটি সাম গীত হইয়াছে, তাহা উহগানের ২১,১,১১শ। যথা—

৫ ৩ র ৪ ২ ৪র ৫ ২ ১ ২ ২
উপা১৫স্মৈ। গা৩য়া৩তানারাঃ। পা৩বা মা৩না।

১ ২ ১ ২ ২ ২ রর ৩ ২
য়া২৩গা। হুম্মায়ি। দা৩বায়ি। অভিদেবা৩ইয়া২ক্ষতাউ

২ ১র ২ ১ ২ ২ ১—১র
(১)*॥ আ। ভিতেমা। ধূ৩নাপা৩য়াঃ।। আথা২র্বা।

র ১ ২ ২ ১ রর
গোআ২৩শা। হুম্মায়ি। শ্রো৩য়ুঃ। দায়িবন্দেব্রায়দা২য়ি

৩ ২ ২ ৩ ২ ১ ২ ১—১র
বয়াউ (২)॥ সা। নঃ পবা। স্বা৩শাঙ্গা৩বায়ি। শঙ্গা২না।

২ ১ ২ ২ ১ র র ৩২
য়শা২৩মা। হুম্মায়ি। র্বা৩তায়ি। শা৩রাজম্নোষধা২য়িভ্য-
আউ (৩)। ১ সাম †)

---

* 'য়জ্ঞায়জ্ঞা বো অগ্নয়ে (ছ০আ০ ১,১,৪,১)' এই ঋক্‌টি যেরূপ স্বর স্তোভাদি যোগে গীত হইয়াছে (গে০ গা০ ১,২,২৫), সেইরূপ স্বর ও স্তোভাদিযোগে গীত সামমাত্রকেই 'যজ্ঞাযজ্ঞীয়" কহে, তদনুসারে ইহাও যজ্ঞায়জ্ঞীয়।

† তিনটি ঋকে তিনটি যজ্ঞাযজ্ঞীয় গানে একটি সাম হইল। এই সামত্রয় রূপ একটি সামকেও যজ্ঞায়জ্ঞীয়ই কহে, বিশেষ করিয়া উল্লেখ করিতে হইলে ইহাকে "যজ্ঞায়জ্ঞীয় স্তোত্রিয়" বলা যাইতেপারে।

প্রত্যৃচং সামাভ্যাসনীয়ম্ ; তথাসতি দ্বিতীয়তৃতীয়য়োঋর্চো-স্তস্যৈব সাম্ন আবর্ত্তমানতয়া সামান্তরত্বাভাবাদ্ ঋকৃত্রয়-নিষ্পাদ্যত্বমবিরুদ্ধম্ ; তস্মাৎ প্রত্যৃচং কৃৎস্নং সাম সমাপ-নীয়ম্”—ইতি ॥ ১২

চতুর্থাধিকরণম্ —

"তিসৃষ্বৃক্ষূদিতং সাম বিষমাস্থ সমাসু বা।
যথেচ্ছানিয়মাদন্ত্যঃ শরলেশাপনুত্তয়ে ॥ ১৩

(অনুবাদ)

এক্ষণে বিচার্য্য, যে, ‘যজ্ঞায়জ্ঞীয় সামের দ্বারা স্তব করিবে’ বিধিতে, এই সামমন্ত্রয়াত্মক সামের, যে কোন সামের দ্বারাই হউক স্তব সম্পন্ন হইবে বা সমুদায় অর্থাৎ সামত্রয়ই পাঠ্য হইবে? ইহার উত্তরে সিদ্ধান্তিত হইয়াছে—না, সামত্রয়ের একটি সামস্থলে ঐ সামত্রয় প্রকৃত সামের এক্ একটি অংশমাত্র ; যেহেতু ঐ সমুদায়কেই একটি স্তোত্রিয় সাম বলা যায় অতএব কোন এক্ অংশের দ্বারা স্তবে কার্য্য সম্পন্ন হইবে না প্রত্যুত ঐ অংশত্রয়-বিশিষ্ট সমস্ত সামটিই গান করিতে হইবে। ১২

চতুর্থ অধিকরণে এ বিষয়ে আরও বলা হইয়াছে যথা—
ঋক্‌ত্রয়ে গাহিবে সাম স্তোত্র, এই মাত্র বিধি ;
তবে কেন না গাহিব, যে সে ছন্দে সাম নিধি ?
না, না ; ক্ষুদ্র ঋকে বৃহৎ, বৃহৎ ঋকে ক্ষুদ্র সাম—
কেমনে গাহিবে বল, শর লেশা হবে বাম ॥ ১৩

বিষমচ্ছন্দস্কাসু সমচ্ছন্দস্কাসু বা তিসৃষ্বৃক্ষু স্বেচ্ছয়া সাম গাতব্যম্, ইত্থমেবেতিনিয়ামকস্য কস্যচিদভাবাদিতি চেৎ? নৈবম্, শরলেশপ্রসঙ্গস্য নিয়ামকত্বাৎ। শরোহিংসা, লেশোহল্পত্বম্; 'শৃ' হিংসায়াম্, 'লিশ' অল্পীভাবে ইত্যেতদ্ধাতুদ্বয়দর্শনাৎ। যদ্যধিকচ্ছন্দস্কায়াং যোনৌ উৎপন্নং সাম ন্যূনচ্ছন্দস্কাসু যোগীয়েত? তদা সামভাগেনৈব তৎপূর্ত্তেরবশিষ্টসামভাগস্যাশ্রয়াভাবাদ্ধিংস্যেত; যদি

(অনুবাদ)

যোনিগান গ্রন্থে ক্ষুদ্র ছন্দের ঋক্ অবলম্বন করিয়া যে সাম গীত শ্রুত হইতেছে, ঐ সাম অর্থাৎ ঐরূপ স্বর ও স্তোভাদিযুক্ত গানের স্তোত্রিয় সাম গান করিতে হইলে সেইরূপ ক্ষুদ্র ছন্দেরই ঋক্‌ত্রয় অবলম্বন করিতে হইবে বা যে সে ছন্দের ঋক্‌ত্রয় অবলম্বন করা যাইতে পারে? এই রূপ বৃহচ্ছন্দে প্রকাশিত সামও ক্ষুদ্র তৃচে গীত হইবে কি না? এই প্রশ্নের উত্তরে নির্ণীত হইয়াছে যে তাহা হইতেই পারে না; তাহা হইলে শর ও লেশ দোষ অনিবার্য্য হইবে অর্থাৎ ক্ষুদ্র ছন্দে উৎপন্ন সামও ক্ষুদ্র হইবে উহা বৃহচ্ছন্দের ঋক্ অবলম্বন করিয়া গান করিতে হইলে সামাংশের ন্যূনতা হইবেই হইবে সুতরাং ঋগংশ অগীত থাকিয়া নষ্ট হইবে * এবং বৃহচ্ছন্দে উৎপন্ন সামও বৃহৎ

* ইহাকেই 'শর' কহে অর্থাৎ অংশবিশেষর বিনাশ বা ত্যাগ।

যোনেরূপ্যধিকচ্ছন্দস্কয়োর্গীয়েত ? তদা সামোহল্পত্বাদ-বশিষ্টঋগ্ভাগঃ সামরহিতঃ স্যাৎ; তস্মাৎ সমানচ্ছন্দস্কাস্বেব গাতব্যম্”—ইতি ॥ ১৩

পঞ্চমাধিকরণে প্রথমবর্ণকম্—

“ছন্দস্বয়োরুত্তরাস্বয়োর্বা গীতেরিহোহনম্।
অবিশেষাদ্ বিকল্পঃ স্যাদন্ত্যঃ সংজ্ঞাবলিস্ততঃ ॥ ১৪

(অনুবাদ)

হইবে উহা ক্ষুদ্রছন্দের ঋক্ অবলম্বনে গান করিতে হইলে আশ্রয়ের ন্যূনতা ঘটিবেই ঘটিবে *। অতএব যোনিগানে যে ছন্দের ঋকে যে সাম গীত আছে, তাহা তৃচ অবলম্বনে ‘স্তোত্রিয়’ করিয়া গাইতে হইলে সেই রূপ ছন্দেরই তৃচ সূক্ত একটি অবলম্বন করিতে হইবে; তদপেক্ষা ক্ষুদ্র বা বৃহৎ ছন্দের ঋক্ অবলম্বন করিবে না †। ১৩

পঞ্চম অধিকরণের প্রথম বর্ণকে এতদ্বিষয়ে আরও বলা হইয়াছে। যথা—

‘যোনি ঋকে গীত সাম, গাহিবে তত্তদুত্তরে’,
আছে বিধি এই রূপ; কিন্তু ছন্দ বা উত্তরে ?
বিশেষ বিধি’ত কিছু নাহি ইথে দেখা যায়,
অতএব দুইমত কার্য্য চলুক ধরায়।

---

* ইহাকেই ‘[illegible] কহে অর্থাৎ অংশবিশেষের অল্পতা।

† বৃহচ্ছন্দের [illegible] সূক্তটিকে সমভাগে ত্রিভাগ করিয়া, উহার এক এক ভাগ অবলম্বনে [এক ক্ষুদ্রমন্ত্রমূলক সুতরাং] ক্ষুদ্রসাম গান দ্বারাও স্তোত্রিয় সাম প্রস্তুত হইতে পারে। ইহাও পরে বলা যাইবে।

সামগানাত্মকপাঠায় দ্বৌ গ্রন্থৌ বিদ্যেতে,—'ছন্দঃ' 'উত্তরা' চেতি। তত্র ছন্দোনামকে গ্রন্থে নানাবিধানাং সাম্নাং য়োনিভূতা এবর্চঃ পঠিতাঃ, উত্তরাগ্রন্থে তৃচাত্মকানি সূক্তানি পঠিতানি। একস্মিংস্তৃচে ছন্দোগতা য়োন্যৃক্ প্রথমা, ইতরে দ্বে উত্তরে। এবং স্থিতে সতি 'রথন্তরমুত্তরয়োর্গায়তি' 'যদ্ য়োন্যাং তদুত্তরয়োর্গায়তি' ইত্যত্র দ্বিবিধে উত্তরে সম্ভাবিতে। রথন্তরস্য ছন্দোগ্রন্থেঽভিত্বাশূরেতীয়মৃগ্ য়োনিত্বেন পঠিতা, তস্যা উপরি 'ত্বামিদ্ধি হবামহে'—ইত্যাদয়ঃ বৃহদাদিসাম্নাং য়োনয়ঃ পঠিতাঃ (৩,১,১)। উত্তরাগ্রন্থে অভিত্বাশূরেতিসূক্তে তস্যা ঋচ ঊর্দ্ধং 'ন ত্বা বাং অন্যঃ'—ইত্যেষা (১,১১,২) সাম্নঃ কস্যাপ্যযোনিভূতা পঠিতা। তত্র ছন্দোগ্রন্থাপেক্ষয়া সামান্তরয়োর্য়োনী দ্বে রথন্তরস্য স্বয়োন্যুত্তরে ভবতঃ, উত্তরাগ্রন্থাপেক্ষয়া তৃচগতে দ্বিতীয়তৃতীয়ে স্বয়োন্যুত্তরে ভবতঃ,— তত্র বিশেষনিয়ামকাভাবাৎ য়য়োঃ কয়োশ্চিদুত্তরয়োর্গানমিতি চেৎ ? নৈবম্ ; উত্তরেতি সংজ্ঞা সহসা বুদ্ধিস্থা ভবতি, প্রতিয়োগিনিরপেক্ষত্বাৎ ; পূর্ব্বপঠিতাং য়োনিমৃচমপেক্ষ্য যদুত্তরাত্বং তদ্বিলম্বেন প্রতীয়মানত্বাদ্ দুর্ব্বলম্। ঈদৃশমেবোত্তরাত্বং ছন্দসি পঠিতয়োঃ স্বয়োন্যুত্তরভাবিন্যোঃ সামান্তরয়োন্যোর্দ্বয়োর্ঋচোঃ, তৃচগতয়োস্তু দ্বিতীয়তৃতীয়য়োরুত্তরাত্বং সংজ্ঞয়া বর্ত্ততে, অতস্তয়োরেব গানম্। এবং সতি পূর্ব্বাধিকরণে নির্ণীতং সমাম্নৈব গানমনুগৃহীতং ভবতীতি। কিঞ্চ, তৃচাত্মকেষু য়া প্রথমা য়োনিভূতা সূক্তেষু, তস্যা ছন্দোগ্রন্থস্য 'য়োনিগ্রন্থঃ'—ইত্যধ্যাপকানাং সমাখ্যা ; ইতরস্য তু তৃচসঙ্ঘরূপস্য গ্রন্থস্যোপরি-

ভনয়োর্ঋচোর্নামধেয়েন 'উত্তরা'—ইতি সমাখ্যা। স এব গ্রন্থঃ কর্মাঙ্গসমর্পকং প্রকরণম্ ; পঞ্চদশসপ্তদশাদিস্তোভানাং তৃচেষ্বেবোপপত্তেঃ। তস্মাদুত্তরাগ্রন্থস্থয়োস্তৃচগতয়োর্দ্বিতীয়-তৃতীয়য়োরয়মূহঃ"—ইতি ॥ ১৪

(অনুবাদ)

এই দোষ উদ্ধারিতে হয় এই সদুত্তর,—
উত্তরা নামের গুণে ল'বে তাহারি উত্তর। ১৪

সামগগণের সামসমস্তের মূলভিত্তিস্বরূপ ঋক্‌সকল পাঠের জন্য দুইখানি গ্রন্থ আছে। একখানির নাম ছন্দ, অপর খানির নাম উত্তরা। ছন্দোনামক গ্রন্থে বামদেব্য, বৃহৎ, রথন্তর প্রভৃতি বিবিধ সামের মূলীভূত ঋক্‌সকল গ্রথিত আছে এবং উত্তরাগ্রন্থে সেই সেই ঋকের পরে পরে সেই সেই ছন্দের দুইটী করিয়া ঋক্ শ্রুত হয় অর্থাৎ উত্তরা গ্রন্থেরপ্রায় প্রত্যেক সূক্তই ঋক্‌ত্রয়ের, তন্মধ্যে প্রথমটি তাহাই যাহা ছন্দো-গ্রন্থেও আছে, ২য় ও ৩য় নূতন পরং প্রথটি যে ছন্দের, ইহা-রাও প্রায় সেই ছন্দের। এই জন্যই এ গ্রন্থকে উত্তরা কহে। এইরূপ অবস্থায় বিচার্য্য—যে, 'উত্তর ঋক্‌দ্বয়েরও বাম-দেব্য গান করিবে' * এইরূপ বিধিতে এবং 'যাহা প্রথম ঋকে গীত আছে তাহাই তদুত্তর ঋগ্‌দ্বয়েও গান করিবে',

* গ্রন্থকার এস্থলে রথন্তর সামকে উদাহরণ রূপে গ্রহণ করিয়াছেন, পরং স্তোত্রিয় রথন্তরের দুইটীমাত্র ঋক্ ; তাহাদিগকেই তিনটি করিয়া লইতে হয় সুতরাং প্রথম বুঝাইতে অবলম্বন অতি ক্লেশকর অতএব তাহা ত্যাগ করিয়া সুবোধ বুঝাইবার জন্য বামদেব্যই অবলম্বন করিলাম।

বিধি স্থলে দুইপ্রকার উত্তর সম্ভব। প্রথমত; ছন্দোগ্রন্থে বাম-
দেব্য সামের মূলীভূত যে একটি ঋক্ আছে 'কয়ানশ্চিত্র আ
ভুবৎ (২,২,৩,৫ম) যদি ইহারই উত্তর ঋগ্দ্বয় লইতে হয়'ত
'ত্যমূ ব: (২,২,৩,৬ষ্ঠ)' এবং 'সদস্পতিমদ্ভুতং (২,২,৩,৭ম)'
এই দুইটি লইতে হয় এবং এই দুটি অবলম্বন করিয়াই বাম-
দেব্যদ্বয় গান করিতে হয়। দ্বিতীয়; উত্তরা নামক গ্রন্থের
প্রথম প্রপাঠকের প্রথমার্দ্ধের দ্বাদশ সূক্তের প্রথম ঋক্টিও
সেই বামদেব্য সামের মূলীভূত 'কয়ানশ্চিত্রআভুবৎ' মন্ত্র এবং
এস্থলে ইহার উত্তরে 'কস্ত্বাসত্যোমদানাম্ (২য়)' ও 'অভীষুণঃ
সখীনাম্ (৩য়)' মন্ত্রদ্বয় আছে; যদি এই উত্তরই গ্রহণীয় হয়'ত
এই দুইটীও বামদেব্য স্বরে ও তদ্রূপ স্তোভাদিযোগে গীত
হইতে পারে। এতাদৃশ স্থলে বিকল্প ব্যবস্থা হইতে পারে
অর্থাৎ ছন্দোগ্রন্থের কয়ানশ্চিত্র মন্ত্রের পর-স্থিত মন্ত্রদ্বয় অব-
লম্বন করিয়া ঐ বামদেব্য গান হইতে পারে পক্ষান্তরে
উত্তরা গ্রন্থের কয়ানশ্চিত্র মন্ত্রের পর-স্থিত মন্ত্রদ্বয় অবলম্বন
করিয়াও ঐ বামদেব্য গান হইতে পারে? এই আশঙ্কা দূর
করিবার অভিপ্রায়ে বলা হইতেছে, যে, না;—বিকল্প ব্যব-
স্থেয় নহে প্রত্যুত উত্তরা এই নামই সাক্ষ্য দিতেছে যে
উত্তর ঋগ্দ্বয় উত্তরারই গ্রহণীয়, যেহেতু উত্তর ঋগ্দ্বয় প্রথ-
নানুসারেই এ গ্রন্থকে উত্তরা কহে; বিশেষত ছন্দোগ্রন্থের
সকল মন্ত্রই বিভিন্ন সামের প্রসূতি, তত্তন্মূলক সমস্তসামই
বেদসাম গ্রন্থে দেখা যায়, যদি প্রথম মন্ত্রে গীত সাম ২য় ও
৩য় মন্ত্রে গীত হয়, তবে ঐ অনুসারে ২য় মন্ত্রের ৩য় ও
৪র্থে, ৩য়ের ৪র্থ ও ৫মে, ৪র্থের ৫ম ও ৬ষ্ঠে, ৫মের ৬ষ্ঠ ও

৭মে, ৬ষ্ঠের ৭ম ও ৮মে, ৭মের ৮ম ও ৯মে, ৮মের ৯ম ও ১০মে, (যদি ১০ মন্ত্রের সে দশৎ হয়'ত) ৯মের উত্তর মন্ত্র একটিমাত্র পাওআ যাইবে, ১০মের উত্তর ত পাওয়াই যাইবে না; অথবা প্রত্যেক মন্ত্রেরই ত্রিবিধ সাম অবশ্য হইবে অর্থাৎ ১মের সামও তৃতীয়ে গীত হইবে, ২য়ের সামও ঐ তৃতীয়ে গীত হইবে এবং তৃতীয়ের নিজ-সামও একটি স্বতন্ত্র হইবে? বস্তুত উত্তরাগ্রন্থের তিন তিন ঋকের সূক্তগুলির প্রথম ঋক্ গুলির সাম বেদসামে গীত আছে, কিন্তু দ্বিতীয় ও তৃতীয় ঋক্গুলির সাম পৃথক্ পৃথক্ কুত্রাপি নাই; ঐ প্রথম ঋকের সামটিই ঐ ২য় ও তৃতীয় ঋগ্দ্বয়ে গীত হইবে,—ইহাই সিদ্ধান্ত। ১৪

দ্বিতীয়বর্ণকম্—

"ত্রৈশোকেঽতিজগত্যৌ দ্বে আনেয়ে গীতয়েঽথবা।

বৃহত্যা বাদিমঃ সাম্যাম্নোত্তরাত্বং শ্রুতের্ব্বলাৎ ॥ ১৫

দ্বাদশাহে চতুর্থেঽহনি ত্রৈশোকনামকং সাম (উ ২,২,১৩) বিহিতম্, তচ্চ 'বিশ্বাঃ পৃতনা (৫,১৪,১)' ইত্যেতস্যামতি-জগত্যামুৎপন্নম্, তস্মিংশ্চ তৃচে তস্যা যোনেরুত্তরে দ্বে বৃহত্যৌ নেমিং নমন্তীত্যাদিকে (৫,১৪,২-৩)' আম্নাতে, তত্র বৃহত্যাবুপেক্ষ্য তয়োঃ স্থানে দ্বে উৎপত্তিসিদ্ধে অতিজগত্যৌ আনীয় তাসু তিসৃষু গেয়ম্; 'তথাসতি সমাসু গানং' পূর্ব্বত্র নির্ণীতমনুগৃহ্যেত; 'অতিজগতীষু স্তুবন্তি'—ইতি (তাং ব্রাং ১২, ১০) শ্রূয়মাণম্ অতিজগতীবহুত্বম্ অন্যথা নোপপদ্যেতেতি চেৎ? মৈবম্; উত্তরয়োর্গায়ত্রীত্বাঞ্চস্য সংজ্ঞাত্মপ-স্যোত্তরাগ্রন্থস্যাধীয়মানয়োর্বৃহত্যোর্মুখ্যত্বাৎ; শ্রুতিশ্চবহুত্ব-

লিঙ্গাৎ 'সমাস্থ গানম্'—ইতিন্যায়াচ্চ বলীয়সী। যদেতদ-তিজগতীবহুত্বং তদ্ বৃহত্যোঃ স্বীকারেহপ্যুপপদ্যতে; একবিংশস্তোমস্যাত্র বিহিতত্বেন তৎসিদ্ধয়ে প্রথমায়া অতিজগত্যাঃ সপ্তকৃত্ব আবর্ত্তনীয়ত্বাৎ। তস্মাৎ ত্রৈশোকং সাম বৃহত্যো-রূহনীয়ম্”—ইতি ॥ ১৫

(অনুবাদ)

এই অধিকরণেরই দ্বিতীয় বর্ণকে বিষমচ্ছন্দেও গানোহন দেখাইয়াছেন। যথা—

'অতিজগতীগুলিতে গাহিবে ত্রৈশোক সাম'
আছে বিধি এই বটে, উত্তরা ইহাতে বাম ;
অতিজগতীর পরে দুইটী বৃহতী দেখি ;
তবে কি আনিব বাছি, পূর্ব্ব আর্চ্চিক নিরখি ?
না, না তাহা নহে, তারে কেনে বলিবে উত্তর,
বৃহতীতে নাহি হানি, যদি প্রকৃত উত্তর। ১৫

দ্বাদশাহ যাগের চতুর্থদিবসে ত্রৈশোক নামক সাম গান করিতে হয়। ত্রৈশোক সামের মূল ঋক্‌টি যাহা ছন্দ আর্চ্চিকের চতুর্থ প্রপাঠকের দ্বিতীয় অর্দ্ধের চতুর্থ দশতের প্রথম, তাহা অতিজগতী ছন্দে গ্রথিত অতএব তাণ্ড্য ব্রাহ্মণে (১২১০) বিধি আছে যে 'স্তোত্রিয় ত্রৈশোক সামটিও অতি-জগতীগুলিতেই গেয় হইবে' এবং উত্তরাগ্রন্থে যে তৃচের প্রথম ঋক্ এই অতিজগতী, সে তৃচের দ্বিতীয় ও তৃতীয় ঋক্ অতিজগতী নহে, বৃহতী। যথা উত্তরার্চ্চিকের ৬,১,১৪ তৃচ-সূক্ত ;—

২৩ ১২ ৩১২৩১২৩১২ ৩ ২ ৩১২৩১২

"বিশ্বাঃপৃতনাঅভিভূতরন্নরঃসজূস্ততক্ষুরিন্দ্রঞ্জজনুশ্চরাজসে।

২ ৩১২৩২৩১২৩১ ২র ৩১২ ৩১২

ক্রত্বেবরেস্থেমন্যামুরীমুতোগ্রমোজিষ্ঠন্তরসন্তরস্বিনম্ (১)॥

৩ ১২ ৩১৩ ৪১ ৩র ৩২ ৩১ ২ ৩২উ

নেমিন্নমন্তিচক্ষসামেষংবিপ্রাঅভিস্বরে। সুদীতয়োবোঅদ্রুহো-

৩২ ৩২৩১ ৩র ১২২১২ ৩২৩ ১

পিকর্ণেতরস্বিনঃসমৃক্বভিঃ (২)॥ সমুরেভাসোঅস্বরন্নিন্দ্রংসোম-

২ ৩১২ ২র ৩১২৩২৩১২৩১ ২৩২৩১

স্য পীতয়ে। স্বঃপতির্যদীবৃধেধৃতব্রতোহ্যোজসাসমূতিভিঃ (৩)

॥১৪

এস্থলে বিচার্য্য,—এই দ্বিতীয় ও তৃতীয় ঋকে প্রথম ঋগ্‌মূলক ত্রৈশোক সামটি কিরূপে গীত হইবে? যেহেতু 'সমান ছন্দেতে গান হইবে অন্যথা শর ও লেশ দোষ অনিবার্য্য হইবে' ইহা ইতিপূর্ব্বেই সিদ্ধান্তিত হইয়াছে এবং 'অতিজগতীগুলিতে ত্রৈশোক গাইবে' বিধি থাকায় একটী অতিজগতীতে, অপর দুটী বৃহতীতে গানও হইতে পারে না। অতএব এতাদৃশ স্থলে উত্তরাগ্রন্থের, এই তৃচটি সম্পূর্ণ অবলম্বন না করিয়া এ তৃচের প্রথমটি এবং তৎপরে ছন্দোগ্রন্থের অতিজগতীচ্ছন্দের যে কোন ঋগ্‌দ্বয় অবলম্বন করিয়াই স্তোত্রের ত্রৈশোক গীত হইতে পারে? বস্তুত এতাদৃশ স্থলে পূর্ব্বোক্ত শর ও লেশ দোষও অগত্যা সহনীয়; কেননা যে-সে অতিজগতী অবলম্বনে গীত হইলে 'উত্তর ঋগ্দ্বয়ে গীত হইল' বলিয়া স্বীকৃতই হইতে পারে না। অতএব প্রদর্শিত তৃচের প্রথমটি অতিজগতী এবং তদুত্তর ঋগ্দ্বয় বৃহতী, এরূপ অসদৃশ ঋক্‌ত্রয় অবলম্বন করিয়াও ত্রৈশোক স্তোত্রের

গীত হইয়াথাকে এবং সেই সামত্রয় মিলিত হইয়া একটি 'স্তোত্রিয় ত্রৈশোক' বলিয়া অভিহিতও হইয়াথাকে, অথচ বিশেষ যত্ন সহকারে গীত হইলে শর ও লেশ দোষও প্রকাশ পায় না। যথা ঊহগানের ত্রয়োবিংশ প্রপাঠকের দ্বিতীয়ার্দ্ধের ত্রয়োদশ সাম এই—

২ ১ ২র ১র ২ ৩ ২ ১ ২ ১র
বিশ্বোহায়ি। পৃতনাঅভিভূ। তরমরাঃ। সজূস্ত-
২ ১ ২ ১ ২র ১ ৫ ২ ১র
তক্ষুরায়িন্দ্রপ্রজন্। চরাজাসো২৩৪হায়ি। ক্রত্বৌহোয়ি।
২ ৩র র ৩ ৫ ২ ১ ২ ১
বরৌহায়ি। স্থেমন্যা২মু২৩৪রীম্। উতোহায়ি। উগ্র
৫ ২ ৩ ৫ ২ ৩ ২
মো২৩৪জী। ছস্তারা২৩৪সাম্। হোয়ি। তরা৩৪। স্বিনম্।
৫ ৫ ২র ১ ১ ৩ ২ ১ ২র ১ ৩র
ওভবা (১)॥ নেমোহায়ি। নাগ। ত্রিচক্ষসা। মেষংবিপ্রাঃ।
র ৫ ১র র ৩
অভিস্বারো২৩৪হায়ি। সৌহোয়ি। দৌহোয়ি। তয়ো২রো
৫ ২ ১ ২ ১ ৫ ২ ৩ ৫
২৩৪জা। ক্রহোহায়ি। অপায়িকা২৩৪র্ণে। তারস্বী২৩৪নাঃ।
২ ৩ ২ ৫ ৫ ১ ১
হোয়ি। সমূ৩৪। কভিঃ। ওভবা (২)। সামোহোয়ি।
১র র ৩ ৫ ২ ১
সৌহোয়ি। দৌহোয়ি। পত্তা২য়িয়া২৩৪জী। বৃধোহায়ি।
২ ১ ৫ ২ ২ ৫ ১ ২ ৩
শ্রুতত্রা২৩৪তাঃ। হিয়োজা২৩৪সা। হোয়ি। সমূ৩৪। তিভিঃ।
৫ ৫ ২ ২
ওভবা (৩)॥ ওয়িদী২৩৪বা॥ ১৩

এই সাম দেখিলেই স্পষ্ট অনুভূত হইবে যে প্রথম অতিজগতীচ্ছন্দের ঋকে গীত সামটিই তদুত্তর শ্রুত বৃহতী ছন্দের ঋগ্‌দ্বয়েতেও গীত হইয়াছে অথচ শর দোষও বিশেষ ক্ষতিকর হয় নাই। এরূপ অসমান ছন্দে গান না করিলে 'উত্তর ঋক্‌দ্বয়ে গীত হইল' বলিয়া স্বীকৃত হইতেই পারে না সুতরাং এতাদৃশ স্থানে 'সমান ছন্দেই গাহিতে হইবে' পূর্ব্বোক্ত এ নিয়মটী অগত্যা ত্যাগ করিতে হইবে। অতঃপর বিচার্য্য—তাহাহইলে 'অতিজগতীগুলিতে স্তুতি সম্পন্ন করিবে' এ বিধির মান রক্ষা কি রূপে হইল? যেহেতু প্রদর্শিত স্তোত্রিয় ত্রৈশোক সামের মূল ঋক্ একটিমাত্র অতিজগতী, তাহাতে 'অতিজগতীগুলি' এ বহুবচন সম্পন্ন হয় না। ইহার উত্তরে বক্তব্য—যদিও স্তোত্রিয় ত্রৈশোক সামের মূলে একটিমাত্র অতিজগতী থাকে ইহা সত্য। পরং একবিংশ স্তোম* প্রণয়নকালে সেই একটিঅতিজগতীই সপ্তাবৃত্ত হওত সপ্তাকার ধারণকরে সুতরাং অতিজগতীগুলি অবলম্বনে সামরূপ স্তুতি সম্পাদ্য না হইলেও স্তোমরূপ স্তুতি সম্পন্ন হইয়াই থাকে; তাহাতেই ঐ বহুবচনবিশিষ্ট বিধিরও মান রক্ষা পায় অতএব এ বহুবচনের সার্থকতার জন্যও ব্যাকুল হইবার প্রয়োজন নাই। এতাবতা বিশেষ শ্রুতি-বল থাকিলে অসমান ছন্দেও গান হইয়া থাকে,—ইহাই প্রতিপন্ন হইল॥ ১৫

---

* ত্রিবৃৎ, পঞ্চদশ ও সপ্তদশ স্তোমের পরিচয় ৮৮ হইতে ৯৭ পৃষ্ঠাতে প্রকাশিত হইবে; একবিংশ স্তোমও প্রায় ঐরূপ।

ষষ্ঠাধিকরণে প্রথমবর্ণকম্—

"রথন্তরে ককুব্ গ্রাহ্যা প্রথ্যা বাদ্যোঽর্থবত্ততঃ।

পুনঃপদাপ্রসিদ্ধ্যাদেরন্ত্যোঽর্থোঽন্যত্র বীক্ষ্যতাম্ ॥ ১৬"

ইদমাম্নায়তে "ন বৈ বৃহদ্রথন্তরমেকচ্ছন্দঃ যত্তয়োঃ পূর্ব্বা বৃহতী, ককুভাবুত্তরে'—ইতি। অয়মর্থঃ। বৃহদ্রথন্তরং তদেতৎ সামদ্বয়মিতরসামবদেকচ্ছন্দস্কং ন ভবতি, যস্মাৎ কারণাত্তয়োর্বৃহদ্রথন্তরনাম্নোরাশ্রয়ভূতাস্বৃক্ষু পূর্ব্বা বৃহতীচ্ছন্দস্কা, উত্তরে তু দ্বে ঋচৌ ককুব্ছন্দস্কে, ইতরেষাং বামদেব্যাদিসাম্নামাশ্রয়ে তৃচে অবৃ'স্থৃতাস্তিস্র ঋচঃ একচ্ছন্দস্কাঃ উত্তরাগ্রন্থে আম্নাতাঃ। সংশয়-বিশ্লেষপরিহারায় 'সমাসু গায়েৎ' ইতি ন্যায়েন নির্ণীতা এব। ইহ তু বাচনিকং বিষমচ্ছন্দস্কাসু গানমিতি। তত্র রথন্তরস্যাশ্রয়তয়া তৃচেনোত্তরাগ্রন্থে সমাম্নাতঃ, কিন্তর্হি? প্রগাথস্তদাশ্রয়ত্বেনাম্নাতঃ। স চ দ্বাভ্যামৃগ্ভ্যাম্নিষ্পন্নত্বাৎ দ্ব্যচোভবতি, তয়োশ্চ দ্বয়োর্ঋচোঃ 'অভিত্বাশূরেত্যেষা প্রথমা, সা চ বৃহতী। 'ন ত্বাবাঙ্ অন্যো দিব্য ইত্যেষা দ্বিতীয়া, সা চ পঙ্‌ক্তিচ্ছন্দস্কা। তথাচ সতি তাং পঙ্‌ক্তিচ্ছন্দস্কামপনীয় তস্যাঃ স্থানে দাশতয়ীগতে দ্বে উৎপত্তিককুভৌ ঋচৌ গৃহীতব্যে ভবতঃ, কুতঃ? অর্থবত্ত্বাৎ, উদাহৃতেন 'ককুভাবুত্তরে'—ইতিবাক্যেন রথন্তরসাম্ন আশ্রয়ত্বেন ককুভোর্বিধিৎস্যমানয়োঃ ককুবুৎপত্তিরর্থবতী ভবতি, অন্যথা বৈয়র্থ্যং স্যাৎ। কিঞ্চ আম্নাতায়া একস্যাঃ পঙ্‌ক্তেঃ স্বীকারে সতি ঋচোর্দ্বয়োরেব সত্ত্বাৎ 'একং সাম তৃচে ক্রিয়তে স্তোত্রিয়ম্'—ইতিবচনং বিরুধ্যেত, তস্মাদ্রথন্তরসাম্নি দ্বে ককুভাবুত্তরে গৃহীতব্যে

অয়মেব ন্যায়োবৃহৎসামনাপি য়োজনীয়ঃ ?—ইতি প্রাপ্তে ক্রমঃ। আম্নাতয়োর্বৃহতীপঙ্‌ক্ত্যোরেব ককুব্ গ্রথনীয়া। তথাহি 'অভিত্বাশূরেত্যেষা বৃহতী প্রথমা স্তোত্রিয়া, তস্যা-মবিকৃতায়ামেব রথন্তরং গাতব্যম্. ততস্তস্যা ঋচশ্চতুর্থং পাদং পুনরুপাদায়োত্তরস্যাঃ পঙ্‌ক্তেঃ পূর্ব্বার্দ্ধেন সহ য়োজনীয়ম্, সেয়মষ্টাবিংশত্যক্ষরা ত্রিপদা দ্বিতীয়া স্তোত্রিয়া, সা চৈকা ককুপ্ সম্পদ্যতে ; তস্যাঃ ককুভশ্চরমং পাদং পঙ্‌ক্তেরুত্ত-রার্দ্ধেন সহ প্রগ্রথ্য তৃতীয়া স্তোত্রিয়া কর্ত্তব্যা, সা চ দ্বিতীয়া ককুপ্ সম্পদ্যতে। প্রগ্রথনপ্রকারেণ দ্বয়োশ্চোরাম্নাতয়োঃ তৃচনিষ্পত্তের্নাস্ত্যাক্তোবচনবিরোধঃ। অস্মিংশ্চ গ্রথনে 'পুনঃ-পদা' ইতি শ্রৌতোক্তির্লিঙ্গম্। তথাচ শ্রূয়তে 'এষা বৈ প্রতি-ষ্ঠিতা বৃহতী য়া পুনঃপদা তদ্ য়ৎ পদং পুনরারভতে, তস্মাদ্ বৎসোমাতরমভিহিংকরোতি'—ইতি। অয়মর্থঃ। য়া বৃহতী পুনঃপদা ভবতি. সৈষা প্রতিষ্ঠিতা স্থিরা ভবতি, পদং চতুর্থঃ পাদঃ, সোঽপ্যগন্তরসম্পাদানায় পুনঃ পঠ্যতে, ততঃ সা বৃহতী পুনঃপদা. সেয়মৃঙ্ মাতা, তস্যাঃ পাদোবৎসঃ, তথা-সতি য়স্মাদত্র চতুর্থং পাদমুদ্গাতা পুনরারভতে, তস্মাদ্ বৎসোমাতরমভিবীক্ষ্য হিমিতি শব্দং করোতীতি। ন কেবলং লিঙ্গমাত্রেণ প্রগথনং কিন্তু ছন্দোগানাং প্রসিদ্ধ্যাপি। তে হ্যেবং স্মরন্তি 'কাকুভঃ প্রগাথঃ'—ইতি। কিঞ্চ প্রগাথশব্দার্থ-পর্য্যালোচনেনাপি গ্রথনং গম্যতে, প্রকর্ষেণ গ্রথনং য়ত্র স প্রগাথঃ। প্রকর্ষোনাম আম্নাতাদৃক্‌পাঠাদাধিক্যম্ তচ্চ পূর্ব্বোক্তরীত্যা পাদাভ্যাসপুরঃসরমৃগন্তরসম্পাদনেনোপজায়-তে তস্মান্নোৎপত্তিককুভো গ্রহীতব্যো ; কিন্তর্হি ? প্রগ্রথনেন

যে উত্তরে ককুভৌ সম্পাদ্য তাসু তিসৃষু রথন্তরং গাতব্যম্, তথা বৃহদপি। এবং সতি পঙ্ক্তেঃ পাঠঃ সার্থোভবতি। নচৈবং ককুবুৎপত্তিবৈয়র্থ্যমিতি শঙ্কনীয়ম্, বৃচস্তোমে তদুপ-য়োগাৎ, তস্মান্ন কাপি প্রগ্রথনেঽনুপপত্তিঃ”—ইতি ॥ ১৬

(অনুবাদ)

কোন কোন স্থলে ইহা অপেক্ষাও অনিয়ম দৃষ্ট হয়। যথা—

রথন্তরে শ্রুতি আছে, গা’বে বৃহতী-ককুভে,
কিন্তু নাহি ককুব্দ্বয়, কি করি যে এ অশুভে?
পুনঃপদা আছে বিধি, করি হেথা সেই মত,—
গ্রথিবে ককুভদ্বয়, হবে প্রগাথ সম্মত। ১৬

রথন্তর সামের মূল ঋক্‌টি যাহা ছন্দ আর্চ্চিকের তৃতীয় প্রপাঠকের প্রথমার্দ্ধের পঞ্চম দশতের প্রথম, তাহাই উত্তর আর্চ্চিকের প্রথম প্রপাঠকের প্রথমার্দ্ধের একাদশ সূক্তের ১ম। এই সূক্তটি দুই ঋকের সুতরাং দ্ব্যৃচ এবং তাহাও দুই ঋক্ বিভিন্ন ছন্দের; প্রথমটী বৃহতী এবং দ্বিতীয়টি পঁক্তি। এই দুইটি ঋক্ অবলম্বন করিয়া স্তোত্রিয় রথন্তর গীত হইয়া থাকে। এস্থলে বিচার্য্য যে, যদিও অসমচ্ছন্দে গানও বিশেষ বিধিস্থলে হইতে পারে পরং উত্তর ঋগ্‌দ্বয় আবশ্যক, তাহা এস্থলে কিরূপে সম্ভব? বিশেষতঃ স্পষ্ট শ্রুতিও আছে যে ‘স্তোত্রিয় রথন্তরের মূল প্রথম ঋক্ বৃহতীচ্ছন্দের হইবে এবং উত্তর ঋগ্‌দ্বয় ককুপ্‌ছন্দের হইবে” ইহাই বা এস্থলে কি রূপে সম্পন্ন হইবে? এতদুত্তরে সিদ্ধান্তিত হইয়াছে যে এই দ্ব্যৃচ সূক্তকে প্রগাথ কহে, প্রগাথ পদের অর্থই যে

বিশেষ প্রণালিতে গ্রথনীয় এবং শ্রুতিও আছে যে 'স্তোত্রিয় রথন্তরের গানে পুনঃপদা করিতে হয়' অতএব প্রথম ঋকের চতুর্থ চরণ পুনঃ পঠিত হইয়া দ্বিতীয় ঋকের প্রথমার্দ্ধের সহিত মিলিত হইয়া অষ্টাবিংশতি অক্ষরাত্মক একটি ককুপ্ গ্রথিত হইবে এবং পুনশ্চ সেই ককুপ্ছন্দের দ্বিতীয় ঋকের চতুর্থ চরণ ঐরূপ পুনঃ পঠিত হইয়া প্রকৃত দ্বিতীয় ঋকের শেষার্দ্ধের সহিত মিলিত হইলে, উহাও অষ্টাবিংশতি অক্ষরাত্মক আর একটি ককুপ্ছন্দের ঋক্ হইল ; এই প্রণালিতে গ্রথন করিলে একটি বৃহতী ও দুইটি ককুপ্ মূলক স্তোত্রিয় রথন্তর সুসম্পন্ন অসম্ভব নহে অতএব তাহাই হইয়া থাকে। যথা—

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ১ ২ ৩ ১। ১।
অভিত্বাশূরনোনুমোহদুগ্ধাইবধেনবঃ । ঈশানমস্যজগতঃ
৩ ২ ৩ ১ ২ ৩ ১ ১। ২। ৩ ১ ৩ ১। ২। ৩
স্বর্দৃশমীশানমিন্দ্রতস্থুষঃ॥(১) নত্বাবাঁ অন্যোদিব্যোনপার্থিবো-
২ ৩ ১। ২। ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ১
নজাতোনজনিষ্যতে। অশ্বায়ন্তোমঘবন্নিন্দ্রবাজিনোগব্যন্তস্ত্বাহ-
বামহে ॥ (২) উ০ আ০ ১,১,১১ সূক্ত ॥

ইহাকেই পুনঃপদা প্রগ্রথন বিশেষে তৃচ করিয়া কি রূপে গান করিতে হয়, তাহাও উহ গানে স্পষ্ট শ্রুত হইয়াছে, যথা—

১র ১র ২র ১র ২ ১ ২ ১ র
ককুবুত্তরে কণ্বরথন্তরম্। আভিত্বাশূরনোনুমাঃ। অদুগ্ধা-
২ ১ ২ ২ র র ৩
তে তন্ বাতধাম্নিনাভবাঃ। ঈশানমস্যজগতঃ। স্বর্দৃশা২৩৪

৫ র ২র ১র ৫ ৩ ১ ২ ২ ৩ ২
ঐহী। ঈশানা২৩৪ভী। দ্রসূ৩আউবা২৩। এ৩। স্থুয়া॥(১)
২র র ২ ১ ৩ ২ ২ ১ ২ ২ র
অয়িশানমিন্দ্রস্তস্থুষাঃ। না৩ত্বাবা৩ও্বান্। য়োদিবিয়োন-
র ৩ ৫র ২ ১র ৫ ৩ ২
পার্থিবা২৩৪ঐহী। নজাতো২৩৪না। জনা৩১উবা২৩। এ৩।
২ ৩ ২ র র ১র ২ ১ ২ ১ ২ ২
ষ্যতআ। (২) নাজাতোনজনিষ্যতায়ি। আ৩শ্বায়া৩ন্তঃ।
১ র ৩ ৫র ২ ১ ৫ ৩
মঘবন্নিন্দ্রবাজিনা২৩৪ঐহী। গব্যান্তা২৩৪স্তা। হবা৩১উবা২৩।
২ ২ ৩ ২
এ৩। যহআ (৩)॥ উ০ গা০ ২০,১,১ম সাম॥

এতাবতা বিশেষ বিশেষ স্থলে অসমান অথচ দুইটি মাত্র ঋক্ অবলম্বনেও স্তোত্রিয় সাম সম্পন্ন হইতে পারে॥ ১৬

দ্বিতীয়ং বর্ণকম্—

"য়ৌধাজয়ে রৌরবে চ বৃহত্যোরাগমেঽথবা।
প্রথমং পূর্ব্ববৎ পক্ষৌ ষষ্ঠিলিঙ্গমিহোচ্যতে॥ ১৭

ইদমাম্নায়তে 'রৌরবয়ৌধাজয়ে বার্হতে তৃচে ভবতঃ'—ইতি। অয়মর্থঃ। রৌরবনামকং কিঞ্চিৎ সাম, তথা য়ৌধাজয়নামকমপরম্; তয়োঃ সাম্নোর্বৃহতীচ্ছন্দস্কস্তৃচ আশ্রয়-ইতি। উত্তরাগ্রন্থে তু তস্য সামদ্বয়স্যাশ্রয় একঃ প্রগাথঃ আম্নাতঃ। তস্মিংশ্চ প্রগাথে 'পুনানঃ সোমেত্যসাবৃক্ প্রথমা; সা চ বৃহতী। 'দুহানঊধর্দিব্যমিতি দ্বিতীয়া; সা তু বিষ্টারপঙ্‌ক্তিঃ। তামেতাং বিষ্টারপঙ্‌ক্তিমপনীয় তস্যাঃ স্থানে উৎপত্তিবৃহত্যৌ দ্বে ঋচৌ আনেতব্যে? ইতি পূর্ব্বপক্ষঃ। বৃহতীবিষ্টারপঙ্‌ক্ত্যোঃ প্রথমবিশেষেণ

দ্বে বৃহত্যাবুত্তরে সম্পাদনীয়ে ইতি রাদ্ধান্তঃ। তয়োভয়ত্র যুক্তিঃ পূর্ব্বন্যায়েন দ্রষ্টব্যা। লিঙ্গস্ত্বেবমাম্নায়তে—ষষ্টিস্ত্রিষ্টুভোমাধ্যন্দিনং সবনম্'-ইতি। অয়মর্থঃ। রৌরবয়ৌধাজয়নামকে সামনী মাধ্যন্দিনে সবনে গীয়েতে, তস্মিংশ্চ সবনে ত্রিষ্টুপ্‌ছন্দস্কা ঋচঃ ষষ্টির্ভবন্তীতি,—সেয়ং ষষ্টিসংখ্যা প্রগ্রথনপক্ষে উপপদ্যতে। তথাহি—মাধ্যন্দিনে সবনে পবমান একঃ, পৃষ্ঠস্তোত্রাণি চত্বারি। পবমানে ত্রীণি সূক্তানি—'উচ্চাতেজাতমিত্যেকং সূক্তম্। তত্র গায়ত্র্যস্তিস্র ঋচঃ। পুনানঃ সোমেতি দ্বিতীয়ং সূক্তম্, তচ্চ প্রগাথরূপম্, তত্র পূর্ব্বা বৃহতী, উত্তরা বিষ্টারপঙ্‌ক্তিঃ। 'প্রতুদ্রবপরিকোশমিতি তৃতীয়ং সূক্তম্, তত্র ত্রিষ্টুভস্তিস্রঃ। পৃষ্ঠস্তোত্রেষু 'অভিত্বাশূরেতি প্রগাথরূপং প্রথমং সূক্তম্, তত্র পূর্ব্বা বৃহতী, উত্তরা বিষ্টারপঙ্‌ক্তিঃ। 'কয়ানশ্চিত্র ইতি দ্বিতীয়ম্। তত্র তিস্রো গায়ত্র্যঃ। 'তংবোদস্মমৃতীষহমিতি তৃতীয়ম্ প্রগাথরূপম্। তত্র বৃহতীপঙ্‌ক্ত্যৌ। 'তরোভির্বোবিদদ্বসুমিতি প্রগাথরূপং চতুর্থম্। তত্রাপি বৃহতীপঙ্‌ক্ত্যৌ। এবমস্মিন্ সবনে সপ্ত সূক্তানি। তেষু নব সামানি গেয়ানি। প্রথমে সূক্তে গায়ত্রমামহীয়বং চেতি দ্বে সামনী; দ্বিতীয়ে রৌরবং যৌধাজয়ং চ; তৃতীয়ে ঔশনম্; চতুর্থে রথন্তরম্; পঞ্চমে বামদেব্যম্; ষষ্ঠে নৌধসম্; সপ্তমে কালেয়ম্। তত্র, প্রথমসূক্তস্য সামদ্বয়নিষ্পত্তয়ে দ্বিরাবৃত্তাবাশ্রয়ভূতা ঋচঃ ষড়্‌গায়ত্র্যো ভবন্তি, পঞ্চমসূক্তগতা বামদেব্যসামাশ্রয়ভূতাস্তিস্রঃ ঋচঃ সপ্তদশস্তোমসিদ্ধ্যর্থমাবর্ত্তমানাঃ সপ্তদশ গায়ত্র্যঃ;—ইত্যেবং মিলিত্বা ত্রয়োবিংশতির্গায়ত্র্যঃ, ষষ্ঠে সূক্তে বৃহতীপঙ্‌ক্ত্যঃ

প্রগ্রথনেন বার্হতস্তৃচোভবতি। তথা সপ্তমেঽপি। তত্রোভয়ত্র সপ্তদশস্তোমে সতি চতুস্ত্রিংশদ্ বৃহত্যোভবন্তি। দ্বিতীয়-সূক্তেঽপি প্রগ্রথনেন বার্হতং তৃচং সম্পাদ্য সামদ্বয়ার্থমাবৃত্তো ষড় বৃহত্যো ভবন্তি। চতুর্থসূক্তে রথন্তর-সামার্থং পূর্ব-বর্ণ-কোক্তরীত্যা প্রগ্রথনে সতি ককুভাবুত্তরে ভবতঃ। প্রথমা তু স্বতঃসিদ্ধবৃহতী, তত্র সপ্তদশস্তোমে সতি পঞ্চ বৃহত্যো দ্বাদশ ককুভশ্চ সম্পদ্যন্তে। তস্য চ স্তোমস্য বিধায়কং ব্রাহ্মণমেবমাম্নায়তে—'পঞ্চভ্যোহিঙ্করোতি স তিসৃভিঃ স একয়া স একয়া পঞ্চভ্যো হিঙ্করোতি স একয়া স তিসৃভিঃ স একয়া সপ্তভ্যোহিঙ্করোতি স একয়া সতিসৃভিঃ সতি-সৃভিঃ'-ইতি। অয়মর্থঃ। একা স্বতঃসিদ্ধা বৃহতী, প্রগ্রথিতে যে ককুভাবিত্যেবং বিধস্তৃচস্ত্রিভিঃ পর্য্যায়ৈরাবর্ত্তনীয়ঃ। প্রথমে পর্য্যায়ে—ত্রির্বৃহতী গাতব্যা, সকৃৎ সকৃৎ ককুভৌ। দ্বিতীয়ে পর্য্যায়ে—সকৃদ্ বৃহতী, ত্রিবারমনন্তরা ককুপ্ সকৃদন্ত্যা। তৃতীয়ে পর্য্যায়ে—সকৃদ্ বৃহতী ত্রিস্ত্রিঃ ককুভাবিতি। হিঙ্করোতি হিঙ্কারোপলক্ষিতং গানং কুর্য্যাদিত্যর্থঃ। তদেবং তৃতীয়সূক্তব্যতিরিক্তেষু ষট্‌স্বু সূক্তেষু ত্রয়োবিংশতির্গায়ত্র্যঃ পঞ্চচত্বারিংশদ্ বৃহত্যো দ্বাদশ ককুভঃ সম্পন্নাঃ। তত্র ককুপ্ অষ্টাবিংশত্যক্ষরা, তস্যাং ষোড়শাক্ষরে গায়ত্রীপাদদ্বয়ে যোজিতে চতুশ্চত্বারিংশদক্ষরা ত্রিষ্টুপ্ সম্পদ্যতে। অনয়া দিশা দ্বাদশানাং ককুভাং ত্রিষ্টুপ্ত্ব-সম্পাদনায় চতুর্বিংশতির্গায়ত্রীপাদা যোজনীয়াঃ। তথা সত্যষ্টৌ গায়-ত্র্যোঽবশিষ্যন্তে; পঞ্চদশ গায়ত্র্যোঽবশিষ্যন্তে; তাসাং পঞ্চচত্বা-রিংশৎসংখ্যাকাশ্চ তাবতীষু-বৃহতীষু সংযোজ্য ত্রিষ্টুভ

সম্পাদনীয়াঃ। তত এতাঃ পঞ্চচত্বারিংশৎ ; ককুপ্সু নিষ্পন্নাঃ দ্বাদশ ; তৃতীয়ে সূক্তে স্বতঃসিদ্ধাস্তিস্রঃ—ইত্যেবং প্রগ্রথনপক্ষে ষষ্টিস্ত্রিষ্টুভ উত্তরাগ্রন্থে সমাম্নাতা এব লভ্যন্তে। উৎপত্তিরহস্যানয়নে তু প্রকরণাম্নাতানাং তাবতীনামলাভাদ্ প্রকৃতহানাপ্রকৃতকল্পনে প্রসজ্যেয়াতাম্। তস্মাৎ ত্রিষ্টুভঃ ষষ্টিরিত্যেতদ্ বৃহতীপ্রগ্রথনস্য লিঙ্গম্। প্রগ্রথনপ্রকারস্তু অভিধীয়তে—'পুনানঃ সোমে'ত্যস্যা বৃহত্যাশ্চতুর্থপাদং পুনরুপাদায় দ্বিরভ্যস্য 'দুহান ঊধর্দ্দিব্য'মিত্যস্যা বিষ্টারপঙক্তেঃ পূর্ব্বার্দ্ধেন সংযোজয়েৎ, সা বৃহতী ভবতি,—এতদীয়ং চতুর্থং পাদং দ্বিরভ্যস্যোত্তরার্দ্ধেন যোজয়েৎ, সাপি বৃহতী ভবতি। তস্মাদ্ যৌধাজয়রৌরবয়োঃ বৃহত্যোঃ উত্তরে প্রগ্রথনীয়ে। এবং নৌধসকালেয়য়োরপি দ্রষ্টব্যম্"—ইতি। ১৭

(অনুবাদ)

ঐরূপ আর একটি—

"যৌধাজয়"-"রৌরবে"তে তিনটি বৃহতী হবে।
আছে একটি, অপর আনিয়া কি সংগৃহিবে ?
না না, তাহা নহে ; গ্রথিব যে পূর্ব্বমত।
নতুবা কেমনে 'ষষ্টি' হইবে ত্রিষ্টুপ্‌ সংযত। ১৮

তাণ্ড্য ব্রাহ্মণের সপ্তম প্রপাঠকীয় তৃতীয় খণ্ডে শ্রুতি আছে;—" 'রৌরব' ও যৌধাজয়' নামক সামদ্বয় বৃহতীছন্দের তৃচে গীত হইবে।" অর্থাৎ রৌরব নামক সামটি ও যৌধাজয় নামক সামটি উভয়ই বৃহতীছন্দের তিনটি ঋক্ আশ্রয় করিয়া গীত হইবে। পরন্তু উত্তরাগ্রন্থে ঐ সামদ্বয়ের

আগ্নেয়ের জন্য যে একটি সূক্ত দেখা যায়, তাহা তিনটি ঋকের নহে প্রত্যুত দুইটি মাত্র ঋকের। যথা—

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২। ১ ২ ৩ ২ ১ ২। ৩
পুনানঃসোমধারয়াপোবসানোঅর্ষসি। আরত্নধায়োনিমৃ-
১২ ৩১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১। ২। ৩ ১। ২। ৩ ২
তস্যসীদস্যুৎসোদেবোহিরণ্যয়ঃ॥ (১) দুহানউধর্দ্দিব্যম্মধুপ্রিয়-
৩ ২ ৩ ২ ৩ ১ ২ ২ ১ ২ ৩ ১ ২ ৩ ২। ৩ ১ ২ ৩ ১
ম্প্রত্নংসধস্থমাসদৎ। আপৃচ্ছ্যন্ধরুণবাজ্যর্ষসিনৃভির্দ্ধৌতো-
২ ৩ ২
বিচক্ষণঃ॥ (২) উ॰ আ॰ ১.১,৯.১–২॥

এই দুটিও উভয়ই বৃহতী ছন্দের নহে, প্রথমটি মাত্র বৃহতীছন্দের অপরটি বিষ্টারপংক্তি ছন্দের। এস্থলে বিচার্য্য যে উক্ত তাণ্ড্যব্রাহ্মণের শ্রুতি অনুসারে তিনটি বৃহতী কোথা পওআ যাইবে? অতএব উত্তরাগ্রন্থের ঐ সূক্তের প্রথম যেটি বৃহতী, রৌরব ও যৌধাজয় গানের জন্য সেটি গ্রহণীয় এবং ঐরূপ আর দুটী বৃহতী, ছন্দো গ্রন্থ হইতে সংগ্রহও কর্ত্তব্য হইতে পারে।

এ বিষয়ে সিদ্ধান্তিত হইয়াছে যে, না; শ্রুতির সেরূপ অভিপ্রায় নহে। যদি শ্রুতির সেই অভিপ্রায় হইত, তাহা হইলে "মাধ্যন্দিন সবনে ষষ্টি * ত্রিষ্টুপ্ ব্যবহৃত হইবে" এই মোটসংখ্যা কিরূপে কথিত হইল? পূর্ব্বোক্ত প্রকারে উত্তরাগ্রন্থের ঐ বিষ্টারপংক্তি ছন্দের ঋকৃটির পরিবর্ত্তে ছন্দোগ্রন্থের যে কোন দুইটি বৃহতী সংগৃহীত হইলে অবশ্যই অক্ষর-সংখ্যা বৃদ্ধি হইবে অতএব অপর দুটি বৃহতী সংগ্রহ

* কোন্ কোন্ মন্ত্রের দ্বারা ষষ্টিসংখ্যা পরিপূরিত হয়, তাহা সংস্কৃত অংশে দ্রষ্টব্য। সে সমস্ত অনুবাদিত করা অনুস্বার বিসর্গ ত্যাগ করামাত্র।

না করিয়া ঐ বিষ্টারপংক্তিটীই প্রথম বৃহতীটীর সহিত প্রকৃষ্টরূপে গ্রথন করিলে ঐ দুইটিই তিনটি বৃহতীর স্বরূপ ধারণ করিয়াথাকে। যথা ;—

২র র ১ ৫ ১র র র
রৌরবম্ ॥ পুনানঃসোমা৩ধারা২৩৪য়া। অপোবসানো

র রর ৩২ ১২ ২ ১ র
অর্ষন্যাঁরত্নধায়োনিমৃতস্যসা২ইদসাই। ওহা৩উবা। উৎসো-

রর ২ ১২ ২ ১ ২ ৪ ৫
দেবোহিরা২৩হাই। ওহা৩উবা। ণ্যয়া। ঔ৩হোবা ॥ (১)

২ র রর ১ ৫ ১ রর র র
উৎসোদেবোহা৩ইরণ্যা২৩৪য়াঃ। উৎসোদেবোহিরণ্যয়োজু-

র র ৩২ ১২ ২ ১
হানউর্ধ্বর্দ্দিবিয়ম্মধূ২প্রিয়াম্। ওহা৩উবা। প্রত্নংসধস্থমা২৩

২ ১২ ২ ১ ৪৫ ১
হাই। ওহা৩উবা। সদাৎ। ঔ২৩হোবা ॥ (২) প্রত্নংসধস্থমা৩

১ ৫ ১ র র র
মাসা২৩৪দাৎ। প্রত্নংসধস্থমাসদদাপৃচ্ছ্যন্ধরুণংবাজিয়া২র্ষ-

৩২ ১২ ২ ১ র১ ২ ১২ ২
সাই। ওহা৩উবা। নৃভির্দ্ধৌতোবিচা২৩হাই। ওহা৩উবা।

১ ২ ৪৫ ৪
ক্ষণা। ঔ২হোবা। হো১৫ই। ডা ॥ (৩) উ॰ গা॰ ১,১২ ॥

একটি বৃহতী ও একটি বিষ্টারপংক্তিতে তিনটি বৃহতী কিরূপে সম্পন্ন হইয়াছে, তাহা এই সামটি দেখিলেই প্রতীত হয়। দেখ,—'পুনানঃ সোম' এই বৃহতী বাক্যের শেষ চরণটি দ্বিরুক্ত হইয়া 'জুহান উর্দ্ধর্দিবং' এই বিষ্টারপংক্তির পূর্ব্বার্দ্ধের সহিত সংযোজিত হইবায় দ্বিতীয় বৃহতী সম্পন্ন হইয়াছে এবং ইহারই চতুর্থপাদ দ্বিরুক্ত হইয়া উত-

রার্দ্ধের সহিত যোগে আর একটী বৃহতীর আকার ধারণ করিয়াছে। এইরূপ প্রগ্রথনানুসারে বৃহতীত্রয় সম্পন্ন ও তদনুযায়ী প্রদর্শিত "রৌরব" সামটি গীত হইয়াছে। যৌধাজয় সামও এই তিনটি বৃহতী অবলম্বনেই গীত হইয়া থাকে। যথা;—

৩ ১ ৩ ৪ ৫ ২ ৩ ৫
যৌধাজয়ম্। পুনা৩১। না৩ঃসো। ম। ধারা২৩৪য়া।
১ ২ ১ ৩ ২ ৩ ৫ ২র ১ ২ ১
আপো৩। বৃসা২। নআ৩৪৫। যা২৩৪সী। আরাত্বধাঃ।
২র ১ ৩ ২ ৩ ৫ ২ —
য়ো। নিম্নতা২। স্যসা৩৪৫ই। দা২৩৪সী। উৎসা২ঃ।
১ ৩ ২ ৩ ২ ২ ২
দাইবো২। হিরা৩৪৫। ণ্যা২৩৪য়াঃ॥ (১) উৎসো৩১।
২ ৪ ৫ ২ ৩ ৫ ১ ২ ১
দেঙবো। হি। রণ্যা২৩৪য়াঃ। উৎসো৩। দাইবো২।
৩ ২ ৩ ৫ ২ ১ ২ ১ ২ ১
হিরা৩৪৫। ণ্যা২৩৪য়াঃ। তুহান। উ। ধঃ। দিবিয়া২ম্।
৩ ২ ৩ ৫ ২ — ২ ৩ ২
মধূ৩৪৫। প্রী২৩৪য়াম্। প্রত্না২ম্। সাধা২। স্থমা৩৪৫।
৩ ৫ ৩ ২ ২ ৪ ৫ ২ ৩
সা২৩৪দাৎ॥ (২) প্রত্না৩১ম্। সা৩ধ। স্থম্। আসা২৩৪-
৫ ১ ২ ১ ৩ ২ ৩ ৫ ২র ১
দাৎ। প্রাপ্রা৩ম্। সধা২। স্থমা৩৪৫। সা২৩৪দাৎ। আপা
২ ১ ৩ ২ ৩ ৫ ২ —
চ্ছিয়াম্। ধ। রুণংবা২। জিয়া৩৪৫। যা২৩৪সী। নৃভা২ইঃ।
১ ৩ ২ ২ ৫
পৌতো২। বিচা৩৪৫। ক্ষা২৩৪পা॥ (৩) উ° গা° ১,১,৩॥

"যৌধাজয়" ও "কালেয়" সামদ্বয়ের প্রথনও এইরূপ॥ ১৭

তৃতীয়বর্ণকম্—

"শ্যাবাশ্বাস্কীগবেঽনুষ্টুবানেয়ে গ্রথ্যতেঽথবা।
পুরেব লিঙ্গং জগতী চতুর্বিংশতি কীর্ত্তনম্ ॥ ১৮

ইদমাম্নায়তে 'পঞ্চচ্ছন্দা আবাপ: আর্ভবঃ পবমানঃ সপ্ত-সামা, গায়ত্রসংহিতে গায়ত্র্যো তৃচে ভবতঃ, শ্যাবাশ্বাস্কী-গবে আনুষ্টুভে তৃচে ভবত:, উষ্ণিহি সফম্, ককুভি পৌষ্ক-লম্, কাবমন্ত্যং জগতীষু'-ইতি। অয়মর্থঃ—অস্তি তৃতীয়সবনে পবমান আর্ভবসঞ্জ্ঞকস্তস্মিন্ পঞ্চ সূক্তানি, সপ্ত সামানি, 'স্বাদিষ্ঠয়া মদিষ্ঠয়া'-ইত্যেকং সূক্তম্, তস্মিন্ গায়ত্র্যস্তিস্র ঋচঃ, তাসু 'গায়ত্রং' 'সংহিতং' চেতি দ্বে সামনী। 'পুরোজিতী বো অন্ধস:'-ইতি সূক্তান্তরম্, তত্রৈকানুষ্টুপ্ উত্তরে দ্বে গায়ত্র্যৌ, তাসু 'শ্যাবাশ্বম্' 'আস্কীগবং' চেতি দ্বে সামনী। 'ইন্দ্রমচ্ছ সুতা'-ইত্যপরং সূক্তম্, তস্মিন্নুষ্ণিহস্তিস্রঃ, তাসু 'সফং' সাম। 'পবস্ব মধুমত্তম'-ইতি প্রগাথঃ, তস্মিন্ পূর্ব্বা ককুপ্ উত্তরা পঙ্‌ক্তিঃ, তত্র 'পৌষ্কলং' সাম। 'অভিপ্রিয়াণি পবতে চ নোহিতঃ'–ইত্যন্তং সূক্তম্. তত্র তিস্রো জগত্যঃ, তাসু কাবং' সাম। এতেষাং পঞ্চানাং মধ্যে 'পুরোজিতী বঃ' 'পবস্ব'-ইত্যনয়োঃ সূক্তয়োঃ যদ্যপি দ্বে দ্বে ছন্দসী, তথাপি সমাসু গানং নিষ্পাদয়িতুং প্রগ্রথনে কৃতে সতি একমেব ছন্দঃ সম্পদ্যতে, ততোগায়ত্র্যনুষ্টবুষ্ণিক্‌ককুজ্জগতীভিঃ পঞ্চচ্ছন্দা আর্ভবপবমানোঽস্মিন্ সবনে আবপনীয় ইতি। অত্র 'পুরো-জিতীব'-ইত্যস্মিন্ সূক্তে শ্যাবাশ্বমাস্কীগবং চ সমাসু গাতু-মুত্তরে গায়ত্র্যাবাম্নাতে পরিত্যজ্য দ্বে উৎপত্ত্যনুষ্টভাবানে-তব্যে। ইতি পূর্ব্বপক্ষঃ। চতুর্থং পাদং পুনরুপাদায় দ্বে

অনুষ্টুভৌ প্রগ্রথনীয়ে। ইতি রাদ্ধান্তঃ। তত্রোতয়ত্র পূর্ব্ব-বর্ণকদ্বয়ন্যায়েন যুক্তিদ্রষ্টব্যা। লিঙ্গন্তেবমাম্নায়ন্তে—'চতুর্ব্বিংশতির্জগত্যস্তৃতীয়সবন একা চ ককুবিতি"—সেয়ং সংখ্যা, প্রগ্রথনপক্ষে উপপদ্যতে। তথাহি—গায়ত্রসংহিতয়োঃ সাম্নোরাশ্রয়ে তৃচে দ্বিরভ্যস্তে সতি ষট্‌ গায়ত্র্যো ভবন্তি। চতুর্ব্বিংশত্যক্ষরা গায়ত্রী, অষ্টাচত্বারিংশদক্ষরা জগতী, ততঃ ষড়্‌ভির্গায়ত্রীভিস্তিস্রোজগত্যোভবন্তি, শ্যাবাশ্বান্ধীগবয়োরা-শ্রয়ভূতাঃ প্রগ্রথিতা দ্বিরভ্যস্তাঃ ষড়নুষ্টুভোভবন্তি, তাভিশ্চ-তস্রোজগত্যোভবন্তি;—মিলিত্বা সপ্ত জগত্যঃ সম্পন্নাঃ। সফস্য পৌষ্কলস্য চ সামান্তরবৎ তৃচে গানং ন কর্ত্তব্যম্, কিন্ত্বেকৈকস্যামৃচি। তৎ কুতোঽবগম্যতে? উষ্ণিহি ককুভীতিসপ্তম্যেকবচনাস্তাভ্যাং বিশেষবিধানাৎ। অষ্টাবিংশ-ত্যক্ষরয়োরুষ্ণিককুভোরেকা জগতী গায়ত্রীপাদশ্চ সম্প-দ্যতে, ককুভি মধ্যমঃ পাদো দ্বাদশাক্ষরঃ, উষ্ণিহি চ পরঃ পাদঃ—ইতি তয়োর্ভেদঃ। কাবস্যাশ্রয়ভূতাঃ স্বতঃ সিদ্ধা-স্তিস্রোজগত্যঃ—ইতি মিলিত্বা পবমানেঽস্মিন্নেকাদশ জগত্যো ভবন্তি, গায়ত্রীপাদশ্চাতিরিচ্যতে। আর্ভবপবমানবৎতৃতীয়-সবনে য়জ্ঞায়জ্ঞীয়স্তোত্রমেকমস্তি, তস্যাশ্রয়ঃ 'য়জ্ঞায়জ্ঞাবো অগ্নয়ে'-ইত্যসৌ প্রগাথঃ, তত্র পূর্ব্বা বৃহতী, উত্তরা বিষ্টার-পঙ্‌ক্তিস্তয়োঃ প্রগ্রথনেন ককুভাবুত্তরে কর্ত্তব্যে। তত্রৈক-বিংশস্তোমস্তস্য বিধায়িকা বিষ্টুতিরেবমাম্নায়তে। 'সপ্তভ্যো হিং করোতি স তিসৃভিঃ স তিসৃভিঃ স একয়া, সপ্তভ্যো হিঙ্করোতি স একয়া স তিসৃভিঃ স তিসৃভি, সপ্তভ্যো হিঙ্করোতি স তিসৃভিঃ স একয়া সং তিসৃভিঃ'—ইতি। অয়মর্থঃ

প্রথমায়াঃ বৃহত্যাস্ত্রিষু পর্য্যায়েষু ত্রিবারমেকবারং পুনস্ত্রিবার-মিতি সপ্ত বৃহত্যঃ, মধ্যমায়াঃ ককুভঃ প্রথমদ্বিতীয়য়োঃ পর্য্যা-য়য়োস্ত্রিস্ত্রিঃ পাঠঃ, অন্ত্যে সকৃৎ, উত্তমায়াঃ ককুভঃ আদৌ সকৃৎ, দ্বিতীয়তৃতীয়য়োস্ত্রিস্ত্রিঃ, এবং চতুর্দ্দশ ককুভঃ। তাসু ককুপ্সু দ্বাদশাক্ষরাঃ মধ্যমপাদাশ্চতুর্দ্দশ, তেষু সপ্ত পাদাঃ সপ্তসু বৃহতীষু য়োজনীয়াস্ততঃ সপ্ত জগত্যোভবন্তি অবশিষ্টা অষ্টাক্ষরাঃ ককুভা মাদ্যপাদা অন্ত্যপাদাশ্চ মিলিত্বাষ্টাবিং-শতিঃ, তেষু ষড়্ভিঃ পাদৈঃ একা জগতীত্যনেন ক্রমেণ চতু-র্বিংশতিপাদৈশ্চতস্রো জগত্যো ভবন্তি। য়ে তু দ্বাদশাক্ষরাঃ সপ্তপাদাঃ পূর্ব্বমবশিষ্টাঃ তেষু পবমানশেষোঽষ্টাক্ষরঃ পাদো-য়োজনীয়ঃ; ককুভাংশেষেম্বষ্টাক্ষরেষু চতুর্ষু পাদেষু চত্বার্য্য-ক্ষরাণি য়োজনীয়ানি, তে দ্বে জগত্যৌ ভবতস্তমেবং য়জ্ঞা-য়জ্ঞীয়স্তোত্রে ত্রয়োদশ জগত্যঃ পূর্ব্বোক্তাঃ পবমানগতা একাদশেতি চতুর্বিংশতির্জগত্যশ্চতুরক্ষরবর্জ্জিতাশ্চত্বারোঽষ্টা-ক্ষরপাদাঃ, মিলিত্বা ককুবেকা ভবতি।

অনেন লিঙ্গেন শ্যাবাশ্বমাঙ্কীগবং চ প্রগ্রথিততৃচে গাতব্যম্‌ ন তু তত্রোৎপত্ত্যনুষ্টুবানয়নমিতি স্থিতম্"—ইতি॥ ১৮

(অনুবাদ)

এরূপ আরও আছে যথা;—
'শ্যাবাশ্ব' ও 'আঙ্কীগব' আনুষ্টুভে তৃচে গেয়।
আছে বিধি; কিন্তু তা কৈ? তবে কি এ বিধি হেয়?
কিংবা ইহা আহরিব যুগ্ম অনুষ্টুপ্ দেখিয়া?
না:—এও হ'বে পূর্ব্ববৎ, গাঁথি গায়ত্রী বর্দ্ধিয়া॥ ১৮

তৃতীয়সবনে 'আর্ত্তবপবমান' পাঠের বিধি আছে। ঐ আর্ত্তবপবমানে পঞ্চসূক্তে সপ্ত সাম গীত হইয়াথাকে। যথা— প্রথম 'স্বাদিষ্ঠয়া (উ০ ১,১,১৫)' এই সূক্তে গায়ত্রী ছন্দের তিনটি ঋক্ আছে, ঐ গুলি অবলম্বন করিয়া 'গায়ত্র' ও 'সংহিত' নামক সামদ্বয় গীত হয় (উ০ গা০ ১,১,৮)। দ্বিতীয় 'পুরোজিতী (উং ১,১,১৮)', এ সূক্তে একটি অনুষ্টুপ্ ও দুটী গায়ত্রী ছন্দের ঋক্ আছে, এতদবলম্বনে 'শ্যাবাশ্ব' ও 'আন্ধীগব' নামক সামদ্বয় গীত হয় (উং গাং ১,১,১১-১২)। তৃতীয় 'ইন্দ্রমচ্ছ সুতা (উং ১,১,১৭)' এ সূক্তে উষ্ণিক্‌ছন্দের তিনটি ঋক্ আছে তদবলম্বনে 'সফ' নামক সাম গীত হয় (উং গাং ১,১,১০)। চতুর্থ 'পবস্বমধুমত্তমঃ (উং ১,১,১৬)', এ সূক্তে দুটিমাত্র ঋক্ আছে, তাহার প্রথমটি ককুপ্ ছন্দের, দ্বিতীয় পঁক্তি ছন্দের, এতদবলম্বনে 'পৌষ্কল' নামক সাম গীত হয় (উং গাং ১,১,৯)। পঞ্চম 'অভিপ্রিয়াণিপবতে (উং ১,১,১৯), এ সূক্তে জগতী-ছন্দের তিনটি ঋক্ আছে, তাহা অবলম্বন করিয়াই 'কাব' নামক সাম গীত হয় (উং গাং ১,১,১৩)। এই পাঁচটির মধ্যে 'পুরোজিতীবঃ' ও 'পবস্বমধুমত্তমঃ' এই সূক্তদ্বয় যদিও দুই দুই ছন্দের দুই দুই ঋকের পরং 'সমানছন্দের ঋক্‌ত্রয়ে গান করিবে, ব্যবস্থা থাকায় প্রগ্রথন দ্বারা একছন্দ ও ত্রিত্ব ও সম্পাদিত হইয়া থাকে। এইরূপে তৃতীয় সবনে আর্ত্তবপবমানে গায়ত্রী, অনুষ্টুপ্, উষ্ণিক্, ককুপ্ ও জগতী এ পঞ্চ-ছন্দই ব্যবহৃত হইয়াথাকে। এস্থলে বিচার্য্য, যে, পুরোজিতী সূক্তে শ্যাবাশ্ব ও আন্ধীগব গান করিবার জন্য 'সমান

ছন্দের ঋক্‌ত্রয়ে গান করিবে' নিয়মানুসারে গায়ত্রী ছন্দের ঋগ্‌দ্বয় (২য় ও ৩য়) ত্যাগ করিয়া ছন্দোগ্রন্থ হইতে যে কোন হউক দুটি আনুষ্টুভ মন্ত্র সংগ্রহ করত উক্ত গান সম্পন্ন করাই কর্ত্তব্য হইতে পারে। উত্তরাগ্রন্থে পঠিত উক্ত পুরোজিতী সূক্ত যথা—

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ২ ৩ ১ ২
পুরোজিতীবোঅন্ধসঃসুতায়মাদয়িত্নবে। অপশ্বানশ্নথি-
৩ ১ ২ ৩ক ২। ১ ২। ৩ ১ ২ ৩ ১
ষ্টনসখায়োদীর্ঘজিহ্ব্যম্‌॥ (১) য়োধারয়াপাবকয়াপরিপ্রস্য-
২ ৩ ২ ২ ৩ ২ ৩ ২। ২ ৩ ১ ২ ৩ ২। ৩
ন্দতেসুতঃ। ইন্দুরশ্বোনকৃত্ব্যঃ॥ (২) তন্দুরোষমভীনরঃ
১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
সোমংবিশ্বাচ্যাধিয়া। য়জ্ঞায়সন্ত্বদ্রয়ঃ॥(৩) উঃ ১,১,১৮,১-২-৩॥

এই সূক্তের ২য় ও ৩য় মন্ত্র পরিবর্ত্তন না করিলে তিনটি আনুষ্টুভ মন্ত্র হইতে পারে না অতএব অবশ্য পরিবর্ত্তনীয়? এ বিষয়ে সিদ্ধান্ত বলা হইতেছে, যে, না; মন্ত্র পরিবর্ত্তনের কোন আবশ্যক নাই, চতুর্থ পাদগুলির পুনরুক্তির দ্বারাই গায়ত্রীছন্দের ঋক্‌ ও অক্ষর বৃদ্ধি হইয়া অনুষ্টুপ্‌ আকার ধারণ করিবে। যথা—

৩ ২ ২ ৪ র ৫ ২ ৪
শাবাশ্বম্‌॥ পুরো৩১। জী৩তী। বোঅ। ধা৩সঃ।
৫ ১ র র ৫ ১ — ১র —
এহিয়া। সু। তায়মাদা। য়ি। ত্নবা২ই। এহিয়া২। অপ-
১র ২ ৩ ৫ ২র — ১র — র
শ্বানাত্মথা৩ষ্টী৩। ষ্টা২৩৪না। ঐহা২ই। এহিয়া২। সখা-
১র ২ ৫ ২ ৫ ৩ ২ ২
য়োদীর্ঘা৩জী৩। হ্বা৩৪৫য়োঙহাই॥ (১) সখা৩১। য়ো৩

৪ ৫ ২ ৩ ৫ ১ র র ২
দী। ঘজি। হ্বাতয়ম্। এহিয়া। য়ো। ধারয়াপ্যু। ব।

১ — ১র — ১ ২ ৪ ৫
কয়া২। এহিয়া২। পরিপ্রস্যান্দা৩তা৩ই। সূ২৩৪তাঃ।

— ১র — ১ ২ ৪ ২
ঐহা২ই। এহিয়া২। ইন্দুরশ্বোনা৩কা৩। স্বা৩৪৫য়ো৬

৫ ৩ ২ ২ ৪ ৫ ২ ৪
হাই ॥ (২) ইন্দূ৩১ঃ। আ৩শ্বো। নকু। স্বা৩য়ঃ। এহি-

৫ ১ র ২র ১ — ১র — র
য়া। তাম্। জুরোষমা। ভী। নরা২ঃ। এহিয়া২। সোমং-

১ ২ ৪ ৫ ২র — ১র — র ১ ২
বিশ্বাচীতয়া৩। ধা২৩৪য়া। ঐহা২ই। এহিয়া২। য়জ্ঞায়সান্তু

৪ ২ ৫
৩বা৩। দ্রা৩৪৫য়ো৬হাই ॥ (৩) উ০ গা০ ১,১,১১ ॥

এইরূপে চতুর্থপাদ পুনরুপাদান দ্বারা অনুষ্টুপ্ত্ব সম্পাদন করিবে, তথাপি ঐ গায়ত্রীদ্বয় ত্যাগ করিয়া অপর অনুষ্টুপ্দ্বয় সংগ্রহ করিবে না, তদ্বিষয়ে 'তৃতীয় সবনে ২৪টি জগতী ও ১টি ককুপ্ গীত হইবে'—এই বিধিই প্রমাণ। উল্লিখিত পঞ্চ সূক্তের যথাবৎ পাঠ অনুসারে মোট অক্ষর গণনা করিলেই ইহা সম্পন্ন হইবে, নতুবা গায়ত্রীর পরিবর্ত্তে সঙ্গৃহীত অনুষ্টুপ্ অনুসারে মোট অক্ষর গণনা করিলে ২৪ জগতী ও ১ ককুপ্ হইতে অধিক হইয়া পড়িবে অতএব এই চতুর্ব্বিংশতি সংখ্যার উল্লেখরূপ বিশেষ প্রমাণে এস্থলেও পূর্ব্ববৎ চতুর্থপাদ পুনরাবৃত্তির দ্বারা অনুষ্টুপ্ছন্দের ঋকৃত্রয় সম্পন্ন করিতে হইবে ॥ ১৮

(মূল)

তুর্থবর্ণকম্—

"চতুঃশতে প্রগ্রথনমৃচঃ পাদস্য বাগ্রিমঃ।

তৃচে মুখ্যত্বতো নৈবমৃগন্যত্বস্য বর্ণনাৎ ॥ ১৯

গবাময়নে ব্রহ্ম সাম বিহিতম্—'অভিবর্ত্তোব্রহ্মসাম ভবতি'-ইতি, তৎপ্রকৃত্য শ্রূয়তে—'চতুঃশতমৈন্দ্রা বার্হতাঃ প্রগাথাঃ'—ইতি। চতুরুত্তরশতসংখ্যাকাঃ ইন্দ্রদেবতাকাঃ বৃহতীচ্ছন্দস্কাঃ ঋগ্‌দ্বয়াত্মকাঃ। তেষেকপ্রগাথগতে দ্বে ঋচৌ, দ্বিতীয়প্রগাথগতামেকামৃচঞ্চ প্রগ্রথ্য তৃচে অভিবর্ত্ত নামকং সাম গাতব্যম্। তথাসত্যাম্নাতানামবিকৃতানামেব তিসৃণামৃচাং লাভাৎ তৃচস্য মুখ্যত্বং ভবতি। পূর্ব্বোক্তরীত্যা পাদপ্রগ্রথনে তু বিকৃতত্বাদমুখ্যস্তৃচঃ স্যাদিতি প্রাপ্তে,ক্রমঃ—"অন্যা-অন্যাঋচোভবন্তি, তদেব সাম"—ইত্যৃচামন্যত্বমত্র বর্ণ্যতে, তচ্চ পাদপ্রগ্রথনে সম্ভবতি, ঋক্‌প্রগ্রথনে তু যেয়মৃক্ পূর্বস্য তৃচস্যান্ত্যা সৈবোত্তরস্য তৃচস্যাদ্যেত্যন্যত্বমৃচো ন স্যাৎ। তস্মাৎ পাদস্য প্রগ্রথনম্"—ইতি ॥ ১৯

(অনুবাদ)

ঐ বিষয়েই আর এক প্রকার বিচার্য্য ;—

"চতুঃশতে প্রগ্রথিবে ঐন্দ্র বার্হত তৃচেতে,

এই বিধি অনুসারে ঋক্ হ'বে কি আবর্ত্তিতে ?

না না ; পাদের সম্ভবে, ঋচা গ্রথি নাহি ফল,

পাদেরি গ্রথনে সাধি তৃচে গাহিবে সকল ॥ ১৯

গবাময়ন সত্রে, ইন্দ্রদেবতাক ও বৃহতীচ্ছন্দের এক শত চারিটি প্রগাথ অবলম্বন করিয়া অভিবর্ত্ত ব্রহ্ম সাম গীত

হইয়াথাকে। এস্থলে বিচার্য্য যে "ঐন্দ্র বার্হত প্রগাথ গ্রথন করিবে" বিধি থাকায় ঋগ্‌দ্বয়াত্মক প্রগাথের মধ্যে প্রথম ঋক্‌টি আবৃত্তি করিয়া দুইটী হইবে তাহা হইলেই প্রকৃত দ্বিতীয়টিই তৃতীয়ত্ব লাভ করিবে, এরূপে সেই প্রগাথ গ্রথনানুসারে ত্রিত্ব লাভ করিলে, তাহা অবলম্বন করিয়া স্তোত্রগান হইতে পারে পরং তাহা হইবে না প্রত্যুত পূর্ব্বপূর্ব্ববৎ পাদ গ্রথনের দ্বারাই তৃচ্ সম্পন্ন হইবে অন্যথা প্রথম ও দ্বিতীয় ঋক্ এক আকারের হইলে "বিভিন্ন আকারের ঋক্‌ত্রয় অবলম্বনীয়" বিধির এ অংশটুকু বিরুদ্ধ হইবে, পক্ষান্তরে প্রথম ঋকের শেষ পাদ পুনরাবৃত্তি করিয়া দ্বিতীয় ঋকের প্রথম পাদের সহিত গ্রথন করিলে বিভিন্ন আকারের ঋক্‌ত্রয় সুসম্পন্ন হইবেই অতএব সর্ব্বত্রই পাদাবৃত্তিপূর্ব্বকই গ্রথন করিতে হইবে, ঋক্ আবৃত্তি কুত্রাপি করিবে না॥" ১৯

(মূল)

নবমাধিকরণম্—তত্রৈব নবমদশময়োরধিকরণয়োরপরবিশেষৌ চিন্তিতৌ। নবমাধিকরণম্ ;—

"আই-ভাবোয়োনিবশাদুত্তরাবশতোঽথবা।
গীত্যর্থত্বাদাদিমোঽন্ত্যোবর্ণাভিব্যঞ্জকত্বতঃ॥ ২০

'যদ্ যোন্যাং তদুত্তরয়োর্গায়তি'—ইতি শ্রূয়তে। তত্র 'কয়ানশ্চিত্রআভুবৎ'—ইত্যসাবৃগ্‌যোনিঃ। তস্যামৃচি 'কয়া' ইত্যক্ষরদ্বয়মাদ্যোভাগঃ, 'নশ্চিত্রআভুব'দিত্যক্ষরষট্‌কং দ্বিতীয়োভাগস্তস্মিন্ ভাগে দ্বিতীয়াক্ষরে চকারস্যোপরিতনমিকারং বিলোপ্য তস্য স্থানে আইভাবমাম্নায় গীতির্নিষ্পাদিতা। 'কস্ত্বাসত্যোমদানাম্'-ইত্যনন্তর্ভাবিন্যুত্তরা। তস্যাং যোনিন্যায়েন

চতুর্থাক্ষরে তকারস্যোপরিতনং য়কারমোকারঞ্চ লোপয়িত্বা তয়োঃ স্থানে আই-ভাবঃ কার্য্যঃ। 'অভীষুণঃ'—অসাবপরোত্তরা। তস্যামপি চতুর্থাক্ষরে ণকারস্যোপরিতনমকারং লোপয়িত্বা তস্য স্থানে আই-ভাবঃ কর্ত্তব্যোঽন্যথা গীতিনাশপ্রসঙ্গাদিতি প্রাপ্তে, ক্রমঃ—নাত্র য়োনৌ বর্ণান্তরস্যাগমঃ, কিন্তর্হি? বিদ্যমান এব চকারস্যোপরিতন ইকারঃ সামপ্রসিদ্ধয়া প্রক্রিয়য়া বৃদ্ধঃ সন্নৈকারো ভবতি, তস্য সন্ধ্যক্ষরত্বাৎ 'আকারঃ পূর্ব্বোভাগ ইকার উত্তরভাগস্তাবুভৌ বিশ্লেষেণ গীয়মানাবাই-ভাবং প্রতিপদ্যেতে। তথাচ সামগা আহুঃ—'বৃদ্ধং তালব্য মাই ভবতি'-ইতি, তথাসত্যুত্তরয়োশ্চতুর্থাক্ষরে নাস্তি তালব্য ইকার ইত্যাই-ভাবো ন কর্ত্তব্যঃ। 'অভীষু ণঃ সখীনামবিতা জরিতৃণাম্'—ইত্যেতস্যামুত্তরায়াং দ্বাদশাক্ষরগতস্য রেফস্যোপরিতন ইকারঃ পূর্ব্ববদাই ভবতি। তথা সোঽয়মাই-ভাবঃ উক্তরীত্যা বর্ণাভিব্যঞ্জকত্বাদুত্তরাগতবর্ণবশেন কর্ত্তব্যঃ, গীত্যর্থত্বাভাবেন য়োনিক্রমে তেন বিনাপি গীতির্ন বিনশ্যতি"—ইতি ॥ ২০

(অনুবাদ)

নবম ও দশম অধিকরণে অপরাপর বিষয়ও নির্ণীত হইয়াছে। তন্মধ্যে নবম এই ;—

"আই-ভাব যোনি মত হ'বে কিংবা অন্য মত?
হ'তে পারে সেই মত, কিন্তু হ'বে ইকার-সম্মত ॥ ২০

উত্তরাগ্রন্থের ঋচ্‌গুলির প্রথমটি যোনিগ্রন্থেও আছে এবং ঐ যোনি বা প্রথম ঋকটি অবলম্বন করিয়া যে গান গীত হয়, তাহা যোনি গান বা গেয়গান গ্রন্থে পাওয়া যায়।

ঐ যোনি ঋকের পর পঠিত দ্বিতীয় ও তৃতীয় ঋক্‌কে উত্তর ঋগ্‌দ্বয় কহে, এই উত্তর ঋগ্‌দ্বয়ও অবিকল ঐ যোনি ঋকের ন্যায় গীত হইয়া থাকে সুতরাং যোনি সামের সহিত উত্তর সামদ্বয়ের বর্ণগত ও অর্থগত বিভিন্নতা থাকিলেও সামাংশে অর্থাৎ স্বরাংশে কিছুমাত্র পার্থক্য থাকে না; এ সমস্তই ইতিপূর্ব্বে বর্ণিত হইয়াছে এবং ইহাও বলা হইবে যে বর্ণের বিকার আগম প্রভৃতি সাম ধর্ম্ম। প্রকৃত স্থলে 'কয়া নশ্চিত্র আভুবৎ' এই যোনি-ঋক্-মূলক 'কা১৫য়া। নশ্চা৩ই ত্রা৩ আভুবাৎ।' বামদেব্য নামক যোনি সামও আছে, উত্তরাগ্রন্থে ঐ যোনি ঋক্‌টি প্রথম রূপে পঠিত আছে এবং সেই ছন্দের তৎপর-পর আরও ঋগ্‌দ্বয় আছে, ঐ ঋগ্‌দ্বয় অবলম্বন করিয়া 'যাহা যোনিতে গীত হইবে তাহাই উত্তর ঋগ্‌দ্বয়েও গাইবে' এই পূর্ব্বোক্ত বিধি অনুসারে আরও দুইটি বামদেব্য গীত হইয়া থাকে। যথা—

১২ ৩ ১। ২। ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ২ ৩ ১ ২ ৩ ২

কয়ানশ্চি*ত্রআভুবদূতীসদাবৃধঃসখা। কয়াশচিষ্ঠয়াবৃতা ॥(১)

১ ২ ৩ ১। ২। ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩

কস্ত্বাসত্যোমদানাম্মংহিষ্ঠোমৎসদন্ধসঃ। দৃঢ়াচি*দারুজে-

১ ২ ৩ ২উ ৩ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩

বসু ॥ (২) অভীষুণঃসখীনামবিতাজরিতৄণাম্। শতম্ভবাসূ-

১ ২

তয়ে ॥ (৩) উ০ আ০ ২,১,১২ ॥

৩ র ৪ ২ ৩র ৫

॥ মহাবামদেব্যম্ ॥ কা১৫য়া। নশ্চা৩ইত্রা*৩আভুবাৎ।

---

(১) এটি যোনিঋক্। (২), (৩) এই দুটি উত্তর ঋক্।

উ। ত্বীসদাবৃধঃস। খা। ঔ৩হোহাইণ। কয়া২৩শ্চাই।
ষ্ঠয়োহো৩। হুম্মা২। ৱা২র্ত্তো৩১৫হাই॥ (১) কা১৫স্ত্বা।
সত্যো৩মা৩দানাম্। মা। হিষ্ঠোমা২ৎসাদন্ধ। সা।. ঔ৩হো-
হাইণ। দৃঢ়া২৩চিদা। রুজোহো৩। হুম্মা২। ৱা১৩সো৩১৫-
হায়ি॥ (২) আ১৫ভী। ষুণা৩ঃসা৩খীনাম্। আ। ৱিতাজ-
রায়িশ্তৃ। ণাম্। ঔ২৩হোহায়িণ। শতা২৩ন্তরা। সিয়োহো৩।
হুম্মা২। তা১২য়ো৩১৫হায়ি॥ (৩) উ০ গা০ ১,১,৫॥

এস্থলে বিচার্য্য, যে 'কয়ানশ্চিত্র আভুবৎ' যোনি ঋকের 'কা১৫য়া' এই পূর্ব্বভাগ অনুযায়ী 'কা১৫স্ত্বা' এবং আ১৫ভী পূর্ব্বভাগ হইয়াই থাকে কিন্তু 'নশ্চি' এ অংশের গানে যেরূপ 'নশ্চা৩ই' হয়, উত্তর ঋগ্দ্বয়ের গানে চতুর্থাক্ষরে সেরূপ আই-ভাব দৃষ্ট হয় না, ঐরূপ আই-ভাব হওআ উচিত কি না? এতদুত্তরে বক্তব্য যে যোনি গানে এস্থলে বর্ণান্ত-রের আগম হয় নাই, ঋকের চতুর্থাক্ষর চকারের পরে যে ইকারটি ছিল, তাহাই প্রসিদ্ধ সাম প্রক্রিয়ানুসারে বর্দ্ধিত হইয়া 'ঐ' হয় এবং 'ঐ'টি সন্ধ্যক্ষর অর্থাৎ 'ঐ' মধ্যে আ- এবং ই স্পষ্ট শ্রুত হইয়া থাকে, তাহাই গানকালে গান প্রক্রিয়ানুসারে বিশ্লিষ্ট উচ্চারণ করিতে হইলেই 'আই' এইরূপ শ্রুত হয়। এতদনুসারেই সামগগণের একটি সূত্র

(১) এটি যোনিসাম। ইহাকেই বামদেব্য কহে।

আছে যে "তালব্য বর্ণ অর্থাৎ ই বৃদ্ধ হইয়া আই হয়"। এতাবতা প্রথম ঋক্‌টিতে চতুর্থ বর্ণে ই ছিল তাহাই বৃদ্ধ হইয়া আই-ভাব ধারণ করিয়া থাকে, উত্তর ঋগ্‌দ্বয়ের চতুর্থ বর্ণে ইকার নাই সুতরাং বৃদ্ধ হইয়া আই-ভাবও হয় না বরং তৃতীয় ঋকের দ্বাদশাক্ষর রেফের পরে ইকার আছে, তাহা আই-ভাব ধারণ করিয়াই থাকে। উপসংহারে বক্তব্য যে এই যে আই-ভাব ইহা বর্ণাভিব্যঞ্জক সুতরাং বর্ণানুসারে হইবে, ইহা গানের নিয়ামক নহে অতএব যোনি গানানুসারে উত্তর গানদ্বয়ে অতিদিষ্ট হইবে না৷ ইহার অভাবে 'যোনির ন্যায় গান হইল না' ইহা বক্তব্য নহে॥" ২০

(মূল)

দশমাধিকরণম্—

"স্তোভানোত প্রদিশ্যন্তে নাগীতিত্বেন বর্ণবৎ।
স্বরাদিবৎ প্রদিশ্যন্তে গীতিকালোপযোগতঃ॥ ২১

বামদেব্যসাম্নোর্যোনৌ দ্বয়োরর্দ্ধয়োর্মধ্যে ঔকারদ্বয়েন হো-শব্দেন হায়ি-শব্দেন চ নিষ্পন্নঃ স্তোভ এবমাম্নাতঃ— 'ঔ৩হো হায়ি'-ইতি,—সোঽয়ং স্তোভোনোত্তরয়োরতিদিশ্যতে, কুতঃ? অগীতিত্বাৎ। 'যদ্‌যোন্যাং তদুত্তরয়োর্গায়তি'— ইতি গীতিমাত্রমতিদিশ্যতে, তত্র প্রথমায়া ঋচো বর্ণাঃ যথা নাতিদিশ্যন্তে তথা স্তোভা অপি। ইতি প্রাপ্তে, ক্রমঃ—স্বরো-বর্ণবিশ্লেষোবিরামইত্যেতে গীত্যুপয়োগিত্বাদ্ যথাতিদিশ্যন্তে, তথা স্তোভা অপি গীতিকালপরিচ্ছেদকত্বাদতিদিশ্যন্তে" —ইতি॥ ২১

(অনুবাদ)

দশম অধিকরণে এইরূপ আরও একটি আছে ; যথা—
"পূর্ব্বের দৃষ্টান্ত মতে স্তোভও কি ত্যাজ্য হ'বে ?
না না ; তাহা হ'লে বল, সাম আর কি গাহিবে ॥ ২১

ঐ পূর্ব্বোক্ত বামদেব্য সামকেই দৃষ্টান্তস্থলে রাখিয়া বিচার্য্য, যে, যেরূপ আই-ভাবকে বর্ণগত স্বীকার করিয়া উত্তর গানে তাহার অতিদেশ অনাবশ্যক, সেইরূপ ঔকার-দ্বয় ও হো-শব্দ এবং হায়ি-শব্দের দ্বারা নিষ্পন্ন যে স্তোভ, তাহাও কি অনাবশ্যক ? তাহা হইলে বামদেব্য সামের যোনি গানে 'খা' র পরে "ঔঔহো হাই" আছে দেখিয়া, উত্তর গানদ্বয়েও 'সা'র ও 'নাম্'র পরে 'ঔঔহো হাই' গান কর্ত্তব্য হইতে পারে না। এস্থলে সিদ্ধান্তিত হইতেছে যে 'যোনিতে যাহা থাকিবে, তাহাই উত্তরেও গীত হইবে' বলায় যোনির বর্ণ উত্তরেও অতিদিষ্ট হইবে এরূপ বোধ হয় না প্রত্যুত গানই অতিদিষ্ট স্পষ্ট বোধ হইতেছে অতএব মন্ত্রের অবয়ব 'ই' কে বৃদ্ধ করিয়া 'আই' গীত হইয়া থাকে, সেস্থলে উত্তর ঋকে মন্ত্রের অবয়ব 'ই' না থাকিলে 'ই' বর্ণ অতিদিষ্ট হয় না সুতরাং গানেও আইভাব শ্রুত হয় না (১) কিন্তু 'ঔঔহোহায়ি' ইত্যাদি স্তোভ গুলি, ইহা যোনি ঋকের অবয়ব বর্ণ বা পদ নহে প্রত্যুত বামদেব্য গানের অংশ (২), উত্তর গানদ্বয়ে বামদেব্য গানের অতিদেশ করিলে সুতরাং

---

(১) ৭৭ ও ৭৮ পৃষ্ঠার * এই চিহ্নিত স্থানগুলি দেখ।

(২) ৭৭ ও ৭৮ পৃষ্ঠার † এই চিহ্নিত স্থানগুলি দেখ।

এ গুলিও অতিদিষ্ট হইবে। এতাবতা ইহাই নিষ্পন্ন হইল যে যেরূপ, স্বর, বর্ণবিশ্লেষ ও বিরাম গীতির উপযোগী বলিয়া উত্তর গানেও অতিদিষ্ট হইয়া থাকে, সেইরূপ 'ঔওহোহায়ি' প্রভৃতি স্তোভও গীতির কাল পরিচ্ছেদক বলিয়া অবশ্য অতিদিষ্ট হইবে ॥ ২১

(মূল)

অষ্টমাধিকরণদ্বিতীয়বর্ণকে ক্বচিদুৎপন্না গানাভাবশঙ্কা নিবারিতা ;—

"গানস্য নিয়মোনোত বিদ্যতে ব্রহ্ম্যুপাস্থতৌ।

নাম্নানন্বয়তোঽস্ত্যেব প্রকৃতত্বাৎ শ্রুতেরপি ॥ ২২

ক্বচিৎ কর্ম্মবিশেষে শ্রূয়তে—'অয়ং সহস্রমানব-ইত্যেতয়া হবনীয়মুপতিষ্ঠতে'—ইতি। অসাবৃক্ সংহিতাগ্রন্থে সমাম্নাতা, প্রগীতা গানগ্রন্থে। ততোবহ্নেরুপস্থানে তস্যামৃচি গানং ন নিয়তং কিন্তু বিকল্পিতমিতি প্রাপ্তে, ক্রমঃ—অস্ত্যেব নিয়মো গানে; কুতঃ? সামবেদে গানস্যৈব প্রকৃতত্বাৎ। ঋচাং সংহিতাপাঠোঽত্র গানায়ৈব, ন হ্যাধারমন্তরেণ গাতুং শক্যতে। অথোচ্যেত? 'অয়ং সহস্রেত্যৃক্‌প্রতীকপূর্ব্বকেণ বাক্যেনোপস্থানবিধানাদ্ বাক্যস্য প্রকরণতঃ প্রবলত্বাদৃচৈবোপস্থানমিতি। তন্ন, প্রকৃতপ্রগীতমন্ত্রবাচিন্যা এতয়েতি সর্ব্বনামশ্রুতেঃ প্রবলতরত্বাৎ। তস্মাৎ প্রগীতয়ৈবোপস্থানম্"—ইতি ॥ ২২

(অনুবাদ)

অষ্টমাধিকরণ দ্বিতীয় বর্ণকে আরও একটি আশঙ্কা নিবারিত হইয়াছে। যথা—

"যে কার্য্যে নাহিক শুনি বিধি, সামের বিশেষে,
তাহাতে কি পাঠ্য হবে ঋচা-সাম নির্ব্বিশেষে ?
না না ; সামগগণের সামগান মাত্র পুঁজি,
অতএব সর্ব্বস্থলে পাঠ্য সাম খুঁজি খুঁজি ॥ ২২

একস্থলে বিধি আছে 'অয়ং সহস্রমানব মন্ত্রের দ্বারা হবনীয়াগ্নির উপস্থান করিবে'। এই ঋক্‌টি ছন্দোগ্রন্থে পঞ্চমপ্রপাঠকের দ্বিতীয় অর্দ্ধের তৃতীয় দশতে দ্বিতীয়রূপে পঠিত আছে এবং গান গ্রন্থের দ্বাদশ প্রপাঠকের প্রথমার্দ্ধে অষ্টাবিংশরূপে গীতও দেখাযায়। যথা—

৩ ২ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ১ ৩ ২ ৩ ২উ ২ ১ ২ ৩ ২ ৩ ১
ঋক্ অয়ংসহস্রমানবোদৃশঃকবীনাম্মতির্জ্যোতির্ব্বিধর্ম্ম। ব্রধ্নঃসমী-
২ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ১ ৩ ২
চীরুষসঃসমৈরয়দরেপসঃসচেতসঃস্বসরেমন্যুমন্তশ্চিতাগোঃ ॥২

৫ ৪ ৫ ৩ ২ ৩ ৫ ২ ১ ২ র ১র র
অয়ংসহোহায়ি। স্রমানা২৩৪বাঃ। দৃশাঃকবীনামতির্জ্যো।
৩ ৩ ৫ ২ ১ ২ ১ ২র ১ ২ ২ ১ ২
তির্ব্বিধা২৩৪র্ম্মা। ব্রধ্নাঃসমায়ি। চীরুষসঃ। সমায়রা২১য়া২৫।
৩ ২ ১ ২ ৪ ৫ ৪ ৫র ৩ ২ ১ ২র ২ ১
অরা৩। হোবা৩। পা। সঃসচে। তসা৩ঃ। স্বাসরে। মন্যু-
২ ৩ ২ ৩ ৫র র ৩ ১ ১ ১
মা২৩ন্তাঃ। চিতে। য়া২৩৪ঔহোবা। গো২৩৪৫ঃ ॥ ২৮ ॥

এস্থলে বিচার্য্য, যে, উল্লিখিত হবনীয়াগ্নির উপস্থানে ঋক্‌টি ব্যবহৃত হইবে বা তন্মূলক সামটিই ব্যবহৃত হইবে ? যখন উক্ত বিধিতে ঋক্ বা সামের দ্বারা এরূপ কোন বিশেষ উল্লিখিত হয় নাই, তখন যথেচ্ছ ব্যবহারই হইতে পারে অর্থাৎ যাহার ইচ্ছা হইবে ঐ ঋক্ পাঠ পূর্ব্বক হবনাগ্নির

উপস্থান করিতে পারিবে, যাহার ইচ্ছা হইবে ঐ ঋঙ্ মূলক সাম গান দ্বারাও হবনাগ্নির উপস্থান করিতে পারিবে'। এই আশঙ্কা নিবারণার্থ বলা হইয়াছে, যে, সামবেদে গানেরই প্রাধান্য, গানকেই সাম কহে এবং ঐ সামই যাঁহাদের ব্যবহার্য্য তাঁহারাই সামগ। সামবেদের মধ্যে যে ছন্দোগ্রন্থ দেখা যায়, যাহাতে ঋক্‌সমস্ত রহিয়াছে, উহা কেবল সেই সমস্ত সামের অর্থজ্ঞানের আনুকূল্যের জন্য। বস্তুত ঋক্ পদের বিশেষ উল্লেখ না থাকিলে সামই সর্ব্বত্র সামগগণের ব্যবহার্য্য ॥ ২২

(মূল)

পঞ্চদশাধিকরণাদিষু ত্রিষু ধর্মসাঙ্কর্য্যং চিন্তিতম্।

পঞ্চদশাধিকরণম্—

"বৃহদ্রথন্তরৈর্ধর্ম্মৈঃ সঙ্কীর্ণো বা ব্যবস্থিতিঃ।

পৃষ্ঠৈক্যাৎ সঙ্করোধর্ম্মে নির্দ্দেশাদের্ব্যবস্থিতিঃ ॥ ২৩

জ্যোতিষ্টোমে বিকল্পনং পৃষ্ঠস্তোত্রে বিহিতম্—'বৃহৎপৃষ্ঠং ভবতি, রথন্তরং পৃষ্ঠং ভবতি'-ইতি। তত্রোভয়ত্র ধর্ম্মাঃ শ্রুতাঃ—'বৃহতি প্রস্তূয়মানে মনসা সমুদ্রং ধ্যায়েৎ, রথন্তরে প্রস্তূয়মানে সম্মীলয়েৎ'-ইত্যাদয়স্তে উভয়ত্র সঙ্কীর্য্যেরন্, পৃষ্ঠসিদ্ধিলক্ষণস্য কার্য্যস্যৈকত্বাদিতি চেৎ? ন, নির্দ্দেশভেদাৎ, সাঙ্কর্য্যে স্ববৈলক্ষণ্যেন বৃহদিতি রথন্তরমিতি চ দ্বৌ নির্দ্দেশৌ নোপপদ্যেয়াতাম্। কিঞ্চোভয়ধর্ম্মসাহিত্যং বিরুদ্ধম্। উচ্চৈর্গেয়ং বলবদ্গেয়মিতি বৃহদ্ধর্ম্মঃ। নোচ্চৈর্গেয়ং ন বলবদ্গেয়মিতি রথন্তরধর্ম্মঃ তস্মাদুভয়োর্ধর্ম্মা ব্যবতিষ্ঠন্তে"—ইতি ॥ ২৩

(অনুবাদ)

পঞ্চদশাদি অধিকরণত্রয়ে সামধর্ম্ম বিষয়ে কয়েকটি কথা বলা হইয়াছে। যথা পঞ্চদশ—

"পৃষ্ঠস্তোত্রে আছে বিধি রথন্তর বিকল্পিবে,
কিন্তু উভয় কেমনে একাধারে সমুচ্চিবে ?
সমুচ্চয়ে কিবা কার্য্য বৃহৎ বৃহতে গাহিবে,
রথন্তর গান কালে সেই মত আচরিবে ॥ ২৩

পৃষ্ঠ স্তোত্র বিষয়ক গানে ব্যবস্থা আছে 'বৃহৎ গান করিবে', আরও ব্যবস্থা আছে 'রথন্তর গানের দ্বারাও পৃষ্ঠ স্তোত্র সম্পন্ন করিতে পারে'। এদিকে বৃহৎ গানের ব্যবস্থায় নির্দ্দিষ্ট আছে যে 'সমুদ্র ধ্যান করিবে' এবং 'রথন্তর গানকালে চক্ষু নিমীলিত করিবে'। আরও, বৃহৎ গান উচ্চ ধ্বনিতে ও বলবৎ ধ্বনিতে করিতে হয়, রথন্তর গানে তদ্বিপরীত ব্যবহার করিতে হয়। অতএব বৃহৎ ও রথন্তর উভয়ই বিরুদ্ধধর্ম্ম। এতাদৃশ অবস্থায়, পৃষ্ঠস্তোত্ররূপ এক কার্য্যে উভয়বিধ ব্যবহার কিরূপে সম্ভবপর হইতে পারে ? ইহার উত্তরে সিদ্ধান্তিত হইয়াছে যে যখন বিকল্প নির্দ্দিষ্ট হইয়াছে অর্থাৎ 'বৃহৎ বা রথন্তর উভয়ের মধ্যে যে কোন সাম গান দ্বারা পৃষ্ঠস্তোত্র সম্পন্ন হইতে পারিবে' বলা হইয়াছে, তখন পৃষ্ঠস্তোত্র এক কার্য্য হইলেও দ্বিবিধ সামের দ্বারা সম্পাদ্য হইবায় তত্তৎসামের প্রয়োগ কালে তত্তৎ ধর্ম্ম অবলম্বনীয় হইবার বাধা নাই অর্থাৎ যখন বৃহৎ সাম গানের দ্বারা পৃষ্ঠস্তোত্র সম্পাদন করিতে হইবে, তৎকালে বৃহৎ সামের যে ধর্ম্ম, উচ্চধ্বনি, বলবৎ প্রয়োগ ও সমুদ্র-

ধ্যান, তৎকালে তাহাই রক্ষিত হইবে এবং যখন রথন্তর সাম গানের দ্বারা পৃষ্ঠ স্তোত্র সম্পাদন করিতে হইবে, তৎকালে রথন্তর সামের যে ধর্ম্ম, নীচধ্বনি, দুর্ব্বল প্রয়োগ ও নিমীলন, তৎকালে তাহাই করিতে হইবে। এতাবতা পৃষ্ঠ স্তোত্র রূপ কার্য্য এক হইলেও তৎসম্পাদক সাম, বিকল্পে দুইটি হইবায়, বিকল্পে তত্তৎসামধর্ম্মানুষ্ঠানের কোন বাধাই নাই॥ ২৩

(মূল)

ষোড়শাধিকরণম্—

"তয়োর্ধর্ম্মাঃ সমুচ্চেয়া ন বা কণ্বরথন্তরে।

বি-স্থানত্বাদ্ ভাষ্য আদ্যোঽবিরোধাদ্ বার্ত্তিকোঽন্তিমঃ॥ ২৪

বৈশ্যস্তোমে 'কণ্বরথন্তরং পৃষ্ঠং ভবতি'—ইতি শ্রূয়তে। তত্র কণ্বরথন্তরাখ্যসাম্নঃ পৃষ্ঠস্তোত্রসাধনয়োঃ প্রাকৃতয়োর্বৃহদ্রথন্তরয়োরুভয়োঃ স্থানে পতিতত্বাদুভয়সম্বন্ধিধর্ম্মাঃ সমুচ্চেতব্যাঃ। যে তু বিরুদ্ধা ধর্ম্মাঃ—উচ্চৈর্গেয়ং নোচ্চৈর্গেয়মিত্যাদয়স্তে বিকল্প্যন্তাম্। সমুদ্রধ্যাননিমীলনাদীনাং বিরোধাভাবাৎ প্রকৃতাবিব নির্দ্দেশভেদস্যাত্রাভাবাচ্চ সমুচ্চয় ইতি ভাষ্যকারস্য মতম্। বিকল্পিতয়োরেব দ্বয়োঃ স্থানে পতিতত্বাদ্ বিরুদ্ধধর্ম্মাস্বারস্যাচ্চ বিকল্প এব যুক্তো ন তু সমুচ্চয়ঃ ইতি বার্ত্তিককারস্য মতম্। তত্রোভয়ত্র তত্তন্মতবিপরীতঃ পূর্ব্বপক্ষ উন্নেয়ঃ"—ইতি॥ ২৪

(অনুবাদ)

ষোড়শাধিকরণে ইহাই প্রকারান্তরে সুব্যক্ত করিয়াছেন। যথা—

"কণ্বরথন্তর পৃষ্ঠে ধর্ম্মদ্বয় সমুচ্চয়,
কেমনে করিবে বল, বিরুদ্ধ কি এক হয় ?
সমুচ্চিব না বিরুদ্ধ কিন্তু যুক্ত মিশাইব ;
কিংবা বিকল্প বিধানে কেন একত্র করিব ॥ ২৪

বৈশ্য স্তোমে শ্রুতি আছে,—কণ্বরথন্তর সামদ্বারা পৃষ্ঠ স্তোত্র সম্পন্ন হইবে। এস্থলে বিচার্য্য,—পৃষ্ঠ স্তোত্রে বৃহৎ বা রথন্তর বিকল্পে ব্যবহৃত হইয়া থাকে সুতরাং ঐ পৃষ্ঠ কখন বা উচ্চধ্বনি ও বলবৎ প্রয়োগে এবং সমুদ্রধ্যানে সম্পন্ন হইয়া থাকে, কখন বা তদ্বিপরীত ভাবে এবং নিমীলনে সম্পন্ন হয় ; বৈশ্য স্তোমে বৃহৎ ও রথন্তরের পরিবর্ত্তে কণ্বরথন্তর গীত হইবে ব্যবস্থাতে উক্ত উভয় সামধর্ম্ম এক কণ্বরথন্তরে কিরূপে সমুচ্চিত ভাবে ব্যবহৃত হইতে পারে ? এই আশঙ্কা দ্বিবিধ রূপে অপনোদিত হইয়াছে। ভাষ্যকার বলেন,—যে যে ধর্ম্ম সমুচ্চয় হইতে পারিবে তাহাই সমুচ্চিত হইবে অর্থাৎ কণ্বরথন্তর পাঠকালে সমুদ্রধ্যান এবং নিমীলন উভয় হইবে কিন্তু একই বস্তু এককালে উচ্চ ধ্বনিতে ও নীচধ্বনিতে গীত হওআ নিতান্ত অসম্ভব অতএব তদ্বিষয়ে যথেচ্ছ ব্যবহার করিতে পারিবে। বার্ত্তিককার বলেন,—প্রকৃতে, বৃহৎ ও রথন্তর বিকল্পে ব্যবহৃত করিবার ব্যবস্থাই আছে অতএব কণ্বরথন্তর গানে ঐ বিকল্পানুযায়ী উচ্চধ্বনি ও নীচ ধ্বনি প্রভৃতি সামধর্ম্মের বৈকল্প্য হইবে, এককালে সমুচ্চয়ের কোনই আবশ্যক নাই ॥ ২৪

(মূল)

সপ্তদশাধিকরণম্—

"দ্বি-সামকে দ্বয়োর্ধর্ম্ম-সাঙ্কর্য্যং বা ব্যবস্থিতিঃ।

পৃষ্ঠৈক্যাৎ সঙ্করোনৈবং ধর্ম্মাণাং সামগত্বতঃ॥ ২৫

'গোসব উভে কুর্য্যাৎ'—ইত্যাদিনা গোসবাদৌ বৃহদ্রথন্তরসামদ্বয়সাধ্যং পৃষ্ঠস্তোত্রং বিহিতম্। তত্র পৃষ্ঠস্তোত্রস্যৈকত্বেন ধর্ম্ম-ব্যবস্থয়া অসম্ভবাৎ বৃহত্যুভয়ধর্ম্মাঃ কর্ত্তব্যাঃ রথন্তরেঽপ্যুভয়ধর্ম্মা ইত্যেবং সাঙ্কর্য্যমিতি চেৎ? নৈবম্, ন হ্যেতে পৃষ্ঠস্তোত্রপ্রযুক্তা ধর্ম্মাঃ কিন্তু সামপ্রযুক্তাঃ ততঃ সাম্নোর্ভেদাৎ ধর্ম্মাঃ ব্যবতিষ্ঠন্তে"—ইতি। ব্যবস্থিতধর্ম্মোপেতাভ্যাং বৃহদ্রথন্তরনামকাভ্যাং সামভ্যাং নিষ্পন্নস্তোত্রস্য পৃষ্ঠমিতি বৈদিকং নামধেয়ম্। যথা ত্রিবৃচ্ছন্দস্যার্থোবেদপ্রসিদ্ধোগৃহীতস্তদ্বৎ"—ইতি॥ ২৫

(অনুবাদ)

সপ্তদশাধিকরণে ইহা আরও সুস্পষ্টীকৃত হইয়াছে। যথা—

"সামদ্বয়-সাধ্যে পৃষ্ঠে ধর্ম্মদ্বয় বিকল্পিবে?

সামধর্ম্ম সামসহ, পৃষ্ঠেতে কেন থাকিবে॥ ২৫

গোসবাদি যাগে বৃহৎ ও রথন্তর উভয় সামের দ্বারাই পৃষ্ঠ স্তোত্র সম্পন্ন করিতে হয়; ঐ উভয় সামের যে পরস্পর বিরুদ্ধ ধর্ম্ম তাহাও পূর্ব্বে বলা হইয়াছে। এক্ষণে বিচার্য্য, যে, এক পৃষ্ঠ স্তোত্রে উভয় ধর্ম্ম অসম্ভব অতএব বিকল্প কি স্বীকার্য্য? এতদুত্তরে বলা হইতেছে, না; পৃষ্ঠ কোন স্বতন্ত্র পদার্থ নহে, পূর্ব্বোক্ত বিভিন্ন ধর্ম্মাক্রান্ত সামদ্বয় দ্বারা নিষ্পাদ্য স্তোত্র বিশেষকেই পৃষ্ঠ কহে, পৃষ্ঠ শব্দটি

বৈদিকগণের কল্পিত 'ত্রিবৃৎ' প্রভৃতি শব্দের ন্যায় একটি সংজ্ঞা মাত্র অতএব যখন বৃহৎসাম গান করিবে তখন বৃহৎসামের নিয়মই অবলম্বনীয় এবং যখন রথন্তর গান করিবে তখন তদীয় নিয়মই আদরণীয় ; এইরূপে উভয় সামের গান কালে স্বতন্ত্র রূপে উভয় ধর্ম্ম ই প্রতিপালিত হইবে এবং এইরূপে উভয় সাম গীত হইলেই সুতরাং পৃষ্ঠ স্তোত্র সম্পন্ন হইবে, ইহাই পৃষ্ঠ স্তোত্র। 'পৃষ্ঠ' এটি বৈদিক সংজ্ঞা শব্দ, যেরূপ ত্রিবৃৎ প্রভৃতি" ॥ ২৫

(মূল)

স চ ত্রিবৃচ্ছব্দঃ প্রথমাধ্যায়স্য তৃতীয়পাদে পঞ্চমাধিকরণস্যান্তিমে বর্ণকে বিচারিতঃ—

"লৌকিকোবাক্যগোবার্থস্ত্রিবৃদাদেঃ সমন্বতঃ।
উভৌ বিধ্যর্থবাদৈকবাক্যত্বাদস্তিহাস্তিমঃ ॥ ২৬

'ত্রিবৃদ্বহিষ্পবমানম্'-ইতি শ্রুতৌ ত্রিবৃচ্ছব্দস্য ত্রৈগুণ্যং লোকসিদ্ধোঽর্থঃ, বাক্যশেষাদৃক্‌ত্রয়াত্মকেষু সূক্তেষবস্থিতানাং বহিষ্পবমানাত্মকস্তোত্রনিষ্পাদনক্ষমাণাম্—'উপাস্মৈ গায়তানরঃ (উ১প্র০১,২.৩সূ০)—ইত্যাদীনামৃচাং নবকমর্থঃ। তত্র ধর্ম্মনির্ণয়ে বেদস্য প্রবলত্বেপি পদপদার্থনির্ণয়ে লোকবেদয়োঃ সমানবলবত্বাদুভাবর্থৌ বিকল্পেন গৃহীতব্যাবিতি চেৎ ? নৈবম্। লৌকিকার্থস্বীকারপক্ষে বিধিবাক্যে ত্রৈগুণ্যমর্থঃ, অর্থবাদবাক্যে স্তোত্রিয়াণামৃচাং নবকমিত্যেবং বিধ্যর্থবাদয়োর্বৈয়ধিকরণ্যাদেকবাক্যত্বং ন স্যাদত একবাক্যত্বায় স্তোত্রিয়াণাং নবকমেব বিধিবাক্যে নিয়তোঽর্থঃ" —ইতি ॥ ২৬

(অনুবাদ)

উক্ত ত্রিবৃৎ শব্দও প্রথমাধ্যায়ের তৃতীয় পাদে পঞ্চমাধিকরণের অন্তিম বর্ণকে নির্ণীত হইয়াছে। যথা—

"ত্রিবৃৎ বলিতে, ত্রৈগুণ্য বুঝি ? অন্য কিছু কিবা ?

অর্থবাদ-বাক্য-মতে ন'টি ঋচাই বুঝিবা ॥ ২৬

৩। তাণ্ড্য ব্রাহ্মণের দ্বিতীয় প্রপাঠকের চতুর্দ্দশ খণ্ডে শ্রুত হইয়াছে 'ত্রিবৃৎ বহিষ্পবমান' অর্থাৎ বহিষ্পবমান নামক স্তোত্রটি ত্রিবৃৎ হইবে। এস্থলে বিচার্য্য, যে, এ ত্রিবৃৎ বলিতে কি ত্রৈগুণ্যরূপ অর্থ বুঝিতে হইবে ? অথবা অপর কিছু ? এতদুত্তরে সিদ্ধান্তিত হইয়াছে, যে, না ; যদিও ত্রিবৃৎ বলিতে সাধারণ্যে ত্রৈগুণ্য অর্থেরই বোধ হইয়াথাকে পরং এস্থলে অর্থবাদ বাক্যের দ্বারা ত্রিবৃৎ একটী বৈদিক সংজ্ঞাশব্দ সম্পন্ন হইয়াছে অতএব ত্রিবৃৎ শব্দে 'উপাস্মৈ গায়তা নরঃ (উ০ আ০ ১,১,১)' ইত্যাদি নয়টি ঋচাই বুঝিতে হইবে। এই নয়টি ঋচার দ্বারা সম্পাদ্য স্তোত্র বিশেষকেই 'ত্রিবৃদ্ বহিষ্পবমান' কহে। ইহাই পরে আরও সুব্যক্ত হইবে" ॥ ২৬

(মূল)

পৃষ্ঠ শব্দস্য নামধেয়ত্বং প্রথমাধ্যায়ে চতুর্থপাদস্য তৃতীয়াধিকরণে চিত্রাশব্দবন্নির্ণীতম্।

"য়চ্চিত্রয়া য়জেতেতি তদ্‌গুণোনাম বা ভবেৎ।

চিত্রস্ত্রীত্বগুণৌ রূঢ়েরগ্নীষোমীয়কে পশৌ ॥

দ্বয়োর্ব্বিধৌ বাক্যভেদোবৈশিষ্ট্যগৌরবং ততঃ।

স্যান্নাম পৃষ্ঠাজ্যবহিষ্পবমানেষু তত্তথা ॥ ২৭

'চিত্রয়া য়জেত পশুকামঃ'-ইত্যাম্নায়তে, তত্র চিত্রাশব্দো-নোদ্ভিচ্ছব্দবদ্ য়ৌগিকঃ কিন্তু রূঢ্যা চিত্রত্বং স্ত্রীত্বঞ্চাভিধত্তে, ততো ন পূর্ব্বন্যায়েন নামত্বম্। তথাসত্যগ্নীষোমীয়ং পশু-মালভেতেতিবিহিতপশুয়াগোঽত্র য়জেতেত্যনেন পদেনানূদ্য তস্মিন্ পশৌ চিত্রত্বস্ত্রীত্বগুণৌ বিধীয়েতে। ইতি. প্রাপ্তে, ব্রূমঃ। চিত্রত্বং স্ত্রীত্বঞ্চেতি দ্বাবেতৌ গুণৌ, তয়োর্ব্বিধানে বাক্যং ভিদ্যেত। তথাচোক্তম্। 'প্রাপ্তে কর্ম্মণি নানেকো-বিধাতুং শক্যতে গুণঃ। অপ্রাপ্তে তু বিধীয়েরন্ বহবো-প্যেকয়ত্নতঃ'-ইতি। অথ বাক্যভেদপরিহারায় গুণদ্বয়বি-শিষ্টং পশুদ্রব্যরূপং কারকং বিধীয়েত, তদা গৌরবং স্যাৎ। তস্মাচ্চিত্রাশব্দঃ পূর্ব্ববৎ য়জিসামানাধিকরণ্যেন য়াগনামধেয়ং ভবতি, চিত্রত্বঞ্চ তস্য বিলক্ষণদ্রব্যদ্বারেণোপ-পদ্যতে। 'দধিমধুঘৃতমাপোধানাস্তণ্ডুলাস্তৎসংসৃষ্টং প্রাজা-পত্যম্'—ইতি দধ্যাদীনি বিচিত্রাণি প্রদেয়দ্রব্যাণি ষড়াম্না-তানি। তদেতচ্চিত্রানামকস্য য়াগস্যোৎপত্তিবাক্যম্, য়াগ-স্বরূপভূতয়োর্দধ্যাদিদ্রব্যপ্রজাপতিদেবতয়োরত্রোপদিশ্যমান-ত্বাদুৎপন্নস্য তস্য য়াগস্য 'চিত্রয়া য়জেত পশুকাম'-ইত্যে-তৎফলবাক্যম্। এবংসতি প্রকৃতার্থোলভ্যেত, অগ্নীষোমীয়-পশ্বনুবাদেন গুণবিধানে, প্রকৃতহানাপ্রকৃতপ্রক্রিয়ে প্রসজ্যে-য়াতাম্, লিঙ্প্রত্যয়স্য চানুবাদকত্বাঙ্গীকারান্মুখ্যোবিধ্যর্থো-বাধ্যেত। তস্মাচ্চিত্রাপদং নামধেয়ম্ ॥ ॥ য়থা চিত্রাশব্দে নামধেয়ত্বং তথা বহিষ্পবমানশব্দে আজ্যশব্দে পৃষ্ঠশব্দে চ তৎকর্ম্মনামধেয়ত্বং য়োজনীয়ম্। এবং হি শ্রূয়তে। ত্রিবৃদ্-বহিষ্পবমানম্ পঞ্চদশান্যাজ্যানি, সপ্তদশানি পৃষ্ঠানীতি।

অস্য ৰাক্যত্রয়স্যার্থোৰিৰিচ্যতে। সামগানামুত্তরাগ্রন্থে তৃচাত্মকানি সূক্তান্যাম্নাতানি। তত্র। 'উপাস্মৈ গায়তা নরঃ'-ইত্যাদ্যং সূক্তম্। 'দৰিদ্যুততত্যা ঋচা'-ইতি দ্বিতীয়ম্। 'পৰমানস্য তে কৰে'-ইতি তৃতীয়ম্। জ্যোতিষ্টোমস্য প্রাতঃসৰনানুষ্ঠানে তেষু ত্রিষু সূক্তেষু গায়ত্রং সাম গাতৰ্য্যম্,—তদিদং সূক্তত্রয়গানসাধ্যং স্তোত্রং ৰহিষ্পৰমানমিত্যুচ্যতে, তত্রাৰস্থিতানামৃচাম্পৰমানার্থত্বাদ্বহিঃসম্বন্ধাচ্চ। ন খল্বিদং স্তোত্রমিতরস্তোত্রবৎ সদোনামকস্য মণ্ডপস্য মধ্যে ঔদুম্বর্য্যাঃ স্তম্বশাখায়াঃ সন্নিধৌ প্রযুজ্যতে, কিন্তু সদসোৰহিঃপ্রসর্পদ্ভিঃ প্রযুজ্যতে। তস্য চ ৰহিষ্পৰমানস্য ত্রিবৃন্নামকঃ স্তোমো ভৰতি, তস্য চ স্তোমস্য ৰিধায়কং ব্রাহ্মণৰাক্যমেৰমাম্নায়তে। "তিসৃভ্যোহিঙ্করোতি স প্রথময়া, তিসৃভ্যো হিঙ্করোতি স উত্তময়োদ্যতী ত্রিবৃতোৰিষ্টুতিঃ"—ইতি। অয়মর্থঃ। সূক্তত্রয়পঠিতানাং নৰানামৃচাং গানং ত্রিভিঃ পর্য্যায়ৈঃ,—কর্ত্তব্যম্। তত্র প্রথমপর্য্যায়ে ত্রিষু সূক্তেষ্বাদ্যাস্তিস্রঋচো দ্বিতীয়ে পর্য্যায়ে মধ্যমাস্তৃতীয়ে পর্য্যায়ে চোত্তমাঃ। তিসৃভ্য ইতি তৃতীয়ার্থে পঞ্চমী। হিঙ্করোতি গায়তীত্যর্থঃ। সোহয়ং যথোক্তপ্রকারোপেতা গীতিস্ত্রিবৃৎস্তোমস্য ৰিষ্টুতিঃ স্তুতিপ্রকারৰিশেষঃ। অস্যা ৰিষ্টুতেরুদ্যতী নামেতি। এৰম্পরিবর্ত্তিনী কুলায়িনীতি দ্বে ৰিষ্টুতী। তয়োঃ পরিৰর্ত্তিন্যেৰমাম্নায়তে। 'তিসৃভ্যো হিঙ্করোতি স পরাচীভিস্তিসৃভ্যোহিঙ্করোতি স পরাচীভিস্তিসৃভ্যোহিঙ্করোতি স পরাচীভিঃ, পরিবর্ত্তিনী ত্রিবৃতোৰিষ্টুতিঃ'-ইতি। পরাচীভিরনুক্রমেণাম্নাতাভিরিত্যর্থঃ। কুলায়িন্যেৰমাম্নায়তে। 'তিসৃভ্যোহিঙ্ক-

রোতি স পরাচীভিস্তিসৃভ্যোহিঙ্করোতি যা মধ্যমা সা প্রথমা, য়োত্তমা সা মধ্যমা, য়া প্রথমা সোত্তমা, তিসৃভ্যোহিঙ্করোতি য়া মধ্যমা সা প্রথমা, য়া প্রথমা সা মধ্যমা, য়া মধ্যমা সোত্তমা, কুলায়িনী ত্রিবৃতো বিষ্টুতিঃ'-ইতি। অত্র প্রথমসূক্তে পাঠক্রমএব, দ্বিতীয়ে মধ্যমোত্তমপ্রথমাস্তৃতীয়ে তূত্তমপ্রথমমধ্যমাঃ ইত্যেবং ব্যত্যয়েন মন্ত্রাঃ গাতব্যাস্তদিদং বিষ্টুতিত্রয়ং বিকল্পিতম্। ত্রিবৃচ্ছব্দস্যেদৃশং স্তোমস্বরূপমর্থো ন তু ত্রৈগুণ্যমিতি পূর্বপাদে নির্ণীতম্॥ ॥ উত্তরাগ্রন্থে বহিষ্পবমানসূক্তেভ্যস্ত্রিভ্য ঊর্দ্ধং চত্বারি সূক্তান্যাম্নাতানি। 'অগ্ন আয়াহি বীতয়ে'-ইত্যাদ্যং সূক্তম্। 'আনোমিত্রাবরুণা'-ইতি দ্বিতীয়ম্। 'আয়াহি সুষুমাহিত'-ইতি তৃতীয়ম্। 'ইন্দ্রাগ্নী আগতং সুতম্'-ইতি চতুর্থম্। তান্যেতানি প্রাতঃসবনে গায়ত্রসাম্না গীয়মানানি চত্বার্য্যাজ্যস্তোত্রাণীত্যুচ্যন্তে। তন্নির্বচনং শ্রূয়তে। 'য়দাজিমীয়ুস্তদাজ্যানামাজ্যত্বম্'-ইতি। তেষ্বাজ্যস্তোত্রেষু পঞ্চদশনামকঃ স্তোমো ভবতি। তস্য স্তোমস্য বিষ্টুতিরেবমাম্নায়তে। 'পঞ্চভ্যোহিঙ্করোতি স তিসৃভিঃ স একয়া স একয়া, পঞ্চভ্যোহিঙ্করোতি স একয়া স তিসৃভিঃ স একয়া, পঞ্চভ্যোহিঙ্করোতি স একয়া স একয়া স তিসৃভিঃ'-ইতি। একং সূক্তং ত্রিরাবর্ত্তনীয়ম্। তত্র। প্রথমাবৃত্তৌ প্রথমায়া ঋচস্ত্রিরভ্যাসঃ। দ্বিতীয়াবৃত্তৌ মধ্যমায়াঃ। তৃতীয়াবৃত্তাবুত্তমায়াঃ। সোঽয়ং পঞ্চদশস্তোমঃ॥ ॥ উক্তেভ্যশ্চতুর্ভ্যঃ সূক্তেভ্য ঊর্দ্ধমুত্তরাগ্রন্থে ত্রীণি মাধ্যন্দিনপবমানসূক্তান্যাম্নায়, তত ঊর্দ্ধং চত্বারি সূক্তান্যাম্নাতানি। তেষু। 'অভিত্বাশূর-নোনুমঃ'-ইত্যাদ্যম্। 'কয়ানশ্চিত্রআভুবৎ'-ইতি দ্বিতীয়ম্।

'তৎ বো দস্মমৃতীষহম্'-ইতি তৃতীয়ম্। 'তরোভির্বোবিদদ্বসুম্' ইতি চতুর্থম্। এতানি ক্রমেণ 'রথন্তর' (উ,১প্র,১সা) বামদেব্য' (উ০১প্র,৫সা) 'নৌধস' (উ০১প্র,৬সা) 'কালেয়' (উ০১প্র৭সা) সামভির্মাধ্যন্দিনসবনে গীয়মানানি পৃষ্ঠ-স্তোত্রাণীত্যুচ্যন্তে। স্পর্শনাৎ স্পৃষ্ঠানীত্যেবং নিরুক্তি-র্দ্রষ্টব্যা। তেষু স্তোত্রেষু সপ্তদশস্তোমোভবতি। তস্য স্তোমস্য বিষ্টুতিরেবমাম্নায়তে। "পঞ্চভ্যো হিঙ্করোতি স তিসৃভিঃ স একয়া স একয়া, পঞ্চভ্যোহিঙ্করোতি স একয়া সতিসৃভিঃ সএকয়া, পঞ্চভ্যোহিঙ্করোতি স একয়া স তিসৃভিঃ স তিসৃভিঃ"-ইতি। অত্র। প্রথমাবৃত্তৌ প্রথমায়াঃ ঋচ স্ত্রিরভ্যাসঃ। দ্বিতীয়াবৃত্তৌ মধ্যমায়াঃ। তৃতীয়াবৃত্তৌ মধমোত্তময়োঃ। সোঽয়ং সপ্তদশ স্তোমঃ। অত্র ত্রিষ্বপি বাক্যেষু ত্রিবৃৎ-পঞ্চদশ-সপ্তদশ-শব্দাঃ গুণবিধায়কত্বেন সম্মতাঃ। যদি বহিষ্পবমানাজ্যপৃষ্ঠশব্দা অপি গুণবিধায়কাঃ স্যুস্তদা প্রত্যুদাহরণম্ গুণদ্বয়বিধানাদ্ বাক্যভেদঃ স্যাৎ। তস্মাদ্ বহিষ্পবমানাদিশব্দাঃ স্তোত্রনামধেয়ানি। তৈর্নামভিঃ কর্ম্মাণ্যনূদ্য ত্রিবৃদাদিগুণা বিধীয়ন্তে"—ইতি ॥ ২৭

(অনুবাদ)

প্রথমাধ্যায় চতুর্থ পাদের তৃতীয়াধিকরণে, চিত্রা শব্দের ন্যায় পৃষ্ঠও যে একটী নাম, তাহা নির্ণীত হইয়াছে। যথা—

'চিত্রয়া যজেত' গুণ কিংবা নামে ?
স্ত্রী-চিত্রত্ব গুণবিধি, হবে বুঝি অগ্নিষ্টোমে।
না না, তাহা নহে ইহা ; 'চিত্রা' কর্ম্মের আখ্যান।
আরো আছে এইরূপ,—'পৃষ্ঠ', 'বহিষ্পবমান' ॥ ২৭

একটি শ্রুতি আছে 'পশুকাম ব্যক্তি চিত্রাযাগ করিবে'। এই শ্রুতিটি গুণবিধি অর্থাৎ 'অগ্নিষোমীয় পশু আলভন করিবে' এই বিধিতে গুণ সমর্পক হইতে পারে; তাহা-হইলে, কিরূপ অগ্নিষোমীয় পশুর আলভন দ্বারা যাগ সম্পন্ন করিবে? বিচিত্রবর্ণ ও স্ত্রীজাতি; ইহাই নিষ্পন্ন হইবে। অথবা চিত্রা নামক একটি স্বতন্ত্র যাগ? এই সংশয় স্থলে সিদ্ধান্তিত হইয়াছে যে, না, ইহা গুণবিধি নহে প্রত্যুত ইহা একটি স্বতন্ত্রই বিধি, 'চিত্রা' নামে একটি পৃথক্ যাগ। এই যাগে দধি প্রভৃতি ছয় প্রকার দ্রব্যের প্রয়োজন হয় বলিয়াই ইহাকে 'চিত্র' কহে (যেরূপ চিত্রবর্ণ)।

পৃষ্ঠ, আজ্য ও বহিষ্পবমান প্রভৃতিও এইরূপ এক একটি যজ্ঞীয় সংজ্ঞাশব্দ।

তিনটি শ্রুতি আছে,—'ত্রিবৃদ্ বহিষ্পবমান', 'পঞ্চদশ আজ্য' ও 'সপ্তদশ পৃষ্ঠ'। এই তিনটির অর্থ পর্য্যালোচনা করা হইতেছে।

১ম, 'ত্রিবৃদ্ বহিষ্পবমান'। সামবেদের উত্তরার্চ্চিকে তিন্ তিন ঋকের এক একটি সূক্ত আছে, ঐ গ্রন্থের প্রথম সূক্ত— 'উপাস্মৈ গায়তা নরঃ' ইত্যাদি; দ্বিতীয়সূক্ত— দবিদ্যুততত্যা ঋচা' ইত্যাদি; তৃতীয় সূক্ত—'পবমানস্য তে কবে' ই-ত্যাদি। জ্যোতিষ্টোম যাগের প্রাতঃসবনানুষ্ঠানে এই সূক্তত্রয় অবলম্বন করিয়া 'গায়ত্র' নামক সাম গীত হইয়া থাকে। এই গীত সূক্তত্রয় রূপ যে স্তোত্রটি, তাহাই যাজ্ঞিক সমাজে 'বহিষ্পবমান' বলিয়া প্রসিদ্ধ। যেহেতু এই সূক্তত্রয়ের ঋক্গুলির অর্থ পবিত্র এবং যেহেতু এই

স্তোত্রটি সদোমণ্ডপের বাহিরে ব্যবহৃত হয়; এই জন্যই ইহাকে বহিষ্পবমান কহে। অপরাপর স্তোত্রগুলি যেরূপ সদোনামক যজ্ঞ মণ্ডপের মধ্যে ঔডুম্বরী স্তম্ভশাখার সন্নিধানে প্রযুক্ত হয়, ইহা সেরূপ হয় না প্রত্যুত ইহা সদোমণ্ডপের বাহিরে পবমান বেদীতে ব্যবহৃত হইয়াথাকে। এই বহিষ্পবমান অবলম্বনে 'ত্রিবৃৎ' নামক স্তোম সম্পন্ন হয়। এই স্তোম সম্পাদনের বিধান তাণ্ড্যব্রাহ্মণের দ্বিতীয় প্রপাঠকারম্ভেই আছে; যথা—"তিসৃভ্যো হিঙ্করোতি স প্রথময়া· তিসৃভ্যোহিঙ্করোতি স মধ্যময়া, তিসৃভ্যোহিঙ্করোতি স উত্তময়া; উদ্যতী ত্রিবৃতো বিষ্টুতিঃ"। অর্থাৎ সূক্তত্রয়গত নব ঋকের গান পর্য্যায়ক্রমে করিতে হয়; তন্মধ্যে, প্রথম পর্য্যায়ে—সূক্তত্রয়েরই আদ্য ঋক্‌ত্রয়, দ্বিতীয় পর্য্যায়ে—ঐ সূক্তত্রয়েরই মধ্যম (দ্বিতীয়) ঋক্‌ত্রয়, তৃতীয় পর্য্যায়ে—ঐ সূক্তত্রয়েরই উত্তম (শেষ) ঋক্‌ত্রয়, হিং করিবে অর্থাৎ গাহিবে; ত্রিবৃৎ নামক স্তোম সম্বন্ধে এই প্রকারের বিষ্টুতি অর্থাৎ বিশেষ স্তুতিকে 'উদাত্তী' কহে। এই ত্রিবৃৎ বহিষ্পবমান স্তোত্রের 'পরিবর্ত্তিনী' ও 'কুলায়িনী' আরও দুই প্রকার বিষ্টুতি আছে। পরিবর্ত্তিনী বিষ্টুতি যথা—"তিসৃভ্যোহিঙ্করোহি স পরাচীভিঃ, তিসৃভ্যোহিঙ্করোতি স পরাচীভিঃ, তিসৃভ্যোহিঙ্করোতি স পরাচীভিঃ, পরিবর্ত্তিনী ত্রিবৃতোবিষ্টুতিঃ"। অর্থাৎ প্রথমত প্রথম সূক্তের ঋক্‌ত্রয় যথাক্রমে হিং করিবে, অনন্তর দ্বিতীয় সূক্তের ঋক্‌ত্রয়ও যথাক্রমে হিং করিবে, তদনন্তর তৃতীয় সূক্তের ঋক্‌ত্রয়ও যথাক্রমে হিং করিবে, ত্রিবৃৎ নামক স্তোম

সম্বন্ধে এই প্রকারের বিষ্টুতি অর্থাৎ বিশেষ স্তুতিকে 'পরিবর্ত্তিনী' কহে। কুলায়িনী যথা—'তিসৃভ্যোহিঙ্করোহি স পরাচীভি, তিসৃভ্যোহিঙ্করোতি—য়া মধ্যমা সা প্রথমা—য়োত্তমা সা মধ্যমা—য়া প্রথমা সোত্তমা, তিসৃভ্যোহিঙ্করোতি—য়োত্তমা সা প্রথমা—য়া প্রথমা সা মধ্যমা—য়া মধ্যমা সোত্তমা, কুলায়িনী ত্রিবৃতো বিষ্টুতিঃ"। অর্থাৎ প্রথম সূক্তটি যথাক্রমেই হিংকরিবে, দ্বিতীয় সূক্তের দ্বিতীয় ঋকৃটি প্রথমে হিংকরিবে—তাহার পরে তৃতীয়টি—শেষে প্রথমটি; তৃতীয় সূক্তের তৃতীয় ঋকৃটাই প্রথমে হিংকরিবে—তাহার পরে প্রথমটি—শেষে দ্বিতীয়টি; ত্রিবৃৎ নামক স্তোম সম্বন্ধে এই প্রকার বিষ্টুতি অর্থাৎ বিশেষ স্তুতিকে 'কুলায়িনী' কহে। ত্রিবৃৎ শব্দে, বেদে, এই ত্রিবিধ বিষ্টুতি স্বরূপ স্তোম বুঝিতে হয়; ত্রিবৃৎ শব্দে লোক-প্রসিদ্ধ ত্রৈগুণ্য অর্থ বেদের উপযোগী নহে; ইহা একবার সামান্যত ইতি পূর্ব্বেও বলা হইয়াছে।

২য়, 'পঞ্চদশ আজ্য'। উত্তরাগ্রন্থে বহিষ্পবমান সূক্তগুলির পরেই চারিটি সূক্ত আছে। তন্মধ্যে; 'অগ্নআয়াহি' প্রথম, 'আনোমিত্রা' দ্বিতীয়, 'আয়াহি সুষুমাহিত' তৃতীয় এবং 'ইন্দ্রাগ্নী আগতং' চতুর্থ। এইগুলি প্রাতঃসবনে গায়ত্র সামে গীত হয়, এই গীত চতুষ্টয়কেই 'আজ্যস্তোত্র' কহে। এই পঞ্চদশ আজ্য স্তোত্রের বিষ্টুতি তাণ্ড্যব্রাহ্মণে এইরূপ শ্রুত হওআ যায়; 'পঞ্চভ্যো হিঙ্করোতি—স তিসৃভিঃ—সএকয়া—স একয়া, পঞ্চভ্যোহিঙ্করোতি—স একয়া—স তিসৃভিঃ—স একয়া, পঞ্চভ্যোহিঙ্করোতি—স একয়া—স একয়া—স

তিসৃভিঃ” অর্থাৎ এক একটি সূক্ত বারত্রয় আবৃত্ত হইবে, তন্মধ্যে, প্রথমাবৃত্তিতে প্রথম ঋকের ত্রিরভ্যাস, দ্বিতীয়াবৃত্তিতে দ্বিতীয় ঋকের এবং তৃতীয়াবৃত্তিতে তৃতীয় ঋকের ত্রিরভ্যাস করিয়া হিঙ্কৃত অর্থাৎ গীত হইবে সুতরাং পঞ্চদশ সম্পন্ন হইবে। ইহাকেই পঞ্চদশ স্তোম কহে।

৩য়, সপ্তদশ পৃষ্ঠ। উত্তরাগ্রন্থে ঐ আজ্য স্তোত্রের পরে ‘মাধ্যন্দিনপবমান’ নামক তিনটি সূক্ত আছে, তৎপরেই চারিটি সূক্ত আছে। তন্মধ্যে; ‘অভিত্বাশূরনোনুম.’ প্রথম, ‘কয়ানশ্চিত্রআভুবৎ’ দ্বিতীয়, ‘তং ৱো দস্মমৃতীষহম্’ তৃতীয় এবং ‘তরোভির্ৱো’ চতুর্থ। এই সূক্তগুলি, মাধ্যন্দিন সবনে যথাক্রমে রথন্তর, বামদেব্য, নৌধস ও কালেয় সামে গীত হইয়াথাকে। ঔদুম্বরী স্তম্বশাখা স্পর্শ করিয়াই এগুলি গীত হয়, এইজন্যই ইহাদিগকে পৃষ্ঠ স্তোত্র কহে। এই স্তোত্র-সমস্তে সপ্তদশ স্তোম সম্পন্ন হয়। এই সপ্তদশ পৃষ্ঠ স্তোত্রের বিধি তাণ্ড্য ব্রাহ্মণে শ্রুত আছে। যথা “পঞ্চভ্যো হিঙ্করোতি —স তিসৃভিঃ—স একয়া—স একয়া; পঞ্চভ্যোহিঙ্করোতি—স একয়া—স তিসৃভিঃ—স একয়া; পঞ্চভ্যোহিঙ্করোতি—স একয়া—স তিসৃভিঃ—স তিসৃভিঃ”। অর্থাৎ প্রথমাবৃত্তিতে প্রথমা ঋচার ত্রিরভ্যাস দ্বিতীয়াবৃত্তিতে দ্বিতীয়ার এবং তৃতীয়া বৃত্তিতে দ্বিতীয়া ও তৃতীয়া উভয়েরই ত্রিরভ্যাস পূর্ব্বক হিং করিতে অর্থাৎ গান গাহিতে হইবে সুতরাং সপ্তদশ স্তোম সম্পন্ন হইবে।

এতাবতা বেদে ব্যবহৃত ত্রিবৃৎ আজ্য পৃষ্ঠ প্রভৃতি বাক্য

গুলির অর্থ, লোকানুসারে বোধ্য নহে প্রত্যুত বৈদিক বিধি অনুসারেই বোধ্য ॥ ২৭

(মূল)

উক্তস্য পৃষ্ঠাদিস্তোত্রস্য প্রধানকর্ম্মত্বং দ্বিতীয়াধ্যায়স্য প্রথমপাদে পঞ্চমাধিকরণে নির্ণীতম্ ;—

"প্রউগং শংসতীত্যাদৌ গুণতোত প্রধানতা।
দৃষ্টাদেৱ স্মৃতিস্তেন গুণতা স্তোত্রশস্ত্রয়োঃ ॥
স্মৃত্যর্থত্বে স্তৌতিশংস্যোর্দ্ধাত্বোঃ শ্রৌতার্থবাধনম্।
তেনাদৃষ্টমুপেত্যাপি প্রাধান্যং শ্রুতয়ে মতম্ ॥ ২৮

জ্যোতিষ্টোমে শ্রূয়তে ;—'প্রউগং শংসতি', 'নিষ্কেৱল্যং শংসতি', 'আজ্যৈঃ স্তুৱতে'-ইতি। প্রউগনিষ্কেৱল্যশব্দৌ শস্ত্রৱিশেষনামনী, আজ্যপৃষ্ঠশব্দৌ তু ৱ্যাখ্যাতৌ। অপ্রগীতমন্ত্রসাধ্যা স্তুতিঃ শস্ত্রং। প্রগীতমন্ত্রসাধ্যা স্তুতিঃ স্তোত্রম্। তয়োঃ স্তোত্রশস্ত্রয়োর্গুণকর্ম্মত্বং যুক্তম্। কুতঃ? তুষৱিমোকৱদ্দৃষ্টার্থলাভাৎ পঠ্যমানেষু মন্ত্রেষু অনুস্মরণেন দেৱতা সংস্ক্রিয়তে। ইতি প্রাপ্তে, ব্রূমঃ।—তেষু অনুস্মরণেন স্তোতৱ্যায়াঃ দেৱতায়াঃ স্তাৱকৈর্গুণৈঃ সম্বন্ধকীর্ত্তনং স্তৌতিশংসতিধাত্বোর্ৱাচ্যোঽর্থঃ। যদি মন্ত্রৱাক্যানি গুণসম্বন্ধাভিধানপরাণি, তদা ধাত্বোর্মুখ্যার্থলাভাৎ শ্রুতিরনুগৃহীতা ভৱিষ্যতি, যদা তু গুণদ্বারেণানুস্মরণীয়দেৱতাস্বরূপপ্রকাশনপরাণি মন্ত্রৱাক্যানি স্যুস্তদা ধাত্বোর্মুখ্যার্থো ন স্যাৎ, লোকে হি 'দেৱদত্তশ্চতুর্ৱেদাদিভিজ্ঞঃ'-ইত্যুক্তে স্তুতিঃ প্রতীয়তে। তস্য ৱাক্যস্য গুণদ্বারেণ দেৱদত্তস্বরূপোপলক্ষণপরত্বেন গুণসম্বন্ধপরত্বাৎ। যদা তু দেৱদত্তস্বরূপপরতা 'যশ্চতু-

র্ব্বেদী তমানয়’-ইত্যাদৌ, তত্র ন স্তুতিপ্রতীতিঃ। তস্য চতু-র্ব্বেদসম্বন্ধদ্বারেণ দেবদত্তস্বরূপপরত্বেন গুণসম্বন্ধপরত্বাভাবাৎ, ততশ্চাজ্যৈর্দেবং প্রকাশয়েৎ, পৃষ্ঠৈর্দেবং প্রকাশয়েদিত্যেবং বিধ্যর্থপর্য্যবসানাদ্ ধাত্বোর্মুখ্যার্থোবাধ্যেত। ততোধাতুশ্রুতি-মবাধিতুং স্তোত্রশস্ত্রয়োঃ প্রধানকর্ম্মত্বমভ্যুপেতব্যম্। তত্র দৃষ্টং প্রয়োজনং নাস্তীতি চেৎ? ততোঽপূর্ব্বমস্তু”-ইতি॥ ২৮

(অনুবাদ)

উক্ত পৃষ্ঠাদি স্তোত্রের প্রধান কর্ম্মতা, দ্বিতীয়াধ্যায়ের প্রথম পাদের পঞ্চমাধিকরণে নির্ণীত হইয়াছে। যথা—

‘প্রউগংশংসতি’ শ্রুতি, গুণ বা প্রধান মানি?
দৃষ্টমাত্রে হয় স্মৃতি অতএব গুণ জানি।
না না, তাহা নহে; ইহা বিধি জানিবে প্রধান;
অন্যথা শ্রৌতার্থ-বাধ-দোষ নাহি হ’বে আন॥ ২৮

জ্যোতিষ্টোমে কয়েকটি শ্রুতি আছে;—‘প্রউগং শংসতি’, ‘নিষ্কেবল্যং শংসতি’, ‘আজ্যৈঃ স্তুবতে’ ইত্যাদি। প্রউগ ও নিষ্কেবল্য শব্দদ্বয় শস্ত্রবিশেষের বোধক; আজ্য ও পৃষ্ঠ ত পূর্ব্বেই ব্যাখাত হইয়াছে। গীতি ব্যতিরিক্ত মন্ত্রের দ্বারা যে স্তুতি, তাহাকেই স্তোত্র কহে। সেই স্তোত্র ও শস্ত্রসকল গুণকর্ম্ম বা প্রধান বিধি? ইহাই বিচার্য্য স্থল। ইহাদিগকে গুণকর্ম্ম বলাই সঙ্গত; কেননা, যেরূপ ‘ব্রীহীন-বহন্তি’ অর্থাৎ ব্রীহিসকল অবহনন করিবে, এ বিধি তুষ-বিমোকরূপ দ্রব্য-সংস্কারাত্মক দৃষ্ট ফল বোধন করে বলিয়া গুণবিধি শ্রেণীতে পরিগণিত হয়, ইহারাও সেইরূপ পাঠের দ্বারা স্তোতব্য দেবতার স্মারকরূপ দেবতা সংস্কারাত্মক দৃষ্ট-

ফল বোধক হইয়াই থাকে। এই দুঃসিদ্ধান্ত অপনোদনার্থ বলি ;—ঐ ঐ মন্ত্রের পাঠ দ্বারা দেবতার স্মরণ হয় বটে পরং তাহা প্রকৃত শ্রুত্যর্থ নহে প্রত্যুত গৌণ; প্রকৃতপক্ষে স্তোতব্য দেবতার সহিত, স্তাবক গুণসমূহের সম্বন্ধ-কীর্ত্তনই স্তৌতি ও শংসতি ধাতুদ্বয়ের প্রকৃত অর্থ। এতাবতা যদি মন্ত্র বাক্যগুলি গুণসম্বন্ধ কথনপর হয়, তাহা হইলেই ধাতু-দ্বয়ের মুখার্থ লাভ হেতুতে শ্রুতি অনুগৃহীত হয় ; যদি গুণ-দ্বারা অনুস্মরণীয় দেবতার স্বরূপ প্রকাশনপর হয়, তাহা হইলে ধাতুদ্বয়ের মুখ্যার্থ হয় না। দেখ, লোকেও— 'দেব-দত্ত চতুর্ব্বেদাভিজ্ঞ' বলিলে যেহেতু এরূপ বাক্যের গুণদ্বারা দেবদত্ত স্বরূপ বোধনপূর্ব্বক তৎসহ গুণসম্বন্ধ বোধন হয় অতএব স্তুতি প্রতীত হয় পরং যদি বলাযায়;—যে, 'যে চতু-র্ব্বেদী তাহাকে আনয়ন কর' তাহা হইলে যেহেতু চতুর্ব্বেদ সম্বন্ধদ্বারা দেবদত্তের স্বরূপ বোধনপূর্ব্বক তৎসহ গুণসম্বন্ধ বোধন হয় না অতএব স্তুতি প্রতীত হয় না। এ স্থলেও সেই-রূপ 'আজ্য দ্বারা স্তুতি করিবে' বলিলে আজ্য মন্ত্রে স্তুত দেব-তার অনুস্মরণরূপ অর্থানুসারে ইহার গুণবিধিত্ব স্বীকার করিলে স্তুধাতুর প্রকৃত অর্থ বিরুদ্ধ হয় অতএব প্রকৃত শ্রুত্য-র্থানুসারে স্তোতব্য দেবতার সহিত গুণসম্বন্ধ কীর্ত্তনরূপ স্বতন্ত্র বিধিই স্বীকার্য্য। এরূপ স্তোত্রগুলিকে স্বতন্ত্র (প্রধান) কর্ম্ম বলিয়া স্বীকার করিলে যদিও দৃষ্টফল (গুণবিধি পক্ষে দেবতার স্বরূপ-কথন, যেরূপ দৃষ্টফল হইতে পারে, সেই-রূপ) পাওআ যায় না, তাহাতে ক্ষতি নাই ; এতাদৃশ স্থল-সমূহে অদৃষ্ট ফলই স্বীকার্য্য ॥ ২৮

(মূল)

তত্রৈব দ্বিতীয়পাদে দ্বাদশাধিকরণে সামবিশেষস্য কর্ম্মান্তরত্বমভিহিতম্ ;—

"উক্থ্যাগ্নিষ্টুতমেতস্য বারবন্তীয়সাম হি।
রেবতীষ্বৃক্ষু কৃত্বেতি শ্রুতং পশুফলাপ্তয়ে ॥
রেবত্যাদিগুর্ণঃ কর্ম্ম পৃথগ্বা পূর্ব্ববদ্ গুণঃ।
রেবতীবারবন্তীয়সম্বন্ধাখ্যঃ পশুপ্রদঃ ॥
সাম্নোঽত্র ফলকর্ম্মভ্যাং সম্বন্ধে বাক্যভিন্নতা।
তেনোক্তগুণসংযুক্তমন্যৎ কর্ম্মোচ্যতে ফলে ॥ ২৯

'ত্রিবৃদগ্নিষ্টোমস্তস্য বায়ব্যাসু ঋক্ষু একবিংশাগ্নিষ্টোমসাম কৃত্বা ব্রহ্মবর্চ্চসকামো যজেত'—ইত্যস্য সন্নিধৌ শ্রূয়তে। 'এতস্যৈব রেবতীষু বারবন্তীয়মগ্নিষ্টোমসাম কৃত্বা পশুকামোঽহ্যেতেন যজেত'—ইতি। অস্যায়মর্থঃ।—অগ্নিষ্টোমস্য বিকৃতিরূপঃ কশ্চিদেকাহোঽগ্নিষ্টুন্নামকঃ। স চ পৃষ্ঠস্তোত্রে ত্রিবৃৎস্তোমযুক্ততয়া ত্রিবৃদিত্যুচ্যতে, অগ্নিষ্টোমোক্থাদীনাং সপ্তানাং সোমসংস্থানাং মধ্যেঽগ্নিষ্টোমসংস্থারূপত্বাদগ্নিষ্টোম-ইত্যপ্যুচ্যতে। প্রকৃতৌ তৃতীয়সবনে আর্ভবপবমানস্যোপরি 'যজ্ঞাযজ্ঞীয়ং' সাম গীয়তে, তেন সাম্না অগ্নিষ্টোমযাগস্য সমাপ্যমানত্বাদগ্নিষ্টোমসামেত্যুচ্যতে, তচ্চ প্রকৃতৌ 'যজ্ঞাযজ্ঞাবোঅগ্নয়ে'-ইত্যাদ্যাগ্নেয়ীষৃক্ষু গীয়তে। অস্মিংস্ত্বগ্নিষ্টুতি ব্রহ্মবর্চসকামেন বায়ব্যাস্বৃক্ষু তৎ সাম গাতব্যম্। তচ্চ প্রকৃতাবিবৈকবিংশস্তোমযুক্তম্। পশুকামস্য তু 'রেবতীর্নঃ সধমাদ'-ইত্যাদিষু রেবতীষৃক্ষু 'বারবন্তীয়ং' সাম গায়েদিতি তত্র রেবতীনামৃচাং বারবন্তীয়নামকেন সাম্না যঃ

সম্বন্ধঃ সোঽয়ং পশুফলায়াগ্নিষ্টুতি বিধীয়তে। এতস্যৈ-বেতি প্রকৃতপরামর্শকেনৈতচ্ছব্দেনান্যব্যাবর্ত্তকেনৈবকারেণ চাগ্নিষ্টুতঃ সমর্প্যমাণত্বাৎ। যথা পূর্ব্বাধিকরণে, ইন্দ্রিয়-ফলায় প্রকৃতেঽগ্নিহোত্রে দধিগুণোবিহিতস্তদ্বৎ। ইতি প্রাপ্তে ক্রমঃ।— বিষমোদৃষ্টান্তঃ। দধ্নোহোমজনকত্বং ন শাস্ত্রেণ বোধ নীয়ং, তস্য লোকতোঽবগন্তুং শক্যত্বাৎ। ফলসম্বন্ধ এক-এব শাস্ত্রবোধ্য ইতি ন তত্র বাক্যভেদঃ; ইহ তু রেবত্যগাধা-রকবারবন্তীয়সাম্নোঽগ্নিষ্টুৎকর্ম্মসাধনত্বং ফলসাধনত্বঞ্চেত্যু-ভয়স্য শাস্ত্রৈকবোধ্যত্বাদ্দুর্বারোবাক্যভেদস্তেন পশুফলকং-য়থোক্তগুণবিশিষ্টকর্ম্মান্তরমত্র বিধীয়তে। এতচ্ছব্দ এবকারশ্চ বিধীয়মানকর্ম্মান্তরবিষয়তয়া য়োজনীয়ৌ”-ইতি॥ ২৯

(অনুবাদ)

সেই স্থলেই দ্বিতীয় পাদের দ্বাদশাধিকরণে সামবিশেষ প্রযুক্ত কর্ম্মান্তরতাও অভিহিত হইয়াছে। যথা—

অগ্নিষ্টুতযাগে আছে বিধি পশু কামনায়,
রেবন্তীতে বারবন্তী গাহিবে বায়ব্যে প্রায়।
হ'তে পারে ইহা গুণ অগ্নিষ্টোম সাম গানে,
কিন্তু বাক্যভেদ-দোষে বিধি স্বতন্ত্র বাখানে॥ ২৯

“ব্রহ্মবর্চ্চসকামনা থাকিলে ত্রিবৃদগ্নিষ্টোমের বায়ব্য ঋক্‌গুলিতে একবিংশ অগ্নিষ্টোম গান করিবে” এই বিধির নিকটেই আর একটি বিধি আছে, যে, “যে কেহ পশু কামনা করিবে, সে, ইহারই রেবতী ঋক্‌গুলিতে বারবন্তীয় নামক অগ্নিষ্টোম সাম গান করত যাগ সম্পন্ন করিবে”। অগ্নিষ্টোম

যাগের কোন একটি বিকৃতি যাগকে 'অগ্নিষ্টুৎ' কহে, উহা একদিন সম্পাদ্য বলিয়াই 'একাহ' নামে অভিহিত হয় এবং পৃষ্ঠস্তোত্রে ত্রিবৃৎ স্তোমযুক্ত হয় বলিয়া 'ত্রিবৃৎ' আখ্যা-ভাজনও হইয়াথাকে, আরও অগ্নিষ্টোম উক্থ প্রভৃতি সপ্ত-বিধ সোম যাগের মধ্যে ইটি যেহেতু অগ্নিষ্টোম লক্ষণাক্রান্ত অতএব 'অগ্নিষ্টোম'ও ইহার নামান্তর। প্রকৃতিযাগে অর্থাৎ অগ্নিষ্টোমযাগে তৃতীয় সবনে আর্ভবপবমানের পরেই 'য়জ্ঞা-য়জ্ঞীয়' সাম গীত হইয়াথাকে, সেই সামেই অগ্নিষ্টোম যাগের সমাপ্তি বলিয়াই তাহাকে অগ্নিষ্টোম সাম কহে। উক্ত সাম প্রকৃতিযাগে 'য়জ্ঞায়জ্ঞাৱো অগ্নয়ে' ইত্যাদি ঋক্‌গুলি (উ০ ১,২০,১-২-৩) অবলম্বন করিয়া গীত হইয়াথাকে। এই অগ্নিষ্টুৎনামক বিকৃতিযাগে সেই সামটীই ব্রহ্মবর্চ্চস কাম-নায় বায়ব্য ঋক্‌গুলিতে গীত হয় এবং উহা প্রকৃতিযাগে যেরূপ একবিংশ স্তোমযুক্ত, এস্থলেও তাহাই হয়; যদি পশুকামনা থাকে'ত 'রেৱতীর্নঃ সধমাদ.' ইত্যাদি ঋক্‌গুলি (উ০ ৪,১৪ ১-২-৩) অবলম্বন করিয়া গীত হইয়াথাকে। এস্থলে বিচার্য্য ;—যেরূপ পূর্ব্ব অধিকরণে, প্রকৃত অগ্নিহোত্র হোমে ইন্দ্রিয় কামনায়, দধিগুণ বিহিত হইয়াছে ; এস্থলেও সেইরূপ, প্রকৃত অগ্নিষ্টোমযাগে পশুকামনায়, রেবতী ঋক্-সমূহে বারবন্তীয় সামের সম্বন্ধরূপ গুণ বিহিত হইয়াথাকে অথবা এটি একটি স্বতন্ত্র বিধি ? এই বিচারের সিদ্ধান্তে বলা হইয়াছে, ইহা গুণবিধি নহে এবং উক্ত দৃষ্টান্তও ইহার সহিত সমতুল্য নহে ; ইহা একটি স্বতন্ত্র বিধি ; অন্যথা বাক্যভেদ দোষ অনিবার্য্য হইবে ॥ ২৯

(মূল)

উত্তরস্মিংস্ত্বধিকরণে নিধনবিশেষাঃ কাম্যাঃ বিচারিতাঃ—

"বৃষ্ট্যন্নস্বর্গকামানাং সৌভরং স্তোত্রমীরিতম্।
নিধনাদ্যপি হীষূর্গ ইতি বৃষ্ট্যাদিকামিনাম্ ॥
ফলান্তরং কিং বৃষ্ট্যাদি হীষাদীনামুতোদিতে।
সৌভরে ফলসম্ভিন্নে নিধনং বিনিয়ম্যতে ॥
ফলান্তরং চতুর্থ্যোক্তং বৃষ্টিকামায় হীষিতি।
সৌভরস্য ফলং বৃষ্টির্হীষিত্যুক্ত্যা বিবর্দ্ধতে ॥
নোক্তং বৃষ্ট্যন্নকামানামন্যত্বং প্রত্যভিজ্ঞয়া।
নিয়মেঽপি চতুর্থ্যেষা তাদর্থ্যাদুপপদ্যতে ॥ ৩০

'য়োবৃষ্টিকামঃ স্যাদ্ য়োঽন্নাদ্যকামো য়ঃ স্বর্গকামঃ সৌভরেণ স্তুবীত, সর্বে বৈ কামাঃ সৌভরম্'—ইতি সমাম্নায় পুনঃ সমাম্নাতম্— 'হীষিতি বৃষ্টিকামায় নিধনং কুর্য্যাৎ—ঊর্গিত্যন্নাদ্যকামায়—ঊ ইতি স্বর্গকামায়'—ইতি। সৌভরং নাম সামবিশেষম্। নিধনং নাম পঞ্চভিঃ সপ্তভি র্বা ভাগৈরুপেতস্য সাম্নোঽন্তিমোভাগস্তস্মিন্নিধনে হীষাদয়োবিশেষাঃ সৌভরসামস্যাধ্যস্তোত্রফলেভ্যোবৃষ্ট্যাদিভ্যোঽন্যানি বৃষ্ট্যাদিফলানি জনয়িতুং বিধীয়ন্তে। কুতঃ? হীষাদিবিধিবাক্যে বৃষ্টিকামায়েত্যাদিনা চতুর্থীশ্রবণাৎ। সা চ তাদর্থ্যে ত্রয়াণাং হীষাদিনাং বৃষ্ট্যাদিকামপুরুষশেষত্বং গময়তি। তচ্ছেষত্বঞ্চ পুরুষাভিলষিতফলসাধনত্বে সত্যুপপদ্যতে। ততঃ সৌভরস্য হীষিতিনিধনবিশেষস্য চ ফলভূতে দ্বে বৃষ্টী ভবতস্তদুভয়মেলনান্মহতী বৃষ্টিঃ। ইতি প্রাপ্তে ব্রূমঃ;—সৌভরবিধৌ য়োবৃষ্ট্যাদিকামঃ স এব হীষাদিবিধৌ প্রত্যভিজ্ঞায়তে, ততঃ সৌভরস্য

ফলভূতা যে বৃষ্ট্যাদয়স্ত এব হীষাদিশাস্ত্রেষনুদ্যন্তে, ইতি ন ফলান্তরম্। অথোচ্যেত— নূতনফলান্তরাভাবাদ্ধীষাদীনাঞ্চ নানাশাখাধ্যয়নাদেব সৌভরে প্রাপ্তত্বাদনর্থকোঽয়ং বিধিরিতি। তন্ন, ফলত্রয়কামানাং ত্রয়াণামনিয়মেনৈব হীষাদিষু মধ্যে যস্য কস্যচিন্নিধনস্য প্রাপ্তৌ বিধের্নিয়মার্থত্বাৎ, তাদর্থ্যস্ত ফলান্তরাভাবেঽপি সৌভরবাক্যোক্তবৃষ্ট্যাদিফলসাধনে সৌভরে হীষাদীনাং নিয়ম্যমানত্বাদুপপদ্যতে। তস্মাদয়ং নিধনবিশেষনিয়মো ন বিধিঃ"—ইতি ॥ ৩০

(অনুবাদ)

উত্তর অধিকরণে নিধনবিশেষানুসারে কয়েকটী কাম্যকর্ম্ম বিচারিত হইয়াছে। যথা—

"বৃষ্টি, অন্ন, স্বর্গ কামে স্তোত্র সৌভর গাইবে।
হীষুগূ নিধন ভেদে ফল বিভিন্ন পাইবে ॥
নিধনানুসারে ফল ফলিবে যদি নিশ্চয়!
সৌভরের ফল তাহে, হবে বুঝি উপচয়?
না না, তাহা নহে, শুন বলি নিয়ম বচন,
সৌভরেরি নিধনেতে ইহা নিয়ম কথন ॥ ৩০

একটি শ্রুতি আছে 'যে কেহ বৃষ্টি কামনা করিবে, যে অন্নাদি কামনা করিবে, যে স্বর্গ কামনা করিবে; তাহারা সকলেই সৌভরের দ্বারা স্তব করিবে; এ সমস্ত কামনাই সৌভরদ্বারা সাধিত হয়'। ইহার পরেই আরও শ্রুত হইয়াছে 'যে বৃষ্টি কামনা করে, সে হীষ্ নিধন ব্যবহার করিবে, অন্নাদি

কামনায় উর্ক্ নিধন ব্যবহার করিবে এবং স্বর্গ কামনায় ঊ নিধন ব্যবহার করিবে'। সৌভর শব্দে একটি সাম বুঝায় (উঃ গাং ১, ১৬); নিধন শব্দে পঞ্চভাগে বিভক্ত সামের শেষ (পঞ্চম) ভাগ অথবা সপ্তভাগে বিভক্ত সামের শেষ (সপ্তম) ভাগ। এস্থলে বিচার্য্য ;—যদি একমাত্র সৌভর সামের গান-ফলে বৃষ্ট্যাদি ফলত্রয়ই লাভ হয় এবং হীষ্ প্রভৃতি নিধনত্রয়েরও যথাক্রমে বৃষ্ট্যাদি ফলত্রয় অবশ্য লভ্য, তাহা হইলে ঐ সৌভরেরই নিধনভাগ হীষ্ প্রভৃতি ব্যবহার করিলে বৃষ্ট্যাদি ফলের আত্যন্তিকতা আসাদিত হইতে পারে ? বস্তুত এরূপ নহে ; সৌভর সামেরই তিন প্রকার নিধন ব্যবহার করাযায় এবং সৌভরের সর্ব্বফল-সাধকত্বানু-সারেই যে নিধন ব্যবহারে যে ফল লাভ হইবে, তাহাই দ্বিতীয় শ্রুতিতে নিয়মিত হইয়াছে মাত্র। যদি বল ! শাখা-ভেদানুসারে সৌভর সামের হীষাদি নিধন ভেদ'ত হইবেই এবং সৌভরের বৃষ্ট্যাদি সর্ব্বফল-সাধকতা আছেই এতা-বতা নিধনাদি ফল শ্রুতিটি নিতান্ত নিরর্থকই ; তাহা নহে, যেহেতু সৌভরের সর্ব্বফল-সাধকতা থাকিলেও কীদৃশ নিধন বিশিষ্ট সৌভরের, কোন্ ফল সাধকতা ?' ইহা নিয়মিত করণার্থ নিধনভেদে ফলভেদ বোধক শ্রুতিটিও নিতান্ত প্রয়ো-জনীয়। অতএব বৃষ্টিকাম ব্যক্তি হীষ্-নিধন সৌভর, অন্নাদি-কামনায় উর্ক-নিধন সৌভর এবং স্বর্গকামী ঊ নিধন সৌভর ব্যবহার করিবে। উক্ত সৌভর সাম এই * ;—

* ইহা ঊ-নিধন। হীষ্-নিধন ও উর্ক্-নিধন উহনীয়।

৫ ৪ ২ ৪ ৫র ৪ ৫ ২র ১ ৭ ১
সোভরম্ ॥ বয়া৩মু৩স্বামপূর্ব্বিয়োবা। স্থূরন্নকচিন্তরা২ন্তা

৭ ১ ৩ ৫ ১ ১ ২
অবা২৩। হো। স্যা২৩৪বাঃ। বজ্রিক্ষিত্রম্। হবা৩হা৩ই।

১ ৩ ৫র র ৪ ২ ৪ ৫র ৪ ৫
মা২হা২৩৪ঔহোবা ॥ (১) বজ্রা৩ইক্ষা৩ইত্রগ্ৰহবামহোবা।

১ র র —১ ৭ ১ ৩ ৫ ১
উপস্থাকর্ম্মন্নূতা২য়াইসনা২৩ঃ। হোই। য়ূ২৩৪বা। উগ্র-

র ১ ২ ১ ৭ ৩ ৫র র ৫ ৪
শ্চক্রা। ময়ো৩হা৩ই। ধা২র্ষা২৩৪ঔহোবা ॥ (২) উগ্রা৩

২ ৪ ৫র ৪ ৫ ১র —১ ১
শ্চা৩ক্রাময়োধৃষোবা। ত্বামিধ্যবিতা২রাংববা২৩। হো।

৩ ৫ ১র ১ ২ ১ ৭ ৩ ৫র র
মা২৩৪হাই। সখায়ই। দ্রসা৩হা৩ই। না২সা২৩৪ঔহোবা।

৩ ১ ১ ১ ১
উ২৩৪৫ (৩) ॥ ৩০

(মূল)

তৃতীয়াধ্যায়স্য তৃতীয়পাদে প্রথমদ্বিতীয়াধিকরণয়োঃ সাম-গানে উচ্চত্বনীচত্বধর্ম্মৌ বিচারিতৌ। তত্র প্রথমাধিকরণম্ ;—

"কর্ত্তব্যমুচ্চৈঃ সামর্গ্‌ভ্যামুপাংশু যজুষেত্যমী।
মন্ত্রাণাং বাথ বেদানাং ধর্ম্মা মন্ত্রগতা যতঃ ॥
বিধ্যুদ্দেশে মন্ত্রবাচিশব্দাঃ প্রোক্তা ঋগাদয়ঃ।
ঋগ্বেদোঽগ্নেঃ সমুৎপন্ন ইত্যুপক্রমবেদগীঃ ॥

অসঞ্জাতবিরোধোঽতস্তদ্বশাদুপসংহৃতেঃ ।
নয়নে সতি বাক্যেন ধর্ম্মাণাং বেদগামিতা ॥ ৩১

জ্যোতিষ্টোমে শ্রূয়তে—'উচ্চৈরৃচা ক্রিয়তে, উপাংশু যজুষা, উচ্চৈঃ সাম্না'—ইতি। তত্র বিধিবাক্যে মন্ত্রবাচিনামৃগাদিশব্দানাং প্রয়োগান্মন্ত্রধর্ম্মা উচ্চৈস্ত্বাদয়:,তথাসতি যজুর্বেদোৎপন্না অধ্বর্য্যুণা প্রযুজ্যমানা অপ্যৃচ উচ্চৈরেব পঠিতব্যা—ইতি চেৎ ? নৈবম্, অসঞ্জাতবিরোধিত্বেন প্রবলমুপক্রমমনুসৃত্য তদ্বশেনোপসংহারস্য নেতব্যত্বাৎ। উপক্রমে হি বেদশব্দঃ শ্রুতঃ—'ত্রয়োবেদা অসৃজ্যন্ত,—অগ্নেঋর্গ্বেদোবায়োর্য়জুর্বেদ আদিত্যাৎ সামবেদঃ'-ইতি অতঃ উপক্রমগতবেদানুসারেণ বিধ্যুদ্দেশগতানামপ্যৃগাদিশব্দানাং বেদপরত্বে সত্যৃচোঽপি যজুর্বেদোৎপন্না উপাংশু পঠনীয়া:। ননূপক্রমোঽর্থবাদত্বাদ্ দুর্বল:, উপসংহারোবিধ্যুদ্দেশত্বাৎ প্রবলঃ ইতি চেৎ ? বাঢ়ম্ ! লব্ধাত্মনোহি বিধ্যুদ্দেশস্য প্রাবল্যম্. ইহ তু প্রথমতোবুদ্ধ্যুৎপাদক উপক্রমস্তদানীমলব্ধাত্মকত্বান্ন তস্য বাধকত্বম্, পশ্চাত্তু বাক্যৈকত্বায় তদবিরোধেনৈবাত্মানং লভ্যতে, তদেবমুপক্রমোপসংহারৈকবাক্যতাবলেন,নির্ণয়াদ্ বাক্যবিনিয়োগোঽয়ম্' —ইতি ॥ ৩১

(অনুবাদ)

তৃতীয়াধ্যায়ের তৃতীয় পাদের প্রথম ও দ্বিতীয় অধিকরণে

মন্ত্র-পাঠাদির উচ্চত্ব নীচত্ব ধর্ম্ম বিচারিত হইয়াছে। তন্মধ্যে প্রথমাধিকরণ এই ;—

"সাম ও ঋচার পাঠে হবে সদা উচ্চ-ধ্বনি,
যজুঃপাঠ নীচস্বরে করিবে' ব্যবস্থা, গণি।
এখানে কি বুঝিব হে! মন্ত্র কিংবা বেদ বল?
মন্ত্রের বর্ণনা হেতু বুঝিব যে মন্ত্রদল।
নানা, তাহা নহে, হেথা উপক্রমে বেদশ্রুতি,
বুঝি লব অতএব বেদ, স্থির করি শ্রুতি ॥ ৩১

জ্যোতিষ্টোমে শ্রুত হইয়াছে,— 'ঋক্‌পাঠ উচ্চস্বরে করিবে, যজুঃ পাঠ নীচস্বরে করিবে এবং সামগানও উচ্চ-ধ্বনিতে করিতে হইবে'। এস্থলে বিচার্য্য ;—বিধিবাক্যে ঋক্‌প্রভৃতি মন্ত্রবাচী শব্দের শ্রবণ থাকাপ্রযুক্ত উচ্চৈস্ত্বাদি ধর্ম্ম, মন্ত্রেরই ; তাহা হইলে যজুঃসংহিতাতে শ্রুত ঋক্‌গুলি অধ্বর্য্যুকর্ত্তৃক পঠ্যমান হইলেও উচ্চস্বরেই পঠিত হইবে। বস্তুত ইহা অপসিদ্ধান্ত। প্রকৃতপক্ষে, উপক্রমে অধ্বর্য্যু-কর্ত্তৃকই যজুঃসংহিতামন্ত্রসমস্ত ব্যবহার্য্য বিধান থাকায় অধ্বর্য্যুর পাঠ্য ঋক্‌গুলিও যজুর্বেদই বুঝিতে হইবে এবং তদনু-যায়ী তৎসমস্তও নীচস্বরেই পঠিত হইবে ॥ ৩১

(মূল)

দ্বিতীয়াধিকরণম্—

"যজুর্বেদগতাধানং তদঙ্গং সাম তত্র কিম্।
উচ্চৈরুপাংশু বা গানমুচ্চৈঃ শীঘ্রপ্রবৃত্তিতঃ।

উৎপত্তের্বিনিয়োগোঽত্র প্রবলোঽনুস্মৃতির্যতঃ।
মুখ্যস্যাঙ্গেন কর্ত্তব্যা তস্মাদ্ গানমুপাংশুতা ॥
আধানস্যাত্র মুখ্যত্বং গানস্য গুণতাথবা।
বিনিয়োগস্য মুখ্যত্বাদুৎপত্তের্গুণতা ত্বিহ ॥ ৩২

আধানে বামদেব্যাদিসামান্যঙ্গত্বেন বিহিতানি। তত্র যদ্য-প্যেতানি যজুর্বেদগতস্যাধানস্যাঙ্গানি, তথাপি সামবেদে তেষামুৎপন্নত্বাদুৎপত্তেশ্চ শীঘ্রং বুদ্ধিহেতুত্বাৎ সামবেদ-ধর্ম্মেণ গেয়ানীতি চেৎ? ন, বিনিয়োগস্য প্রবলত্বাৎ। স চ যজুর্বেদে শ্রুতঃ— 'য এবং বিদ্বান্ বামদেব্যং গায়তি'— ইতি। গুণেন হি মুখ্যস্যানুসরণং ন্যায্যম। কোগুণঃ? কিম্ মুখ্যম্?—ইতি চেৎ— অত্রাঙ্গিত্বাদাধানং মুখ্যম্, সামগান-মঙ্গত্বেন গুণস্তথাসতি 'ঘর্ম্মঃ শিরঃ'-ইত্যাদয় আধানাঙ্গভূতাঃ মন্ত্রাঃ যথোপাংশু পঠ্যন্তে, তথা সামান্যপ্যাধানানুসারেণো-পাংশু গেয়ানি। অথবা বিনিয়োগোঽনুষ্ঠাপকবিধিত্বান্মুখ্যঃ, উৎপত্তিবিধিরতথাবিধত্বাদ্ গুণস্তস্মাদত্র বিনিয়োগবেদানু-সারেণোপাংশু গেয়ানি"—ইতি ॥ ৩২

(অনুবাদ)

এইরূপ দ্বিতীয়াধিকরণে অধ্বর্য্যুরপাঠ্য সামগানের নীচ-স্বরই ব্যবস্থাপিত হইয়াছে। যথা—

"যজুর্ব্বেদ-গতাধান, পাঠ্য আছে সাম তাহে,
উচ্চে হবে গীত কিংবা নীচস্বরে, যজু যাহে?

হতে পারে উচ্চে গান, সাম-ধর্ম্ম-অনুসারে।
কিন্তু হবেনা, যেহেতু অধ্বর্য্যু পঠিবে তারে॥ ৩২

যজুর্ব্বেদীয় আধান প্রকরণে যজুর্ব্বেদীয় শ্রুতিতেই বাম-দেব্যপ্রভৃতি কতিপয় সাম অধ্বর্য্যুর পাঠ্যরূপে বিহিত আছে। এস্থলে বিচার্য্য, যে এই সামগুলি উচ্চস্বরে বা নীচস্বরে পঠিত হইবে? যদিও ইহা যজুর্ব্বেদীয় আধানে ব্যবহৃত হইতেছে তথাপি সাম অতএব সামধর্ম্মেই অর্থাৎ উচ্চস্বরেই গীত হওআ উচিত। এই অপসিদ্ধান্ত দূরীকরণার্থ বলা হইয়াছে, না, এগুলি সাম হইলেও যখন অধ্বর্য্যু কর্ত্তৃক পঠিত হইবার বিধি দেখা যাইতেছে, তখন তদনুসারে যজু-র্ধর্ম্মেই অর্থাৎ যজুর ন্যায় নীচস্বরেই পঠিত হইবে, যেহেতু এস্থলে এগুলির সামত্ব গৌণ এবং বিনিয়োগানুসারে যজুস্ত্বই প্রধান *॥ ৩২

(মূল)

পঞ্চমাধ্যায়স্য তৃতীয়পাদে চতুর্থপঞ্চমাধিকরণয়োঃ স্তোম-বিচারঃ। তত্র চতুর্থাধিকরণম্;—

---

* প্রকৃত পক্ষে উচ্চৈস্ত্ব ও নীচৈস্ত্ব সামধর্ম্ম না বলিয়া, অধ্বর্য্যু যাহা কিছু পাঠ করিবেন তাহা নীচস্বরে এবং উদ্গাতা ও হোতা যাহাকিছু পাঠ করিবেন তৎসমস্তই উচ্চস্বরে বলিলেই হয়।

"স্তোমবৃদ্ধৌ কিমাগন্তোর্ম্মধ্যেঽন্তে বাস্তু মধ্যতঃ।
দ্বাদশাহবদন্যত্র মধ্যান্মুক্তেন্ন মধ্যমঃ॥ ৩৩

ইদমাম্নায়তে—'একবিংশেনাতিরাত্রেণ প্রজাকামং যাজ-য়েৎ, ত্রিণবেনৌজস্কামং, ত্রয়স্ত্রিংশেন প্রতিষ্ঠাকামম্'—ইতি। তত্র প্রকৃতৌ বহিষ্পবমানস্তোত্রে ত্রয়স্তৃচা ভবন্তি। উপাস্মৈ গায়তেত্যাদ্যেকঃ। দবিদ্যুতত্যারুচেত্যাদি দ্বিতীয়ঃ। পবমানস্য তে কবইত্যাদি স্তৃতীয়ঃ। তেষু ত্রিষু তৃচেষূর্দ্ধং গানেন ত্রিবৃৎস্তোমোভবতি ন ত্বত্র পঞ্চদশসপ্তদশস্তোমাদীনা-মিবাবৃত্তগানমস্তি। স চ বহিষ্পবমানোবিকৃতাবতিরাত্রে চোদ-কেন প্রাপ্তস্তত্র ত্রিবৃৎস্তোমং বাধিতুমেকবিংশাদিস্তোমঃ বিহিতাঃ। বহিষ্পাবমানে আবৃত্তগানাভাবাত্রিষু তৃচেষবস্থিতা-ভির্নবভির্ঋগ্‌ভিরেকবিংশস্তোমপূরণাভাবাত্তৎপূরণায় চত্বার-স্তৃচা আগময়িতব্যাঃ। ত্রিণবস্তোমপূরণায় ষট্‌ তৃচাঃ। ত্রয়স্ত্রিং-শস্তোমপূরণায়াষ্টৌ তৃচাঃ। ঋচাগমনঞ্চোপরিষ্টাদ্ বক্ষ্যতে তেষাঞ্চাগন্তূনাং মন্ত্রাণাং প্রাকৃতবহিষ্পবমানমধ্যে নিবেশঃ কার্য্যোদ্বাদশাহে তদ্দর্শনাদিতি প্রাপ্তে, ক্রমঃ;—দ্বাদশাহে হি বচনমেব মাম্নায়তে—"স্তোত্রিয়ানুরূপৌ তৃচৌ ভবতৌ বৃষ-ণ্বন্তস্তৃচা ভবন্তি, ততোত্তমপর্য্যাসঃ"—ইতি। অয়মর্থঃ—প্রাকৃতানাং বহিষ্পবমানগতানাং ত্রয়াণাং তৃচানাং স্তোত্রিয়ো-ঽনুরূপঃ পর্য্যাসশ্চেতি ত্রীণি নামানি, তত্র চোদকান্তর্গত-য়োরনুরূপপর্য্যাসয়োস্তৃচয়োর্ম্মধ্যে বৃষণ্বচ্ছব্দযুক্তাস্তৃচাঃ কর্ত্ত-ব্যাইতি। নচৈবমতিরাত্রমধ্যে নিবেশনায় বচনমস্তি। তস্মাৎ ক্লৃপ্তক্রমমবাধিতুমাগন্তূনামন্তে নিবেশঃ"॥ ৩৩

(অনুবাদ)

পঞ্চমাধ্যায়ের তৃতীয় পাদের চতুর্থ ও পঞ্চম অধিকরণে স্তোম-বিচার কথিত হইয়াছে। তন্মধ্যে চতুর্থাধিকরণ এই ;—

স্তোম বৃদ্ধি হ'বে মধ্যে, দ্বাদশাহে হয় যথা ?
বিশেষ বিধি অভাবে, অন্তে হইবে সর্ব্বথা ॥৩৩

এইরূপ বিধি আছে,—"যিনি প্রজা কামনা করেন, তিনি একবিংশ স্তোম দ্বারা অতিরাত্র নামক যাগ কার্য্য সম্পাদন করিবেন ; যিনি ওজঃ কামনা করেন, তিনি ত্রিণব স্তোম দ্বারা ঐ যাগ সম্পন্ন করিবেন ; যিনি প্রতিষ্ঠা কামনা করেন, তিনি ত্রয়স্ত্রিংশ স্তোম দ্বারা উহা সম্পন্ন করিবেন"। প্রকৃতি যাগে * অর্থাৎ জ্যোতিষ্টোম নামক সোমযাগে বহিষ্পবমান নামক স্তোত্রে তিনটি ত্র্যচ্ আছে—'উপাস্মৈ গায়তা নরঃ' ইত্যাদি প্রথম, 'দবিদ্যুতত্যা ঋচা ইত্যাদি দ্বিতীয়, 'পবমানস্য তে কবে' ইত্যাদি তৃতীয় ; ত্র্যচ্-ত্রয়-মূলক গানে একটি ত্রিবৃৎস্তোম সম্পন্ন হইয়াথাকে ; পঞ্চ-দশ সপ্তদশ প্রভৃতি স্তোমগুলিতে যেরূপ ঋগাবৃত্তি করিতে হয় ত্রিবৃৎ স্তোমে সেরূপ করিতে হয় না। ঐ সোম যাগে-

* যাহাতে সমস্ত অঙ্গ কর্ম্মের সম্পূর্ণ উপদেশ থাকে, তাহাকে প্রকৃতি যাগ কহে।

ত্বই সংস্থাবিশেষ * অতিরাত্র নামক বিকৃতি যাগেও † প্রকৃতি অনুসারে ‡ উক্ত বহিষ্পবমানে ঐ ত্রিবৃৎ স্তোম গানই হইতে পারে পরং 'যিনি প্রজা কামনা করেন' ইত্যাদি পূর্ব্বপ্রদর্শিত বিশেষ বিধি অনুসারে একবিংশাদি স্তোম গান করিতে হয়। এইরূপ স্তোমগান করিতে হইলে বহিষ্পবমানের ত্র্যক্ত্রয়ে নয়টি মাত্র ঋকে সম্পন্ন হইতে পারে না কাজেই একবিংশ স্তোমের জন্য অপর চারিটি ত্র্যচ্, ত্রিণব স্তোমের জন্য অপর ছয়টি ও ত্রয়স্ত্রিংশ স্তোমের জন্য অপর আটটি ত্র্যচ্ বৃদ্ধি প্রয়োজনীয় হয় এবং আগমের দ্বারা তাহা সম্পন্ন করিবার বিধিও উত্তর (৫০) গ্রন্থে স্থিরীকৃত হইবে। এস্থলে বিচার্য্য ;—ঐ আগন্তু ত্র্যচ্গুলির সমা-

* সোমবল্লীর রসের দ্বারা নিষ্পাদ্য যজ্ঞকে সোমযাগ কহে। সেই সোমযাগ সপ্ত প্রকার। যথা— অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম, উকথ, ষোড়শী, অতিরাত্র, বাজপেয় এবং আপ্তোর্যাম। এই সপ্তবিধকে সপ্ত সংস্থা কহে। এই সপ্ত সংস্থ সোমযাগ পুনশ্চ একাহ, অহীন্র, সত্র ভেদে তিন প্রকার হইয়া থাকে। গর্গত্রিরাত্র, দ্বাদশাহ প্রভৃতি তাহারই উদাহরণ। ইহার মধ্যে অগ্নিষ্টোমই সর্ব্ব প্রধান ; উহাকেই জ্যোতিষ্টোমও কহে। অন্যান্য গুলিও প্রায় ঐরূপ, কোন কোন স্থলে কিছু কিছু বিভিন্নতা আছেমাত্র। এই জন্যই অগ্নিষ্টোমকে প্রকৃতিযাগ এবং অপরাপরগুলিকে বিকৃতিযাগ কহে।

† যাহাতে যে যে স্থলে বিশেষ বক্তব্য, তৎতৎস্থলেই উপদিষ্ট হইয়াছে-মাত্র, তাহাকেই বিকৃতিযাগ কহে।

‡ 'প্রকৃতির ন্যায়ই বিকৃতি কর্ত্তব্য, এই বিধি অনুসারে প্রকৃতি যাগে অর্থাৎ মূল যাগে পূর্ব্বে সর্ব্বাঙ্গোপদেশ সহ বিহিত যাগে যে যে অঙ্গের যে যে বিধান করা হইয়াছে, কামনা-বিশেষে তদযুক্ত বিকৃতি যাগেও সেই সেই অঙ্গের সেই সেই ব্যবস্থাই স্বীকার্য্য হইবে।

বেশ কোন্ স্থলে হইবে, বহিষ্পবমানীয় তিনটি তৃ্যচের মধ্যে বা অন্তে? দ্বাদশাহ নামক যাগের ন্যায় মধ্যেই হইতে পারে। এই পূর্ব্বপক্ষের উত্তরে বলা হইতেছে,—না; এস্থলে তাহা হইতে পারে না, যেহেতু আগন্তু তৃ্যচ্‌গুলির সমাগম মধ্যে স্বীকার করিলে শ্রুতিগত পাঠ ক্রমের ব্যাঘাত দোষ অনিবার্য্য হইবে। দ্বাদশাহে বিশেষ বিধি আছে, যে—'অনুরূপ তৃ্যচ্ এবং পর্য্যাস তৃ্যচ্ * এতদুভয়ের মধ্যে বৃষণ্বৎ-শব্দ-যুক্ত তৃ্যচ্‌গুলি সমাবিষ্ট হইবে' এই বিশেষ বিধি অনুসারেই তথায় মধ্যে তৃ্যচ্ সমাগম হইয়া থাকে; এস্থলে তাদৃশ বিশেষ কোন বিধি নাই অতএব তাহা না হইয়া আগন্তু তৃ্যচ্‌গুলির সর্ব্বান্তেই সমাগম স্বীকার্য্য ॥ ৩৩

(মূল)

পঞ্চমাধিকরণম্—

"আর্ভবে সাম্ন আগন্তোরন্তে মধ্যেঽথবাগ্রিমঃ।
পূর্ব্ববৎ ত্রীণি যজ্ঞস্যেত্যুক্ত্যা মধ্যে নিবেশনম্ ॥৩৭

পূর্ব্বোদাহৃতেঽতিরাত্রে মাধ্যন্দিনার্ভবপবমানয়োশ্চোদকপ্রাপ্তৌ পঞ্চদশসপ্তদশস্তোমৌ বাধিতুমেকবিংশাদিবিবৃদ্ধস্তোমোবচনাদনুষ্ঠীয়তে, তত্র বহিষ্পবমানবদৃচাগমনং ন ভবতি, কিন্তু সামাগমেন স্তোমপূরণমিতি দশমে বক্ষ্যতে,—তস্য চাগন্তোঃ সাম্নঃ পূর্ব্বোক্তানামৃচামিবান্তে নিবেশনাৎ পঠিতানাং তৃ্যচানাং মধ্যে তৎসাম চরমে তৃ্যচে গাতব্যমিতি প্রাপ্তে,

---

* প্রকৃতিযাগে ব্যবহার্য্য বহিষ্পবমানগত তিনটি তৃ্যচের মধ্যে প্রথম তৃ্যচটীকে স্তোত্রিয়, দ্বিতীয় তৃ্যচকে অনুরূপ ও তৃতীয় বা শেষটীকে পর্য্যাস কহে।

ত্র্যৃচ:—'ত্রীণি হ বৈ যজ্ঞস্যোদরাণি গায়ত্রী-বৃহতী-অনুষ্টুপ্ চাত্র হ্যেবাবপন্ত্যত এবোদ্বপন্তীতি হি বিশেষ আম্নায়তে, অয়মর্থ:—স্তোমস্য বিবৃদ্ধয়ে সাম্ন আবাপঃ ক্রিয়তে, হ্রাসায় চোদ্বাপস্তাবুভাবাবাপোদ্বাপৌ গায়ত্র্যাদিষ্বেব নান্যত্রেতি। 'উচ্চা তে জাতমন্ধসঃ' (উ,১প্র,৮সূ১।২।৩খ)-ইত্যেষ মাধ্যন্দিনপবমানস্যাদ্যাস্তৃচঃ,'স্বাদিষ্ঠয়া' (উ,১প্র১৪সূ১।২।৩খ) ইত্যেষঃ আর্ভবপবমানস্য—তাবুভৌ গায়ত্রীচ্ছন্দস্কৌ, তয়োরাবাপোন তু ত্রিষ্টুপ্ জগতীচ্ছন্দস্কয়োরন্যয়োস্তৃচয়োঃ সামাবপনীয়ম্,, ইতি ॥ ৩৭

(অনুবাদ)

পঞ্চমাধিকরণ এই ;—

পবমানে সামাগম অগ্রে মধ্যে বা অন্তেতে ?

হ'তে পারে পূর্ব্ব-ন্যায়ে। কিন্তু হবে বিধিমতে ॥ ৩৭

প্রকৃতি যাগে মাধ্যন্দিন পবমান ও আর্ভব পবমান স্তোত্র যথাক্রমে পঞ্চদশ ও সপ্তদশ স্তোমের দ্বারা সম্পাদিত হইয়াথাকে। অতিরাত্র নামক বিকৃতি যাগে ঐ স্তোমদ্বয় পঞ্চদশাদি স্তোম দ্বারা না হইয়া একবিংশাদি স্তোম দ্বারা হয় সুতরাং ইহাতেও পূর্ব্বের ন্যায় আগমের আবশ্যক হইয়াথাকে কিন্তু এস্থলে পূর্ব্বের ন্যায় ত্র্যৃচের সমাগম হয় না প্রকৃত সামেরই আগম হইয়াথাকে (ইহা দশমাধ্যায়ে নির্ণীত হইবে)। এস্থলে বিচার্য্য যে, ঐ আগন্তু সাম কোন্ ত্র্যৃচটি অবলম্বন করিয়া গীত হইবে—প্রথম, মধ্য বা অন্তিম ? পূর্ব্বে যেরূপ ভাবে ত্র্যৃচ-সমস্তের অন্তে-নিবেশ নির্ণয় করা হই-

য়াছে; তদনুসারে এতাদৃশ স্থলেও অন্ত্য ত্র্যৃচেই আগন্তু সামের সমাবেশ স্বীকার্য্য হইতে পারে? এই পূর্ব্বপক্ষের উত্তরে বলা যাইতেছে, যে—না; এস্থলে বিশেষ বিধি আছে "স্তোম"-সৌকার্য্যের জন্য সামের আবাপ (বৃদ্ধি) ও উদ্বাপ (হ্রাস) করিতে হইলে গায়ত্রী, বৃহতী ও অনুষ্টুপ্ এই তিনটি ছন্দের ত্র্যৃচ মাত্র অবলম্বনীয়"। এতাবতা এ স্থানে মাধ্যন্দিন পবমানের উচ্চাতেজাতমন্ধস ইত্যাদি আদ্য ত্র্যৃচটি গায়ত্রী ছন্দের এবং স্বাদিষ্ঠয়া মদিষ্ঠয়া ইত্যাদি আদ্য ত্র্যৃচটিও গায়ত্রী ছন্দের, অপর দ্বিতীয় ত্র্যৃচদ্বয় ত্রিষ্টুপ্ ছন্দের এবং তৃতীয় ত্র্যৃচদ্বয় জগতী ছন্দের অতএব আদ্য ত্র্যৃচদ্বয় অবলম্বনেই সামাবাপ কর্ত্তব্য ॥ ৩৭ *

(মূল)

তত্রৈব পঞ্চদশাধিকরণে স্তোমবিচারঃ—

"একস্তোমেঽন্যশব্দঃ স্যাদ্ বহুস্তোমেঽপি বাগ্রিমঃ।
ত্রিবৃদন্যেত্যর্থবাদামান্যমাত্রস্য সম্ভবাৎ ॥ ৩৮

অত্র পূর্বোদাহৃতোঽন্যেনেত্যয়মন্যশব্দএকস্তোমকে ক্রতৌ বর্ত্ততে,কুতঃ? অর্থবাদেন তদবগমাৎ—'যো বৈ ত্রিবৃদন্যং যজ্ঞক্রতু মাপদ্যতে স তং দীপয়তি, য়ঃ পঞ্চদশঃ স তম্, য়ঃ সপ্তদশঃ স তম্, য় একবিংশঃ স তম্'-ইত্যর্থবাদঃ। অস্যায়মর্থঃ—ত্রিবৃদাদয়শ্চত্বারঃ স্তোমাঃ অগ্নিষ্টোমে বর্ত্তন্তে, তেষু ত্রিবৃৎস্তোমোবিকৃতিরূপং য়ং য়জ্ঞমাপ্নোতি, স ত্রিবৃৎস্তোমস্তং

* পূর্ব্ব মুদ্রিত অঙ্কগুলিতে ভ্রম আছে।

য়জ্ঞং দীপয়তি প্রকাশয়তি সর্বতোব্যাপ্নোতীতি। স্তোমা-ন্তরস্যাপ্রবেশায় ত্রিবৃত এব সর্বস্মিন্ য়জ্ঞস্বরূপে ব্যাপ্তাবিয়-মেকস্তোমকঃ ক্রতুর্ভবতি—এবং পঞ্চদশাদিস্তোমব্যাপ্তির্যো-জনীয়া। তথা সত্যর্থবাদাদেকস্তোমকানামেব বুদ্ধিস্থত্বাৎ ত এবান্যশব্দেনোচ্যন্তে। একস্তোমকাশ্চ ষট্ রাত্র্যাদিষ্বা-ম্নাতাঃ—ত্রিবৃদগ্নিষ্টোমোভবর্তি, পঞ্চদশ উক্থোভবতীত্যা-দয়স্তস্মাত্তদ্বিষয়োঽন্যশব্দ ইতি প্রাপ্তে, ক্রমঃ—স তং দীপয়-তীত্যত্র প্রকাশকত্বমাত্রমুচ্যতে, তচ্চ ব্যাপ্তিমন্তরেণ সম্বন্ধ-মাত্রাদপ্যুপপদ্যতে, তস্মাদগ্নিষ্টোমপ্রতিযোগিতয়া বহুস্তো-মৈকস্তোমসাধারণত্বেন শ্রূয়মাণস্যান্যশব্দস্য সঙ্কোচহেত্ব-ভাবাৎ সর্ববিষয়োঽয়মন্যশব্দঃ” ইতি ॥ ৩৮

(অনুবাদ)

সেই স্থলেই পঞ্চদশাধিকরণে স্তোম বিচার কথিত হই-য়াছে ; যথা—

অন্যশব্দ, এক স্তোম কিংবা বহুস্তোম কহে ?
অর্থবাদ প্রমাণেতে উভয় অর্থই সহে ॥ ৩৮

প্রকৃতি যাগে অগ্নিষ্টোমে ত্রিবৃৎ, পঞ্চদশ, সপ্তদশ ও একবিংশ এই চারিটি স্তোম ব্যবহৃত হইয়াথাকে। তদ্বিষয়ে বিকৃতি যাগের জন্য বিশেষ অর্থবাদ বলা হইয়াছে যে—'ত্রিবৃৎ স্তোম অন্য যে ক্রতুকে প্রাপ্ত হয়, তাহাকে প্রকাশ করে ; পঞ্চদশ স্তোমও অন্য যে ক্রতুকে প্রাপ্তহয়, তাহাকে প্রকাশ করে ; সপ্তদশ স্তোমও অন্য যে ক্রতুকে প্রাপ্তহয়, তাহাকে প্রকাশ করে ; একবিংশ স্তোমও অন্য যে ক্রতুকে প্রাপ্ত হয়,

তাহাকে প্রকাশ করে। এস্থলে পূর্ব্বপক্ষ;—'অন্য যে ক্রতুকে' বলিতে যে কোন ক্রতুতে ঐ ত্রিবৃৎ স্তোমটিমাত্র বা পঞ্চদশ স্তোমটিমাত্র কিংবা সপ্তদশস্তোমটিমাত্র অথবা একবিংশ স্তোমটিমাত্র ব্যবহৃত হয়, সেই সেই ক্রতু বুঝা যাইতে পারে? এবং সেরূপ এক-স্তোমক ষট্‌রাত্রাদি ক্রতুও আছে। এস্থলে সিদ্ধান্ত;—ঐ অর্থবাদ বাক্যে প্রত্যেক স্তোমেরই গুণপ্রকাশ-রূপ স্তুতি প্রকাশিত হইয়াছেমাত্র, অন্য যে কোন ক্রতুতে বলিতে অন্য শব্দে প্রকৃতি যাগ ব্যতিরিক্ত বিকৃতি যাগমাত্র-কেই বুঝাইবে এবং প্রকৃতি যাগেরও ফলহানি করিবে না। এতাবতা প্রকৃতি যাগেতেও ত্রিবৃদাদির উক্তবিধ ফল আছেই, এক স্তোমক বা বহু-স্তোমক সর্ব্ববিধ বিকৃতি যাগেও ঐ স্তোমগুলি পূর্ণফলপ্রদ হয়, ইহাই তাৎপর্য্য ॥ ৩৮

(মূল)

সপ্তমাধ্যায়স্য তৃতীয়পাদে তৃতীয়াধিকরণে সর্ব্বপৃষ্ঠাতি-দেশশ্চিন্তিতঃ—

"বিশ্বজিৎ সর্ব্বপৃষ্ঠঃ কিমনুবাদো রথন্তরম্।
বৃহতা বা সমুচ্চেয়ং য়দ্বা ষাড়হিকানি ষট্ ॥
অতিদেশ্যানি তত্রাদ্যো মাহেন্দ্রাদিচতুষ্টয়ে।
পৃষ্ঠশব্দাচ্চোদকেন সর্ব্বেষামিহ সম্ভবাৎ ॥
সমুচ্চয়োর্ব্বা বিধয়ে সর্ব্বত্বং বহ্বপেক্ষয়া।
ন তু দ্বয়োরতঃ ষণ্ণাং পৃষ্ঠানামতিদেশনম্ ॥ ৩৯

'বিশ্বজিৎ সর্ব্বপৃষ্ঠোভবতি'-ইতি শ্রূয়তে তত্র সর্ব্বপৃষ্ঠ-শব্দোঽনুবাদঃ, কুতঃ? প্রাপ্তত্বাৎ। তথাহি—জ্যোতিষ্টোমে

মাধ্যন্দিনপবমানানন্তরভাবীনি মাহেন্দ্রাদীনি চত্বারি স্তোত্রাণি সন্তি—'অভি ত্বা শূর নোনুমঃ', 'কয়া নশ্চিত্র আভুবৎ', 'তং বোদস্ময়ৃতীষহম্', 'তরোভির্ব্বো বিদদ্বসুম্'-ইত্যেতেষু চতুর্ষু সূক্তেষু তানি স্তোত্রাণি সপ্তদশস্তোমতামাপাদ্য গীয়ন্তে। একস্মিন্ সূক্তে বিদ্যমানানাং তিসৃণামৃচাং ব্রাহ্মণোক্তবিধানেন সপ্তদশধ্যাভ্যাসঃ সপ্তদশস্তোমস্তাদৃশেষু স্তোত্রেষু পৃষ্ঠশব্দঃ শ্রূয়তে—'সপ্তদশানি পৃষ্ঠানি'-ইতি, তানি পৃষ্ঠানি বিশ্বজিতা চোদকপ্রাপ্তত্বাৎ সর্ব্বপৃষ্ঠশব্দেনানূদ্যন্তে, ইত্যেকঃ পক্ষঃ। রথন্তরপৃষ্ঠয়োর্জ্যোতিষ্টোমে বিকল্পিতয়োরিহাপি চোদকেন বিকল্পপ্রাপ্তৌ সর্ব্বশব্দেন সমুচ্চয়ো বিধীয়তে, তথা সত্যনুবাদকৃতং বৈয়র্থ্যং ন ভবিষ্যতীতি দ্বিতীয়ঃ। সর্ব্বত্বং বহুষু ন তু দ্বয়োঃ, তস্মাদনেন সর্ব্বপৃষ্ঠশব্দেন ষট্-সংখ্যাকানি পৃষ্ঠান্যতিদিশ্যন্তে, ষড়হে প্রতিদিনমেকৈকং পৃষ্ঠং বিহিতম্—তানি চ পৃষ্ঠানি ষট্—রথন্তরবৃহদ্বৈরূপবৈরবতরাজনশাকরসামভির্নিষ্পাদ্যানি। যদ্যপি বিশ্বজিত একাহত্বাদ্ জ্যোতিষ্টোমবিকৃতিত্বমেব তু ষড়হবিকৃতিত্বং তথাপি সর্ব্বপৃষ্ঠোক্তিবলাৎ তানি ষট্ পৃষ্ঠান্যতিদিশ্যন্তে"-ইতি ॥ ৩৭

(অনুবাদ)

সপ্তমাধ্যায়ের তৃতীয়াধিকরণে সর্ব্বপৃষ্ঠ অতিদেশ বিষয়ে বিচার করা হইয়াছে; যথা—

'বিশ্বজিতে সর্ব্বপৃষ্ঠ' ইহা কি হে অনুবাদ ?
কিংবা রথন্তর বৃহৎ বিকল্পেরি হ'বে বাদ ?

অথবা একাহে হ'বে সড়হোব অতিদেশ ?
শেষ পক্ষ সত্য বটে,—সর্ব্ব শব্দেতে অশেষ ॥ ৩৯ ॥

একটি শ্রুতি আছে,—'বিশ্বজিৎ নামক বিকৃতিযাগে সর্ব্বপৃষ্ঠই ব্যবহৃত হইবে। এস্থলে ত্রিবিধ আশঙ্কা হইতে পারে। জ্যোতিষ্টোমে মাধ্যন্দিন পবমানের পরেই মাহেন্দ্র প্রভৃতি চারিটী স্তোত্র আছে। 'অভি ত্বা শূর নোনুমঃ', 'কয়া নশ্চিত্র আভুবৎ', 'তং বো দস্মমৃতীষহম্' ও 'তরোভির্বোবিদদ্বসুম্'; এই চারি সূক্তে সেই মাহেন্দ্রাদি স্তোত্রচতুষ্টয় সপ্তদশ স্তোমরূপে গীত হইয়া থাকে। এক সূক্তে বিদ্যমান ঋক্ত্রয়ের ব্রাহ্মণগ্রন্থোক্ত বিধি অনুসারে সপ্তদশাবৃত্তির দ্বারা সপ্তদশ স্তোম হয়। তাদৃশ স্তোত্রসমস্ত পৃষ্ঠশব্দেও অভিহিত হইয়াথাকে; যথা—'সপ্তদশানি পৃষ্ঠানি ভবন্তি' ইত্যাদি। বিশ্বজিৎ ক্রতুটি বিকৃতিযাগ এবং "প্রকৃতির ন্যায় বিকৃতি হইবে" —এই অতিদেশ শাস্ত্রানুসারে এ যাগেও ঐ সপ্তদশ পৃষ্ঠ ব্যবহৃত হইতেই পারে। তথাপি স্পষ্টার্থই উপরি প্রদর্শিত বিধির দ্বারা ঐ প্রাপ্ত বিধিরই অনুবাদন করা হইয়াছে? ইহাই প্রথম আশঙ্কা। জ্যোতিষ্টোমে রথন্তর পৃষ্ঠ ও বৃহৎ পৃষ্ঠের বৈকল্পিকত্ব আছে অর্থাৎ ঐ উভয়রূপ পৃষ্ঠের অন্যতর একরূপমাত্র ব্যবহৃত হইয়াথাকে। বিশ্বজিৎযাগে হয়ত ঐ উভয়রূপই ব্যবহৃত করা অভিপ্রেত! এইজন্যই সর্ব্বপৃষ্ঠ বিধান করা হইয়াছে? ইহাই দ্বিতীয় আশঙ্কা। জ্যোতিষ্টোমে ছয় দিবসে ক্রমে রথন্তর, বৃহৎ বৈরূপ, বৈরাজ, শাক্বর ও রৈবত এই ছয় সামের দ্বারা ছয়টি পৃষ্ঠ নিষ্পন্ন করিয়া ব্যবহার করা হইয়াথাকে, বিশ্বজিৎযাগটি একদিনে সম্পাদ্য

সুতরাং ঐ ষট্-দিবস-সাধ্য ষট্পৃষ্ঠের প্রয়োগ ইহাতে "প্রকৃতির ন্যায় বিকৃতি হইবে" এ বিধানানুসারেও অতিদিষ্ট হইতে পারে না। সেইজন্যই বিশেষ করিয়া সর্ব্বপৃষ্ঠ হইবার বিধান করা হইয়াছে? ইহাই তৃতীয়। এস্থলে সিদ্ধান্ত; যে,—প্রথমকল্প আদরণীয় হইতে পারে না; যেহেতু তাহা হইলে বিধিটি বৃথা হয় (স্পষ্টার্থ বলা এবং বৃথা বলা একই)। দ্বিতীয় পক্ষও মনোনীত নহে; যেহেতু 'সর্ব্বপৃষ্ঠ' বিধানে সর্ব্বশব্দের উল্লেখ থাকায় রথন্তর ও বৃহৎ এই পৃষ্ঠদ্বয়মাত্র ব্যবহার করিলেও ঐ বিধি সম্পূর্ণ কৃতকার্য্য হয় না। অতএব শেষ দলই স্বীকার্য্য, যেহেতু তাহা হইলেই সম্পূর্ণরূপ সর্ব্ব শব্দের সাফল্য হয়। এতাবতা বিশ্বজিৎ যাগটি একাহ হইলেও এই বিধির বলে ইহাতে ষড়হের ব্যবহার্য্য সমস্ত পৃষ্ঠই ব্যবহৃত হইবে *॥ ৩৯॥

(মূল)

তত্রৈব দশমাধিকরণে স্বরসামবিকারচিন্তা ;—

"ন বিকারা বিকারা বা স্বরসামাদয়ো ন হি।
বৈষুবন্যায়তো নৈব মনন্যগতিলিঙ্গতঃ ॥ ৪০ ॥

গবামযনে দ্বয়োর্ম্মাসষট্কয়োর্মধ্যে বর্ত্তমানং বিষুবন্নামকং প্রধানভূতমেকমহর্বিদ্যতে, তচ্চ দিবাকীর্ত্ত্যম্। তস্মাৎ প্রাচীনাস্ত্রয়ঃ স্বরসামনামকা অহর্বিশেষাস্তথোপরিষ্টাদপি ত্রয়ঃ স্বরসামানস্তদেতদভিপ্রেত্য শ্রূয়তে— 'অভিতো দিবাকীর্ত্ত্যস্ত্রয়'

* যেমন বঙ্গদেশে জগদ্ধাত্রীপূজা এক দিবসের কার্য্য হইলেও তাহাতে দশভুজা দুর্গা পূজার ন্যায় পূজাচতুষ্টয়ই একই দিনে অনুষ্ঠিত হইয়াথাকে।

স্বরসামান ইতি। তেষু চ গ্রহ-সাম্ভত্যায় সপ্তদশস্তোমাদয়ো-ধর্ম্মা বিহিতাঃ। অন্যত্র ত্বেবং শ্রূয়তে—'পৃষ্ঠঃ ষড়হো দ্বৌ স্বরসামনী'—ইতি—তাবেতাবহর্বিশেষৌ পূর্ব্বোক্তানাং স্বর-সাম্নাং ন বিকারৌ,কুতঃ? বৈষ্ণবসমানত্বাৎ; যথা বৈষ্ণবশব্দো দেবতারূপগুণবিধানেন মুখ্যবৃত্তিত্বাম লক্ষণয়া ধর্ম্মানতি-দিশতি, তথা সামবিশেষরূপগুণবিধায়কঃ স্বরসামশব্দ।—ইতি প্রাপ্তে, ক্রমঃ;—অনন্যগতিলিঙ্গবশাৎ স্বরসামানৌ বিকারৌ ভবতঃ। তথাহি—ষড়হো দ্বৌ স্বরসামনীত্যেবং যোঽয়মষ্টাহ উপন্যস্তস্তত্র ষট্‌স্বহঃসু ক্রমেণ 'ত্রিবৃৎ'—'পঞ্চদশঃ'—'সপ্ত-দশঃ'— 'একবিংশঃ'— 'ত্রিণবঃ'— 'ত্রয়স্ত্রিংশঃ'— ইত্যেবং স্তোমষট্‌কশ্চোদকেন প্রাপ্তম্। এবং স্থিতে তৃতীয়ষষ্ঠদিবস-গতয়োঃ সপ্তদশত্রয়স্ত্রিংশয়োর্ব্ব্যত্যাসং বিধায়, সপ্তমাষ্টময়ো-রহ্নোঃ সপ্তদশস্তোমং সিদ্ধবৎ কৃত্য, ত্রিষু চরমেষ্বহঃসু সপ্ত-দশস্তোম নৈরন্তর্য্যমর্থবাদেনানুবদতি।'যৎ তৃতীয়ং সপ্তদশম-হস্তৎ ত্রয়স্ত্রিংশস্থানমভিপর্য্যাহরন্তি'—ইতি ব্যত্যাসবিধিঃ। 'ত্রয়াণাং সপ্তদশানামনবনতানাম্'—ইত্যর্থবাদঃ। তত্র যদ্য-ন্তয়োরহ্নোঃ সপ্তদশস্তোমং স্বরসামশব্দোঽতিদিশেৎ, তদা নৈরন্তর্য্যমুপপদ্যতে; নত্বন্যথা। তস্মান্ন বৈষ্ণবন্যায়েন গুণ-বিধিঃ, কিন্তু ধর্ম্মাণামতিদেশকঃ' ইতি ॥ ৪০ ॥

(অনুবাদ)

সেই স্থলেই দশম অধিকরণে স্বরসাম-বিকারের বিষয়ও বিচারিত হইয়াছে। যথা—

বিকৃতেতে ব্যবহার্য্য 'স্বরসাম' আদিসাম,
যথাপ্রাপ্ত স্তোম বাধি গাহিবে কি স্বর্গকাম?

হ'তে পারে তাই, সত্য ! কিন্তু আছে অর্থবাদ ;
অতএব স্বরসাম, স্তোমেই গা'বে নির্ব্বিবাদ। ৪০

গবাময়ন সত্রে প্রথম ছয় মাসের পরে এবং উত্তর ছয় মাসের পূর্ব্বে, একদিন বিষুবৎ নামে যাগ করিতে হয়, ঐ যাগানুযায়ী ঐ দিনও বিষুবৎ নামেই অভিহিত হইয়াথাকে ; ঐ যাগে প্রধানত দিবাকীর্ত্ত্য সাম ব্যবহৃত হয়, এইজন্য উক্ত দিবসকে দিবাকীর্ত্ত্যও কহে। ঐ মধ্যবিন্দু স্বরূপ বিষুবৎ নামক দিনের পুর্ব্বদিবসত্রয় এবং পরদিবসত্রয় অর্থাৎ ষষ্ঠ মাসের শেষ তিন দিন এবং সপ্তম মাসের আরম্ভের ১ম দিন ছাড়িয়া ২য় হইতে তিন দিন, যে যে যাগ হয় তাহাতে স্বরসাম নামক সামই বিশেষত ব্যবহৃত হইয়া থাকে; এইজন্য ঐ ছয় দিবসকেই 'স্বরসাম' কহে (এইত গেল, প্রকৃতি যাগের কথা)। বিকৃতি যাগে মহাব্রত প্রয়োগে একস্থলে শ্রুতি আছে,—'ছয়দিবস ত্রিবৃৎপ্রভৃতি পৃষ্ঠ নামক স্তোমদ্বারা অতিবাহিত হইবে, আর দুইদিন স্বরসাম ব্যবহার করিবে। এতাবতা ১ম দিন ত্রিবৃৎ, ২য় দিন পঞ্চদশ, ৩য় দিন সপ্তদশ, ৪র্থ দিন একবিংশ, ৫ম দিন ত্রিণব, ৬ষ্ঠ দিন ত্রয়স্ত্রিংশ, ৭ম দিন "ইন্দ্রায়থা অপূর্ব্ব্য" ঋঙ্মূলক স্বরসাম (অ০ গা০ ৩.২) এবং ৮ম দিনও ঐ স্বরসাম ব্যবহার্য্য হইতে পারে। বস্তুত তাহা হইবে না। যেহেতু একটি অর্থবাদ আছে, তাহাতে বোধ হইতেছে, যে, "তৃতীয় ও ষষ্ঠ দিনের ব্যত্যাস হইবে এবং আরও বুঝা যাইতেছে, যে,ষষ্ঠদিনে যাহা ব্যবহৃত হইবে ৭ম ও ৮ম দিনেও তাহাই ব্যবহার করিতে হইবে।" এতাবতা তৃতীয় দিন সপ্তদশ স্তোমের পরিবর্ত্তে ত্রিণব ও ষষ্ঠ

দিন ত্রিণব স্তোমের পরিবর্ত্তে সপ্তদশ এবং ৭ম, ৮ম দিবসও ঐ সপ্তদশ স্তোমই ব্যবহার্য্য, পরং পূর্ব্বপ্রদর্শিত স্বরসাম গাহিবার বিধিও প্রতিপাল্য অতএব ঐ সপ্তদশ স্তোমেই স্বরসাম গান ব্যবস্থা করিবে। ৪০

(মূল)

দশমাধ্যায়স্য চতুর্থপাদে নবমাধিকরণম্ ;—

"বাধ্যং শ্লোকাদিনাজ্যাদি ন বাদ্যঃ স্তুতিলিঙ্গতঃ।
দেশসাম্নোর্বিধৌ ভেদোবৈশিষ্ট্যাত্তু সমুচ্চয়ঃ॥ ৪১॥

মহাব্রতে শ্রূয়তে—'শ্লোকেন পুরস্তাৎ সদসঃ স্তুবতে, অনুশ্লোকেন পশ্চাৎ'—ইত্যাদি, তত্র শ্লোকানুশ্লোকাদিনামকৈঃ সামভিঃ প্রাকৃতান্যাজ্যপৃষ্ঠাদিস্তোত্রগতানি রথন্তরবামদেব্যাদিনামকানি সামানি বাধ্যানি। কুতঃ? 'স্তুবতে'—ইতিপ্রকৃতিলিঙ্গদর্শনাৎ। প্রকৃতৌ 'আজ্যৈঃ স্তুবতে'—ইতি শ্রুতম্। নৈতৎ সারম্। কিমত্র স্তুতিমনূদ্য দেশসামগুণৌ বিধীয়েতে? —কিংবা গুণদ্বয়বিশিষ্টা স্তুতিঃ? নাদ্যঃ, বাক্যভেদাপত্তেঃ; দ্বিতীয়ে তু কার্য্যভেদেন বাধ্যাভাবাৎ সমুচ্চয়ঃ স্যাৎ"—ইতি॥ ৪১॥

তত্রৈব দশমে কৌৎসাদিসাম্নঃ প্রাকৃতসামবাধকত্বম্ ;—

"সমুচ্চীয়েত কৌৎসাদি যদ্বা প্রাকৃতবাধকম্।
স্তুত্যভাবাদাদিমোঽন্ত্যোলিঙ্গপ্রকরণদ্বয়াৎ॥ ৪২॥

বিকৃতিবিশেষে শ্রূয়তে ;—

'কৌৎসং ভবতি কাণ্বং ভবতি'—ইতি। তদেতৎ কৌৎসাদিনামকং সাম প্রাকৃতেন সাম্না সমুচ্চীয়তে। কুতঃ? প্রাকৃতস্য স্তুতি-লিঙ্গস্যাভাবেন কার্য্যৈক্যাভাবাৎ। মৈবম্। প্রকর-

ণাৎ ক্রত্বঙ্গত্বে সতি ঋগক্ষরাভিব্যক্তিসামর্থ্যলক্ষণপ্রাকৃতলিঙ্গেন কার্য্যৈক্যাবগমাৎ। তস্মাদ্ বাধকম্”—ইতি ॥ ৪২ ॥

একাদশে ত্বেকাদ্যুক্তিতঃ প্রকৃতবাধকত্বম্ ;—

“তৎ সর্ব্ববাধকং সর্ব্বমেকত্ব্যাদ্যুক্তিতোঽথবা।

অবিশেষাদাদিমোঽন্ত্য একাদ্যুক্তিবিশেষতঃ ॥ ৪৩ ॥

তৎ পূর্ব্বোক্তং কৌৎসাদিসামবিষয়স্তত্র কিং ‘কৌৎসং’ সাম যথা প্রাকৃতসর্ব্বসামনিবর্ত্তকং,‘কাণ্বমপি তথেত্যেকৈকস্য সর্ব্বনিবর্ত্তকত্বমুচ্যতে ? আহোস্বিদেকবচনান্তনির্দ্দিষ্টমেকস্য নিবর্ত্তকম্, দ্বিবচনান্তনির্দ্দিষ্টং দ্বয়োঃ, বহুবচনান্তনির্দ্দিষ্টানি বহূনাম্ ? তত্র নিয়ামকাভাবাদাদ্যঃ পক্ষঃ প্রাপ্নোতি। একাদিবচনরূপাণাং শ্রুতীনাং নিয়ামকত্বাদন্ত্যঃ পক্ষোঽভ্যুপেয়ঃ। তথাহি—‘কৌৎসং ভবতি’ ‘বসিষ্ঠস্য জনিত্রে ভবতঃ’ ক্রৌঞ্চানি ভবন্তি’—ইতি নিবর্ত্তকেষু শ্রূয়মাণানি একদ্বিবহুবচনানি নিবর্ত্ত্যানাং তৎসঙ্খ্যাবত্বং প্রত্যাসত্যা বোধয়ন্তি। কিঞ্চৈবং সত্যবাধিতসামবিষয়শ্চোদকোঽনুগৃহীতোভবতি ; কৃৎস্নবাধে তু সর্ব্বশ্চোদকোনিরুধ্যতে। তস্মান্ন সর্ব্ববাধকঃ”—ইতি ॥ ৪৩ ॥

দ্বাদশে স্তোমবৃদ্ধ্যবৃদ্ধ্যোঃ প্রাকৃতবাধিকা ;—

“স্তোমস্থয়োর্বৃদ্ধ্যবৃদ্ধ্যোঃ প্রাকৃতঃ কিং নিবর্ত্ততে।

অবৃদ্ধাবেব বাদ্যঃ স্যাৎ সামোৎপত্ত্যুপয়োগতঃ ॥

অবৃদ্ধাবুপয়োগায় প্রকৃতস্য নিবর্ত্তকম্।

বৃদ্ধৌ পূর্ব্বোপয়োগিত্বাৎ বৃদ্ধৌ তু ন নিবর্ত্তকম্ ॥ ৫৪ ॥

সন্তি বৃদ্ধস্তোমকাঃ অবৃদ্ধস্তোমকাশ্চ বিকৃতিরূপাঃ ক্রতবঃ। তত্রোভয়ত্রাপি যানি সামান্যুপদিষ্টানি, তৈরতিদিষ্টানাং

সাম্নাং নিবৃত্তিঃ স্যাদন্যথা সামোৎপত্তিবৈয়র্থ্যাদিতি পূর্ব্ব-পক্ষঃ। সিদ্ধান্তঃ স্পষ্টার্থঃ”—ইতি ॥ ৪৪ ॥

ত্রয়োদশে স্তোত্রে ছন্দোবিশেষস্ত আবাপঃ;—

“ক্বাপি স্তোত্রে ঋচি ক্বাপি স্যাদাবাপস্তয়োদ্ধৃতিঃ।
পবমানেষু গায়ত্র্যাদিম্বেবোদ্গাতা বিশেষতঃ ॥
আদ্যো নো পরিসঙ্খ্যানাদত্র হ্যেবেতি তদ্বিধেঃ।
বিধ্যন্তরাশেষরূপমপূর্ব্বং তদ্বিধীয়তে ॥ ৪৫ ॥

অবৃদ্ধস্তোমকেষু প্রাকৃতস্যাতিদিষ্টস্য সাম্ন উদ্বাপঃ, প্রত্যক্ষোপদিষ্টানামাবাপঃ, বৃদ্ধস্তোমকেম্বাবাপঃ;—ইতি স্থিতম্ পূর্ব্বাধিককরণে—তাবেতাবাবাপোদ্বাপৌ যস্মিন্ কস্মিংশ্চিৎ স্তোত্রে যস্যাং কস্যাঞ্চিদৃচি স্যাতাম্। কুতঃ? নিয়ামকাভাবাদিতি পূর্ব্বপক্ষঃ। নো খল্বেতদ্ যুক্তম্। এবকারেণ প্রকৃতপবমানব্যতিরিক্তেম্বাজ্যাদিস্তোত্রেষু গায়ত্রীবৃহত্যনুষ্টুব্ব্যতিরিক্তাস্বৃক্ষ্বাবাপোদ্বাপয়োঃ পরিসঙ্খ্যাতত্বাৎ। এবকারশ্চৈবমাম্নায়তে;—‘ত্রীণি হ বৈ যজ্ঞস্যোদরাণি যদ্ গায়ত্রী বৃহত্যনুষ্টুপ্ চ, অত্র হ্যেবাবপন্ত্যতএবোদ্বপন্তি’—ইতি। ননু সাভূতামন্যত্রাবাপোদ্বাপৌ বিবক্ষিতদেশেষু কথং প্রাপ্নুত?—ইতি চেৎ, অনেন বাক্যেন তদ্বিধানাৎ।—ইতি প্রাপ্তে, ব্রূমঃ;—ন চায়মর্থবাদোঽনন্যশেষত্বাৎ, নাপ্যনুবাদোঽপূর্ব্বার্থত্বাৎ। তস্মাৎ পবমানেম্বেব গায়ত্র্যাদি ম্বাবাপোদ্বাপৌ”—ইতি ॥ ৪৫ ॥

চতুর্ব্বিংশে তু ‘কণ্বরথন্তরং’ স্বয়োনাবেব;—

“বৃহদ্রথন্তরৈকীয়যোনৌ কণ্বরথন্তরম্।
রথন্তরস্যৈব যোনৌ কিং স্বয়োনাবুতাগ্রিমঃ ॥

চোদকস্যাবিশেষেণ দ্বিতীয়োনামসাম্যতঃ।
অনঙ্গত্বান্নাতিদেশঃ স্বয়োনৌ পঠিতত্বতঃ ॥ ৪৬ ॥

বৈশ্যস্তোমে পৃষ্ঠস্তোত্রে সামবিশেষোবিহিতঃ;— কণ্বরথ ন্তরং পৃষ্ঠং ভবতি'—ইতি, প্রকৃতৌ পৃষ্ঠস্তোত্রে বৃহদ্রথন্তর-সামনী বিকল্পিতে। ত্বামিদ্ধি হবামহে'—ইতীয়মৃক্ বৃহতো-য়োনিঃ; 'অভি ত্বা শূর' -ইতি রথন্তরস্য; "পুনানঃ সোম" —ইতি কণ্বরথন্তরস্য। তত্র বৃহদ্রথন্তরয়োরন্যতরস্য সাম্নো য়োনৌ কণ্বরথন্তরং গেয়ম্। কুতঃ? চোদকপ্রাপ্তয়োর্বিশেষ-নিয়ামকাভাবাৎ। অথবা রথন্তরস্যৈব য়োনৌ গেয়ম্। কুতঃ? রথন্তরেতিনামসাম্যস্য ধর্ম্মাতিদেশার্থত্বেন নিয়াম-কত্বাৎ। নৈতদ্ যুক্তম্। বৃহদ্রথন্তরসাম্নোরেব প্রকৃতাবঙ্গত্বেন বিধানম্, ন তু তদ্‌য়োন্যোঃ; অতো নাস্তি তয়োরতিদেশতঃ প্রাপ্তিঃ। তস্মাৎ স্বয়ো নৌ গেয়মিতি পরিশিষ্যতে, প্রাপ্তিশ্চ সামগানামুত্তরাগ্রন্থপাঠাদবগন্তব্যা। এবং সতি শ্রুতহান্য-শ্রুতকল্পনে ন ভবিষ্যতঃ" ॥ ৪৬ ॥

পঞ্চবিংশে তু কণ্বরথন্তরং স্বকীয়য়োরেবোত্তরয়োর্গেয়ম্;—
"সন্দেহনির্ণয়ৌ পূর্ব্ববদেবোত্তরয়োর্ঋচোঃ।
য়োনিত্যাগঃ সমস্তেন তৃচশব্দেন বাধনাৎ ॥ ৪৭ ॥

'একং সাম তৃচে ক্রিয়তে'—ইতি শ্রুতেঃ কণ্বরথন্তরসাম্নঃ ঋচাং ত্রয়মাশ্রয়ঃ, তত্রৈকা স্বয়োনিঃ, ইতরে স্বয়োন্যুত্তরে। এবং বৃহদ্রথন্তরসাম্নোর্দ্রষ্টব্যম্। তত্র বৃহদুত্তরয়োঃ রথন্তরো-ত্তরয়োর্বা অতিদেশপ্রাপ্ত্যবিশেষেণ স্বেচ্ছয়া গেয়মিত্যাদ্যঃ পক্ষঃ। নামসাম্যাদ্রথন্তরোত্তরয়োরেব গেয়মিতি দ্বিতীয়ঃ পক্ষঃ। প্রকৃতাবৃচোঃ সাক্ষাদঙ্গত্বাভাবেঽপি সামদ্বারকমঙ্গত্ব-

মঙ্গীকৃত্য চোদকপ্রাপ্ত্যা পক্ষদ্বয়োপন্যাসঃ। য়োনিবদুত্তর-য়োগ্র স্থপঠিতত্বাৎ স্বয়োন্যুত্তরয়োর্গেয়মিতি তৃতীয়ঃ পক্ষো রাদ্ধান্তঃ। বৃহদ্রথন্তরোত্তরয়োঃ স্বয়োন্যুত্তরয়োর্বা গীয়-তায়্, সর্বথাপি স্বয়োন্যাকত্যাগ ঋগন্তরপরিগ্রহশ্চ সমানঃ; তথা সতি চোদকোঽত্র প্রাপকঃ—ইতি পূর্বপক্ষিণোঽভ্যধিকা শঙ্কা। তৃচশব্দঃ সমানচ্ছন্দস্কানামেকদেবত্যানামৃচাং ত্রয়ে প্রসিদ্ধঃ; অতস্তৃচশ্রুত্যা প্রত্যক্ষয়া, চোদকপ্রাপ্তস্য বাধঃ—ইতি রাদ্ধান্তাশয়ঃ"—ইতি ॥ ৪৭॥

(অনুবাদ)

দশমাধ্যায়ের চতুর্থ পাদের নবম অধিকরণে সমুচ্চয়ও নির্ণীত হইয়াছে। যথা—

> রথন্তর প্রভৃতি কি বাধিবে শ্লোকাদি সাম ?
> কার্য্যভেদে সমুচ্চয়; বাধাবাধি কিবা কাম ॥ ৪১

মহাব্রত যাগে শ্রুত হয়—"সদো মণ্ডপের পুরোভাগে শ্লোক নামক (গে॰ গা॰ ১১, ২, ১) সামের দ্বারা স্তুতি সম্পন্ন হইবে এবং পশ্চাদ্ভাগে অনুশ্লোক নামক (গে॰ গা॰ ১১, ২, ২) সামের দ্বারা" (তা॰ ব্রা॰ ৫, ৪)। এস্থলে বিচার্য্য—প্রকৃতিযাগে যে আজ্য পৃষ্ঠাদি স্তোত্র-গত রথন্তর বামদেব্য প্রভৃতি সামের বিধি আছে, এই শ্লোকাদি বিধি কি তাহার বাধক হইবে? অর্থাৎ রথন্তরাদির পরিবর্ত্তে শ্লোকাদি গীত হইবে? না; তাহা হইবে না; তাহা হইলে বাক্যভেদ দোষ হয়। অতএব ঐ ঐ সামের সহিত সমু-

চ্চয় জানিতে হইবে অর্থাৎ তাদৃশস্থলে (কার্য্যভেদে) রথন্তরাদিও গীত হইবে এবং শ্লোকাদিও গীত হইবে ॥ ৪১

এক কার্য্যে উভয়রূপ বিধি হইলে বাধ্যবাধক ভাব ঘটিয়া থাকে। তাহাও সেই স্থলেই দশম অধিকরণে প্রদর্শিত হইয়াছে। যথা—

কৌৎসাদি বিধান তথা হইবে কি সমুচ্চয় ?
এক কার্য্যে বিধিদ্বয় বাধ্যবাধক নিশ্চয় ॥ ৪২

বিকৃতি বিশেষে শ্রুত হয়—"কৌৎস সাম (উ০ গা০ ১, ২, ১০) গীত হইবে, কাণ্বসাম (উ০ গা০ ১, ১, ২০) গীত হইবে" (তা০ ব্রা০ ১৩, ৯)। এই কৌৎসাদি নামক সাম প্রকৃতিযাগে বিহিত রথন্তরাদি সামের সহিত সমুচ্চিত হইতে পারে; কেননা প্রকৃতিগত কোনরূপ স্তুতিলিঙ্গ না থাকায় এস্থলে এক কার্য্যে উভয় বিধিরূপ বাধ্য বাধক-হেতু নাই ? না, এরূপ হইবে না। প্রকরণানুসারে উহা এক কার্য্যেই বিধিদ্বয় স্থির হইয়াথাকে সুতরাং বাধ্যবাধক ভাবও অনিবার্য্য। অতএব তাদৃশস্থলে রথন্তরাদির পরিবর্ত্তে কৌৎসাদি সামই গীত হইবে ॥ ৪২

একাদশাধিকরণে এই বিষয়েই আরও কিঞ্চিৎ বিশেষ স্থির করা হইয়াছে। যথা—

কৌৎসাদি তবে কি বাধিবে সমস্ত প্রকৃতি-গত ?
না না, এক দুই বহু, বাধ্য হবে প্রতিমত ॥ ৪৩

পূর্ব্বে নির্ণীত হইয়াছে যে কৌৎসাদি সামের বিধি প্রকৃতিবিহিত সামের বাধক হইবে। এস্থলে বিচার্য্য যে কৌৎস বা কাণ্ব, একটী সামের বিধানেই প্রকৃতিবিহিত সমস্ত সামেরই বাধ হইবে অথবা একটির বিধানে একটি-মাত্রের, দুইটির বিধানে দুইটির এবং বহুবিধানে বহু সামের? নিয়ামক হেতু না থাকা প্রযুক্ত প্রথম পক্ষই প্রবল হইতে পারে পরন্তু শ্রুতিসমূহে একবচনাদির শ্রবণ থাকায় ঐ একবচনাদিই নিয়মক রূপে স্বীকৃত হইয়াথাকে অতএব দ্বিতীয় পক্ষই স্বীকার্য্য। এতাবতা 'কৌৎস সাম (উ০ গা০ ১, ২, ১০) গীত হউক', 'বসিষ্ঠের জনিত্রদ্বয় নামক সাম (গে০ গা০ ১৫, ২, ৮ম ও ৯ম) গীত হউক,' 'ক্রৌঞ্চ নামক সামগুলি (গে০ গা০ ১৬, ১, ১৩ , ১৪ ; ১৫) গীত হউক' ইত্যাদি সংখ্যা-শ্রুতির অনুসারে প্রকৃতিবিহিত এক, দুই ও বহু সামের বাধ হইয়াথাকে; এইরূপ হইলে অবাধিত সামবিষয়ক বিধি অনুগৃহীত হয়, অন্যথা সর্ব্ববাধে সর্ব্ববিধি বিরুদ্ধ হইয়া যায়। অতএব কৌৎসাদির বিধি সর্ব্ববাধক নহে ॥ ৪৩

স্তোমের বৃদ্ধি ও অবৃদ্ধি অনুসারে প্রাকৃত সামের অবাধ ও বাধও দ্বাদশাধিকরণে নির্ণীত হইয়াছে। যথা—

কোন কোন বিকৃতিতে স্তোমবৃদ্ধি দেখা যায়,
কোথাও বা বৃদ্ধিহীন হয় স্তোম সমুদায়।
প্রাকৃত সামের বাধ হইবে কি সর্ব্বঠাঁই?
অবৃদ্ধিতে হ'কু বাধ বৃদ্ধিকালে বাধা নাই ॥ ৪৪

কোন কোন বিকৃতিযাগে স্তোমের বৃদ্ধি বিহিত হইয়াছে, কোন কোন বিকৃতিযাগে স্তোমের বৃদ্ধি বিহিত হয় নাই। তাদৃশ উভয় স্থলেই বিশেষ বিশেষ সামেরও বিধান দেখা যায়। এস্থলে বিচার্য্য যে "প্রকৃতিবৎ বিকৃতি: কর্ত্তব্যা অর্থাৎ প্রকৃতিযাগের ন্যায়ই বিকৃতিযাগে অনুষ্ঠান সম্পন্ন হইবে"—এই সাধারণ বিধানানুসারে প্রকৃতিযাগে বিহিত সামসমস্তই বিকৃতিযাগে অতিদিষ্ট হইবার কথা, তাহা কি বিশেষ বিশেষ সামের বিধান হইবায় বাধিত হইবে? যদি বাধিত না হয়, তাহাহইলে তাদৃশ বিশেষ বিধানই ব্যর্থ হইয়াযায়।—ইহাই পূর্ব্বপক্ষ। ইহার উত্তরে বলা হইতেছে যে, যে স্থলে বাধিত না হইলে বিশেষ বিধান ব্যর্থ হইয়া-যায়, তাদৃশ স্থলে বাধিত হউক কিন্তু যে সমস্ত বিকৃতি-যাগে স্তোমবৃদ্ধির বিধান আছে, তাদৃশ স্থলে বিশেষ সামের বিধান ব্যর্থ হয় না বরং ঐ ঐ সামের বিধানসাহায্যেই স্তোমের বৃদ্ধি সম্পাদিত হইয়াথাকে অতএব তত্তৎস্থলে প্রকৃতিযাগানুসৃত সাম সমস্ত বাধিত হইবে না ॥ ৪৪

ত্রয়োদশাধিকরণে ছন্দোবিশেষে আবাপ-উদ্বাপের ব্যবস্থা সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

যে কোন স্তোত্রে, ঋকে, হ'কু আবাপ-উদ্বাপ?
তা কি হয় যথা-তথা! শ্রুতি আছে,—ওরে বাপ!
"গায়ত্রী, বৃহতী আর অনুষ্টুপ, পবমানে
যদি হয় স্তোম-বৃদ্ধি, তবে হবে উহা গানে" ॥ ৪৫

পূর্ব্বাধিকরণে সিদ্ধান্তিত হইয়াছে যে, "যে সকল বিকৃতি যাগে স্তোমের বৃদ্ধি বিহিত হয়, তাদৃশ স্থলে প্রকৃতি-যাগের অতিদেশে যে সামের প্রাপ্তি হইবে, তাহার উদ্বাপ এবং প্রত্যক্ষ-উপদিষ্ট সামের আবাপ হইবে"। এই আবাপ ও উদ্বাপ কি যে কোন স্তোত্রে যে কোন ঋকেই হইতে পারে? ইহার উত্তরে বলা হইতেছে যে না; ইহা পবমান ভিন্ন অন্য কোন স্তোত্রে এবং গায়ত্রী, বৃহতী ও অনুষ্টুপ্ ব্যতীত অন্য কোন ছন্দের ঋকে হইবে না। এ বিষয়ে শ্রুতি এই—"যজ্ঞের তিনটিমাত্র উদর,—গায়ত্রী, বৃহতী ও অনুষ্টুপ্; এই তিনছন্দেই আবাপ ও উদ্বাপ হইয়াথাকে"। ভাল! না হউক অন্যত্র কিন্তু যেস্থলে হওআ আবশ্যক (গায়ত্রী প্রভৃতিতে), সে স্থলেই বা কিরূপে হয়; এ শ্রুতিতে ত কোনরূপ বিধি বোধ হয় না? ইহার উত্তরে বক্তব্য—ইহা অবশ্য বিধিবাক্য! যেহেতু ইহা কোনরূপ বিধির স্তুতি-নিন্দা-পর অর্থবাদ বাক্য নহে এবং আবাপ ও উদ্বাপ বিধায়ক অন্য কোন শ্রুতিও দৃষ্ট না হইবায় অনুবাদকও নহে সুতরাং ইহাই অপূর্ব্ববিধায়ক বিধি। অতএব যদি বৃদ্ধি-স্তোম বিকৃতি হয়, তবে পবমান স্তোত্রমাত্রে গায়ত্র্যাদি ছন্দত্রয়েই আবাপ-উদ্বাপ হইবে; অন্যত্র আঁবাপ উদ্বাপ হইবে না॥ ৪৫

চতুর্ব্বিংশাধিকরণে সিদ্ধান্তিত হইয়াছে যে "কণ্বরথন্তর" সাম স্বকীয় যোনি-ঋকেই গীত হইবে। যথা—

বৈশ্যস্তোমে আছে বিধি "পৃষ্ঠে কণ্বরথন্তর",
প্রকৃতিযাগেতে কিন্তু হয় বৃহদ্রথন্তর।
বৃহতের যোনি-ঋকে কিংবা রথন্তর-মূলে,
"কণ্বরথন্তর" গান হইবে? কিংবা স্ব-মূলে?
পর-মূলে হ'লে গান দুই বিধি অনুকূল।
কিন্তু না হইবে তাহা হেথা; থাকিতে স্ব-মূল ॥ ৪৬

প্রকৃতি যাগেতে পৃষ্ঠস্তোত্রে বৃহৎও রথন্তর বৈকল্পিক রূপে বিহিত আছে;—বৈশ্যস্তোম নামক বিকৃতিবিশেষে কণ্বরথন্তর নামক সামের দ্বারা পৃষ্ঠস্তোত্র সম্পন্ন করিবার বিশেষ বিধি আছে (তা° ব্রা° ১৮, ৬)। এ স্থলে বিচার্য্য যে "প্রকৃতির ন্যায় বিকৃতি হইবে"—এই সাধারণ বিধি অনুসারে বৈশ্যস্তোমেও পৃষ্ঠস্তোত্রে বৈকল্পিকভাবে বৃহৎ ও রথন্তরের প্রাপ্তি আছেই, সেই স্থলে বিশেষরূপে "কণ্বরথন্তর" বিধান করায় সুতরাং বাধ্যবাধক ভাব ঘটিতেছে। বৃহৎ সামের যোনি ঋক্ "অভিত্বাশুর (ছ° আ° ৩, ১, ৫, ১)", রথন্তর সামের যোনি ঋক্ "ত্বামিদ্ধিহবামহে (ছ° আ° ৩, ১, ৫, ২)" এবং কণ্বরথন্তর সামের যোনি ঋক্ "পুনানঃ সোমধারয়া" (ছ° আ° ৬, ১, ৩, ১); "ত্বামিদ্ধিহবামহে" বা "অভিত্বাশুরনোনুমঃ" ঋক্ অবলম্বন করিয়া কণ্বরথন্তর সাম গীত হইলেই উভয় বিধির মর্য্যাদা রক্ষা হইতে পারে।—ইহা অপসিদ্ধান্ত। যেহেতু প্রকৃতিযাগে বৃহৎ ও রথন্তর সামেরই বৈকল্পিক বিধান আছে, ঋকের কোনরূপ বিধি নাই এবং বৈশ্যস্তোমেও তাহারই পরি-

বর্ত্তে কণ্বরথন্তর বিহিত হইয়াছে কোন ঋকেরই উল্লেখ নাই সুতরাং সামেরই বাধ্যবাধক ভাব উপস্থিত; এতাদৃশ স্থলে বৃহৎ ও রথন্তরের বাধক কণ্বরথন্তর হইবেই এবং তাহা স্বীয় যোনি ঋক্ থাকিতে পরযোনিতে কেন হইবে; স্বযোনি "পুনানঃসোমধারয়া" ঋকেই (উ° আ° ১, ১, ৯) গীত হইবে (উ° গা° ৪, ১, ৪)। এইরূপ হইলে শ্রুতহানি ও অশ্রুতার্থকল্পনা দোষ হইবে না॥ ৪৬

ঐ কণ্বরথন্তর সাম স্বীয় যোনির উত্তর ঋগ্বয়েই গীত হইবে, ইহাও পঞ্চবিংশাধিকরণে নির্ণীত হইয়াছে। যথা—

"এক সাম, তৃচে গেয়" বিধি আছে এইরূপ;
কণ্বরথন্তর কিন্তু একমাত্র যোনিরূপ;
আর দু'টি যাহা ইচ্ছা ল'বে? না না বুদ্ধি ধর,—
উত্তরা গ্রন্থেতে শ্রুত দেখ যোনির উত্তর॥ ৪৭

বিধি আছে—"তিন তিনটি ঋক্ অবলম্বনে এক একটি স্তোত্রীয় সাম গীত হইবে"। তদনুসারে কণ্বরথন্তর সামেরও আশ্রয় ঋক্‌ত্রয় অবশ্য স্বীকার্য্য কিন্তু যোনিগ্রন্থে উহার যোনি একটিমাত্র ঋক্ (ছ° আ° ৬, ১, ৩, ১) দেখা যায়, অপর দুইটি বিবেচনীয়। বৃহৎ ও রথন্তর সামেরও এইরূপ দ্রষ্টব্য। পূর্ব্বে সিদ্ধান্তিত হইয়াছে যে 'স্বীয় যোনি-ঋক্ অবলম্বনেই কণ্বরথন্তর (গে° গা° ১৪, ১, ২৯) গীত হইবে'—এস্থলে বিচার্য্য যে উত্তর ঋগ্বয় যাহা আবশ্যক, তাহা কোন্ দুইটী অবলম্বনীয়? প্রকৃতি যাগে বিহিত সুতরাং

অতিদেশপ্রাপ্ত বৃহৎ ও রথন্তরের মধ্যে যেটির ইচ্ছা উত্তর ঋগ্‌দ্বয় অবলম্বন করিবে অথবা রথন্তর ও কণ্বরথন্তর নামের সাদৃশ্য-অনুসারে রথন্তর সামের মূল উত্তর-ঋগ্‌দ্বয়ই অবলম্বন করিবে? না, এ উভয় পক্ষই অগ্রাহ্য। যোনি গ্রন্থে যেরূপ কণ্বরথন্তরাদি সামের যোনি-ঋক্‌গুলি পঠিত আছে, উত্তরাগ্রন্থেও সেইরূপ উত্তর-ঋগ্‌দ্বয়সমূহও শ্রুত দেখা যায়; পূর্ব্বে যোনি ঋক্ সম্বন্ধে যেরূপ সিদ্ধান্তিত হইয়াছে, উত্তর ঋক্ সম্বন্ধেও তদনুরূপ সিদ্ধান্তই কর্ত্তব্য। এতাবতা উত্তরার্চ্চিকে শ্রুত (১, ১, ৯, ১ ও ২) দুইটী ঋচা 'রৌরব' ও 'যৌধাজয়' সামের মূল হইলেও ঐ দুই ঋচাই (৬৫পৃ০) কণ্বরন্তরেরও মূল নির্ণীত হইল*॥ ৪৭

---

* উত্তরা গ্রন্থের ১, ১, ৯ম সূক্তের প্রথম ঋক্‌টী যোনি ঋক্, উহা যোনি গ্রন্থেও আছে (৬, ১, ৩, ১); দ্বিতীয়টীমাত্র উত্তরা ঋক্, উহাই উত্তরার্চ্চিকের নিজস্ব। এই ঋগ্‌দ্বয় কে ভাঙ্গিয়া তিনটি করিয়া গাঁথিয়া ভাগত্রয়াবলম্বনে গীত ত্রিভাগীকৃত "কণ্বরথন্তর" (স্তোত্রীয়) সাম ঊহগানের (৪, ১, ৪) মধ্যে শ্রুত হইয়াছে। মূল দুইটীকে ভাঙ্গিয়া তিনটী করিয়া গাঁথিয়া লইলেই "এক সাম তৃচে গেয়" বিধির মর্য্যাদা রক্ষা করা হয় এবং তদনুসারে ত্রিভাগীকৃত সামস্বরূপও প্রতিপন্ন হইয়াথাকে; ইহাকেই প্রগাথীকরণ কহে। এই প্রগাথবিচার পূর্ব্বেই প্রদর্শিত হইয়াছে (৫৭—৭৫ পৃ০)। 'পুনানঃ সোম ধারয়া (ছ০ আ০ ৬, ১, ৩, ১ এবং উ০ আ০ ১, ১, ৯, ১)' ঋক্ অবলম্বনে রৌরব ও যৌধাজয় কিরূপ গীত হয় পূর্ব্বে (৬৬ ও ৬৭ পৃ০) প্রদর্শিত হইয়াছে, কণ্বরথন্তরের স্বরূপও মমুদ্রিত ঊহগানের ৭৩ পৃষ্ঠায় দ্রষ্টব্য। এই "পুনানঃ সোম ধারয়া" ঋক্ অবলম্বনে আরও অনেক সাম

(মূল)

পঞ্চমপাদস্য দ্বিতীয়েঽধিকরণে ত্রিস্থবিত্যগ্নিমন্তৃচো বিবক্ষিতঃ। যথা—

তৃচাদ্যাস্তু তৃচে বাদ্যে ত্রিস্থবিত্যুচ্যতেঽগ্রিমঃ।
ত্রিচ্ছন্দস্ত্বাৎ প্রাকৃতং স্যাৎ ক্রমাদত্র ত্রিচোঽখিলঃ॥ ৪৮

একসঙ্খ্যায়াস্ত্রিসঙ্খ্যায়াশ্চ ব্যতিষঙ্গবিধানাৎ 'একত্রিক-নামকঃ' কশ্চিৎ ক্রতুর্ভবতি; স চৈবং শ্রূয়তে—'অথৈষ এক-ত্রিকস্তস্যৈকস্যাং বহিষ্পবমানং ত্রিস্থষু হোতুরাজ্যম্ *;

গীত হইয়াথাকে; মন্মুদ্রিত সামসংহিতার ১ম ভাগের ৯১৩ পৃষ্ঠায় এবং ২য় ভাগের ২৭ পৃষ্ঠায় বিং দেখ। তন্মধ্যে গেয় ও আরণ্য গানের সামগুলিকে "যোনিসাম" এবং উহ ও উহ্য গানের সামগুলিকে "স্তোত্রীয় সাম" কহে।

* "পান্তমাবোঅন্ধসঃ"—ইতি ছন্দো গ্রন্থস্য দ্বিতীয-দ্বিতীয়-দ্বিতীয়ে প্রথমা ঋক্। অস্যামুৎপন্নানি ত্রীণি সামানি শ্রুতানি, তানি চ গেয়গানস্য চতুর্থ-দ্বিতীয়ে ষোড়শাদীনি 'বৈতহব্য'-নামকানি। তত্রান্ত্যমোকোনিধনং যদ্ বৈতহব্যং তন্নাত্র গ্রাহ্যং ত্রিস্থবিত্যুক্তেঃ, অপিতু উহ্যগানস্য প্রথম-প্রথমে শ্রুতমষ্টাদশমোকোনিধনাখ্যমেব গ্রাহ্যম্। তদাধারভূতস্তু চস্তু উত্তরা গ্রন্থস্য প্রথম-দ্বিতীয়ে প্রথম-সূক্তাত্মকঃ, তত্র প্রথমা 'পান্তমাবো'—ইত্যাদ্যা ছন্দসি শ্রুতৈব, দ্বিতীয়া 'পুরুহূতংপুরুষ্টুতম্'—ইত্যাদ্যা, তৃতীয়া 'ইন্দ্রইন্মো'—ইত্যাদ্যা।—ইতি প্রথমে পর্য্যায়ে হোতুরাজ্যম্। দ্বিতীয়ে পর্য্যায়ে 'অয়ন্ত-ইন্দ্রসোম'—ইতি উত্তরাগ্রন্থস্য প্রথম-দ্বিতীয়ে পঞ্চমং তৃচাত্মকং সূক্তম্, তত্র ত্রিস্থষু গীতমূহগ্রন্থস্য প্রথম-দ্বিতীয়ে দ্বিতীয়ং সাম দৈবোদাসাখ্যম্। তৃতীয়ে পর্য্যায়ে "ইদংহ্যন্বোজসা"—ইতি উত্তরাগ্রন্থস্য প্রথম-দ্বিতীয়ে তৃচাত্মকং নবমং সূক্তম্; তত্র ত্রিস্থষু গীতমূহগ্রন্থস্য—মাধুচ্ছন্দসাখ্যং সাম। অত্র প্রমাণং তাণ্ড্য ব্রাহ্মণস্য নবমাধ্যায়ীয়ে দ্বিতীয়ে খণ্ডে দ্রষ্টব্যম্।

একস্যাং মৈত্রাবরুণস্য * তিসৃষু ব্রাহ্মণাচ্ছংসিনঃ †; একস্যামচ্ছাবাকস্য ‡ তিসৃষু মাধ্যন্দিনঃ পবমানঃ'—ইতি।

---

* অস্তি 'প্রবইন্দ্রায়মাদনম্'—ইতি ছন্দোগ্রন্থস্য দ্বিতীয়-দ্বিতীয়-দ্বিতীয়ে দ্বিতীয়া ঋক্, অস্যামুৎপন্নানি ষট্ সামানি, তানি চ গেয়গানস্য চতুর্থ-দ্বিতীয়ে ঊনবিংশাদীনি, তত্র তৃতীয়ং 'গৌরীবীতং'; তদেবাত্র প্রথমে পর্য্যায়ে মৈত্রাবরুণস্য। অস্তি "আতূনইন্দ্রক্ষুমন্তম্"—ইতি ছন্দোগ্রন্থস্য দ্বিতীয়-দ্বিতীয়-তৃতীয়ে তৃতীয়া ঋক্, অস্যামুৎপন্নানি চত্বারি সামানি, তানি চ গেয়-গানস্য পঞ্চম-প্রথমে ষোড়শাদীনি, তত্র তৃতীয়মাকূপারম্; তদেবাত্র দ্বিতীয়ে পর্য্যায়ে মৈত্রাবরুণস্য। অস্তি 'আত্বেতানিষীদত'—ইতি ছন্দোগ্রন্থস্য দ্বিতীয়-দ্বিতীয়-দ্বিতীয়ে দশমী ঋক্, অস্যামুৎপন্নং গেয়গানস্য পঞ্চম-প্রথমে শ্রুতং 'দৈবাতিথ'-নামকং সাম; তদেবাত্র তৃতীয়ে পর্য্যায়ে মৈত্রাবরুণস্য। অত্র প্রমাণং তা০ ব্রা০ ৯, ২। কিন্তু প্রবইন্দ্রায়েত্যাদ্যা ঋচঃ সন্তি চোত্তরা গ্রন্থে, সন্তি চ তদাশ্রিতানি গানানি তত্তন্নামভিরেব প্রসিদ্ধানি উহগ্রন্থে, পরং তান্যত্র ন গৃহ্যন্তে; একস্যামিতি শ্রবণাৎ।

† অস্তি 'বয়মুত্বাতদিদর্থাঃ'—ইতি উত্তরাগ্রন্থস্য প্রথম-দ্বিতীয়ে তৃতীয়ঃ তৃচঃ, তত্র উহগানস্য প্রথম-প্রথমান্ত্যং কাণ্বনামকং সাম; তদেবেহ প্রথমে পর্য্যায়ে। অস্তি 'অভিত্বাবৃষভাসুতঃ'—ইত্যাদিঃ উত্তরাগ্রন্থস্য প্রথম-দ্বিতীয়ে সপ্তমসূক্তাত্মকতৃচঃ, তত্রোহগানস্য প্রথম-দ্বিতীয়ে পঞ্চমমার্ষ-ভাখ্যং সাম; তদেবেহ দ্বিতীয়ে পর্য্যায়ে। অস্তি 'য়োগেয়োগেতবস্তরম্'—ইত্যাদিঃ উত্তরাগ্রন্থস্য প্রথম-দ্বিতীয়ে একাদশ-সূক্তাত্মকতৃচঃ, তত্রোহ গানস্য প্রথম-দ্বিতীয়ে শ্রুতং দশমং কৌৎসনামকং সাম; তদেবেহ তৃতীয়ে পর্য্যায়ে গৃহ্যন্তে।

‡ অস্তি 'ইন্দ্রায়মদ্বনেসুতম্'—ইতি ছন্দোগ্রন্থস্য দ্বিতীয়-দ্বিতীয়-দ্বিতীয়ে চতুর্থী ঋক্, অস্যামুৎপন্নানি ত্রীণি সামানি, তানি চ গেয়

সন্তি প্রকৃতৌ মাধ্যন্দিনপবমানস্য ত্রয়স্তৃচাঃ; 'উচ্চাতেজাতম্'—ইত্যয়ং প্রথমো গায়ত্রীচ্ছন্দস্কঃ, 'পুনানঃ সোম'—ইত্যয়ং দ্বিতীয়ো বৃহতীচ্ছন্দস্কঃ, 'প্রতুদ্রব'—ইত্যয়ং তৃতীয়ঃ ত্রিষ্টুপ্‌ছন্দস্কঃ *। এতদেবাভিপ্রেত্য শ্রুতম্, 'ত্রিচ্ছন্দা আবাপো মাধ্যন্দিনঃ'—ইতি (তা০ ব্রা০ ৭, ৩)। এবং সতি একত্রিকস্য মাধ্যন্দিনপবমানে তিসৃস্থিতি যদুক্তং তত্র ত্রয়াণাং তৃচানামাদ্যস্তিস্রঃ ঋচো গ্রাহ্যাঃ; কিংবা প্রথমতৃচস্থাঃ ক্রমপঠিতাস্তিস্রঃ? ইতি সংশয়ঃ। তত্র ত্রিচ্ছন্দস্ত্বশ্রুত্যা প্রবলয়া দুর্ব্বলং পাঠক্রমং বাধিত্বা প্রথমঃ পক্ষো গ্রাহ্যঃ।—ইতি প্রাপ্তে অভিধীয়তে—যদেতৎ ত্রিচ্ছন্দস্ত্বং তদেতৎ প্রাকৃতম্, তত্র ছন্দস্ত্রয়োপেতস্য তৃচত্রয়স্যোপদিষ্টত্বাৎ। বিকৃতাবপি তৎ সর্ব্বমতিদিষ্টমিতি চেৎ—বাঢ়ম্। অতএব পাঠক্রমোঽপ্যতিদিষ্টঃ, তথাসতি প্রক্রান্তগায়ত্রীচ্ছন্দস্কস্য তৃচস্য সমাপ্তৌ সত্যাং পশ্চাদ্ বৃহতীচ্ছন্দস্কে তৃচে

গানস্য চতুর্থ-দ্বিতীয়ে সপ্তবিংশত্যাদীনি; তত্র, তৃতীয়ং শ্রৌতকক্ষাভিধং সাম, তদেবেহ প্রথমে পর্য্যায়ে। অস্তি 'ইদংবসোসুতমন্ধঃ'—ইতি দ্বিতীয়-প্রথম-তৃতীয়ে দশমী ঋক্, অস্যামুৎপন্নানি ত্রীণি 'গায়'-নামকানি গেয়গানস্য তৃতীয়-দ্বিতীয়ে একবিংশত্যাদীনি সামানি; তৎতৃতীয়মিহ দ্বিতীয়ে পর্য্যায়ে; উহগ্রন্থে প্রথম-দ্বিতীয়ে তস্যৈব গায়মিতি প্রথিতত্বাৎ। অস্তি 'ইন্দ্রসুতেষুসোমেষু'—ইতি ছন্দোগ্রন্থস্য চতুর্থ-দ্বিতীয়-পঞ্চমে প্রথমা ঋক্, অস্যামুৎপন্নানি ত্রীণি সামানি, তানি চ গেয়গানস্য দশম-প্রথমে চতুর্ব্বিংশত্যাদীনি, তত্র তৃতীয়ং 'কৌৎস'-নামকং, তদেবেহ তৃতীয়েপর্য্যায়ে গ্রহণীয়ং ভবতি। ইহ মানং তাণ্ড্যনবমদ্বিতীয়মার্ষেয়কঞ্চ ব্রাহ্মণম্।

* উ০ আ০ ১ প্র০ ৮, ৯, ১০ সূক্তাত্মিকাঃ ক্রমেণ তিস্রঃ দ্বে দ্বে ইতি সপ্ত ঋচো দ্রষ্টব্যাঃ।

প্রথমায়াঃ ঋচঃ প্রারম্ভাবসরঃ; স চারম্ভস্তিসৃষু—ইতি বিশেষ-বিধানেন বাধ্যতে। তস্মাদাদ্যস্তৃচো নিখিলো গ্রাহ্যঃ ॥ ৪৮ ॥

(অনুবাদ)

পঞ্চম পাদের দ্বিতীয়াধিকরণে নির্ণীত হইয়াছে যে 'এক-ত্রিক' নামক ক্রতুতে প্রথম তৃচেরই গ্রহণ হইবে। যথা—

আছে, প্রকৃতিযাগেতে মাধ্যন্দিনপবমানে
বিধি,—ত্রিবিধ ছন্দেরি তৃচত্রয়-গানে।
ঋচাত্রয়মাত্র পাঠ্য কিন্তু "একত্রিক" যাগে;
তত্র কি ত্রিচ্ছন্দে তৃচ ল'বে প্রকতি-বিভাগে ?
না; বাধ্যবাধক ভাবে নাহি হ'বে অতিদেশ,
আদ্য তৃচমাত্র লভি বিধি হইবে নিঃশেষ ॥ ৪৮

"একত্রিক" নামক একটি ক্রতু অনুষ্ঠিত হইয়াথাকে; তাহাতে এক সংখ্যার সহিত তিন সংখ্যার ব্যতিষঙ্গ বিধান হয়। যথা—"ঋকৃত্রয়েই মাধ্যন্দিন পবমান সম্পন্ন করিবে" ইত্যাদি। প্রকৃতিযাগে মাধ্যন্দিন পবমানে তিনটি সূক্ত ব্যবহৃত হইয়া থাকে। তন্মধ্যে "উচ্চাতেজ্জাতম্" (উ॰ আ॰ ১, ৮, ১-২-৩) এটি গায়ত্রীচ্ছন্দের তৃচ সূক্ত, "পুনানঃসোমধারয়া" (উ॰ আ॰ ১, ৯, ১-২) দ্বিতীয় প্রগাথ সূক্ত বৃহতীচ্ছন্দের এবং "প্রতুদ্রব" (উ॰ আ॰ ১, ১০, ১-২) প্রগাথটি ত্রিষ্টুপ্ ছন্দের। এই অভিপ্রায়েই যাজ্ঞিকগণ বলিয়াথাকেন যে "মাধ্যন্দ্যন পবমানে ছন্দত্রয়েই আবাপ সম্প্রাপ্ত হইয়াথাকে" (তা॰ ব্রা॰ ৭, ৩)। এস্থলে আশঙ্কা

এই যে একত্রিক যাগের মাধ্যন্দিন পবমানে কোন্ ঋক্‌ত্রয় ব্যবহৃত হইবে ?—প্রকৃতির ন্যায় অতিদেশ মান্য করিতে হইলে তিন ছন্দের তিন তৃচেরই এক একটি লইয়া ঋক্‌ত্রয় সংগ্রহ করিতে হয় এবং পাঠক্রমের প্রাবল্য স্বীকার করিলে "উচ্চাতেজাতম্" এই প্রথম তৃচটি লইলেই বিধি প্রতিপালিত হইতে পারে। এস্থলে সিদ্ধান্ত হইতেছে যে পাঠক্রম ভঙ্গ করিয়া তিনতৃচেরই এক একটি সংগ্রহ করা অবিধি, কেননা যখন প্রকৃতির অতিদেশানুসারে প্রাপ্ত তিন ছন্দের তিন তৃচের অপবাদরূপে একত্রিক ক্রতুতে এক তৃচের বিধান করা হইয়াছে, তখন ঐ অতিদেশের অনুরোধ আর নাই বরং পাঠ-ক্রমের অনুরোধ রক্ষা করত ক্রমভঙ্গ না করিয়া যথাবৎ সম্পূর্ণ প্রথম তৃচটিই ব্যবহার করিবে (উ০ আ০ ১, ৮, ১ ; ২ ; ৩ এবং উ০ গা০ ১২, ১, ১) ॥ ৪৮ ॥

(মূল)

তৃতীয়ে ধূর্গানমেকস্যামৃচি কর্ত্তব্যম্—
তৃচে স্যাদৃচি বৈকস্যাং ধূর্গানং প্রকৃতাবিব।
তৃচে ভবেদিহৈকস্যাং শ্রুত্যাবৃত্তিবিধানতঃ ॥ ৪৯

একত্রিকে এব ক্রতৌ ব্যতিষঙ্গেনৈকস্যাং চ স্তোত্রেষু সম্পাদ্যমানেষু যদ্ধূর্গানং তৎ কিং তৃচে স্যাৎ ; উতৈকস্যা-মৃচি ? ইতি সংশয়ঃ। তত্র চোদকেন তৃচে ভবেদিতি প্রাপ্তে, ক্রমঃ—ইহৈকত্রিকক্রতৌ একস্যামৃচি ধূর্গানং ভবেৎ। কুতঃ ? 'আবৃত্তং ধূর্ষু স্তুবতে'—ইতি আবৃত্তিবিধানাৎ। তৃচে গানেঽপি সাম্নস্ত্রিরাবৃত্তির্ভবেৎ ? ন ; আবৃত্তেঃ স্তুতি-

বিশেষণত্বাৎ। গুণসঙ্কীর্ত্তনপরঃ পদসমূহ এব স্তুতিঃ, তচ্চ-র্গাবৃত্তিং বিনা তিসৃষ্বৃক্ষু ন সিধ্যতি। তস্মাদেকস্যাং ধূর্গানম্ ॥ ৪৯ ॥

(অনুবাদ)

ঐ পাদেই তৃতীয়াধিকরণে একত্রিক যাগের ধূর্গান এক ঋকেই কর্ত্তব্য নির্ণীত হইয়াছে। যথা—

যদিও ঋক্‌ত্রয়ে গেয় বটে স্তোত্রিয় সকল,
কিন্তু একত্রিকে হ'বে ঋঙ্মাত্রে ধূর্গান কেবল ॥ ৪৯

সমস্ত স্তোত্রিয় সামই তৃচ অবলম্বনে গীত হইয়াথাকে, তথা ধূর্গানও প্রকৃতিযাগে তৃচাবলম্বনেই সম্পন্ন হয় কিন্তু একত্রিক যাগে একটিমাত্র ঋকে ধূর্গান বিহিত আছে সুতরাং এক ঋঙ্মাত্র অবলম্বন করিয়াই ধূর্গান অবশ্য কর্ত্তব্য; তাহা· হইলে "তৃচাবলম্বনে স্তোত্রিয় সাম গীত হইবে"এ নিয়ম ভঙ্গ হইয়া যায়। এস্থলে কি কর্ত্তব্য? বিচারে সিদ্ধান্তিত হইয়াছে যে "আবৃত্তি পূর্ব্বক ধূর্গান সম্পন্ন হইবে" বিধি থাকায় একটি ঋকেরই ত্রিরাবৃত্তি করিয়া তৃচত্ব সম্পাদন পূর্ব্বক তদবলম্বনে ধূর্গান গীত হইবে; এরূপ হইলেই সর্ব্বদিক্ সামঞ্জস্য হইবে॥ ৪৯ ॥

(মূল)

ষষ্ঠে স্তোমবৃদ্ধিরাগমাদ্ ভবেৎ—

স্তোমবৃদ্ধিঃ কিমভ্যাসাদাগমাদ্বাগ্রিমো যতঃ।
ন কাম্যমশ্রুতং নৈবং সঙ্খ্যাবাপাদিলিঙ্গতঃ ॥ ৫০

বিবৃদ্ধস্তোমকঃ ক্রতুরেবমাম্নায়তে,—'একবিংশেনাতি-রাত্রেণ প্রজাকামং যাজয়েৎ, ত্রিণবেনৌজস্কামম্, ত্রয়স্ত্রিংশেন প্রতিষ্ঠাকামম্'—ইতি। প্রকৃতিগতেভ্যঃ ত্রিবৃৎপঞ্চদশাদিস্তোমেভ্যো বিবৃদ্ধাঃ একবিংশত্রিণবত্রয়স্ত্রিংশস্তোমাঃ। তেষু কিং প্রাকৃতানাং সাম্নাম্ অভ্যাসাদ্ বৃদ্ধির্ভবতি; কিং বা সামান্তরাগমাৎ? ইতি সংশয়ঃ। অশ্রুতস্য সামাগমস্য কল্পয়িতুমশক্যত্বাদ্ অভ্যাসাদ্ বৃদ্ধিঃ।—ইতি প্রাপ্তে ব্রূমঃ—অভ্যাসোঽপি ন সাক্ষাৎ শ্রুতঃ, কিন্ত্বেকবিংশাদিসংখ্যা-পূরণায় কল্প্যতে; সংখ্যা চ দ্রব্যগতা, ভিন্নদ্রব্যৈরেব পূর্য্যতে ন ত্বেকদ্রব্যাবৃত্ত্যা; ন হ্যষ্টকৃত্ব একং ঘটমানীয় মদ্গৃহে সন্ত্যষ্টৌ ঘটাঃ ইতি ব্যবহরন্তি, ততঃ স্তোমাবয়বদ্রব্যগতা সংখ্যা তদবয়বভূতানাং সাম্নাং পদার্থানাং ভেদং গময়তি, স চ ভেদঃ সামান্তরাগমলিঙ্গম্; অত্র হোবাবপন্তীত্যাবাপো-দ্দেশেন দেশবিশেষবিধিরপরং লিঙ্গম্; সামান্তরোৎপত্ত্যর্থ-মন্যল্লিঙ্গম্। তস্মাদাগমেন বৃদ্ধিঃ ॥ ৫০ ॥

(অনুবাদ)

ষষ্ঠাধিকরণে সামাগমের দ্বারা স্তোমবৃদ্ধি কর্ত্তব্য সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

স্তোমবৃদ্ধি অভ্যাসেতে কিংবা হ'বে আগমেতে?
অশ্রুতকল্পনা ত্যাজ্য তাই হ'কু অভ্যাসেতে।
"স্তোমবৃদ্ধি" বিধি যদি তবে কল্পনা কোথায়?
সামের আগমবিনা বৃদ্ধি হয় কি কথায় ॥ ৫০

বিবৃদ্ধস্তোমক ক্রতু সম্বন্ধে এইরূপ বিধি শ্রুত হইয়াথাকে—

"যদি প্রজা কামনা করে, অতিরাত্র নামক যাগে একবিংশ স্তোম ব্যবহার করিবে; যদি ওজঃ কামনা করে, অতিরাত্র নামকযাগে ত্রিণব স্তোম ব্যবহার করিবে; যদি প্রতিষ্ঠা কামনা করে, অতিরাত্র যাগে ত্রয়স্ত্রিংশ স্তোম ব্যবহার করিবে"। প্রকৃতিযাগে ত্রিবৃৎ, পঞ্চদশ ও সপ্তদশ স্তোমের ব্যবস্থা আছে, সেই সেই স্থলেই কামনাবিশেষে সংখ্যা বৃদ্ধি করিয়া একবিংশ, ত্রিণব ও ত্রয়স্ত্রিংশ করিতে হইবে। এস্থলে সংশয়, যে ত্রিবৃৎ প্রভৃতিতে বিহিত সামগুলিরই অভ্যাসানুসারে এই স্তোমবৃদ্ধি সম্পাদিত হইবে অথবা সামান্তরের আগমের দ্বারা? অশ্রুত সামান্তর আগম করিয়া স্তোমবৃদ্ধি সম্পন্ন করা অপেক্ষা ত্রিবৃদাদিতে বিহিত সামেরই যথেচ্ছ অভ্যাস দ্বারাই স্তোমবৃদ্ধি সমুচিত হইতে পারে এই অপসিদ্ধান্ত বিদূরিত করণার্থ বলা হইতেছে।—অভ্যাসও ত কল্পনা-প্রসূত, উহাও সাক্ষাৎ শ্রুত নহে; আরও বিবেচ্য—সংখ্যামাত্রই দ্রব্যগত সুতরাং দ্রব্যান্তরের দ্বারাই উহার পূরণ হইয়াথাকে, আবৃত্তির দ্বারা হয় না; দেখ এক ঘটকে অষ্টবার দেখাইয়া 'আমার গৃহে অষ্ট ঘট আছে' বলিতে কোন সত্যবাদী সমর্থ হয় না; স্তোমবৃদ্ধি ক্রতুতে যখন স্তোমবৃদ্ধি করারই কথা, তখন সামান্তর আগমের দ্বারা স্তোমবৃদ্ধি করাই বিধির অনুমোদিত, উহাকে অশ্রুত-কল্পনা-প্রসূত বলা যায় না। অতএব যথাবশ্যক সামান্তরের আগমের দ্বারাই একবিংশাদি স্তোম সম্পন্ন করিবে *। ৫০

---

* ৮৮ হইতে ৯৮ পৃষ্ঠায় ত্রিবৃদাদি স্তোমের পরিচয় দ্রষ্টব্য।

(মূল)

সপ্তমে বহিষ্পবমানবৃদ্ধ্যারূচ আগম:—

"কিং বহিষ্পবমানদ্ধৌ সামর্চ্চাবাভিপূরণম্।
সাম্না পূর্ব্বোক্তিতো নৈবং সামৈকত্বপরাকৃত্বত: ॥ ৫১

প্রকৃতৌ প্রাতঃসবনে বহিষ্পবমানস্য ত্রিবৃদ্ধঃ স্তোমঃ, তস্য বিকৃতিষু বৃদ্ধৌ সত্যাং পূর্ব্বোক্তরীত্যা সামান্তরাগমে প্রাপ্তে, ক্রমঃ—'একং হি তত্র সাম'—ইতি বহিষ্পবমানং প্রকৃত্য সামৈকত্ব মাম্নায়তে, অতো ন সামান্তরাগম: সম্ভবতি এবং তহ্যভ্যাসেন সঙ্খ্যাপূরণমস্তু ? ইতি, ন বাচ্যম্; 'পরাগ্ বহিষ্পবমানেন স্তুবন্তি'—ইতি পরাক্শব্দেনাভ্যাস-প্রতিষেধাৎ। তস্মাদাগম:"—ইতি ॥ ৫১ ॥

(অনুবাদ)

সপ্তমাধিকরণে বহিষ্পবমানে ত্রিবৃদাদি স্তোমের বৃদ্ধি করিতে হইলে ঋকের দ্বারাই বৃদ্ধি করিতে হইবে সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

বহিষ্পবমান-বৃদ্ধি বিকৃতিযাগেতে শুনি।
হ'বে বুঝি উহা তত্র সামের আবৃত্তি গুণি ?
বহিষ্পবমান সাম আছে গ্রন্থেতে প্রসিদ্ধ।
অতএব আবৃত্তি ঐ, বল কেন হ'বে সিদ্ধ ॥
হবে হ'কু পূর্ব্বমত যথেচ্ছ সাম আগমি ?
পবমানে ঋচা-বিধি; তাই হ'বে ঋগাগমি ॥ ৫১

প্রকৃতিযাগে প্রাতঃসবনে বহিষ্পবমান স্তোমের দ্বারা স্তুতি

সম্পন্ন হইয়া থাকে ; বিকৃতিবিশেষে ঐ স্তোমের বৃদ্ধি করিতেও হয়। ঐ বৃদ্ধি, সামাবৃত্তির দ্বারা হইতে পারে কিন্তু তাহা হয় না, যেহেতু উহগানগ্রন্থে বহিষ্পবমান আছেই, তাহাতে সাম্যাভ্যাস দৃষ্ট হয় না ; পূর্ব্বের দৃষ্টান্তানুসারে সামাগমের দ্বারাও বৃদ্ধি সম্পাদ্য নহে, যেহেতু "পরাক্ বহিষ্পবমানেন স্তুবন্তি" বিধি থাকায় সামসম্বন্ধ উহাতে হইতেই পারে না অতএব ঋগাগমনের দ্বারাই ঐ বৃদ্ধি সম্পাদন করিতে হইবে ॥ ৫১ ॥

(মূল)

ষষ্ঠপাদস্যাদ্যেহধিকরণে একং সাম তৃচে গেয়ম্—

"সামৈকস্যাং তৃচে বা স্যাদাদ্য: স্বাধ্যায়বদ্ ভবেৎ।
বচনাল্লিঙ্গসংযুক্তাৎ স্তোত্রে সাম তৃচে ভবেৎ ॥ ৫২

পবমানাজ্য-পৃষ্ঠাদিস্তোত্রেষু যদ্ বিহিতং রথন্তর-বৃহদ্-বৈরূপাদি সাম, অধ্যেতারঃ একস্যামৃচ্যধীয়তে ; তৎ কিং স্তোত্রপ্রয়োগকালেহপ্যেকস্যামৃচি গেয়ম্ ;—কিংবা তৃচে গেয়ম ? ইতি সংশয়: *। অধ্যয়নস্যানুষ্ঠানার্থত্বাদ্ যথাধ্যয়নমেকস্যামৃচি সাম্নঃ কৃতম্ ; তথৈকস্যামেব সাম গেয়ম্। —ইতি পূর্বপক্ষ: । 'অষ্টাক্ষরেণ প্রথমায়াঃ ঋচঃ প্রস্তৌতি, দ্ব্যক্ষরেণোত্তরয়োঃ'—ইতি। তিসৃষ্বৃক্ষু প্রস্তোত্রা গাতব্য-

* অত্রেদং তত্ত্বম্—অস্তি ছন্দোগ্রন্থস্য তৃতীয়-প্রথম-পঞ্চমে প্রথমা ঋক্, তস্যাং গীতং রথন্তরম্, তচ্চ অরণ্যগানস্য দ্বিতীয়-প্রথমে একবিংশতিতমং সাম। তথা ছন্দোগ্রন্থস্য তৃতীয়-প্রথম-পঞ্চমে দ্বিতীয়া ঋক্, তস্যাং গীতং বৃহৎ, তচ্চ অরণ্যগানস্য প্রথম-প্রথমে সপ্তবিংশতিতমং সাম। তথা ছন্দো

ভাগো নিরূপ্যতে; তদিদং তৃচস্য লিঙ্গম্। 'ঋক্সামেবার মিথুনো সম্ভবাব'—ইত্যাদৌ ঋগ্‌দেবতাসামদেবতয়োঃ সংবাদরূপেঽর্থবাদে সামদেবতৈকামৃচং দ্বে ঋচৌ চ প্রত্যাখ্যায় তিস্রঃ ঋচোঽঙ্গীচকার; তদিদমপরং লিঙ্গম্। তাভ্যাং লিঙ্গাভ্যামুপবৃংহিতাদ্ 'একং সাম তৃচে গীয়তে স্তোত্রিয়ম্'—ইতি বচনাৎ তৃচে গাতব্যম্''—ইতি ॥ ৫২ ॥

(অনুবাদ)

ষষ্ঠ পাদের প্রথম অধিকরণে সিদ্ধান্তিত হইয়াছে যে স্তোত্রিয় বৃহদাদি সামগুলি ঋক্‌ত্রয় অবলম্বনেই গীত হইবে।

গ্রন্থস্য তৃতীয়-দ্বিতীয়-চতুর্থে যষ্ঠী ঋক্, তস্যাং বৈরূপসংজ্ঞকান্যষ্টো সামানি, তত্র প্রথমম্ অজোবৈরূপম্, দ্বিতীয়ং অশ্ববৈরূপম্, তৃতীয়ং বৃহদোপশবৈরূপং পঞ্চনিধনবৈরূপং বা, চতুর্থং ষন্নিধনবৈরূপম্, পঞ্চমং সপ্তনিধনবৈরূপম্; ষষ্ঠম্ অষ্টানিধনবৈরূপম্, সপ্তমং দ্বাদশনিধনবৈরূপম্ অষ্টমং পুষ্যবৈরূপম্ (অত্র মানমার্ষেয়ব্রাহ্মণস্য তৃতীয়প্রপাঠকাষ্টমঃ খণ্ডঃ) ; তানি চ অরণ্যগানস্যারম্ভে এব শ্রুতানি। এবম্ অস্তি উত্তরাগ্রন্থস্য প্রথম-প্রথমৈকাদশে প্রথমস্তৃচঃ, তত্র চ গীতং রথন্তরম্, তদ্ধি উহ্যগানস্যাদিমং সাম; তথা উত্তরাগ্রন্থস্য দ্বিতীয়-প্রথম-দ্বাদশে প্রথমস্তৃচঃ, তত্র চ গীতং বৃহৎ, তদ্ধি উহ্যগানস্য প্রথম-প্রথমে পঞ্চমং সাম; তথা উত্তরাগ্রন্থস্য দ্বিতীয়-দ্বিতীয়ৈকাদশে প্রথমস্তৃচঃ, তত্র চ গীতং পঞ্চনিধনং বৈরূপম্, তদ্ধি উহ্যগানস্য প্রথমে সপ্তমং সাম। তদত্র রথন্তরং গেয়মিতি বিহিতে অরণ্যগানে শ্রুতং ছন্দোগ্রন্থীয়ৈকস্যামৃচ্যুৎপন্নং গাতব্যমাহোস্বিৎ উহগানে শ্রুতম্ উত্তরাগ্রন্থীয়তৃচবীজকং গাতব্যমিতি শঙ্কাস্বরূপঃ। এবং বৃহদ্-বৈরূপযোঃ, অন্যত্র চ বোধ্যম্।

যথা—

আজ্য আদি স্তোত্রে বিধি আছে বৃহদাদি সাম।
এক ঋকে কিংবা তৃচে করিবে ঐ সব গান?
হ'তে পারে এক ঋকে যোনিগ্রন্থ-অনুসারে।
বিশেষ আছয়ে বিধি কিন্তু তৃচ-ব্যবহারে॥ ৫২

আজ্য, পৃষ্ঠ প্রভৃতি স্তোত্রে বৃহৎ, রথন্তর প্রভৃতি সামের গান বিহিত দেখা যায়। যোনিগ্রন্থে ঐ সামসমস্ত এক এক ঋক্-অবলম্বনেই শ্রুত হইয়াছে। তদনুসারে ঐরূপই সর্ব্বত্র ব্যবহার্য্য হইতে পারে। তাহা হইবে না; প্রত্যুত ঐ স্তোত্রের সাধন সুতরাং স্তোত্রিয় নামে প্রসিদ্ধ ঐ ঐ সামসমস্ত তিন তিন ঋক্ অবলম্বন করিয়াই গীত হইবে; যেহেতু "প্রথম ঋকের অষ্টাক্ষরের দ্বারা প্রস্তোতা স্তব করিবে"—ইত্যাদি শ্রুতিতে প্রথম ঋক্ প্রভৃতির উল্লেখ দেখা যায়, তাহাতে স্পষ্টই বোধ হইতেছে যে তৃচাবলম্বনেই স্তোত্রিয় গান কর্ত্তব্য। ঋগ্‌দেবতার সহিত সামদেবতার কথোপকথনচ্ছলেও ঐরূপ প্রকাশ আছে; উহাই এ বিষয়ে দ্বিতীয় প্রমাণ। "একটি স্তোত্রিয় সাম, তিনটি ঋক্ অবলম্বনে গীত হইবে"—এই সাক্ষাৎ শ্রুতিও আছে। অতএব প্রমাণত্রয়েই সম্পন্ন হইতেছে যে স্তোত্রিয় সামগুলি সমস্তই উত্তরাগ্রন্থে পঠিত তৃচগুলি অবলম্বনেই গীত হইবে; যোনিগ্রন্থের সামগুলি স্তোত্রিয় নহে॥ ৫২॥

(মূল)

দ্বিতীয়ে স্বদৃর্কৃশব্দো মীলনাবধিঃ—

'স্বদৃর্কৃশব্দে বীক্ষণে চ কিং স্যাদঙ্গাঙ্গিতাথবা।
মীলনাবধিতা দ্যোত্যা ভিন্নবাক্যেন তদ্বিধেঃ॥
প্রতিশব্দেনাবধির্হি দ্যোত্যো বাক্যং ন ভিদ্যতে।
সত্যেবং মীলনস্যাপি বিধির্নোত্তরয়োর্ভবেৎ॥ ৫৩

অস্তি রথন্তরসাম্নো যোনৌ 'অভিত্বাশূর'—ইত্যস্যামৃচি স্বদৃর্কৃশব্দঃ 'ঈশানমস্য জগতঃ স্বদৃশম্'—ইত্যাম্নাতঃ; অস্তি চোদ্গাতুঃ কর্তৃতা তৃচে 'রথন্তরে প্রস্তূয়মানে সম্মীলয়েৎ, স্বদৃশং প্রতি বীক্ষেত'—ইতি শ্রুতেঃ। তত্র সংশয়ঃ।—কিং স্বদৃর্কৃশব্দোচ্চারণবীক্ষণয়োরঙ্গাঙ্গিভাবোহত্র বিধীয়তে, কিংবা বিধীযমানসম্মীলনাবধিত্বেন স্বদৃকৃশব্দোচ্চারণং নির্দ্দিশ্যতে? ইতি। তত্র সম্মীলনবাক্যাদ্ বীক্ষণবাক্যং ভিন্নং ততো ন মীলনাবধিত্বেনান্বয়ঃ সম্ভবতীতি। কিঞ্চ বীক্ষেতেতি লিঙ্প্রত্যয়োহত্র বিধায়কঃ শ্রূয়তে, ততঃ স্বদৃর্কৃশব্দোচ্চারণং বীক্ষণাঙ্গম্, বীক্ষণং বা তদঙ্গম্—ইত্যঙ্গাঙ্গিভাবোহভ্যুপেয়ঃ। তথা সতি স্বদৃর্কৃশব্দরহিতয়োঃ ঋচোর্গীয়মানে রথন্তরেহপি বিহিতসম্মীলনানুবৃত্তিঃ ফলিষ্যতীতি পূর্বপক্ষঃ। স্বদৃশং প্রতীত্যনেন কর্ম্মপ্রবচনীয়েন স্বদৃর্কৃশব্দোচ্চারণস্য মীলনকালাবধিত্বং দ্যোত্যতে। ন চাত্র ভিন্নবাক্যত্বম্ একবাক্যত্বসম্ভবাৎ। তথাহি বিরোধপরিহারায় স্বতএব প্রাপ্তত্বাদ্ বীক্ষণং ন বিধেয়ম্। তথা

সতি আ স্বর্দৃক্‌শব্দোচ্চারণাৎ সম্মীলয়েদিত্যেকং বাক্যং সম্পদ্যতে। এবং সত্যুত্তরয়োঋর্চোর্মীলনবিধ্যভাবঃ ফলিষ্যতীতি রাদ্ধান্তঃ”—ইতি ॥ ৫৩ ॥

(অনুবাদ)

দ্বিতীয়াধিকরণে “স্বর্দৃক্ শব্দের উচ্চারণ পর্যন্তই রথন্তর গানের সম্মীলন কর্ত্তব্য সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

রথন্তর গানকালে দৃষ্টি-বিধি সামান্যত,
স্বর্দৃক শব্দেতে বীক্ষণ-বিধি আছে বিশেষত।
উভয় শ্রুতির মান রাখি, করি শেষশেষী ?
না—না ; স্বর্দৃক্-পাঠাবধি দৃষ্টি করহ বিশেষি ॥ ৫৩

“অভি ত্বা শূর নোনুমঃ” (৬০ পৃ০) ঋক্‌টিই রথন্তর সামের যোনি ; ঐ ঋকের তৃতীয়চরণে ‘স্বর্দৃশম্’ পদ আছে। “রথন্তর গানকালে উদ্গাতা স্বীয় নেত্রদ্বয় সম্মীলন করিবে” এই একটী বিধি আছে, (তা০ ব্রা০ ৭, ৭) ; পুনশ্চ “স্বর্দৃক্ শব্দের পাঠকালে বীক্ষণ করিবে” ইহাও আর একটি শ্রুতি আছে। এস্থলে বক্তব্য যে উভয় শ্রুতির মান রক্ষা কর্ত্তব্য অতএব এস্থলে শেষশেষিভাব স্বীকার্য্য ; তাহাহইলে রথন্তর সামমাত্রের গানে সম্মীলন করা উচিত এবং স্বর্দৃক্ শব্দটির পাঠকালে বিশেষত সম্মীলন করিবে, ইহাই সম্পন্ন হয়। বস্তুত ইহা অভীষ্ট নহে। এস্থলে সিদ্ধান্ত হইতেছে যে তিনঋকের উপরি গীত রথন্তর সামের প্রথম ঋক্‌টির মধ্যস্থ ঐ স্বর্দৃক্‌শব্দ পর্য্যন্তই সম্মীলন কর্ত্তব্য, তৎপরে সম্মীলনের অবশ্য-কর্ত্তব্যতা নাই এবং অন্যান্য ঋকে বা তৃচে রথন্তর

গান কালেও সম্মীলনের কিছুমাত্র আবশ্যক নাই। সম্মীলনবিধি ও বীক্ষণবিধি, উভয় বিভিন্ন হইলেই শেষশেষী অর্থাৎ অঙ্গাঙ্গী ভাব স্বীকার করিয়া উভয়বিধির মর্য্যাদা রক্ষা করিতে হয় সুতরাং পূর্ব্বপক্ষ সম্পন্ন হয়। বস্তুত "সম্ভবপর হইলে বাক্যভেদরূপ গৌরব স্বীকার না করিয়া একবাক্যতা অবলম্বনই কর্ত্তব্য" ব্যবস্থানুসারে সম্মীলন বিধিকে সামান্য এবং বীক্ষণ বিধিকে বিশেষ বলিয়া স্বীকার করত উভয়ের একবাক্যতানুসারে স্বদৃ্ক্শব্দের পাঠাবধিই বীক্ষণ বা সম্মীলন কর্ত্তব্য তৎপরে বা অন্যত্র সম্মীলনের বা বীক্ষণের আবশ্যক নাই, ইহাই সিদ্ধান্ত ॥ ৫৩ ॥

(মূল)

তৃতীয়ে বৃহদ্রথন্তরয়োর্দ্দিনভেদেন প্রয়োগঃ—

গাবাময়নিকে পৃষ্ঠ্যঃ ষড়হে প্রত্যহং দ্বয়ম্।
বৃহদ্রথন্তরং চোক্ত ভবেৎ কিঞ্চিৎ ক্বচিদ্দিনে।
দ্বন্দ্বগর্ভবহুব্রীহেবাদ্যোঽন্ত্যোঽপি সমো হ্যসৌ॥
অন্যোন্যনিরপেক্ষস্য চোদকাদন্তিমো ভবেৎ॥ ৫৪

দ্বাদশাহে পৃষ্ঠ্যঃ ষড়হ উৎপন্নঃ, তত্র ষন্নামপ্যহ্নাং ক্রমেণ রথন্তর-বৃহদ্-বৈরূপ-বৈরাজ-শাকর-রৈবতানি ষট্ সামানি বিহিতানি। গবাময়নে * তু বিকৃতি-রূপো যঃ পৃষ্ঠ্যঃ

---

* গবাময়ননামকং সত্রমস্তি, তচ্চ দ্বিবিধম্। 'গাবো বা এতৎ সত্রমাসত তাসাং দশসু মাঃসু শৃঙ্গাণ্যজায়ন্ত'—ইত্যাদ্যাখ্যায়িকয়া দশমাসনির্ব্বর্ত্ত্যম্; 'তাসাং দ্বাদশসু মাঃসু শৃঙ্গাণি প্রাবর্ত্তন্ত'—ইত্যাদ্যাখ্যায়িকয়া দ্বাদশমাসনির্ব্বর্ত্ত্যঞ্চ। শ্রূয়তে চৈতৎ সমস্তং তাণ্ড্য-চতুর্থ-প্রপাঠকারম্ভখণ্ডে। তত্র অহর্নিয়মস্ত্বেবম্—প্রায়ণীয়োঽতিরাত্রঃ প্রথমমহঃ, চতুর্বিংশো দ্বিতীয়

মহঃ, উক্থ স্তৃতীয়মহঃ, জ্যোতিগৌশ্চতুর্থমহঃ, আয়ুগৌরিতি পঞ্চমমহঃ, আয়ুর্জ্যোতিরিতি ষষ্ঠমহঃ; এষ এব ষড়হঃ আভিপ্লবিক উচ্যতে। এবং চতুর্ভিরাভিপ্লবিকৈশ্চতুর্ব্বিংশত্যহানি ভবন্তি। ততঃ ত্রিবৃৎস্তোমসাধ্যমেকাহঃ, পঞ্চদশস্তোমসাধ্যং দ্বিতীয়াহঃ, সপ্তদশস্তোমসাধ্যং তৃতীয়াহঃ, একবিংশস্তোমসাধ্যঞ্চতুর্থাহঃ, ত্রিণবস্তোমসাধ্যং পঞ্চমাহঃ, ত্রয়স্ত্রিংশস্তোমসাধ্যং ষষ্ঠাহঃ; সোঽয়ং ষড়হঃ পৃষ্ঠ্য উচ্যতে। পূর্ব্বোক্তাভিপ্লবিকষড়হচতুষ্টয়ৈঃ সহাস্য যোগেন ত্রিংশদ্দিনাত্মক এক মাসঃ সম্পন্নঃ। দ্বিতীয়-তৃতীয়-চতুর্থ-পঞ্চম-মাসাস্ত্বেবমেব। ষষ্ঠমাসস্যাদ্যাষ্টাদশ দিনানি আভিপ্লবিকষড়হত্রয়াত্মকানি, ঊনবিংশত্যাদাঃ পৃষ্ঠ্যঃ ষড়হঃ—ইতি চতুর্ব্বিংশতিঃ; পঞ্চবিংশতিতমমহোঽভিজিৎ, ততস্ত্রীণি দিনানি প্রথমাদিস্বরসামত্রয়সাধ্যানি, ঊনত্রিংশত্তমমহঃ প্রায়ণীয়ঃ, ত্রিংশত্তমঞ্চতুর্বিংশাখ্যকম্। ইত্থমব্দস্য পূর্ব্বার্দ্ধং বৃত্তম্। উত্তরষণ্মাসানাং প্রথমমাসস্য প্রথমমহস্তৃতীয়স্বরসামসাধ্যম্, দ্বিতীয়মহো দ্বিতীয়স্বরসামসাধ্যম্, তৃতীয়মহঃ প্রথমস্বরসামসাধ্যম্, চতুর্থমহো বিশ্বজিদাবৃত্তম্, (পঞ্চমাদীনি ষট্ দিনানি পৃষ্ঠ্যসংজ্ঞকানি, তত্র) ত্রয়স্ত্রিংশস্তোমসাধ্যং পঞ্চমমহঃ, ত্রিণবস্তোমসাধ্যং ষষ্ঠমহঃ, একবিংশস্তোমসাধ্যং সপ্তমমহঃ, সপ্তদশস্তোমসাধ্যমষ্টমমহঃ, পঞ্চদশস্তোমসাধ্যং নবমমহঃ, ত্রিবৃৎস্তোমসাধ্যং দশমমহঃ, ততোঽভিপ্লবাঃ ষড়হাস্ত্রয়ঃ—ইত্যষ্টাবিংশতিঃ; ঊনত্রিংশত্তমমহো মহাব্রতাখ্যং, অতিরাত্রাখ্যঞ্চ ত্রিংশত্তমম্। দ্বিতীয়াদিষু চতুর্ষু মাসেষু প্রথমং দিনষট্কং পৃষ্ঠ্যঃ ষড়হঃ; ততঃ পূর্ব্বোক্তপ্রতিলোমেনানুষ্ঠিতাশ্চত্বারঃ আভিপ্লবিকাঃ ষড়হাঃ, অন্ত্যমাসস্য ত্রয় আভিপ্লবিকাঃ ষড়হাঃ প্রথমাঃ, তথা চাষ্টাদশ দিনানি নিষ্পন্নানি; গোষ্টোমসাধ্যমূনবিংশতিতমম্, আয়ুষ্টোমসাধ্যং বিংশতিতমম্, দশরাত্রস্য দিবসা দশ—ইতি ত্রিংশৎ। ইত্থমুত্তরার্দ্ধমব্দস্য। অনয়োর্মাসষট্কয়োঃ সন্ধিস্থানম্ অশীত্যুত্তরশতদিনানন্তরমশীত্যুত্তরশতদিনাৎ প্রাগ্ বিদ্যমানমহঃ বিষুবন্নামকম্। তদিদমেকষষ্ট্যুত্তরত্রিশতদিননির্বর্ত্ত্যং গবাময়নং সত্রং তাণ্ড্যস্য কৃৎস্নেন চতুর্থপ্রপাঠকেন বিহিতম্; বিবৃতঞ্চ ততঃ ক্রমাৎ। তদয়ং শ্লোকঃ—"শতানি ত্রীণি ষষ্টিশ্চ বিষুবাংশ্চ চতুর্থকে। প্রোক্তানি গব্যসত্রস্য ত্বহ্যাহানি ক্রমাদিহ।"—ইতি।

ষড়হঃ। তত্র শ্রূয়তে—"পৃষ্ঠ্যঃ ষড়হো বৃহদ্রথন্তরসামা"—ইতি। চোদকপ্রাপ্তয়োঃ বৃহদ্রথন্তরয়োঃ পুনর্বিধানাৎ বৈরূপাদিনিবৃত্তিঃ। ততঃ শিষ্যমাণং বৃহদ্রথন্তরং সামদ্বয়ং কিং প্রত্যহং কর্ত্তব্যম্; কিংবা কেষুচিদহঃসু বৃহৎ, কেষুচিদ্রথন্তরম্? ইতি সংশয়ঃ। বৃহচ্চ রথন্তরঞ্চ বৃহদ্রথন্তরে, তে চ সামনী যস্য ইতি দ্বন্দ্বগর্ব্ভে বহুব্রীহাবিতরেতরয়োগ-দ্বন্দ্বেন সাহিত্যং প্রতীয়তে; ততঃ প্রত্যহং সামদ্বয়ম্—ইতি পূর্ব্বপক্ষঃ। তে সামনী যস্য অহ্নঃ—ইত্যহ্নো যদ্যন্যপদার্থত্বং তদা ভবদুক্তমেব স্যাৎ; ইহ তু ষড়হোঽন্যপদার্থঃ, তথা সতি ষড়হে দ্বয়োঃ সাম্নোঃ সাহিত্যং সিদ্ধান্তেঽপি সমানম্। প্রকৃতৌ সাম্নোরন্যোন্যনিরপেক্ষত্বাদিহাপি নিরপেক্ষত্বমেব সামচোদকেনাতিদিশ্যতে। তস্মাৎ কেষুচিদহঃসু কিঞ্চিৎ সাম ইতি রাদ্ধান্তঃ"—ইতি ॥ ৫৪ ॥

(অনুবাদ)

তৃতীয়াধিকরণে বৃহৎ ও রথন্তর সামদ্বয় দিন-ভেদেপ্রযুক্ত হইবে সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

গবাময়নে বিধান আছে বৃহদ্রথন্তর।
দুই গা'বে প্রতিদিন; কিং বা এক একান্তর?
ষড়হে গেয় ষট্‌সাম আছিল প্রকৃতি যাগে,
তা'রি স্থানে দুই বিধি; কেন, হ'বে এক যোগে ॥৫৪

দ্বাদশাহ নামক প্রকৃতি যাগে পৃষ্ঠ্য নামক ষড়হে অর্থাৎ ছয় দিবসে একৈক ক্রমে রথন্তর, বৃহৎ, বৈরূপ, বৈরাজ,

শাক্বর, রৈবত,—এই ষট্‌সাম গীত হইয়াথাকে (উহ্য গান গ্রন্থে ১, ১, ১ ; ৫ ; ৭ ; ১০ , ১৫ ; ১৮ দ্রষ্টব্য) কিন্তু তদীয় বিকৃতি যাগে—গবাময়ন নামক সত্রে ঐ ষড়হে বৃহৎ ও রথন্তর এই দুইটীমাত্র সামেরই বিধান দেখাযায়। এ বিষয়ে বিচার্য্য যে ঐ ছয় দিবসের প্রতিদিবনেই ঐ সামদ্বয় গেয় অথবা আজি একটি, কালি অপরটি, এইরূপ পর্য্যায়ক্রমে ঐ সামদ্বয় গেয় ? এ স্থলে সিদ্ধান্ত যে প্রকৃতি যাগে ষড়হে ষট্‌সাম বিহিত আছে, তাহারই পরিবর্ত্তে সুতরাং সেই ছয় দিবসে এই সামদ্বয় গীত হইবে ; এক দিবসে সামদ্বয়ের গীতির বিধি নাই সুতরাং একদিবসান্তর একটী সামের গানই কর্ত্তব্য* ॥ ৫৪ ॥

(মূল)

পঞ্চমে সর্ব্বপৃষ্ঠে যথোক্তদেশে পৃষ্ঠানি—

"কিং সর্ব্বপৃষ্ঠে সর্ব্বাণি পৃষ্ঠদেশে যথোক্তি বা।

পৃষ্ঠ-শব্দাৎ পৃষ্ঠ-দেশে বচনাৎ তু ব্যবস্থিতিঃ ॥ ৫৫

---

* আমার মতে এক এক সামের তিন তিন অংশ আছে এবং প্রতি অংশই এক এক সাম অর্থাৎ দুইটী স্তোত্রিয় সামে ছয়টি যোনিসাম থাকেই সুতরাং বৃহৎ ও রথন্তর এই স্তোত্রিয় সামদ্বয়েই যোনি ছয় সাম্ আছে, ঐ ছয় সাম যথাক্রমে পৃষ্ঠ্যষড়হে প্রকৃতিযাগে ব্যবহার্য্য স্তোত্রিয় সামষট্‌কের পরিবর্ত্তে ব্যবহৃত হইলেই ভাল হয় ; অন্যথা কোন্ দিবস বৃহৎ গেয় এবং কোন্ দিবসইবা রথন্তর গেয় ? এ বিষয়ে যথেচ্ছাচারি-ব্যবস্থার নিবারণ বোধ্য় নিতান্ত অসম্ভব। জানিনা যাজ্ঞিক ব্যবহার কিরূপ ! হ

ইদমাম্নায়তে—'বিশ্বজিৎ সর্ব্বপৃষ্ঠঃ'—ইতি। ষড়হে ষট্স্বহঃসু ক্রমেণ 'রথন্তরং' 'বৃহদ্' 'বৈরূপম্'—ইত্যাদিভিঃ সামভিঃ পৃষ্ঠস্তোত্রং নিষ্পাদিতম্, তানি সর্ব্বাণি পৃষ্ঠসামানি যস্মিন্ বিশ্বজিতি সোঽয়ং সর্ব্বপৃষ্ঠঃ; তত্র মাধ্যন্দিনপবমান-মৈত্রাবরুণসাম্নোরন্তরালভূতে পৃষ্ঠস্তোত্রদেশে কিং সর্ব্বাণি পৃষ্ঠসামানি কার্য্যাণি; কিংবা যথাবচনং দেশব্যবস্থা?—ইতি সংশয়ঃ। পৃষ্ঠকার্য্যগমকেন পৃষ্ঠ শব্দেন পৃষ্ঠদেশে প্রাপ্তে বচনেন দেশবিশেষো ব্যবস্থাপ্যতে। বচনং চৈবমাম্নায়তে—'পবমানে রথন্তরং করোত্যার্ভবে বৃহন্মধ্য ইতরাণি বৈরূপং হোতুঃ পৃষ্ঠং বৈরাজং ব্রহ্মসাম শাক্বরং মৈত্রাবরুণস্য রৈবতমচ্ছাবাকস্য'—ইতি; বচনং হি ন্যায়াদ্ বলীয়ঃ, তস্মাদ্দেশবিশেষো ব্যবস্থিতঃ"—ইতি ॥৫৫॥

(অনুবাদ)

পঞ্চমাধিকরণে সর্ব্বপৃষ্ঠের যথোক্তদেশে ব্যবস্থা সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

বিশ্বজিতে সর্ব্বপৃষ্ঠ হ'বে, বেদবিধি আছে;
হ'বে কি তা পবমান ও মৈত্রাবরুণ মাঝে?
পৃষ্ঠ-গান-স্থান ঐ ত বটে, হ'তে পারে তাই;
কিন্তু ষট্ স্থানে ষট্ বিধি, তাই হবে ঠাঁই ঠাঁই ॥ ৫৫

প্রকৃতি যাগে পৃষ্ঠ্য ষড়হে ক্রমে পূর্ব্বোক্ত রথন্তরাদি ষট্ সাম গীত হইয়াথাকে কিন্তু বিশ্বজিতে এক দিবসেই সর্ব্ব-পৃষ্ঠ বিহিত হইয়াছে সুতরাং পৃষ্ঠ্যানামক ষট্ দিবসে গেয়

সুতরাং পৃষ্ঠনামে প্রসিদ্ধ ঐ ষট্ সামই একদিবসে ব্যবহার্য্য। মাধ্যন্দিন পবমান স্তোত্র পাঠের পরে এবং মৈত্রাবরুণ সাম গানের পূর্ব্বে পৃষ্ঠসাম গীত হইয়াথাকে, তদনুসারে এই সর্ব্বপৃষ্ঠও সেই স্থান লাভ করিতে পারে? এই আশঙ্কার নিরাকরণার্থ সিদ্ধান্তিত হইতেছে যে সর্ব্বপৃষ্ঠ গানের সম্বন্ধে বিশেষত ষট্ স্থান বিধিবোধিত থাকায় তাহাই অবলম্বনীয় সুতরাং পবমান স্তোত্রের পরে রথন্তর, আর্ভবের পরে বৃহৎ, অপর চারিটী যথাপ্রাপ্ত মাধ্যন্দিন পবমানের পরে ও মৈত্রাবরুণের পূর্ব্বে হইবে; তন্মধ্যে বৈরূপটি হোতৃ-কর্তৃক, বৈরাজটি ব্রহ্ম কর্তৃক, শাকরটি মৈত্রাবরুণ-কর্তৃক এবং রৈবতটী অচ্ছাবাক-কর্তৃক গীত হইবে ॥ ৫৫ ॥

(মূল)

ষষ্ঠে বৈরূপবৈরাজে উক্থষোড়শিনোঃ পৃষ্ঠগতে—

"কাৎস্ন্যাদ্ বৈরূপবৈরাজে উক্থষোড়শিনোরুত।

পৃষ্ঠে স্যাৎ ক্রতুসংয়োগাদাদ্যোঽন্তঃ পৃষ্ঠলিঙ্গতঃ ॥ ৫৬

ইদমাম্নায়তে—"উক্থো বৈরূপসামৈকবিংশঃ ষোড়শীঃ বৈরাজসামা"—ইতি। তত্র কৃৎস্নে উক্থে 'বৈরূপং' সাম, কৃৎস্নে ষোড়শিনি 'বৈরাজম্'; বৈরূপং সাম য়স্মিন্নুক্থে ক্রতৌ—বৈরাজং সাম য়স্মিন্ ষোড়শিনি ক্রতৌ ইত্যেবং ক্রতুসম্বন্ধঃ প্রতীতেঃ। মৈবম্।—প্রকৃতৌ রথন্তরসাম বৃহৎসাম্ ইত্যেবংবিধস্য নির্দ্দেশস্য পৃষ্ঠস্তোত্রবিষয়ত্ব-দর্শনাৎ অত্রাপি তন্নির্দ্দেশেন পৃষ্ঠলিঙ্গেন পৃষ্ঠকার্য্যে বৈরূপং

বৈরাজং চ ভবিতুমর্হতি; ক্রতুসম্বন্ধস্তয়োঃ পৃষ্ঠদ্বারেণোপ পদ্যতে ॥ ৫৬ ॥

(অনুবাদ)

ষষ্ঠাধিকরণে উক্থ্য ও ষোড়শী যাগে বিহিত বৈরূপ ও বৈরাজ সাম সর্ব্বযাগবিষয়ক নহে প্রত্যুত পৃষ্ঠ্যবিষয়ক, ইহাও সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

"ষোড়শী হ'বে বৈরাজে, উক্থ হইবে বৈরূপে"
তবে বল' ঐ ঐ যাগে অন্য গাহিবে কিরূপে?
পৃষ্ঠ্যেতে বিহিত সাম, যাগে করিয়া নিক্ষেপ,
বৃথা শঙ্কা কেন কর! হয় মাত্র কালক্ষেপ ॥ ৫৬

বিধি আছে যে "বৈরূপ সামের দ্বারা উক্থ যাগ এবং বৈরাজ সামের দ্বারা ষোড়শী যাগ সম্পন্ন হইবে"। এ স্থলে আশঙ্কা যে উক্ত যাগদ্বয়ে কি ঐ সামদ্বয়মাত্র ব্যবহার্য্য অন্য কোন সাম-গানের আবশ্যক নাই? ইহার উত্তরে বলা হইতেছে—না, তাহা নহে। প্রকৃতি যাগে পৃষ্ঠ্য ষড়হে রথন্তরাদি ষট্ সামের বিধি আছে, সেই পৃষ্ঠ্যের প্রকরণেই উল্লিখিত বিধি থাকায় ইহাও ঐ পৃষ্ঠ্যবিষয়েই বুঝিতে হইবে। অতএব উক্থ নামক জ্যোতিষ্টোমীয় সংস্থা-বিশেষের পৃষ্ঠ্য ষড়হে প্রকৃতি-যাগানুসারে প্রাপ্ত রথন্তরাদি ষট্ সামের পরিবর্ত্তেই বৈরূপ সাম এবং ঐরূপ ষোড়শী নামক জ্যোতিষ্টোমীয় সংস্থাবিশেষের পৃষ্ঠ্য ষড়হে প্রকৃতি-যাগানুসারে প্রাপ্ত রথন্তরাদি ষট্ সামের পরিবর্ত্তেই বৈরাজ

সাম ব্যবহৃত হইবে। এতাবতা এই বৈরূপ ও বৈরাজের বিধি পৃষ্ঠ্যমাত্রে; সমস্ত যাগের সহিত এ বিধির সাক্ষাৎ কোনরূপ সম্বন্ধ নাই ॥ ৫৬ ॥

(মূল)

সপ্তমে ত্রিবৃদগ্নিষ্টুতি স্তোম এব—
ত্রিবৃদগ্নিষ্টুদিত্যেতৎ সর্বত্র স্তোম এব বা।
আদ্যস্ত্রৈগুণ্যবাচিত্বাদন্ত্যস্তোমেঽস্য রূঢ়িতঃ ॥ ৫৭

এবং হি শ্রূয়তে—'ত্রিবৃদগ্নিষ্টুদগ্নিষ্টোমঃ' —ইতি। কিং ত্রিবৃত্ত্বমগ্নিষ্টুতি ক্রতৌ সর্বেষু সাধনেষু সম্বধ্যতে; কিং বা স্তোমমাত্রসম্বন্ধি তৎ? ত্রিবৃদ্রজ্জুরিত্যাদৌ ত্রিবৃচ্ছব্দস্য ত্রৈগুণ্যবাচিত্বদর্শনাদত্রাপি ক্রতুসাধনেষু যা সঙ্খ্যা শ্রূয়তে, সা সর্বা ত্রিবৃত্ত্বেন বিক্রিয়তে।—ইতি প্রাপ্তে ক্রমঃ—যদ্যপি ত্রিবৃচ্ছব্দোঽবয়বপ্রসিদ্ধ্যা লোকে ত্রৈগুণ্যং ব্রূতে, তথাপি বেদে রূঢ্যা স্তোমবাচকঃ, ত্রিবৃদ্বহিষ্পবমানঃ ইত্যুক্ত্যা স্তোত্রিয়াণাং নবানামৃচামনুক্রমণেন স্তোমবিষয়মেব ত্রিবৃত্ত্বম্"
—ইতি ॥ ৫৭ ॥

(অনুবাদ)

সপ্তমাধিকরণে অগ্নিষ্টুৎ যাগে বিহিত ত্রিবৃৎ শব্দের অর্থ ত্রিগুণিত নহে; প্রত্যুত ত্রিবৃৎ-স্তোম সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

অগ্নিষ্টুৎ যাগেতে শ্রুতি—"সম্পাদ্য উহা ত্রিবৃতে" ;
লোকপ্রসিদ্ধ আছয়ে ত্রিবৃৎ ত্রিগুণ অর্থেতে।
অতএব ঐ যাগেতে সর্ব্ব তিন গুণ হ'বে ?
না না, ত্রিবৃৎ নামে স্তোম ! বেদেতে তাহাই ল'বে ॥৫৭

শ্রুতি আছে যে "অগ্নিষ্টুৎ নামক যাগ (সোম সংস্থা-বিশেষ) ত্রিবৃৎ-সম্পাদ্য"। এ স্থলে সংশয় যে যেরূপ লোকে 'ত্রিবৃৎ রজ্জু' বলিলে ত্রিগুণিত রজ্জু বুঝায়, এস্থলেও কি সেইরূপ তিনগুণ অর্থ হইবে? তাহাহইলে ঐ যাগে সামগানাদি সমস্তই ত্রিগুণ করিতে হয়। ইহার উত্তরে বলা হইতেছে যে না, তাহা নহে; বেদেতে স্তোমবিশেষেই ত্রিবৃৎশব্দ রূঢ়ি অতএব বেদের সর্ব্বত্রই ত্রিবৃৎ-শব্দে তাণ্ড্য ব্রাহ্মণে বিহিত ত্রিবৃৎ স্তোমই গ্রহণীয় * ॥ ৫৭ ॥

(মূল)

অষ্টমে সংসবাদৌ পৃষ্ঠত্বম্—

সংসবাদৌ দ্বয়োরেকং পৃষ্ঠং য়দ্বা সমুচ্চিতম্।
একং প্রকৃতিবদ্ বিশ্বজিদ্বন্যত্র চেতরম্ ॥
বচনাদ বিশ্বজিত্যেতে সাম্নী দ্বে স্তোত্রয়োর্দ্বয়োঃ।
নেহাস্তি তৎ পৃষ্ঠ এব সাহিত্যং স্যাৎ পুনর্ব্বিধেঃ ॥ ৫৮

ইদমাম্নায়তে—'সংসব উভে কুর্য্যাদ্, গোসব উভে কুর্য্যাদ্, অভিজিত্যেকাহঃ উভে বৃহদ্রথন্তরে কুর্য্যাৎ'—ইতি। কিমত্র বৃহদ্রথন্তরয়োরেকং পৃষ্ঠস্তোত্রে, ইতরদন্যস্তোত্রে স্যাৎ ;

* ত্রিবৃৎ শব্দ বিষয়ে পূর্ব্বেও বিচার প্রদর্শিত হইয়াছে।

কিং বা সমুচ্চিতমুভয়ং পৃষ্ঠস্তোৌ ?—ইতি সংশয়ঃ। প্রকৃতৌ দ্বয়োর্বিকল্পিতত্বাদেকস্মিন্ প্রয়োগে একস্য পৃষ্ঠত্বাদন্যত্রাপি তথাত্বং যুক্তম্, তথা সত্যবশিষ্টং সাম সর্ব্বপৃষ্ঠ-বিশ্বজিন্ন্যায়েন স্তোত্রান্তরে প্রয়োক্তব্যম্।—ইতি পূর্ব্বপক্ষঃ। তাদৃগ্বচনাভাবেনাত্র বিশ্বজিদ্-বৈষম্যাৎ প্রকৃতিবদ্ বিকল্পে সতি পুনর্বিধানবৈয়র্থ্যাৎ সমুচ্চয়ঃ—ইতি রাদ্ধান্তঃ" —ইতি ॥ ৫৮ ॥

(অনুবাদ)

অষ্টমাধিকরণে সিদ্ধান্তিত হইয়াছে যে সংসবাদি যাগে বৃহৎ ও রথন্তর এই উভয় সামের দ্বারাই পৃষ্ঠ স্তোত্র সম্পন্ন হইবে। যথা—

সংসবাদি যাগে বিধি আছে, সামদ্বয় গা'বে।
পৃষ্ঠেতে প্রকৃতিমতে বুঝি একমাত্র যা'বে ;—
অন্যত্র অন্যটি হ'বে, হয় যথা বিশ্বজিতে ?
নহে হেথা সেইরূপ ;—বিধি দুটীই পৃষ্ঠেতে ॥ ৫৮

শ্রুতি আছে—"সংসবে বৃহৎ ও রথন্তর উভয় সাম গীত হইবে, গোসবে ঐ উভয় সাম গীত হইবে, একাহ অভিজিৎ যাগেও ঐ উভয় সামই গীত হইবে"। এ স্থলে আশঙ্কা যে ঐ উভয় সামই পৃষ্ঠে হইবে অথবা উহার একটিমাত্র পৃষ্ঠে হইবে, অপরটি অন্য কোন স্তোত্রে ? বিশ্বজিৎ যাগে সর্ব্বপৃষ্ঠ বিহিত থাকায় এক পৃষ্ঠ স্তোত্রেই রথন্তরাদি ছয়টি পৃ সামের গীতির সম্ভাবনা থাকিলেও তাহা না হইয়া "বিকৃতি যাগে প্রকৃতির ন্যায় কর্ত্তব্য"—এই

বিধির অনুরোধে একটিমাত্র পৃষ্ঠস্তোত্রে ব্যবহৃত হইয়াথাকে, অপরগুলি অন্যত্রান্যত্র গীত হয়, এ স্থলেও উভয় সামের বিধি থাকিলেও উক্ত দৃষ্টান্তানুসারে পৃষ্ঠে একটিমাত্র গীত হইতে পারে এবং অপরটি অন্য স্তোত্রে ব্যবহৃত হওয়া উচিত। ইহাই পূর্ব্বপক্ষ। ইহার উত্তরে বক্তব্য যে বিকৃতি যাগে যে যে স্থলে যে যে বিষয়ে বিশেষ বিধি আছে, তত্তৎ স্থলে তত্তৎবিষয়ে "প্রকৃতির ন্যায় কর্ত্তব্য" বিধি সুতরাং বাধিত হইয়াথাকে এবং বিশেষ বিধি অনুসারেই কার্য্য হয়; বিশ্বজিৎ যাগে "প্রকৃতিবৎ কর্ত্তব্য" এই বিধি অনুসারেই উক্তরূপ হয় না। প্রত্যুত বিশেষ বিশেষ স্থানে বিশেষ বিশেষ পৃষ্ঠ সামের বিধান থাকাতেই তাদৃশ বিধান সম্পন্ন হয়, এ স্থলে তাদৃশ বিভিন্ন স্থানে বিধায়ক অপর বিধি না থাকায় পৃষ্ঠস্তোত্রেই উভয় সাম গীত হইবে ॥ ৫৮ ॥

(মূল)

সপ্তমপাদস্য ষোড়শাধিকরণে বৃহদ্-যব-খাদিরাঃ নিয়তাঃ—

বৃহদ্-যব-খাদিরাশ্চ বিকল্প্যা নিয়তা উত।
বিকল্প্যাশ্চোদকপ্রাপ্তের্নিয়তাঃ স্যুঃ পুনর্বিধেঃ ॥ ৫৯

ক্বচিদ্ বিকৃতৌ শ্রূয়তে—'বৃহৎ পৃষ্ঠং ভবতি'—ইতি, ত্রৈধাতবীয়ে শ্রূয়তে—'যবময়ো মধ্যমঃ'—ইতি, বাজপেয়ে শ্রূয়তে—'খাদিরো যূপো ভবতি'—ইতি। তত্র বৃহদ্রথন্ত-রয়োঃ ব্রীহিযবয়োঃ খাদিরবৈল্বাদীনাঞ্চ প্রকৃতৌ বিকল্প-

তত্ত্বাদত্রাপি চোদকেন বিকল্পিতাঃ ? ইতি চেৎ—ন, পুনর্বিধান-বৈয়র্থ্যাৎ ; পরিসঙ্খ্যা তু দুষ্টত্বাৎ ন শঙ্ক্যা, তস্মান্নিয়তাঃ; কোট্যন্তরং ত্বর্থান্নিবর্ত্ততে”—ইতি ॥ ৫৯ ॥

(অনুবাদ)

সপ্তম পাদের ষোড়শাধিকরণে যে কোন বিকৃতি যাগে পৃষ্ঠে বৃহৎ বিধান আছে, তথায় তাহাই বিধেয় হইবে; ত্রৈধাতবীয় নামক বিকৃতি যাগে যবের বিধান আছে, তথায় তাহাই বিধেয় হইবে; বাজপেয় নামক বিকৃতি যাগে খাদির যূপের বিধান আছে, তথায় তাহাই বিধেয় হইবে; তত্তৎ-স্থলে প্রকৃতি যাগের তুল্যরূপ কর্ত্তব্যতার অনুরোধ রক্ষিত হইবে না, ইহাও সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

বাজপেয়াদি যাগেতে বিধি খাদির প্রভৃতি।
সেই স্থলে হ'বে সেই, না হবে যথাপ্রকৃতি ॥ ৫৯

প্রকৃতি যাগে পৃষ্ঠে বিকল্পে বৃহৎ ও রথন্তর সামদ্বয় বিহিত আছে, হবির্বিষয়ে বিকল্পে ব্রীহি ও যব বিহিত আছে এবং যূপ বিষয়েও বিকল্পে খাদির ও বৈল্বপ্রভৃতি বিহিত আছে; “বিকৃতিযাগগুলি প্রকৃতির অনুসারেই কর্ত্তব্য” বিধিও আছে কিন্তু সমস্ত বিকৃতি যাগেই ঐরূপ হইবে না প্রত্যুত যে স্থলে যে সাম, যে হবি, যে যূপ বিশেষত বিহিত আছে, তাদৃশ স্থলে তাহাই হইবে; অন্যথা সে সমস্ত বিধির সার্থকতা থাকে না ॥ ৫৯ ॥

(মূল)

অষ্টমপাদস্য ষষ্ঠাধিকরণে বিপ্রগানং বিকল্পিতম্—

"উন্নেয়ো ব্রহ্মগানস্য নিষেধো বিহিতস্তুতিঃ।
বিকল্পিতো বা শূন্যোঽপি বপোৎখেদ ইব স্তুতিঃ?
বিধ্যনম্বয়তোঽস্তোত্রং ব্রহ্মোদ্গাতা তথা সতি।
বিষয়ৈক্যাদ্ বিকল্পোঽত্র ষোড়শিগ্রহবন্মতঃ॥ ৬০

আধানে বামদেব্যাদিসাম্নাং গানানি বিহিতানি ; আধান এবেদমপরমাম্নায়তে—'উপবীতা বা এতস্যাগ্নয়ো ভবন্তি, যস্যাগ্ন্যাধেয়ে ব্রহ্মসামানি গায়তি'—ইতি। উপশব্দঃ সামীপ্যং ব্রূতে, বিগতাঃ কালবিলম্বমন্তরেণ পরৈস্ত্যক্তা ইত্যর্থঃ। অনয়া নিন্দয়া ব্রহ্মণঃ সামগাননিষেধ উন্নীয়তে, স নিষেধ উদ্গাতুর্বিহিতং বামদেব্যাদিসামগানং স্তৌতি। নম্বু ব্রহ্মণঃ সামগানমপ্রসক্তং ততস্তন্নিষেধোঽত্যন্তমসম্ভাবিতত্বাচ্ছশ-বিষাণবচ্ছূন্যঃ, ন হি বন্ধ্যাপুত্রো বা তদ্বধো বা সম্ভাবয়িতুং, শক্যতে, তথাসতি তাদৃশেন কথং স্তুতিঃ? ইতি চেৎ—বপোৎখেদবৎ, ইতি ব্রূমঃ—'স আত্মনোবপামুদখিদৎ'—ইত্যনেনাত্যন্তাসম্ভাবিতার্থেন যথা প্রাজাপত্যস্য তূপরস্য অজস্য বিধিঃ স্তূয়তে, তদ্বৎ।—ইতি প্রাপ্তে ব্রূমঃ—নেদং বামদেব্যাদিসামবিধীনাং স্তোত্রং ভবিতুমর্হতি, বিধীনাম-নেকত্বেন স্ব-স্ব-সন্নিধিপঠিতৈরর্থবাদৈর্নিরাকাঙ্ক্ষত্বেন চ তদন্বয়ায়োগাৎ। কা তর্হ্যস্য বাক্যস্য গতিঃ? ইতি চেৎ, উচ্যতে—ব্রহ্মশব্দোঽত্র বিপ্রত্বজাতিদ্বারেণোদ্গাতারং ব্রূতে,

ন্নস্য চ গানং তস্মিন্নিষেধে সতি বিধিনিষেধাভ্যামেকবিষয়াভ্যামুদ্গাতুর্গানং বিকল্প্যতে ॥ ৬০ ॥

(অনুবাদ)

অষ্টমপাদের ষষ্ঠাধিকরণে বিপ্রগানের বিকল্পত্ব সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

অগ্ন্যাধানে আছে, নিন্দা শুনি ব্রহ্মকৃত গানে।
ব্রহ্মার কেমনে প্রাপ্তি হইবে গান বিধানে ?
অতএব সিদ্ধান্তিত এই হ'ল এই স্থানে,—
ব্রহ্ম শব্দে বিপ্র ; তাই বিকল্প উদ্গাতৃ-গানে ॥ ৬০

অগ্ন্যাধানে বামদেব্যাদি সামের বিধান আছে এবং সেই স্থানে ইহাও শ্রুত হইয়াছে যে "যে যজমানের অগ্ন্যাধানে ব্রহ্মা কর্তৃক সামসমূহ গীত হয়, তাহার যজ্ঞ উপবীত হয় অর্থাৎ বিনষ্ট হয়" সুতরাং ব্রহ্মকর্তৃক সামগান নিষিদ্ধ হইল এবং উদ্গাতৃকর্তৃকই ঐ গানসমস্ত কর্তব্য হইল। এস্থলে বিচার্য্য যে প্রাপ্তি হইলেই নিষেধ সফল হয়, ব্রহ্মা নামক ঋত্বিক্‌রাজ কর্তৃক সামগানের প্রাপ্তিই নাই, ঈদৃশ স্থলে ঐ নিষেধ কি বন্ধ্যাপুত্রের বধের ন্যায় কার্য্যকর হইবে ? যদি বলা যায় যে যেমন প্রাজাপত্য তূপর * অজার স্তুতির জন্য নিতান্ত অসম্ভব "তিনি আপনার বপা উৎখাত করিয়াছিলেন" —ইত্যাদি অর্থবাদের ন্যায় ব্রহ্মকর্তৃক গান অসম্ভব হইলেও ইহা ঐ বামদেব্যাদি সামের স্তুতিকৃৎ অর্থবাদ ? তাহাও

* তূপর শব্দে অজাতশৃঙ্গ বা পতিতশৃঙ্গ পশু।

নহে; বামদেব্যাদি অনেক গান বিহিত হইয়াছে, একটি অর্থবাদ তথায় কার্য্যকর নহে বিশেষত যেহেতু সেই সেই সামের বিধানের সঙ্গে সঙ্গেই এক একটি অর্থবাদ আছেই। তবে এ বাক্যের কি গতি ? এস্থলে সিদ্ধান্তিত হইতেছে যে ঐ অর্থবাদের অন্তর্গত ব্রহ্মশব্দটি ব্রহ্মাখ্য ঋত্বিগ্বোধক নহে প্রত্যুত ব্রাহ্মণ জাতিবচক; তাহাহইলেই ব্রাহ্মণ জাতিরই নিষেধ বোধিত হইল; যজ্ঞে সামগানের অধিকারী উদ্গাতাও অবশ্যই ব্রাহ্মণ অতএব ঐ শ্রুতি অগ্ন্যাধানে উদ্গাতৃ-কর্ত্তৃক সামগানেরই নিন্দা কথন পুরঃসর নিষেধ বিধান করিতেছে; অথচ উদ্গাতারই কার্য্য সাম গান সুতরাং বিধি ও নিষেধ উভয়েরই মান রক্ষার জন্য অগ্ন্যাধানে উদ্গাতৃ-গানের বৈকল্প সিদ্ধ হইল * ॥ ৬০ ॥

(মূল)

একাদশাধ্যায়স্য দ্বিতীয়পাদে দ্বাদশাধিকরণে ব্রহ্ম-সামন্যুৎকর্ষঃ—

পর্য্যগ্নিকরণে ত্যাগ আলম্ভো ব্রহ্মসামনি।
কর্ম্মশেষনিষেধশ্চ কর্ম্মান্তরবিধির্ভবেৎ ?

---

* আমার মতে যজ্ঞে যদিও সর্ব্বত্রই উদ্গাতৃকর্ত্তৃকই সামগানের ব্যবস্থা কিন্তু অগ্ন্যাধানে ব্রহ্মা নামক ঋত্বিক্ কর্ত্তৃকই সামগান বিধেয়; ঐ অর্থবাদের অন্তর্গত "উপবীত" শব্দটী নিন্দা বোধক নহে প্রত্যুত স্তুতিবোধক সুতরাং ঐ অর্থবাদানুসারে ব্রহ্মকর্ত্তৃক অপ্রাপ্ত গানের নিষেধ আশঙ্কার কোনই প্রসঙ্গ নাই বরং অপ্রাপ্তির বিধানই হইয়াছে। তবে জানিনা যাজ্ঞিক-ব্যবহার কিরূপ? বাল্যকালে একবারমাত্র যজ্ঞে ব্রহ্মা হইয়াছিলাম, তাহাও অগ্ন্যাধানে নহে।

কিং বোৎকর্ষোঽবশিষ্টস্য হ্যারণ্যোক্তিবদাদিমঃ ?
অদৃষ্টবাক্যভেদাপ্তেদ্র্ব্যাভেদেন চান্তিমঃ ॥ ৬১

বাজপেয়ে 'সপ্তদশ প্রাজাপত্যান্ পশূন্ সঙ্ক্লিমুতে'—তি প্রকৃত্য শ্রূয়তে—'তান্ পর্য্যগ্নিকৃতানুৎসৃজতি'—ইতি 'ব্রহ্মসাম্ন্যালভতে'—ইতি চ সপ্তদশসু পশুষু পর্য্যগ্নিকরণেঽনুষ্ঠিতে সত্যুত্তরকালভাবী কর্ম্মশেষঃ উৎসর্গশব্দেন নিষিধ্যতে ; অশ্বমেধে 'পর্য্যগ্নিকৃতান্ আরণ্যানুৎসৃজতি'—ইত্যত্র কর্ম্মশেষনিষেধস্য প্রতিপন্নত্বাদত্রাপি তথাত্বেন সপ্তদশ পশবঃ পর্য্যগ্নিকরণান্তাঃ সমাপ্যাঃ ; আলভতিনা চ ব্রহ্মসামকালে কর্ম্মান্তরম্ ? ইতি প্রাপ্তে, ব্রূমঃ—কর্ম্মান্তরবিধৌ সপ্তদশজন্যাদৃষ্টাদ্ ভিন্নং কিঞ্চিদদৃষ্টং কল্পেত, বাক্যভেদশ্চ প্রাপ্নুয়াৎ; কিঞ্চ 'ব্রহ্মসাম্ন্যালভতে'—ইত্যত্র দ্রব্যদেবতয়োঃ অশ্রবণাৎ ন কর্ম্মান্তরবিধিঃ সম্ভবতি *। তস্মাৎ পর্য্যগ্নিকরণানন্তরমেব কার্য্যস্য সপ্তদশপশূনামালম্ভনাদিশেষস্য ব্রহ্মসামকালে উৎকর্ষো বিধীয়তে, তথাসতি অর্থপ্রাপ্তঃ, পর্য্যগ্নিকরণান্তরভাবিকর্ম্মব্যাপারো পরমউৎসর্গশব্দেনানূদ্যতে ॥ ৬১ ॥

(অনুবাদ)

একাদশাধ্যায়ের দ্বিতীয় পাদের দ্বাদশাধিকরণে ব্রহ্মসাম গানের ঔৎকর্ষ সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

* "শব্দান্তরে কর্ম্মভেদঃ কৃত্যানুবন্ধত্বাৎ (মী০ দৈ০ সূ০ ২, ২, ১)"—ইত্যাদি, "অগ্রবাক্যাৎ কেবলে কর্ম্মশেষঃ স্যাৎ"—ইত্যপবাদ-পাদ-গতং বিংশতিতমং সূত্রঞ্চেহ বীক্ষণীয়ম্।

বাজপেয়ে সপ্তদশ পশু করিবে উৎসর্গ,
আরও আছয়ে বিধি পরে, আলভনে সর্গ।
আলভন বিধি বুঝি হ'বে কর্ম্মান্তর হেথা ;—
উৎসর্গান্ত এক কার্য্য, অশ্বমেধে আছে যথা ?
না না, তাহা নহে ; এক—উৎসর্গ ও আলভন,
ব্রহ্ম সামেতে উহার হয় ঔৎকর্ষসাধন ॥ ৬১

বাজপেয় যাগেতে বিধি আছে—"প্রজাপতি দেবতাক সপ্তদশ পশু চয়ন করিবে ; ঐ সমস্তকে পর্য্যগ্নীকৃত করিয়া উৎসর্গ করিবে" ; আরও আছে যে "বিপ্রসাম পাঠান্তে আলভন করিবে"। এ স্থলে সন্দেহ যে ইহা বিধিদ্বয় হইতে পারে ? অশ্বমেধ প্রকরণেও আরণ্য পশুসমস্তের উৎসর্জন এবং গ্রাম্য পশুসমূহের আলভন সুতরাং দ্বিবিধ বিধি দেখা যায়। এ বিষয়ে সিদ্ধান্তিত হইতেছে যে বিধিদ্বয় নহে ; তাহাহইলে বাক্যভেদ দোষ হয়, বিশেষত বিপ্রসাম পাঠান্তে আলভন করিবে' এ বিধিতে কোন দ্রব্য বা কোন দেবতার উল্লেখ না থাকায় ইহা কর্ম্মান্তর হইতেই পারে না সুতরাং এ স্থলে অশ্বমেধের দৃষ্টান্ত, অনুরূপ নহে। অতএব উৎসর্গ ও আলভন একই বিধি ; বিপ্রসামের পাঠ বিধান কেবল তাহারই ঔকর্ষসাধকমাত্র। ৬১ ॥

(মূল)

মন্ত্রলক্ষণমারভ্য ব্রহ্মসামোৎকর্ষপর্য্যন্তৈঃ পূর্ব্বমীমাংসা-গতৈঃ দ্বিষষ্টিসংখ্যাকৈর্বিচারৈঃ সামবেদস্য ক্রতুষু উপয়োগো

বিস্পষ্টীকৃতঃ। অতঃ স প্রয়োজনবত্ত্বাদৃগ্বেদাদিবদেবাবশ্যং ব্যাখ্যাতব্যঃ॥

(অনুবাদ)

মন্ত্র লক্ষণ হইতে আরম্ভ করিয়া ব্রহ্মসামোৎকর্ষ পর্য্যন্ত, পূর্ব্বমীমাংসাগত দ্বিষষ্ঠিসংখ্যাক বিচারের দ্বারা ক্রতুসমস্তে সামবেদের উপযোগিতা বিস্পষ্টীকৃত হইল। এতাবতা ঋগ্বেদ প্রভৃতির ন্যায় ইহাও সপ্রয়োজন অতএব ইহারও ব্যাখ্যান অবশ্য কর্ত্তব্য॥

(মূল)

নম্বস্মিন্ সামবেদে ব্রাহ্মণভাগস্য ব্যাখ্যাতুং যোগ্যত্বেঽপি মন্ত্রভাগস্য ন ব্যাখ্যানযোগ্যতাস্তি, তত্রত্যানাং মন্ত্রাণাং গীতিমাত্রাত্মত্বাৎ, ন খলু পদবাক্যব্যতিরিক্তায়াং স্বরস্তোভাদিসাধ্যায়াং গীতৌ ক্রিয়াকারকযোজনাভিব্যঙ্গ্যঃ কশ্চিদর্থোঽস্তি, যদ্যাভিব্যক্তয়ে ভবতা গীতির্ব্যাখ্যায়েত। যত্তু স্বরাদিলক্ষণবিশেষকথনেন গীতিব্যাখ্যানং তৎ পূর্ব্বাচার্য্যৈরেব তত্তল্লক্ষণ মন্ত্রগ্রহণেষু সম্পাদিতম্;—ইতি ন তত্র ত্বয়া যতিতব্যম্, অতঃ কথং ভবতো মন্ত্রভাগব্যাখ্যানম্? অত্রোচ্যতে—ন তাবদ্ গীতির্নিরাশ্রয়া, তস্যাঃ ঋগাশ্রিতত্বাৎ; অতএব ছন্দোগা উপনিষদ্যেবমামনন্তি—'তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে'—ইতি (ছা° ব্রা° ১, ৬); গীত্যাশ্রয়ভূতা সেয়মৃগপি মন্ত্র এব 'তেষামৃগ্ যত্রার্থবশেন পাদব্যবস্থা'—ইতি মন্ত্রবিশেষত্বেন সূত্রিতত্বাৎ (মী° দ° জৈ° সূ° ২, ২, ৩৫); ঋগাত্মকস্য তু মন্ত্রস্য ক্রিয়াকারকান্বয়াভিব্যঙ্গ্যোঽর্থো

বিদ্যতে, স চ ক্রত্বনুষ্ঠানকালেঽনুস্মর্ত্তব্যঃ—ইতি ঋগ্-ব্যাখ্যানমবশ্যং কর্ত্তব্যম্ ॥

(অনুবাদ)

ভাল ! এই সামবেদের ব্রাহ্মণ ভাগটি ব্যাখ্যা করিবার উপযুক্ত হইলেও মন্ত্রভাগের ব্যাখ্যা নিষ্প্রয়োজন ! কেন না সামবেদীয় মন্ত্রভাগ ত কেবল গীতিময় ; গীতি বলিলে পদও বুঝায় না, বাক্যও বুঝায় না, প্রত্যুত উহা স্বরস্তোভদি-সাধ্য ; তাদৃশ স্বরস্তোভাদিসাধ্য গীতিতে ক্রিয়া-কারক-যোজনাভি-ব্যঙ্গ কোন অর্থই নাই, যাহার অভিব্যক্তির জন্য আপনি গীতির ব্যাখ্যায় প্রবৃত্ত হইতেছেন ? যদি বলেন স্বরাদির লক্ষণবিশেষ কথনাদির দ্বারা গীতিরই ব্যাখ্যান করিবেন ? তদ্বিষয়েও আপনার যত্ন করিবার আবশ্যক নাই, কেন না উহা পূর্ব্বাচার্য্যগণ কর্ত্তৃক ব্যাখ্যাতই রহিয়াছে। অতএব আপনি মন্ত্রভাগের ব্যাখ্যানে কেন প্রবৃত্ত হইতেছেন ? ইহার উত্তরে বক্তব্য—গীতি নিরাশ্রয়া হইবার নহে ; ঋক্‌ই গীতির আশ্রয়। তাই ছান্দোগ্য উপনিষদে (১প্র০ ৬খ০) শ্রুত আছে যে "ঋগাশ্রিতই সাম গান করাযায়"। গীতির আশ্রয়রূপ সেই ঋক্‌গুলিও মন্ত্রই ; যেহেতু জৈমিনি-সূত্রে প্রকাশিত রহিয়াছে যে, "অর্থবশে পাদ-ব্যবস্থা থাকিলে তাহাকেই ঋক্ বলা যায়" (জৈ০ সূ০ ২, ১, ৩২)। ঐ ঋগাত্মক মন্ত্রের ক্রিয়াকারকান্বয়াভিব্যঙ্গ্য অর্থ আছেই এবং ঐ অর্থ, ক্রতুর অনুষ্ঠান কালে স্মরণীয়ও বটে। অতএব ঐ ঋক্-সমুদয়ের ব্যাখ্যান অবশ্যই কর্ত্তব্য ॥

(মূল)

মন্ত্রৈরর্থানুস্মরণং তু প্রথমাধ্যায়স্য দ্বিতীয়পাদে চতুর্থাধিকরণে নির্ণীতম্।—

"মন্ত্রা উরুপ্রথস্বেতি কিমদৃষ্টৈকহেতবঃ।
য়াগেষূত পুরোডাশপ্রথনাদেশ্চ ভাসকাঃ?
ব্রহ্মণেনাপি তদ্ভানাৎ মন্ত্রাঃ পুণ্যৈকহেতবঃ।
ন; তদ্ভানস্য দষ্টত্বাৎ দৃষ্টং বরমদৃষ্টতঃ॥ ৬২ (১৮০)

উরুপ্রথস্বেত্যয়ং কশ্চিন্মন্ত্রঃ, তস্যায়মর্থঃ—ভো পুরোডাশ! ত্বং উরু বিপুলতা য়থা ভবতি তথা প্রসর—ইতি। এবমাদয়ো মন্ত্রাঃ য়াগপ্রয়োগেষূচ্চার্য্যমাণাঃ অদৃষ্টমেব জনয়ন্তি, ন ত্বর্থপ্রকাশনায় তদুচ্চারণম্, পুরোডাশপ্রথনলক্ষণস্যার্থস্য ব্রাহ্মণবাক্যেনাপি প্রাপ্তত্বাৎ, "উরুপ্রথস্বেতি পুরোডাশং প্রথয়তি'—ইতি হি ব্রাহ্মণবাক্যম্। নৈতদ্ য়ুক্তম্, অর্থপ্রত্যায়নস্য দৃষ্টপ্রয়োজনসম্ভবে সতি কেবলাদৃষ্টস্য কল্পয়িতুমশক্যত্বাৎ। তস্মাৎ দৃশ্যমানার্থানুস্মরণমেব য়াগপ্রয়োগে মন্ত্রোচ্চারণস্য প্রয়োজনম্; ব্রাহ্মণবাক্যেনার্থানুস্মরণসম্ভবে মন্ত্রৈরেবানুস্মরণীয়মিতি য়ো নিয়মঃ, তস্য দৃষ্টাসম্ভবাৎ অদৃষ্টং প্রয়োজনমস্তু"—ইতি॥ ৬২॥ ১বর্ণকম্॥

(অনুবাদ)

মন্ত্রের দ্বারা অর্থানুস্মরণও প্রথমাধ্যায়ের দ্বিতীয় পাদের চতুর্থাধিকরণে সিদ্ধান্তিত হইয়াছে। যথা—

'উরুপ্রথস্ব' মন্ত্র কি অদৃষ্টহেতু কেবল,
অথবা হবিঃ-প্রথন অর্থও বুঝিব বল?

ব্রাহ্মণে প্রথন বোধ যদিও হতেছে সিদ্ধ,
কিন্তু সম্ভবে দৃক্‌ফলে নহে অদৃষ্ট প্রসিদ্ধ ॥ ৬২ (১ব০)

"উরুপ্রথস্ব" একটী মন্ত্র আছে। তাহার অর্থ—হে পুরোড়াশ! তুমি বিপুলভাবে প্রথিত হও। যাগপ্রয়োগে উচ্চার্য্যমাণ এইরূপ মন্ত্রগুলি অদৃষ্ট ফলমাত্র উৎপন্ন করে, কোনরূপ অর্থপ্রকাশের জন্য তৎসমস্তের পাঠ নহে; যেহেতু ব্রাহ্মণ বাক্যের দ্বারাই পুরোড়াশপ্রথন কার্য্যসিদ্ধ হইয়াথাকে,—ব্রাহ্মণে আছেই যে "উরুপ্রথস্ব মন্ত্রের দ্বারা পুরোড়াশ (হবি) প্রথন করিবে"। ইহাই পূর্ব্বপক্ষ। ইহা ন্যায্য নহে; যেহেতু অর্থবোধরূপ দৃষ্টফল প্রয়োজন সম্ভাবিত থাকিলে কেবল অদৃষ্টার্থ কল্পনা করিতে পারাযায় না। অতএব ইহাই সিদ্ধান্ত যে দৃশ্যমান অর্থের অনুস্মরণই যাগপ্রয়োগে মন্ত্রোচ্চারণের প্রধান প্রয়োজন; যে স্থলে দৃষ্টপ্রয়োজনের সম্ভাবনা নাই, তাদৃশ স্থলেই ব্রাহ্মণবাক্যের দ্বারা যাগপ্রয়োগের বিধান হইবে এবং মন্ত্রগুলি কেবল অদৃষ্ট ফল উৎপত্তির জন্য পঠিত হইবে ॥ ৬২ ॥ ১ বর্ণক ॥

(মূল)

অস্মিন্নেবাধিকরণে মতান্তরেণ * পূর্ব্বোত্তরপক্ষাবাহ।—
মন্ত্রব্রাহ্মণয়োর্যদ্বা কলহো বিনিয়োজনে।
ন মন্ত্রলিঙ্গসিদ্ধার্থমনুবক্তীতরদ্ যতঃ ॥ ৬২ (২ব০)

* আসীৎ কশ্চন ভট্টরহস্যাদি-মীমাংসাজীবনগ্রন্থনির্ম্মাতুঃ রাণপদ্ধতিপ্রথয়িতুশ্চ মীমাংসকবরস্য ভট্টেতিপ্রসিদ্ধস্য অন্তেবাসী কান্যকুব্জো ব্রাহ্মণঃ প্রভাকরনামকঃ গুরুদত্তগুরূপাধিকঃ, তস্য মতেনেতি যাবৎ। শালিকনাথীয়প্রকরণপঞ্জিকাদৌ স্ফুটং তন্মতং স্ফুটতরম্।

অস্য মন্ত্রস্য লিঙ্গেন বিনিয়োগে ব্রাহ্মণবাক্যমবিবক্ষিতার্থং স্যাৎ,—বাক্যেন বিনিয়োগে মন্ত্রলিঙ্গং ন বিবক্ষ্যেত, —ইত্যুভয়োর্ব্বিরোধাদপ্রামাণ্যং চোদনায়াঃ? ইতি পূর্ব্বপক্ষঃ। নায়ং বিরোধঃ; প্রবলেন লিঙ্গেন বিনিয়োগসিদ্ধৌ বাক্যস্যানুবাদকত্বাৎ। ইতিরাদ্ধান্তঃ”—ইতি ॥ ৬২ ॥ (২৭০)

(অনুবাদ)

এই অধিকরণেই মতান্তরে অন্যরূপ পূর্ব্বপক্ষ ও সিদ্ধান্ত বর্ণিত হইতেছে। যথা—

মন্ত্র বুঝি' বিনিয়োগ যদি করিব যাগেতে,
কি কাজ করিবে বল বিধি ব্রাহ্মণ-বাক্যেতে?
কিংবা ব্রাহ্মণের মান, মন্ত্রবাক্য ব্যর্থ করি?
সর্ব্বথা হইবে দ্বন্দ্ব, বিধি যা'বে গড়াগড়ি।
না না, তাহা নহে, শুন—আছে মন্ত্রেরি প্রাধান্য;
বিধি পেলে মন্ত্রপাঠে, অনুবাদার্থ ব্রাহ্মণ্য ॥ ৬২ (২৭০)

যে স্থলে মন্ত্রলিঙ্গানুসারে বিনিয়োগ সিদ্ধ হইতেছে, তথায় ব্রাহ্মণবাক্য ব্যর্থ এবং ব্রাহ্মণবাক্যের দ্বারাই বিনিয়োগ স্বীকার করিলে মন্ত্রবাক্যার্থবোধ ব্যর্থ হয় সুতরাং মন্ত্র ও ব্রাহ্মণের পরস্পর বিরোধ ঘটিতেছে এবং এরূপ হইলে বিধিবাক্যের অপ্রামাণ্য স্বতই ঘটিয়া উঠিতেছে এই আশঙ্কার উত্তরে বলা যাইতেছে যে প্রবলের সহিত দুর্ব্বলের বিরোধ কি? মন্ত্রপাঠ অবশ্যই প্রবল; তাদৃশ প্রবল-লিঙ্গানুসারে

যে স্থলে বিনিয়োগ সিদ্ধ হইবে, তাদৃশস্থলে ব্রাহ্মণ-বাক্যকে ঐ মন্ত্রার্থেরই অনুবাদক বলিয়াই স্বীকার করিতে হইবে ॥ ৬২। ২য় বর্গক ॥

[ইতি সমগ্র "সামবেদসংহিতার" সায়ণীয়ভাষ্যের অবতরণিকা]

(অথ ছন্দআর্চ্চিক-ভাষ্যাবতরণিকা)

অর্থানুস্মরণায় ব্যাখ্যাতব্যাঃ সামযোনিভূতাঃ ঋচঃ সংহিতা গ্রন্থে ছন্দোনামকে সমাম্নাতাঃ, তাঃ সর্ব্বাঃ ঋচঃ আম্নাত ক্রমেণেহ ব্যাখ্যায়ন্তে।

ন চ তাসাং ক্রতুষু স্বাতন্ত্র্যেণ বিনিয়োগোঽস্তি ব্রাহ্মণেন সূত্রেণ চ বিনিযুক্তানাং সাম্নামাশ্রয়ত্বয়া তদুপযোগাৎ; তস্মাদ্ ঋগ্বেদব্যাখ্যান ইবৈতদ্ব্যাখ্যানে বিশেষেণ বিনিয়োগো নান্বেষণীয়ঃ। সামান্যেন তু বিনিয়োগো যদ্যপি ব্রহ্মযজ্ঞ বিষয়োঽস্তি, তথাপ্যসৌ কৃৎস্নস্য বেদস্যৈকত্র এবেতি নান্বেষণ-প্রয়াসোঽস্তি।

নম্বেবমপ্যৃচামৃষিছন্দোদৈবতান্যবগন্তব্যানি, অন্যথা প্রত্যবায়-প্রসঙ্গাৎ। তথাচ ছন্দোগা আমনন্তি—"যো হ বা অবিদিতার্ষেয়চ্ছন্দোদৈবতব্রাহ্মণেন যাজয়তি বাধ্যাপয়তি বা স্থাণুং বর্চ্ছতি গর্ত্তং বা পদ্যতি প্র বা মীয়তে পাপীয়ান্ ভবতি যাতযামান্যস্য ছন্দাংসি ভবন্ত্যথ যো মন্ত্রে বেদ

সর্ব্বমায়ুরেতি শ্রেয়ান্ ভবত্যয়াতয়ামান্যস্য ছন্দাংসি ভবন্তি, তস্মাদেতানি মন্ত্রে মন্ত্রে বিদ্যাৎ”—ইতি (আ০ ব্রা০ ১, ১)। এবন্তর্হি তাসামৃচাং ক্রমব্যত্যাসেন বহুব্ চৈরপ্যধীয়মানত্বাৎ তদীয়ানুক্রমণিকোক্তান্ ঋষ্যাদীন্যত্রানুসন্ধেয়ানি ॥

(অনুবাদ)

অর্থানুস্মরণের জন্য ব্যখ্যাতব্য, সামযোনিস্বরূপ, ঋক্-গুলি, ছন্দোনামক সংহিতা-গ্রন্থে সমাম্নাত আছে; সেই সমস্ত ঋক্ যথাম্নানক্রমে এই প্রথমভাগে ব্যাখ্যা করা যাই-তেছে।

ব্রাহ্মণ বাক্য এবং কল্পসূত্র অনুসারে সামসমস্তই ক্রতুসমস্তে বিনিযুক্ত হইয়াথাকে; এই ঋক্গুলি ঐ সাম-সমস্তের আশ্রয়রূপেই উপযোগী; স্বতন্ত্রভাবে ইহাদের প্রয়োগ কোন ক্রতুতেই দেখা যায় না *; অতএব ঋগ্বেদ সংহিতার ব্যাখ্যানকালে যেরূপ বিনিয়োগ বর্ণিত হইয়াছে, এ সমস্ত ঋকের ব্যখানকালে তাদৃশ বিনিয়োগান্বেষণের প্রয়াস নাই †। যদিও সামান্যত এ সমস্তেরই ব্রহ্মযজ্ঞপাঠে বিনিয়োগ দেখা যায় কিন্তু যখন সমস্তবেদই ব্রহ্মযজ্ঞপাঠে

* জ্যোতিষ্টোমাদি ক্রতুতে বহিষ্পবমানাদি স্তোত্রে ত্রিবৃদাদি স্তোমে স্বতন্ত্ররূপেও পাবমানী প্রভৃতি ঋকের প্রয়োগ দেখা যায়।

† সামবেদের ঋগ্ ব্যাখ্যাকালেই তত্তদৃগাশ্রিত সামসমস্তের বিনি-য়োগাদি এবং সামমধ্যগত স্তোভাদির বিশেষ অর্থসকলও অবশ্যই বক্তব্য ছিল কিন্তু তাহা বলেন নাই কেন? বোধ হয় সামবেদখানি তাঁহার যথানিয়ম গুরুমুখাধীত ছিল না।

(একত্র) বিনিযুক্ত হইয়াথাকে, তখন তদ্বিষয়ে বিশেষ অন্বেষণীয়ই বা কি আছে।

ঋক্-সমূহের বিনিয়োগানুসন্ধান প্রয়াস কর্ত্তব্যনা হইলেও ঋষি, ছন্দও দেবতা অবশ্য জ্ঞাতব্য; অন্যথা প্রত্যবায় হইয়া-থাকে। যথা ছন্দোগগণ আম্নান করেন—"এইগুলি প্রতি-মন্ত্রেই জ্ঞাতব্য অন্যথা পাপীয়ান্ হইবে" ইত্যাদি *। অতএব ঋষি, ছন্দ ও দেবতার অনুসন্ধান অবশ্যই করিতে হইবে; যদিও অত্রত্য ঋক্‌গুলি ঋগ্বেদের ক্রমানুসারে পঠিত নহে, তথাপি এস্থলে তাহাই সংগৃহীত হইবে †॥

(মূল)

আগ্নেয়মৈন্দ্রং পাবমানমিতি কাণ্ডত্রয়াত্মকো য়োঽয়ং ছন্দোনামকঃ সংহিতাগ্রন্থঃ, সোঽয়মারণ্যকেনাধ্যায়েন ষট্-সঙ্খ্যাপূরকেণ সহ ষড়্ভিরধ্যায়ৈরুপেতঃ॥

---

* ইহা আর্ষের ব্রাহ্মণের আরম্ভেই আছে। সামবেদী মাত্রকে ছন্দোগ এবং তদীয় ব্রাহ্মণ গ্রন্থ মাত্রকেই ছান্দোগ্য বলাযায়। আরও জ্ঞাতব্য যে প্রতিযুগাবসানে গ্রন্থাদি সমস্ত জলপ্লাবনাদিতে নষ্ট হইলে যে সমস্ত ঋষিরা রক্ষা পান, তাঁহারাই নব-যুগারম্ভে স্বীয় স্মৃতিবলে তৎসমস্ত পুনর্জীবিত করিয়াথাকেন, এইরূপ বহু বার হইয়াছে; সেই জন্যই বেদ ও বেদাঙ্গ গ্রন্থ সমস্ত কৃত নহে;—আম্নাত অর্থাৎ অভ্যাসলব্ধ।

† সামবেদীয় ঋক্‌সমস্তের ঋষ্যাদিজ্ঞানের জন্য নৈগেয় গ্রন্থ আছে বোধ হয় উহা অনুক্রমণিকা হইতেও প্রাচীন এবং স্থানে স্থানে বিরুদ্ধ-ভাবাপন্ন। ভাষ্যকার এ গ্রন্থ দেখেন নাই কি?

এই ছন্দোনামক সংহিতা-গ্রন্থখানি কাণ্ডত্রয়াত্মক ;—আগ্নেয়, ঐন্দ্র ও পাবমান এবং ইহা আরণ্যক অধ্যায়ের সহিত ষড়ধ্যায়ী * ॥

॥ ইতি সায়ণীয়সামভাষ্যস্যাবতরণিকা ॥

তত্র প্রথমে খণ্ডে যা ঋচঃ, তাঃ ক্রমেণোদাহৃত্য ব্যাখ্যায়ন্তে—

ছন্দোগ্রন্থের প্রথমখণ্ডে † যে ঋক্‌গুলি, তাহাই ক্রমে উদ্ধৃতপূর্ব্বক ব্যাখ্যাত হইতেছে।—

---

* ইহা কোন্ শাখা অবলম্বনে বলিলেন, তাহা জানাযায় না। কৌথুমী [illegible] ছন্দোগ্রন্থ ত আরণ্যক ব্যতীতই ষট্-প্রপাঠাত্মক এবং আরণ্যকার্চ্চিকও এক খানি স্বতন্ত্র গ্রন্থ। আরও দ্রষ্টব্য সামবেদের গ্রন্থে কোথাও অধ্যায়-ব্যবহার নাই; তাদৃশ স্থলসমূহে সর্ব্বত্রই প্রপাঠক শব্দ ব্যবহৃত হইয়াথাকে।

† [illegible] ছন্দোগ্রন্থে, খণ্ড-ব্যবহার নাই, তাদৃশ স্থলে [illegible] আছে; পাণিনি ব্যাকরণেও তদনুসারে দশৎ শব্দই [illegible]।

ওঁ

অথ সামবেদ সংহিতা।

অথ কৌথুমী শাখা।

অথ ছন্দঃ—আর্চ্চিকঃ।

অ * থ * গে * য় * গা * ন * ম্।

* অ * থ * আ * গ্নে * য় * প * র্ব্ব *

অ থ প্র থ ম প্র পা ঠ কঃ

অথ প্রথমঃ অর্দ্ধঃ।

অ থ প্র থ ম দ শ তি

অথ প্রথমা ঋক্—

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
অগ্নআযাহিবীতযেগৃণানোহব্যদাতযে।
১ ২ ৩ ১ ২
নিহোতাসৎসিবর্হিষি (ঋ০ ৬, ১৬, ১০) ॥ ১

বি০। মহর্ষি বৃহস্পতি-বংশাবতংস ভরদ্বাজ ঋষি ৪৮টী ঋক্ চয়ন করতঃ একটি সূক্ত সংগ্রহ করেন, যাহা ইদানীং ঋক্ সংহিতার ষষ্ঠ মণ্ডলের ষোড়শ। এটি সেই সূক্তের দশম ঋক্। অতএব উক্ত ভরদ্বাজই এ মন্ত্রের ঋষি বলিয়া স্থিরীকৃত হইয়াছেন। ইহা অষ্টাক্ষর পাদের পাদত্রয়ে ছাদিত অতএব এ ছন্দের নাম গায়ত্রী। ঐ সূক্তটি দর্শপূর্ণমাস যাগের সামিধেনী ও প্রাতরনুবাক প্রকরণের আগ্নেয় ক্রতুতে আশ্বিন-শস্ত্র রূপে ব্যবহৃত হইয়া থাকে এবং গার্হপত্য ও আহবনীয় এই উভয় অগ্নির-পরস্পর সম্বন্ধ ঘটিলে অষ্টাকপাল পুরোডাশ

পাক কর্ত্তব্য হয়, তৎকালে দুইটি মন্ত্র তদীয় অনুবাক্যা রূপে পঠনীয়, তন্মধ্যে এই ঋক্‌টি প্রথম অতএব ইহাকে আগ্নেয়ী কহাযায় সুতরাং যজ্ঞীয় ব্যবহারানুসারে ইহার দেবতা অর্থাৎ এই মন্ত্রের প্রাধান্যত: বর্ণনীয় বস্তু অগ্নিই স্থির হইয়াছে। সামবেদে ইহাই চারি প্রকারে গীত দৃষ্ট হয়। তন্মধ্যে গেয়গান নামক গ্রন্থের আরম্ভেই ৩টী দেখা যায় এবং চতুর্থটি আরণ্যগান নামক দ্বিতীয় গ্রন্থের দ্বিতীয় প্রপাঠকের প্রথমার্দ্ধভাগের দ্বাত্রিংশত্তম সাম। গেয়গানই যেহেতু সামবেদ-সংহিতার আদি গ্রন্থ সেইহেতু আপাততঃ গেয়গানেরই প্রকাশারম্ভ করা হইতেছে, অনন্তর আরণ্য নামক দ্বিতীয় গান গ্রন্থের প্রকাশ কালে এতন্মূলক চতুর্থ সামটিও যথাস্থানে প্রকাশিত হইবে। অদ্য প্রকাশ্যমান সামত্রয়ের প্রথম ও তৃতীয়টি গোতম ঋষির প্রকাশিত এবং যাজ্ঞিক সমাজে 'পর্ক' নামে প্রসিদ্ধ, দ্বিতীয়টীর প্রকাশক কশ্যপ ও নাম 'বর্হিষ্য'। কথিত সামত্রয় যথা—

৪ ২র র ১ ২ — ১ —
ওগ্নায়ি। আযাহী৩ বোইতো যা ২ ই। তো যা ২ ই।
১ র ২র ১ — ১ — ১ ২র র
গৃণা নোহ। ব্যদাতোযা ২ ই। তো যা ২ ই। নাযি হো তাসা
৩ ৫র র ৩
২৩। ৎসা ২ ই। বা ২৩৪ ঔহোবা। হী ২৩৪ষী॥ ১॥

৪ ৫ ৪র৫র ৪ ১ র র ২
অগ্ন আয়াহি বী। তয়াই। গৃণানোহব্যদাতা ২৩ যাই।
১র র ২ ১ ৫ ১ ৫র র ২
নিহোতাসৎসিবর্হী ২৩ই ষি। বর্হী ২ ষা ২৩৪ ঔহোবা। বর্হী
১ ১ ১১
ও ষী ২৩৪৫ ॥ ২॥

৪ ৫ ৪র ৫র ৪ ৪ ১র র ৫ ২
অগ্ন আয়াহি। ব্বা ৫ ইতয়াই। গৃণানোহব্যদা ১ তা ৩
২ ৩ ৫ ১ ২ ১
যে। নিহোতা ২৩৪ সা। ৎসা ২৩৪ ই বা ৩। হা০ ২৩৪
৫ ৫
ইযো ৬ হাই ॥ ৩ ॥ ১

বা০ টী০। 'অগ্নে!' যেহেতু, তুমি ঈশ্বর কর্তৃক 'বর্হিষি' কুশাদি তৃণ পর্য্যন্ত সমস্ত পদার্থেই 'হোতা' হবন কার্য্যের নিষ্পাদক রূপে 'নি সৎসি' নিষণ্ন=অন্তঃস্থাপিত আছ, অতএব 'ব্বীতয়ে' বীতির জন্য এবং 'হব্য দাতযে' হব্য দাতির জন্য অরণিকাষ্ঠদ্বয় মন্থনে 'গৃণানঃ' নিগীর্ণ=উদ্গীর্ণ হওতঃ 'আযাহি' আবিষ্কৃত হও।

হোতা। অগ্নির দুইটী কার্য্য;—১ম ভক্ষণ করা=দগ্ধকরা, ইহাকেই বীতি কহে; এই বীতিক্রিয়ার দ্বারা আবর্জনাদি, বনাদি, শক্রগৃহাদি, মৃতশরীরাদি ভস্মসাৎ করা যায়, রণক্ষেত্রে এই বীতি ক্রিয়া সাধনার্থই শর-ফলকে বৈদ্যুতাগ্নি ব্যবহৃত হইত, যাহাকে অগ্নিবাণ বলা যাইত, যাহা ত্যাগ মাত্রেই বেগ গমন হেতুক উদ্ভূত প্রবল বায়ুর সাহায্যে হঠাৎ ফলক হইতে বহির্গত হইয়া প্রদীপ্ত হওতঃ পতিত প্রদেশের অনেক স্থান ব্যাপিয়া দগ্ধ করিয়া ফেলিত। ২য় বিক্লিত্তি=গলান, ইহাকেই হব্যদাতি কহে; এই হব্যদাতি ক্রিয়ার দ্বারা আপনার বা অতিথ্যাদি দেবতার উদরপূরণার্থ অন্নাদি সিদ্ধ করা যায়, ইহার দ্বারাই স্বর্ণ, রৌপ্য, তাম্রাদি দ্রব হইয়া থাকে এবং এই ক্রিয়ার দ্বারাই উদর-মধ্যগত ভুক্তান্ন-পরিপাকাদিও সাধিত হইয়া থাকে। বীতি ও হব্যদাতি এই উভয়ই

অগ্নি হইতে নির্ব্বাহিত হয়, এমন কি, অগ্নি ব্যতিরেকে হইতেই পারে না এই জন্যই অগ্নিকে 'হোতা' অর্থাৎ হবন কার্য্যের নিষ্পাদক বলা যায়। হোতা পদটি হু-ধাতুর উত্তরে তৃন্ প্রত্যয় করিয়া সাধিত হইয়া থাকে। হু-ধাতুর অর্থ—(অগ্নিতে) দান, (অগ্নি হইতে) আদান ও (অগ্নির দ্বারা) প্রীণন; তন্মধ্যে অগ্নির বীতি শক্তির দ্বারা, ঘৃতাদি ভক্ষিত হইয়া ধূম হইবে, ধূম হইতে পর্জন্য হইবে, পর্য্যন্ন হইতে সুবৃষ্টি হইবে, সুবৃষ্টি হইতে সাধ্বন্ন হইবে এবং তাহা ভক্ষণ জন্য বীর্য্য-রেত আদি-জাত সুপ্রজা বৃদ্ধি হইবে, এইরূপ আশয়ে অগ্নিতে ঘৃতাদি নিক্ষেপই দানের উদাহরণ; অগ্নির উত্তাপে স্থাপিত অন্ন বা সুবর্ণাদি ধাতু, হব্যদাতি শক্তির দ্বারা বিক্লিত—গলিত হইলে তাহা হইতে সেই সিদ্ধ অন্ন ও দ্রব সুবর্ণাদি পুনর্গ্রহণ করাই আদানের উদাহরণ এবং বীতি শক্তির প্রভাবে রণজয়াদি হইলে ও হব্যদাতি শক্তির প্রভাবে অন্নাদির সুপরিণাম হইলেই, তাহা অগ্নির দ্বারা প্রীতিলাভ হইল বলিয়া স্বীকার করা যায়। তৃন্-প্রত্যয়ের অর্থ—তচ্ছীল, এতাবতা দান, আদান ও প্রীতি এই ত্রিবিধ ক্রিয়ার নিষ্পাদনশীল অর্থাৎ নিষ্পাদন-স্বভাব অগ্নিকে হোতা বলা যায়। বেদে অনেক স্থলেই অগ্নিকে হোতা বলিয়া বর্ণন করা হইয়াছে, সর্ব্বত্রই এইরূপ অর্থ বুঝিতে হইবে। 'বীতি' শব্দটী ভক্ষণার্থ বী-ধাতু হইতে নিষ্পন্ন হয়, এই জন্যই তাদৃশ অর্থ করা হইয়াছে এবং 'হব্যদাতি' শব্দের অর্থ—হব্য সম্বন্ধী দান, হব্য শব্দের অর্থ—হবন-যোগ্য, হবন শব্দের অর্থ—পূর্ব্বোক্ত দান, আদান ও প্রীতি; এতাবতা দান, আদান ও প্রীতির

যোগ্য যে অন্ন, চরু, পুরোডাশ ও সুবর্ণ, রৌপ্যাদি তাহাকেই হব্য কহে, এতাদৃশ হব্য অগ্নিতেই প্রস্তুত করিয়া অগ্নি হইতে আদান=গ্রহণ করা যায় অতএব হব্যসম্বন্ধিনী ঈদৃশী দান শক্তিকেই হব্যদাতি কহা যায়।

বর্হিষি। বর্হিস্-শব্দের অর্থ—কুশাদিতৃণ, এস্থলে এই 'বর্হিঃ' উপলক্ষণমাত্র অর্থাৎ সমস্ত পদার্থের অন্তরেই অগ্নি গূঢ়ভাবে বিদ্যমান রহিয়াছে, এমন কি, অতিলঘু বস্তু তৃণ, তন্মধ্যেও আছে; অথবা এস্থলে অরণি কাষ্ঠদ্বয় মন্থনেই অগ্নির আবিষ্কার অভিলষণীয় অতএব বর্হির মধ্যে প্রচ্ছন্ন বলা হইয়াছে, কাষ্ঠকে তৃণ বলিয়া ব্যবহার, ব্যবহার-বিরুদ্ধ নহে।

গৃণানঃ। গৃ-ধাতুর রূপ, গৃ-ধাতুর অর্থ—নিগরণ; এই গৃ-ধাতুরই রূপান্তর উদ্গার (নিগরণ শব্দের হিন্দী প্রতিশব্দ নিগারনা এবং বাঙ্গলা প্রতিশব্দ নেওড়ান)। অরণি কাষ্ঠদ্বয় নিষ্পীড়ন করিলে উহারা অগ্নিকে নিগরণ= উদ্গীরণ করে, তাহাই এ স্থলের এ পদের লক্ষ্য ॥ ১

সা০ ভা০। অগ্নআযাহীত্যেষা ভরদ্বাজেন দৃষ্টা। গায়ত্রী। আগ্নেয়ী। হে অগ্নে! অঙ্গনাদিগুণবিশিষ্ট! ত্বং আযাহি অস্মদযজ্ঞং প্রত্যাগচ্ছ। কিমর্থম্? বীতয়ে হবিষাং চরুপুরোডাশাদীনাং ভক্ষণায়। কীদৃশঃ সন্? গৃণানঃ অস্মাভিঃ স্তূযমানঃ। ব্যত্যয়েন কর্ম্মণি কর্ত্তৃপ্রত্যয়ঃ। পুনশ্চ কিমর্থম্? হব্যদাতয়ে দেবেভ্যো হবিঃপ্রদানায়। আগত্য চ হোতা দেবানা মাহ্বাতা সন্। বর্হিষি আস্তীর্ণে দর্ভে। নিষৎসি নিষীদ। সদেশ্ছান্দসঃ শপো লুক্ ॥ ১ .

টী০ অ০। হে 'অগ্নে' অঙ্গনাদি গুণ বিশিষ্ট! 'আযাহি' আমাদের যজ্ঞে আগমন কর। কেন? 'বীতযে' চরু পুরোডাশ, প্রভৃতি হবি ভক্ষণ করিবার জন্য। কীদৃশ হওতঃ? 'গৃণানঃ' আমাদিগ কর্ত্তৃক স্তুত হওতঃ, এ স্থলে ব্যত্যয়ে কর্ম্মবাচ্যে কর্ত্তৃপ্রত্যয়। আর কেন? 'হব্যদাতয়ে' দেবগণকে হবি প্রদান করিবার জন্য। আসিয়া 'হোতা' দেবতাদিগের আহ্বানকারী হওতঃ 'বর্হিষি, আস্তৃত কুশাতে 'নিষৎসি' উপবিষ্ট হও॥ ১

—:#:—

(২)

২ ২ ৩ ১ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
ত্বমগ্নে যজ্ঞানাংহোতাবিশ্বেষাংহিতঃ।

৩ ২ ৩১ ২ ৩ ১ ২
দেবেভির্মানুষেজনে (ঋ০ ৬, ১৬, ১)॥ ২

বি০। ইহাও পূর্ব্ব-পরিচিত সেই ষোড়শ সূক্তেরই ঋক্। এইটিই সে সূক্তের প্রথম। অতএব এ ঋকের ঋষিও সেই ভরদ্বাজ। এ ঋকের প্রথম চরণটী ছয় অক্ষরের দ্বিতীয়টী সপ্তাক্ষর ও শেষটি অষ্টাক্ষর অতএব ইহাকে বর্দ্ধমানা ছন্দ কহে, ইহাও একপ্রকার গায়ত্রীচ্ছন্দ। বিশ্বজিৎ প্রকরণে অগ্নিমরুৎ দেবতার যাগকালে গেয় বৃহৎ সামটিই (উ০ গা০ ২, ২, ৮) যদি অগ্নিষ্টোম সাম হয় তাহা হইলে তৎসহ অর্থাৎ তদীয় অস্থিরূপে ছয়টি ঋক্ স্তোত্রিয় ও অনুরূপ হইয়া থাকে; তন্মধ্যে এইটি প্রথম। অতএব ইহাও আগ্নেয়ী। এ ঋক্ অবলম্বন করিয়া গীত দুইটি মাত্র সাম দেখা যায়। তন্মধ্যে একটি উহ গান গ্রন্থের দ্বিতীয়

প্রপাঠকের দ্বিতীয়ার্দ্ধের ৮ম; তাহা, তৎপ্রকাশকালেই প্রকাশিত হইবে। দ্বিতীয়টী গেয়গানের ১প্র০১অ০ ৪র্থ; ইহার নাম 'সৌপর্ণ' সুতরাং সুপর্ণা ঋষিকেই ইহার প্রকাশক বলিয়া অনুমান করিতে হয়। যথা—

৩ ৫ র   ৪র ৫র   ৪ ৫ ৪   ২ ːর র   র র   ১ র র
ত্বমগ্নে যজ্ঞানাম্। ত্বমগ্নাযি যজ্ঞানাংহোতা বিশ্বেষাংহা

২   ২র ১ব   ২   ৩ র ২ ১   ২ ৪ ৫
২৩ যি তাঃ। দেবৈভা ২৩ যির্ম্মা। নুষেজনা। ঔ৩হোবা।

৪   ৫
হো ৫ ঈ। ড়া ॥ ৪ ॥ ২

বা০ টী০। হে 'অগ্নে!' 'দেবেভিঃ' বায়ুপ্রভৃতি অপরাপর দেবগণের সহিত সৃষ্টিকালে 'ত্বম্' তুমি, জগৎস্রষ্টৃ কর্ত্তৃক 'বিশ্বেষাং যজ্ঞানাম্' এই বিশ্বসংসারের, 'হোতা' হবন-নিষ্পাদনশীল অর্থাৎ দহন ও পচনের একমাত্র সম্পাদনকারী স্বরূপে 'মানুষে জনে' এই মনুষ্য লোকে 'হিতঃ' সর্ব্বান্তঃ-স্থাপিত হইয়াছ। অতএব বাতি ও হব্যদাতির জন্য এই কাষ্ঠদ্বয় সংঘর্ষণে আবিষ্কৃত হও (এটি ঋগ্বেদ সংহিতার ষষ্ঠ মণ্ডলের ১৬শ সূক্তের প্রথম মন্ত্র, তথায় ইহার ৮টী মন্ত্রের পরে 'অগ্নআযাহি' মন্ত্র দৃষ্ট হয়। যাহা হউক অগ্নআযাহি মন্ত্রের সহিত ইহার সম্বন্ধ দূষণীয় নহে)। যজ্ঞশব্দে এস্থলে সৃষ্টি, যেহেতু সৃষ্টিই ঈশ্বরের আদি যজ্ঞ (ইহা মল্লিখিত বৈদিক সমালোচনাতে দ্রষ্টব্য)। ফলতঃ ঐতরেয় ব্রাহ্মণোক্ত 'প্রজাপতিঃ স্বাংবপামুদখিদৎ' প্রজাপতি যজ্ঞে স্বীয় বপা সমর্পণ করেন এবং 'আত্মা বৈ জায়তে পুত্রঃ' আপনিই পুত্ররূপে জন্মগ্রহণ করেন ও 'তাসু বীজ মবাসৃজৎ' সেই কারণ বারিতে

বীজ উৎসৃষ্ট হয় ইত্যাদি জন্মাদিবচন, এ সমস্তই স্তুতিপর। 'দেবেভিঃ' দ্যুতিমৎ-পদার্থমাত্রকে দেব বলাযায়, ফলকথা যখন্ যাহার বর্ণনা করা যায় তখনই তাহাকে দেব কহা যায়; এই যুক্তিতেই উদূখল, মুষল, চর্ম্ম প্রভৃতি সমস্তই দেব; এবং এস্থলে তৃতীয়া বিভক্তির অর্থ সহ সুতরাং দেবগণের সহিত সম্ভবতঃ বায়ুপ্রভৃতির সহ অর্থলাভ করা যায়॥ ২

বক্তব্য—এ মন্ত্রে 'হিতঃ' এই ক্রিয়ার কর্ত্তা অন্বেষণ করিলেই গলগ্রহ রূপেও ঈশ্বর আসিয়া উপস্থিত হন, যথা—'বায়ু প্রভৃতি দেবগণকে যৎকালে এই মনুষ্য লোকে প্রতিষ্ঠিত করা হইয়াছে তৎকালেই তোমাকে বিশ্বসংসারে হোতৃ-রূপে প্রতিষ্ঠিত করিয়াছেন, এস্থলে সুতরাং জিজ্ঞাস্য,—কে? ইহার একমাত্র উত্তর 'যিনি এতাদৃশ কার্য্যে সমর্থ' কাজেই ঈশ্বরই স্কন্ধপতিত হইলেন। অতএব পাশ্চাত্য বৈদিক মোক্ষমূলরপ্রভৃতি প্রত্নানুসন্ধিৎসুগণ বহুসমালোচনাপূর্ব্বক বহ্বাড়ম্বর সহকারে লিখিয়াছেন, যে"ঋক্‌সংহিতার আবির্ভাব কালে আর্য্যগণের ঈশ্বরজ্ঞান ছিল না, যাহাও দুই একটি ঈশ্বর বা ব্রহ্মনাম তন্মধ্যে দৃষ্ট হয়, তাহাও তদীয় শেষ মণ্ডলে অতএব ঐ ১০ম মণ্ডলটিকেও অপেক্ষাকৃত আধুনিক বলা উচিত" এক্ষণে দ্রষ্টব্য, যে, এটি কোন মণ্ডলের ঋক্? বস্তুতঃ যে সমস্ত ঋক্ লইয়া মণ্ডল সকল গ্রথিত হইয়াছে, সে ঋক্‌গুলির কে প্রাচীন কে নূতন? এ বিষয়টির নির্ণয় অতি দুঃসাধ্য হইলেও মণ্ডলগুলি যে সমস্তই অপেক্ষাকৃত অনেক উত্তর কালে অর্থাৎ সূক্ত ও অনুবাক গ্রথনেরও পরে, অথচ ভিন্ন ভিন্ন সময়ে এবং ভিন্ন ভিন্ন ঋষি কর্ত্তৃক

গ্রথিত হইয়াছে তাহার সন্দেহ নাই সুতরাং মণ্ডলের পৌর্ব্বাপর্য্য লইয়া ঋক্-কালের পৌর্ব্বাপর্য্য বিচার করাই অব্যবস্থা (বৈ০ স০ দ্র০)। পাশ্চাত্য কোবিদগণ বেদ-তাৎপর্য্য যে নিরীশ্বরপর নির্ণয় করিয়াছেন তাহাতে তাঁহারা সম্পূর্ণ অপরাধী নহেন ; কারণ, সায়ণাচার্য্যাদি আধুনিক ভাষ্যকারগণ ক্রিয়াকালের বিদ্বান্, ইহাঁরা প্রভাকরাদি প্রবর্ত্তিত মীমাংসাদর্শনানুবর্ত্মেই সঞ্চরণ করিয়াছেন, এক্ষণে তন্মাত্রাবলম্বন পূর্ব্বক গবেষণাকারী পাশ্চাত্যধীমদ্গণ কেন না ভ্রমান্ধ-কূপে পতিত হইবেন। পরং অস্মদ্দেশীয় ভ্রাতৃগণ যে সেই সিদ্ধান্তই অভ্রান্ত বলিয়া স্বীকার (এতদূর স্বীকার যে তদ্বিপরীত যুক্তিও অদৃশ্য ও অকথ্য) করতঃ কৃতার্থম্মন্য হইতেছেন ইহাই অতি ক্লেশকর ॥ ২

সা০ ভা০। ত্বমগ্নইত্যস্যা ঋষ্যাদ্যাঃ পূর্ব্ববৎ। সৈষা দ্বিতীয়া। হে অগ্নে! বিশ্বেষাং যজ্ঞানাং অগ্নিষ্টোমাত্যগ্নিষ্টোমাদীনাং সম্বন্ধী হোতা হোমনিষ্পাদনশীলঃ। জুহোতেস্তাচ্ছীলিকস্তৃন্। যদ্বা, যজ্ঞানাং যষ্টব্যানাং বিশ্বেষাং দেবানাং হোতা আহ্বাতা। এবংভূতস্ত্বং মানুষে মনোরপত্য-ভূতে জনে যজমান-লক্ষণে। দেবেভিঃ দেবৈঃ। ছান্দসো ভিস ঐসভাবঃ দেবনশীলৈর্ঋত্বিগ্ভিঃ, হিতঃ নিহিতঃ গার্হপত্যাদি-রূপেণ সংস্থাপিতো ভবসি। যদ্বা দেবৈরেবেন্দ্রাদিভিরুক্ত-লক্ষণঃ সন্, যজ্ঞানাং নিষ্পাদনায় যজমানে নিযুক্তোঽসি ॥ ২

ভা০ অ০। হে 'অগ্নে!' 'ত্বম্' তুমি, 'বিশ্বেষাং যজ্ঞানাম্' অগ্নিষ্টোম অত্যগ্নিষ্টোম প্রভৃতি যজ্ঞ সম্বন্ধে 'হোতা' হোম-নিষ্পাদনশীল অথবা সমস্ত দেবগণের আহ্বানকারী। 'দেবেভিঃ'

ঋত্বিক্‌গণ কর্তৃক অথবা ইন্দ্রাদি দেবগণ কর্তৃক, তুমি, 'মানুষে জনে' যজমানরূপ মনুষ্য বিষয়ে অর্থাৎ যজমানের যজ্ঞ নিষ্পাদনের জন্য, 'হিতঃ' গার্হপত্যাদিরূপে স্থাপিত হইতেছ ॥ ২

—:*:—

(৩)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অগ্নিন্দূতংবৃণীমহেহোতারংবিশ্ববেদসম্।
৩ ২ ৩ ১ ৩ ৩ ১ ২
অস্যযজ্ঞস্যসুক্রতুম্ (ঋ০ ১, ১২, ১) ॥ ৩

বি০। কণ্ব-বংশীয় মেধাতিথি ঋষি যে ১২টি ঋকের একটি সূক্ত প্রকাশিত করেন, যাহা ইদানীং ঋক্‌সংহিতার প্রথম মণ্ডলের দ্বাদশ, এ মন্ত্রটি সেই সূক্তেরই আদিম অতএব তিনিই ইহার ঋষি। ছন্দ গায়ত্রী। পৃষ্ঠ্য ষড়হের দ্বিতীয়াহে এই সূক্তই আজ্যশাস্ত্র হইয়া থাকে অতএব ইহাও আগ্নেয়ী। এই ঋঙ্‌মূলক একটি মাত্র সাম। ইহা বিশ্বমনা ঋষিকর্তৃক প্রকাশিত। ইহার নাম 'বৃহৎ'। এটি ভরদ্বাজ বংশীয় অগ্নি ঋষির বর্ণনাতে কি অগ্নিরই বর্ণনার্থ বা সূর্য্যের বর্ণনার্থ গীত হইয়াছিল তাহার স্থিরতা নাই (আ০ব্রা০ ১, ২)॥ ৩

৫ র ২ ১র ২র ১র ৩
গে০ গা০। অগ্নিন্দূতাম্। বৃণীমহাই। হোতারা২৩ংবি।
১র ২ ১ ২র র ২ ১র ২
শ্ববেদসাম্। অস্য যা২৩জ্ঞা। আ। ঔ৩হোবা। স্যাসুক্রতুম্।
১ ২ ১
ইডা২৩ভা৩৪৩। ও২৩৪৫ই। ডা ॥ ৫ ॥ ৩

বা০টী০। তৈত্তিরীয় শ্রুতিতে উক্ত আছে, যে,'দেবদলের মধ্যে অগ্নি নামক একজনা দূত ছিলেন এবং অসুরদলে কবি বংশীয় উশনা নামক একজনা দূত ছিলেন'। এস্থলে অগ্নিশব্দে হুতাশন হইতে পারে না যেহেতু তাহা হইলে কবিবংশীয় উশনা কি হইবে? অসুর দলের দূত যদি উশনা 'ঋষি' হইতেপারেন' ত দেবদলের দূত অগ্নি 'ঋষি' না হইবেন কেন? এই অগ্নিঋষির প্রকাশিত অনেকানেক ঋক্ ঋগ্বেদে ও সাম সামবেদে দেখা যায়। এই ঋষিকে কণ্বংশীয় মেধাতিথি ঋষি, স্বীয় যজমান, কোন মহাবীর ধরাধিপতির দৌত্যে বরণ করেন; এই মন্ত্রটি দ্বারা এতাবন্মাত্রে ইতিহাস পাওয়া যায়। 'অগ্নিং' অগ্নিঋষি 'বিশ্ববেদসা' এই যুদ্ধঘটনার পূর্ব্বাপর সমস্ত বৃত্তান্ত অবগত আছেন এবং 'হোতারম্' সাধু-আস্পর্দ্ধন-স্বভাব অত-এব তাঁহাকেই 'অস্য যজ্ঞস্য' এই ক্রিয়ার 'সুক্রতুম্' উপযুক্ত কর্ম্মচারী বিবেচনায় 'দূতং বৃণীমহে' দূতরূপে আমরা বরণ করিতেছি। যজ্ঞস্য—যজ্ঞ শব্দের প্রকৃত অর্থ ক্রিয়া অর্থাৎ সমারোহ ক্রিয়া মাত্রকেই যজ্ঞ কহে যেহেতু ঐ শব্দটি যজ-ধাতু হইতে নিষ্পন্ন হইয়া থাকে, যজ ধাতুর একটি অর্থ সঙ্গতিকরণ এতাবতা যে স্থলে বহুতর লোক সমাগম হয় তাহাকেই যজ্ঞ কহে সুতরাং যুদ্ধকাণ্ডকেও যজ্ঞ বলা যায়। ইহা ব্যবহার-বিরুদ্ধও নহে অতএব মহাকবি বাল্মীকি ও বেদব্যাসও অনেক স্থলে রণস্থলকে যুদ্ধ বলিয়া বর্ণনা করিয়াছেন; যথা মার্কণ্ডেয় পুরাণ—"ময়া তবাত্রো-পহৃতৌ চণ্ডমুণ্ডৌ মহাপশূ। যুদ্ধযজ্ঞে স্বয়ং শুম্ভং নিশুম্ভঞ্চ

হবিষ্যসি"। হোতা—এ পদটী আস্পর্দ্ধার্থ হ্বে-ধাতু হইতে সাধু-কারী অর্থে তৃন্ প্রত্যয় করিয়া সাধনীয়, সাধু-স্পর্দ্ধা-কারী দূত প্রেরণের অভিপ্রায়—যাহাতে অপমানাদি-হানি-সূচক সন্ধি প্রস্তাবিত বা তাদৃশ প্রদত্ত সন্ধিতে সম্মতি প্রদত্ত না হয়॥ ৩

সা০ ভা০। অগ্নিন্দূতমিত্যেষা কণ্বপুত্রেণ মেধাতিথিনা দৃষ্টা। ছন্দোদেবতে পূর্ব্ববৎ। সৈষা তৃতীয়া। দূতম্ দেবানাং দৌত্যে বিনিযুক্তম্। অগ্নিং দেবম্, বৃণীমহে স্তুতিভির্হবির্ভির্বা সম্ভজামহে। অস্য চ দূতত্বং তৈত্তিরীয়কে সমাম্নাতম্—'অগ্নির্বৈ দেবানাং দূত আসীদুশনা কাব্যোঽসুরাণাম্'-ইতি। কথম্ভূতম্? হোতারং সাধুদেবানামাহ্বাতারম্। হ্বয়তেঃ সাধুকারিণি তৃন্ (পা০৩,২,১৩৪-১৩৫), বহুলং ছন্দসি (পা০৬,১,৩৪)-ইতি সম্প্রসারণম্। বিশ্ববেদসং বিশ্বানি বেত্তীতি বিশ্ববেদাস্তম্। বেত্তেরসুন্ (উ০৪০, ১৮৪)। যদ্বা বেদ ইতি ধননাম (নিঘ০ ২, ১০)। বিশ্বং সর্ব্বং বেদোধনং যস্য তম্। বহুব্রীহৌ বিশ্বং সংজ্ঞায়াম্ (পা০৬,২,১০৬)-ইতি পূর্ব্ব-পদান্তোদাত্তত্বম্। অস্য প্রবর্ত্তমানস্য যজ্ঞস্য। সুক্রতুম্ নিষ্পাদকত্বেন শোভনকর্ম্মাণম্। অথবা ক্রতুরিতি প্রজ্ঞানাম, শোভনপ্রজ্ঞং বা। তং ত্বাং বৃণীমহে-ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ॥ ৩

ভা০অ০। 'দূতং' দেবগণের দৌত্যে বিনিযুক্ত 'অগ্নিং দেবং' অগ্নিদেবতাকে 'বৃণীমহে' স্তুতিসমূহ ও হবিসমুদায় দ্বারা সম্ভজনা করি। কীদৃশ অগ্নিকে? 'হোতারং' সাধু দেব-গণের আহ্বানকারী এবং 'বিশ্ববেদসং' সর্ব্বজ্ঞ অথবা সর্ব্বধন ও 'সুক্রতুং' শোভনকর্ম্মা বা শোভন-প্রজ্ঞাবিশিষ্ট॥ ৩

—:*:—

(৪)

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অগ্নির্বৃত্রাণিজঙ্ঘনদ্‌দ্রবিণস্যুর্বিপন্যযা।
১ ২ ৩ ১ ।২।
সমিদ্ধঃশুক্রআহুতঃ (ঋ০ ৬, ১৬, ৩৪) ॥ ৪

বি০। এ মন্ত্রটিও ভরদ্বাজ সংগৃহীত পূর্ব্বোল্লিখিত সূক্তেরই চতুস্ত্রিংশ, যাহা ইদানীং ঋক্ সংহিতার ষষ্ঠ মণ্ডলের ষোড়শ। ইষ্টি, পশু, ও সোম এই ত্রিবিধ যাগেই যে কোন স্থলে 'বৃধন্বন্তৌ পুষ্টিমন্তৌ' ইত্যাদি বিশেষ বিধি বিহিত না থাকিবে, সেই সেই স্থলে ইহা প্রথম আজ্য ভাগের অনুবাক্যা এবং উপসৎ প্রকরণে আগ্নেয় ইষ্টি সম্বন্ধেও ইহাই অনুবাক্যা ও সায়ংকালীন আজ্যভাগের ইহাই যাজ্যা অতএব ইহাও আগ্নেয়ী। অতএব উক্ত ভরদ্বাজই ইহার ঋষি। ছন্দ গায়ত্রী। শ্রুতর্বা ঋষি এই ঋক্‌টিকে ত্রিবিধ গান করিয়াছেন, সেই জন্যই এ তিনটিরই নাম 'শ্রৌতর্ব' ॥ যথা—

৫ ১ ৩ ৫র র
গে০ গা০। অগ্নির্বৃত্রা। ণা২যি জা২৩৪ ঔহোবা।
৩ ৫ ২ ১ ২ ১ ২র১ ১ ২
ঘা২৩৪নাৎ। দ্রবিণস্যুর্বিপন্যযা২। ওযিসমিদ্ধা২৩ঃ শূ।
১ র ২ ১ ২ ১
ক্রাযাহুতঃ। ইডা২৩ভা৩৪৩। ও২৩৪৫ই। ডা ॥ ৬ ॥

৩ ২ ৩র ৪ ৫ ৫ ৪ ৫ ১ ২ ২ ১ ২ ২
অগ্নিরৌহোবা হাযি। বৃত্রাণি। জাঙ্ঘা৩নাৎ। ঔহো৩বা৩।
১ ৩ ৫ ১ ১ ৭ ১ ২ ১ ৩
দ্রবিণা২৩৪স্যুঃ। ওযিবোযিপন্যযা২। সমাযে৩। ধা২ঃশু২৩৪
৫র র ২ ১র ৩ ১ ১ ১ ১
ঔহোবা। ক্রযাহুতা২৩৪৫ঃ ॥ ৭ ॥

৪ ৫ ২ ১র ৩র ২ ৩ ৫ ২ ১
ওগ্নীঃ। বৃত্রাণি জঙ্ঘনাৎ। ঔহোহো২৩৪ বা। দ্রবিণস্যু-
২ ১ ৩র ২ ৩ ৫ ১ ২ ১ ৩র ২ ৩
র্বিপন্যযা। ঔহোহো২৩৪বা। সমিদ্ধঃ শুক্রযা। ঔহোহো২৩৪
৫ ৪ ৫
বা। হো৫তো৬হাযি ॥ ৮ ॥ ৪

বাং৹টী৹। উক্ত অগ্নিঋষি কোন সময়ে দৌত্যে সন্ধি-বন্ধনাদি কার্য্যে অকৃতকার্য্য হওতঃ অনন্যগত্যা সংগ্রাম করিতে বাধ্য হইয়াছিলেন; তৎকালীন বিক্রম বর্ণনাই এ মন্ত্রের উদ্দেশ্য। যথা—'অগ্নিঃ' অগ্নিঋষি, 'বিপন্যয়া' যথা-কাল-ব্যবহারাভিজ্ঞতানুসারে 'দ্রবিণস্যুঃ' প্রভুর দ্রবিণ কামনায় অর্থাৎ এ যুদ্ধে জয়ী হইতে পারিলে প্রভুর যথেষ্ট দ্রব্যাদি লাভ হইবে অতএব এস্থলে যুদ্ধই কর্ত্তব্য, এই বিবেচনায়, 'আহুতঃ' ঘৃতাদি-আহুতি-প্রাপ্ত সুতরাং 'সমিদ্ধঃ' সম্যক্ প্রজ্বলিত 'শুক্রঃ' শুক্লবর্ণ অগ্নির ন্যায়, মহাবিক্রম প্রকাশ পূর্ব্বক 'বৃত্রাণি' সমস্ত শত্রুদলকে 'জঙ্ঘনৎ' পুনঃ পুনঃ বা অতিশয়রূপে হতাহত করিয়াছিলেন। 'বিপন্যা' শব্দটি পনধাতুর রূপান্তর; ব্যবহার ও স্তুতি এ উভয়ই পনধাতুর অর্থ, এস্থলে প্রকরণের অনুরোধে ব্যবহার অর্থই গ্রহণীয় ॥ ৪

সা৹ ভা৹। অগ্নির্বৃত্রাণীত্যেষা ভরদ্বাজেন দৃষ্টা। ছন্দো-দেবতে পূর্ব্ববৎ। সৈষা চতুর্থী। দ্রবিণং ধনং স্তোতৄণামিচ্ছন্ ছন্দসি পরেচ্ছায়াং ক্যচ্ (পা৹৩,১,বা৹) প্রাতিপদিকেভ্যঃ পরেচ্ছায়াং ক্যচি সুগাগমঃ (পা৹১,৪,৩৬)। যদ্বা হবির্লক্ষণং ধনং তদাত্মন ইচ্ছন্নগ্নিঃ। বিপন্যয়া পনতিঃ স্তুত্যর্থঃ, অস্মাভিঃ ক্রিয়মাণয়া স্তুত্যা, স্তূয়মানঃ সন্। বৃত্রাণি বলেন

জগতা মাবরকাণি রক্ষঃপ্রভৃতীনি তমাংসি বা। জঙ্ঘনৎ ভৃশং হন্তু। হন্তের্যঙ্লুগন্তাল্লিঙর্থে লেট্ (পা০৩,৪,৭)। কীদৃশোঽগ্নিঃ? সমিদ্ধঃ সমিদাদিভির্হবির্ভিঃ সম্যগ্ দীপিতঃ। অতএব শুক্রঃ দীপ্যমানঃ। আহুতঃ হবির্ভিরাহুতঃ॥ ৪

ভা০ অ০। 'অগ্নিঃ' দেবতা, 'দ্রবিণস্যুঃ' দ্রবিণশব্দে ধন; স্তোতৃগণের জন্য ধন ইচ্ছা করতঃ (ছন্দে পরের ইচ্ছা অর্থেও ক্যচ্প্রত্যয় হইয়া থাকে অথবা সাধারণ নিয়মানুসারে আপনার ইচ্ছা অর্থে ক্যচ্ স্বীকার করিলেও এ স্থলে অর্থ অসঙ্গতি হয় না; তাহা হইলে 'হবিঃস্বরূপ ধনলাভ করিতে ইচ্ছুক হইয়া' এইরূপ অর্থ হইবে) 'বিপন্যয়া' পনধাতু এস্থলে স্তুত্যর্থ; আমাদিগকর্ত্তৃক ক্রিয়মাণ স্তুতির দ্বারা স্তূয়মান হওতঃ 'বৃত্রাণি' স্বীয়বলে সর্ব্বজগতের আবরণকারী রক্ষঃ-প্রভৃতি অথবা তমোব্যূহ 'জঙ্ঘনৎ' পুনঃ পুনঃ অথবা অতিশয় রূপে হনন করুন। অগ্নি কি রূপ? তিনি 'সমিদ্ধঃ' সমিৎ-কাষ্ঠ প্রভৃতিতে সম্যক্ প্রজ্বলিত ও 'আহুতঃ' হবিরাহুতি-সম্পন্ন অতএব 'শুক্রঃ' দীপ্যমান॥ ৪

—ঃ*ঃ—

(৫)

১২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
প্রেষ্ঠংবোঅতিথিংস্তুষেমিত্রমিবপ্রিয়ম্।
২ ৩ ২ ৩ ১। ২।
অগ্নেরথংনবেদ্যম্ (ঋ০ ৮, ৮৪, ১)॥ ৫

বি০। কবি ঋষির পুত্র উশনা ঋষি নয়টি ঋক্ চয়ন পূর্ব্বক যে একটি সূক্ত সংগ্রহ করেন, যাহা ইদানীং ঋক্ সংহি-

তার অষ্টম মণ্ডলের চতুরশীতিতম। এটি সেই সূক্তেরই প্রথম মন্ত্র অতএব তিনিই ইহার ঋষি। ছ০ গা০। প্রাতরনুবাক সম্বন্ধী আগ্নেয় ক্রতুতে এ সূক্তটি আশ্বিন গ্রহের শস্ত্ররূপে ব্যবহৃত হয় এবং আভিপ্লবিক উক্‌থ মৈত্রাবরুণ যাগে এতদাদি ঋক্‌ত্রয় বিকল্পে স্তোত্রিয়ত্ব লাভ করে; তদনুসারেও ইহা আগ্নেয়ী। এই ঋঙ্‌মূলক চারিটি সাম দৃষ্ট হয়। তন্মধ্যে ১টি ঊহগানের পঞ্চম প্রপাঠকের প্রথমার্দ্ধের একাদশ। অপর তিনটি গেয়গানের ১প্র০ ১অ০ ৯ম, ১০ম ও ১১শ। এই তিনটি সামেরই প্রকাশক ঐ উশনা বা ইহার মধ্যে কোন কোনটি উশনার কোন কোনটি শিরিষ ঋষির অতএব ইহাদিগকে 'ঔশন' বা 'শৈরিষ' কহা যায়॥ যথা—

৪র ৫ ৪ ১ ১ ১ র ২
গে০ গা০। প্রেষ্ঠং বাঃ। অতা২৩যিথীম্। স্তোষেমিত্রম্।
৩১ ২ ১ ২ ২ ১ ২
ইব্রপ্রা২৩যাম্। অগ্নাযিরা৩থা৩ম্। নাব্রা২৩হা৩৪৩যি।
১ ৫ ৫
দা২৩৪যো৬হাযি॥ ৯॥

৪র ৫ ৪ ১ ২ ২
প্রেষ্ঠং বাঃ। ওহাযি। অতা২৩যিথীম্। স্তুষাযি।
১ ৩ ৫ ২র ১ ২র ১
মিত্রা৩ম্। ইব্রা২প্রা২৩৪যাম্। ঔহোহ্১যি। অগ্নেরাথা২৩ম্।
১ ৪ ২ ৫ ৫
না২৩ব্রে৩। দা৩৪৫যো৬হা। যি॥ ১০॥

৫র র ১ ১ র ২
প্রেষ্ঠংব্রোহাউ। অতিথাযিম্। স্তুষেমিত্রমিব্রপ্রা৩৩য়াম্।
১ ২ ১ ২ ৫র র ২ ১র ৩ ১ ১ ১ ১
অমাযেৎ। রা২থা২৩৪ঔহোবা। ন ব্রেদিযা২৩৪৫ম্॥ ১১॥

ব্যা০ টী০। অসুর-পুরোহিত উশনা ঋষি, দেবগণের দৌত্য কার্য্যে সমাগত অগ্নি ঋষিকে নিরাপদ করণার্থ সৈন্যগণকে উপদেশ দিতেছেন;—সৈন্যগণ! 'প্রেষ্ঠম্' অতীব-প্রিয়তম (সন্ধিবন্ধন কার্য্যার্থে সমাগত সুতরাং অতি প্রিয়তম) 'অগ্নে' এই অগ্নি ঋষিকে 'বঃ' তোমাদের 'অতিথিং' অতিথি বিবেচনায় 'মিত্রমিব প্রিয়ং' বন্ধুর ন্যায় প্রিয়পাত্র বলিয়া 'স্তুষে' স্তব কর এবং 'রথং ন বেদ্যম্' ইহাঁকে রথের ন্যায় ভারবাহক বলিয়া অবগত হও (এতাবতা ইনি স্বীয় প্রভুর অভিপ্রায়ানুসারে যাহা কিছু বলেন তাহাও ক্ষমণীয়)। 'অগ্নে'—ঋগ্বেদে অগ্নিং পাঠই আছে; অগ্নে পাঠে দ্বিতীয়ার একবচনের স্থানে শে-আদেশ স্বীকার করিলেও (পা০৭, ৩, ৩৯) ঐ অর্থই অব্যাহত থাকিবে। স্তুষে—এটি বিধিঅর্থে বৈদিক পঞ্চম লকারের রূপ, বিবরণকারও তাহাই স্বীকার করিয়াছেন ॥ ৫

সা০ ভা০। প্রেষ্ঠং ব ইত্যেষা উশনসা দৃষ্টা। ছন্দোদেবতে পূর্ব্ববৎ। সৈষা পঞ্চমী। হে অগ্নে! বঃ ত্বাম্। পূজার্থে বহুবচনম্। স্তুষে স্তৌমি—অহমুশনা-ইতি শেষঃ। কীদৃশম্? প্রেষ্ঠং স্তোতৄণামস্মাকং ধনদানেন প্রিয়তমম্। অতিথিং সর্ব্বৈরতিথিবৎ পূজ্যম্। যদ্বা অত সাতত্য-গমনে, ঋতন্যঞ্জী-ত্যাদিনা (উণা০৪,২) অতেরিথিন্। সততং দেবানাং হবিঃ প্রদাতুং গচ্ছন্তম্। মিত্রমিব সখায়মিব। প্রিয়ং স্তোতুঃ প্রীণনকরম্। রথং ন, রথমিব বেদ্যং বেদো ধনং, ধন-লিপ্সুং লাভহেতুম্। যথা রথেন ধনং লভতে তদ্বৎ স্তোতাঽনেন ধনং লভতে, তাদৃশধনলাভকারণম্। 'অগ্নে' ইতি ছন্দোগানাম্, 'অগ্নিম্'-ইতি বহ্বৃচানাং পাঠঃ ॥ ৫

ভা০ অ০। হে 'অগ্নে!' 'বঃ' ত্বাং (তোমাদিগকে পূজার্থে বহুবচন) তোমাকে 'স্তুষে' আমি উশনা স্তব করি। তুমি কিরূপ? 'প্রেষ্ঠং' স্তোতৃগণের অর্থাৎ আমাদের ধনদানকারী বলিয়া প্রিয়তম, 'অতিথিং' সর্ব্বজন কর্ত্তৃক অতিথিবৎ পূজনীয় অথবা অতিথি শব্দটি সতত গত্যর্থ অতধাতু হইতে নিষ্পন্ন হইয়া থাকে, তদনুযায়ী এস্থলে দেবগণের হবিঃপ্রদান কার্য্যে সতত গমনশীল, 'মিত্রমিব' সখার ন্যায় 'প্রিযং' স্তোতৃগণের প্রীণনকারী এবং 'রথং ন' রথের ন্যায় 'বেদ্যং' (বেদঃশব্দে ধন) ধন-হিত অর্থাৎ লাভের হেতু, যেরূপ রথের সাহায্যে ধন লাভ হয়, তোমার সাহায্যেও স্তোতারা সেইরূপ ধন লাভ করিয়া থাকেন সুতরাং তাদৃশ ধন লাভের কারণও তুমিই ॥ ৫

—:*:—

(৬)

১ ২ ৩১ ২ ৩ ১ ২১৩ ১২
ত্বন্নোঅগ্নেমহোভিঃপাহিবিশ্বস্যাঅরাতেঃ।
৩২৩ ১। ২।
উতদ্বিষোমর্ত্ত্যস্য (ঋ০ ৮, ৭১, ১) ॥ ৬

বি০। অঙ্গিরোবংশাবতংস সুদীতি ঋষি বা পুরুমীঢ় ঋষি অথবা উভয়েরই যত্নে পঞ্চদশ ঋক্ সংগৃহীত বা প্রণীত হইয়া যে একটি সূক্ত প্রকাশিত হয়, যাহা ইদানীং ঋক্ সংহিতার অষ্টম মণ্ডলের এক সপ্ততিতম। এ মন্ত্রটি তাহারই আদিম অতএব তাঁহারাই ইহার ঋষি। ছ০ গা০। ইহাও প্রাতরনুবাক প্রকরণে আগ্নেয় ক্রতুতে আশ্বিন শস্ত্র রূপে ব্যবহার্য্য অতএব ইহাও আগ্নেয়ী। ইহা ইন্দ্র নামক ঋষি

কর্তৃক দ্বিবিধ গীত হইয়াছে; যাহা এক্ষণে গেয়গানের ১প্র০ ১অ০ ১২শ ও ১৩শ। এতন্মধ্যে প্রথমটির নাম 'সংবর্গ' ও দ্বিতীয়টির নাম 'বার্ত্রঘ্ন'। যথা—

৫ র ২র ১র ২ ১র ২ ২ ১র
গে০ গা০। ত্বন্নোযাগ্নেমহোভিঃ। পাহোযিবীওশ্বা। স্যা
র ২র ১ ২ — ১২ ১ ২
অরাতেঃ। উত্তাদ্বাহ১যিষাহঃ। মর্ত্ত্যস্য। ইডাহ৩ভা৩৪৩।
১
ও৩৪ই। ডা॥ ১২॥

৪র ৫র র৪ ৫ ৫ ১র ১ ২ ২
ত্বান্নোঅগ্নেম। হো৬ভাঈঃ। পাহী বীশ্বা। ঔ৩হো।
১ ২ ২ ১ ২ ১ ২ — ১ ২
স্যা ঔ৩হো। আরাতেঃ। উতাদ্বা১ঈ যাঃ২। মর্ত্তা২যা২৩৪
৫র র ৩ ১ ১ ১ ১
ঔহোবা। স্যা২৩৪৫॥ ১৩॥ ৬

বা০ টী০। এ মন্ত্রোক্ত অগ্নিপদটি ঈশ্বরবাচক স্বীকৃত হইলেই সমধিক সঙ্গত হয় অথবা এ মন্ত্রে অগ্নিঋষির সৈনাপত্য স্বীকার করিয়া, তৎকর্ত্তৃক রক্ষণীয় সমস্ত সেনাদির রক্ষা প্রার্থিত হইতেছে। 'অগ্নে' হে অগ্নিঋষি! 'ত্বং' তুমি 'নঃ' আমাদিগকে 'মহোভিঃ' স্বকীয় প্রভাবে 'বিশ্বস্যাঃ অরাতেঃ' সমস্ত শত্রুমণ্ডলী হইতে 'উত' এবং 'দ্বিষঃ মর্ত্তস্য' দ্বেষ-প্রকৃতি মনুষ্যমাত্র হইতে 'পাহি' রক্ষাকর॥ ৬

সা০ ভা০। ত্বম-ইত্যেষা সুদীতিপুরুমীঢ়াভ্যাং তযোরন্যতরেণ বা দৃষ্টা। ছন্দোদেবতে পূর্ব্ববৎ। সৈষা ষষ্ঠী। হে অগ্নে! ত্বং, নঃ অস্মান্। মহোভিঃ পূজাভিঃ, মহদ্ভির্ধনৈর্ব্বা। পাহি রক্ষ। কস্যাঃ পাহি? বিশ্বস্যাঃ বহুবিধাৎ অরাতেঃ অদাতুঃ সকাশাৎ, অদানাদ্বা পাহি। ত্বমেব মহদ্ধনং দত্ত্বা,

অরাতুরদানাখ্যা সকাশাদ্রক্ষেত্যর্থঃ। যদ্বা মহোভির্মু ক্তম্-মিতি যোজ্যম্। উত অপিচ। দ্বিষঃ দ্বেষ্টুঃ মর্ত্ত্যস্য মর্ত্ত্যাৎ সকাশাৎ, পাহি। অস্মভ্যং বলং দস্বেতি ভাবঃ। অথবা মর্ত্ত্যস্য দ্বিষো দ্বেষাদ্রক্ষেতি সম্বন্ধঃ। অরাতেরিত্যস্য অদানা-দিতি পক্ষে তত্রাপি মর্ত্ত্যস্যাদানাদিতি সম্বন্ধনীয়ম্ ॥ ৬

ভা০ অ০। হে 'অগ্নে!' 'ত্বং' তুমি 'নঃ'* আমাদিগকে 'মহোভিঃ' পূজার দ্বারা অথবা প্রচুর ধনের দ্বারা 'পাহি' রক্ষা কর। কাহা হইতে করিবে? 'বিশ্বস্যাঃ অরাতেঃ' বহুবিধ অদাতা বা অদান হইতে রক্ষা কর। অর্থাৎ তুমিই প্রচুর ধন প্রদান করিয়া অদাতা বা অদান হইতে রক্ষা কর। অথবা মহোভিঃ এ পদের তুমি মহোযুক্ত এরূপ অর্থও করা যায়। 'উত' এবং আমাদিগকে বল প্রদান করতঃ 'দ্বিষঃ মর্ত্ত্যস্য' দ্বেষ্টৃ-মনুষ্য হইতে রক্ষা কর। অথবা মনুষ্যের দ্বেষ হইতে রক্ষা কর ॥ ৬

—০—

(৭)

২ ৩ ১র ২র ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
এহ্যূষুব্রবাণিতেঽগ্নইত্থেতরাগিরঃ।

৩ ১ ২ ৩ ১ ২
এভির্বর্দ্ধাসইন্দুভিঃ (ঋ০ ৬, ১৬, ১৫) ॥ ৭

বি০। বৃহস্পতি বংশীয় ভরদ্বাজ ঋষিকর্ত্তৃক ৪৮ ঋক্ সঙ্গৃহীত হইয়া যে সূক্ত হয়, যাহা ইদানীং ঋক্ সংহিতার ষষ্ঠমণ্ডলের ষোড়শ সূক্ত, ইহা তাহারই ষোড়শ ঋক্ অতএব উক্ত ভরদ্বাজই ইহার ঋষি। ছ০ পা০। উক্থ্য ক্রতুতে তৃতীয় সবনে মৈত্রাবরুণসম্বন্ধীযাগে স্তোত্রিয়রূপে যে তৃচটি

ব্যবহার্য্য, ইহা তাহারই প্রথম; আভিপ্লবিক উক্‌থেতেও ইহা বিকল্পে স্তোত্রিয় হইয়া থাকে এবং পৌনরাধেয়িকী ইষ্টিতে উত্তর আজ্যভাগের অনুবাক্যা রূপেও ব্যবহার্য্য অতএব ইহাও আগ্নেয়ী। এতন্মূলক চারিটি সাম দৃষ্ট হয়। তন্মধ্যে উহ গানের প্রথম প্রপাঠকের প্রথমার্দ্ধের পঞ্চদশ ও ত্রয়োদশ প্রপাঠকের প্রথমার্দ্ধের দ্বাদশ যথাস্থানে প্রকাশিত হইবে। অপর দুইটি গেয় গানের ১প্র০ ১অ০ ১৪শ ও ১৫শ এক্ষণে প্রকাশিত হইতেছে। এই দুইটিই শুনঃ শেপ ঋষির প্রকাশিত সুতরাং এ উভয়েরই নাম 'শৌনঃশেপ'। যথা—

৫র র ২ ৪ র ৫ ৫ ১ ২
গে০ গা০। এহ্ন্যুষু৩ ব্রবাণা৬যি তাযি। অগ্নইথেত
র ১ ২র ১ ১ ২ ১
রাগা২যিরাঃ। এভা২যির্বর্দ্ধা। সযা২৩হা৩৪৩যি। দূ২৩৪
৫ ৫
ভো৬হাযি ॥ ১৪ ॥

৫রর র ১ ৫ ১ র ২ ২ ২
এহ্ন্যুষুব্রবৌ হোণাযিতাযি। অগ্ন ইথেতরা২১গীতরাঃ।
২ ৩ ৫ ১ ২ ১ ৫ ৫
এভির্বা২৩৪র্দ্ধা। সযা২৩হা৩৪৩যি। দূ২৩৪ভো৬হাযি ॥১৫॥৭

বা০ টী০। এই মন্ত্রে পুরোহিত কর্তৃক সেনাপতিকে সোমরস পান করাইয়া সংগ্রামে উত্তেজিত করা হইয়াছিল। 'অগ্নে' হে অগ্নিনাম সেনানায়ক। 'তে' তোমার কথিত 'ইতরাঃ গিরঃ' অসুরসম্বন্ধী বাক্যগুলি সমস্তই 'ইথা' সত্য, 'উ' অতএব, ইহা আমি ভূপতি কর্তৃক তোমাকে 'সুব্রবাণি' সুন্দররূপে বলিতে (অর্থাৎ অসুর দমনার্থ স্বকীয় ক্রোধ উত্তেজিত করিতে) আদিষ্ট হইয়াছি। 'এহি' আইস—'এভিঃ

ইন্দুভিঃ' এই সমধিক সোমরস পান করতঃ 'বৰ্দ্ধসি' উত্তেজিত হও ॥ ৭

সা° ভা°। এহ্যূষিত্যেষা ভরদ্বাজেন দৃষ্টা। ছন্দোদেবতে পূৰ্ব্ববৎ। সৈষা সপ্তমী। হে অগ্নে! এহি আগচ্ছ। তে তুভ্যম্ ত্বদর্থং গিরঃ স্তুতীঃ। ইত্থা ইত্থমনেন প্রকারেণ। সু সুষ্ঠু, ব্রবাণি ইত্যাশাস্যতে, তাঃ স্তুতীঃ শৃণ্বিত্যর্থঃ। উ ইত্যেতাঃ ইতরাঃ অসুরৈঃ কৃতাশ্চ স্তুতীঃ শৃণ্বিতিশেষঃ। তথাচ ব্রাহ্মণম্—"অগ্নিরিত্থেতরা গিরইত্যসূৰ্য্যাহ বা ইতরা গিরঃ"-ইতি। অপি চ আগতস্ত্বং এভিঃ এতৈঃ, ইন্দুভিঃ সোমৈঃ, বৰ্দ্ধসি বৰ্দ্ধস্ব ॥ ৭

ভা° অ°। হে 'অগ্নে' 'এহি' আগমন কর। 'তে' আমরা আশা করি—তোমার জন্য 'গিরঃ' স্তুতিবাক্য সকল 'ইত্থা' এই প্রকারে 'সু' সুন্দররূপে 'ব্রবাণি' যেন বলিতে সমর্থ হই। অর্থাৎ অস্মৎকৃত স্তুতি সকল শ্রুত হউক। 'উ' এই সমস্ত 'ইতরাঃ' অসুর কৃত স্তুতিগুলিও শ্রবণ কর ব্রাহ্মণ গ্রন্থে আছে যে অসুরসম্বন্ধী বাক্যকেই ইতরবাণী বলাযায়। এবং আগত তুমি, এই সমধিক সোমরস পানে 'বৰ্দ্ধসি' বৰ্দ্ধিত হও। ৭

—ঃ*ঃ—

(৮)

১ ২ ৩ ১ ১। ৩১ ২ ৩১২
আতেবৎসোমনোযমৎপরমাচ্চিৎসধস্থাৎ।
২ ৩ ১২ ৩ ২
অগ্নেত্বাঙ্কামযেগিরা (ঋ° ৮, ১১, ৭) ॥ ৮

বি°। কণ্ববংশীয় বৎস নামক ঋষি অগ্নি নামক কো

সেনাপতিকে যুদ্ধ করিতে উত্তেজিত করণার্থ দশমন্ত্রাত্মক যে একটি সূক্ত প্রকাশ করেন, এটি তাহারই সপ্তমরূপে গ্রথিত সুতরাং তিনিই ইহার ঋষি। ছ০গা০। এ সূক্তটি ইদানীং ঋক্ সংহিতার অষ্টম মণ্ডলের একাদশ এবং প্রথমাতিরিক্ত প্রাতরনুবাক্ সম্বন্ধী আগ্নেয় ক্রতুতে আশ্বিনশস্ত্ররূপে ব্যবহৃত হইয়া থাকে; বিশেষতঃ তদীয় এই সপ্তম ঋক্‌টি আভিপ্লবিক উক্‌থ যাগের তৃতীয় সবনে বিকল্পে স্তোত্রিয় হইয়া থাকে। যজুঃ সংহিতার ১২শ অধ্যায়েও (১১৫) ইহা দৃষ্ট হয়। সে স্থলেও ইহা অগ্ন্যাহরণের অনুবাক্যা রূপে ব্যবহৃত দেখা যায় অতএব ইহাও আগ্নেয়ী। এই ঋক্‌টি ঐ কণ্বঋষি স্বয়ংই ত্রিবিধ গান করিয়াছেন, তাহার একটি উহগানের ৪প্র০ ১অ০ ১৭শ, অপর দুইটি গেয় গানের ১প্র০ ১অ০ ১৬শ ও ১৭শ; এ সামত্রয়ই 'কাণ্ব' নামে অভিহিত হইয়া থাকে। যথা—

৫র র　　১ র ২　　১ ২র　　৩ ১
গে০ গা০। আতেৱৎসাঃ। মনোযমৎ। পরমাৎ। চিৎস
২　১　২　২　৪　৫　৪　৫
ধা২৩স্থাৎ। অগ্নাযিত্বা৩ঙ্কা৩। মযো ৱা। গা২৫যিরো৬হাযি
॥ ১৬ ॥

৪র ৫র　৪র　৫র　　৫ ৫　　২ ১র　　র র
আতেৱৎসোমনোযমৎ। ঐযাহাযি। পরমাচ্চিৎসধস্থাদে
১　　১ র র র　　র　১　　২ র
যা২৩হোইযা। অগ্নে ত্বাঙ্কাময ঐযা২৩হোইযা। গিরা।
১　২　　১
ইডা২৩ভা৩৪৩। ও২৩৪৫ই। ডা ॥ ১৭ ॥ ৮

বা০ টী০। সোমপান করাইয়া ঈষন্মত্তাবস্থায় ঈপ্সিতা-

স্বরূপ উত্তেজিত করণার্থ বৎসঋষির সঙ্গ্রামপ্রবর্ত্তিনী উত্তেজনা স্মরণ করাইতেছেন ;—

হে 'অগ্নে' সেনানায়ক। 'বৎসঃ' বৎস নামক ঋষি 'পরমাৎ সধস্থাৎ চিৎ' (পরমং সধস্থং প্রদর্শ্যৈব) প্রশংসনীয় সাজাত্য-ভাব দর্শাইয়াই 'তে' তোমার 'মনঃ' অন্তঃকরণ 'আ যমৎ' আয়ত প্রশস্ত করিয়া দিয়াছেন ; অধুনা 'ত্বাং' তোমাকে 'গিরা' বাক্যের দ্বারা 'কাময়ে' ইচ্ছাকরি (অর্থাৎ এই স্মারক বাক্যের দ্বারা তোমার নিকট বৎসোপদেশের স্মৃতি প্রার্থনা করি, গৌরবরক্ষণার্থ কিরূপ বিক্রমপ্রকাশ কর্ত্তব্য তদ্বিষয়ে বৎসকৃত উপদেশগুলি তোমার স্মৃতিপথে উদিত হউক ইহাই প্রার্থনীয়)। সধস্থাৎ শব্দটি ল্যপ্‌লোপে পঞ্চমী এবং সহপূর্ব্বক স্থাধাতু হইতে সধস্থ শব্দ নিষ্পন্ন হয় অতএব সধস্থশব্দের প্রকৃত অর্থ 'যে পথে বা যাহাতে সাধুগণ একত্র ঐকমত্যে স্থিতি অর্থাৎ সহবাস করেন, তাহাকেই সধস্থ কহে সুতরাং সধস্থ শব্দে স্বজাতি-মিলন-স্থান অর্থাৎ সমাজ। ইহার দ্বারা দেব-সমাজ, পিতৃসমাজ, মনুষ্যসমাজপ্রভৃতি সমস্তই বুঝাইতে পারে ॥ ৮

সা৹ভা৹। আ তে বৎস-ইত্যেষা কণ্বগোত্রেণ বৎসেন দৃষ্টা। ছন্দোদেবতে পূর্ব্ববৎ। সৈষা অষ্টমী। বৎসঃ এতন্নামা ঋষিঃ। তে তব, মনঃ পরমাচ্চিৎ উৎকৃষ্টাদপি, সধস্থাৎ সহস্থানাৎ দ্যুলোকাৎ। আ যমৎ আ যময়তি। কেন সাধনেন? গিরা স্তুত্যা। শিষ্টং প্রত্যক্ষকৃতম্। হে অগ্নে! ত্বাং কাময়ে ত্বদীয়ং মনো ময্যেব নিযচ্ছামীতি প্রার্থয়ে। 'ত্বাকাময়ে' ইতি ছন্দোগাঃ। ত্বাম্ কাময়ে' ইতি বহ্বৃচাঃ সুবন্তমাশ্রিত্য. পঠন্তি ॥ ৮

ভা৹ অ৹। 'বৎসঃ' এতন্নামক ঋষি 'তে মনঃ' তোমার মনটি 'পরমাৎ চিৎ সধস্থাৎ' উৎকৃষ্টস্থান স্বর্গ হইতেও 'আ যমৎ' আকৃষ্ট করিয়াছেন। কি উপায়ে? 'গিরা' স্তুতি-বলে। অবশিষ্ট ঋগংশের ব্যাখ্যা সাক্ষাৎ সম্বন্ধে করিতে হইবে,— হে 'অগ্নে' 'ত্বাং কাময়ে' তোমার মনটি আমাতেই নিয়ত হউক। ইহাই প্রার্থনা করি ॥ ৮

—ঃ*ঃ—

(৯)

১ ২ ৩ ১ ২ ৩ ১। ২। ৩ ১ ২
ত্বামগ্নেপুষ্করাদধ্যথর্বানিরমন্থত।
২ ১। ২। ৩ ১ ২
মূর্ধ্নোবিশ্বস্যবাঘতঃ (ঋ৹ ৬, ১৬, ১৩) ॥ ৯

বি৹। বৃহস্পতি বংশীয় ভরদ্বাজ ঋষি যে অষ্টচত্বারিংশন্মন্ত্রাত্মক সূক্ত প্রচার করেন, যাহা ঋক্ সংহিতার ৮ম মণ্ডলের ষোড়শ, ইহা তাহারই ত্রয়োদশ অতএব বার্হস্পত্য ভরদ্বাজই ইহার ঋষি। গা৹ ছ৹। অগ্নিমন্থনে ব্যবহৃত হয় সুতরাং ইহাও আগ্নেয়ী। অগ্নি নামক কোন ঋষি ইহা গান করিয়াছেন, সেই গানটির নাম 'আর্ষেয়'। ইহা গে৹ গা৹ ১প্র৹ ১অ৹ ১৮শ। যথা—

৫র র ৫র ৫র ১ ২ র ১
গে৹ গা৹। ত্বামগ্নে পূষ্কা৬রাদধী। আথর্বা। নাথিঃ।
৭ ৬ ৫ ৩ ৫ ৩ ৫ ৪ ৫
অমা২স্থা২৩৪তা। মু২৩৪র্ধ্নো। বা২৩৪যিশ্বা। স্যবো বা।
৪ ৫
ঘা২৫তো৬হাযি ॥ ১৮ ॥ ৯

বা৹ টী৹। শরফলকাদিতে বৈদ্যুতাগ্নি সংযোগ করিবার সময়ে এই মন্ত্রের দ্বারা, বৈদ্যুতাগ্নিকে ব্যবহৃত করিবার

উপায় আবিষ্কারক, অথর্ব্বঋষির নামোল্লেখ দ্বারা কর্ত্তব্য-কৃতজ্ঞতা সূচিত হইতেছে ;—'অগ্নে!' 'বাঘতঃ' মেধাবী 'অথর্বা' ঋষিই সর্ব্বপ্রথমে এই 'বিশ্বস্য মূর্দ্ধঃ' 'পুষ্করাৎ' বিশ্বের মস্তকস্বরূপ অন্তরীক্ষ হইতে 'অধি' ঐশ্বর্য্যস্বরূপ 'ত্বাং' তোমাকে 'নিরমন্থত' আবিষ্কৃত করিয়াছেন। বাঘত শব্দটীর অর্থ ভগবান্ যাস্ক'মেধাবী'স্থির করিয়াছেন (১১,১৬) যে ঋষি এতদূর বিজ্ঞানবিৎ তাঁহার পক্ষে এ বিশেষণ অবশ্যই উপপন্ন ; একবচন স্থলে বহুবচন, সমধিক মানদ্যোতক অথবা বেদে অনেকানেক হলন্ত শব্দই অদন্তরূপে ব্যবহৃত দেখা যায় ; যথা—মহ, অপ, অর্ণ প্রভৃতি। পুষ্কর শব্দে অন্তরীক্ষ ইহাও যাস্ক-সম্মত (৫, ১৪)। অধি শব্দ যে ঐশ্বর্য্য-বাচী তাহাও যাস্ক স্বীকার করিয়াছেন (১, ৩) এবং তাদৃশ মহদুপযোগী বিদ্যুদগ্নি যে অন্তরীক্ষস্থ ঐশ্বর্য্যবিশেষ তাহাতেও সন্দেহ নাই, বিশেষতঃ অভিনব পদার্থের আবিষ্কারক অথর্ব্বার পক্ষে॥ ৯

সা° ভা°। ত্বামগ্ন-ইত্যেষা ভরদ্বাজেন দৃষ্টা। ছন্দোদেবতে পূর্ব্ববৎ। সৈষা নবমী। হে অগ্নে! অথর্বা এতৎসংজ্ঞ ঋষিঃ। ত্বাং পুষ্করাদধি পুষ্করে পুষ্করপর্ণে। নিরমন্থত অরণ্যোঃ সকাশাদজনয়ৎ। কীদৃশাৎ পুষ্করাৎ? মূর্দ্ধঃ মূর্দ্ধবদ্ধারকাৎ। বিশ্বস্য সর্বস্য জগতঃ। বাঘতঃ বাহকাৎ। "পুষ্করপর্ণে হি প্রজাপতির্ভূমিমপ্রথয়ৎ তৎ পুষ্করপর্ণে প্রথয়ৎ" —ইতি শ্রুতেঃ। ভূমিশ্চ সর্ব্বজগত আধারভূতেতি পুষ্কর পর্ণস্য সর্ব্বজগদ্ধারকত্বম্। অত্র পুষ্করশব্দেন পুষ্করপর্ণমভিধীয়তে—ইত্যেতচ্চ তৈত্তিরীয়কে বিস্পষ্ট মাম্নাতম্ ;—

"ত্বামগ্নে। পুষ্করাদধ্যথর্বা নিরমন্থত। মূর্ধ্নো বিশ্বস্য বাঘতঃ॥"-ইতি॥ ৯

"ত্বামগ্নে। পুষ্করাদধীত্যাহ, পুষ্করপর্ণে হ্যেন মুপ শ্রুতম-বিন্দৎ"-ইতি॥ ৯

ভা॰ অ॰। হে 'অগ্নে!' 'অথর্বা' এতন্নামক ঋষি 'ত্বাং' তোমাকে 'পুষ্করাদধি' পুষ্করপর্ণেতে 'নিরমন্থত' অরণিদ্বয় হইতে প্রাদুর্ভূত করেন। কীদৃশ পুষ্করে? 'মূর্দ্ধঃ' মূর্দ্ধার ন্যায় ধারক এবং 'বিশ্বস্য বাঘতঃ' সমস্ত জগতের নির্ব্বাহক। যেহেতু শ্রুতি আছে, যে, 'প্রজাপতি পুষ্করপর্ণে ভূমি প্রথিত করিয়াছেন' এবং ভূমি সর্ব্বজগতের আধার অতএব পুষ্কর-পর্ণকে সর্ব্বজগতের ধারক বলাযায়। পুষ্কর শব্দে যে পুষ্করপর্ণ গ্রাহ্য তাহাও তৈত্তিরীয় শাখাতে স্পষ্ট অবগত হওয়া যায়॥ ৯

মা॰ ভা॰ অ॰। বিবরণকার মাধবাচার্য্য (সায়ণাচার্য্যের পূর্ব্ববর্ত্তী) ইহার অপর প্রকার ব্যাখ্যা করেন। তিনি বলেন— "এস্থলে একটি ইতিহাস বোধিত হইতেছে। প্রথমে এ সমস্তই গাঢ়ান্ধকারময় ছিল, অনন্তর মাতরিশ্বা বায়ু আকা-শেতে সূক্ষ্ম অগ্নি দেখেন এবং উহা মন্থনপূর্ব্বক প্রকাশ করেন, এই মন্থনকারীকেই অথর্ব্বাঋষি বলা যায় অতএব ইহার অর্থ এইরূপ— হে 'অগ্নে' 'ত্বাং' তোমাকে 'পুষ্করাৎ' অন্তরীক্ষ হইতে 'অথর্বা' 'নিরমন্থত' মন্থন করিয়াছেন। কীদৃশ অন্তরীক্ষ হইতে? 'মূর্দ্ধঃ' মূর্দ্ধস্বরূপ হইতে। কি নিমিত্ত? 'বিশ্বস্য বাঘতঃ' সমস্ত ঋত্বিক্‌গণের ইষ্টসিদ্ধির নিমিত্ত। 'অধি' শব্দটি এ মন্ত্রে অনর্থক॥" ৯

বক্তব্য— মাধবকৃত এ ব্যাখ্যাটি অনেকাংশে উৎকৃষ্ট কিন্তু বেদের অপৌরুষেয়তা রক্ষার অনুরোধে 'প্রাবাহণি

অথর্ব্বা প্রভৃতি নামগুলি মাতরিশ্বা বায়ু প্রভৃতিরই রূপক-কাব্যানুগত নামান্তরমাত্র' —এইরূপ মীমাংসাদর্শন-মত (১অ০১পা০৬সূ০) প্রবল থাকায় অথর্ব্বা যে একজনা মনুষ্যের নাম ছিল, তাহা স্বীকার ছিল না, অদ্যাপিও তাদৃশ সংস্কার বিশিষ্ট কোন বৈদিক অধ্যাপকই বলেন না এবং তদানীন্তনও বিজ্ঞানচর্চ্চার আলোক বিকীর্ণ না থাকায় এ মন্ত্রে প্রকাশিত বৈজ্ঞানিক ভাবটি লক্ষ্য করিতে না পারিয়া 'বিশ্বস্য' পদের সহিত 'বাঘতঃ' পদের অন্বয় ও বাঘত শব্দের অর্থ ঋত্বিক্ করিয়াছেন, তাহাতেও সম্পূর্ণরূপে পূর্ণমনোরথ হইতে না পারিয়া অবশেষে 'ইষ্টসিদ্ধির নিমিত্ত' এই অংশ-টুকু অতিরিক্ত যোজনা করিয়াছেন, এবং ঈদৃশ অর্থে 'অধি'র অনাবশ্যকতা-নিবন্ধন অনর্থকতা স্বীকার করিয়াছেন।

এই সমস্ত আর্য্যাবনতিকালের টীকাকার দিগের টীকা-নুযায়ী বেদার্থ পর্য্যালোচনা করিয়াই পাশ্চাত্য ধীমদ্গণ বেদে বৈজ্ঞানিকভাব নাই স্থির করিয়াছেন বস্তুতঃ এ মন্ত্রের প্রকৃত অর্থ ও ভাব, নিবিষ্ট চিত্তে পর্য্যালোচনা করিলে সুস্পষ্ট লক্ষিত হইবে, যে, এই মন্ত্রের রচনাকালে যাদৃশ বিজ্ঞানচর্চ্চা ছিল ততদূর আজিও হয় নাই ॥ ৯

—০—০—

(১০)

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
অগ্নেবিবস্বদাভরাস্মভ্যমূতয়েমহে।
৩ ১ ২ ৩ ২
দেবোহ্যসিনোদৃশে ॥ ১০

বি০। এ মন্ত্রটি ঋক্‌সংহিতাতে নাই। হোতৃগণের প্রয়ো-

জনীয় নহে, এইজন্যই উহাতে ইহার অসম্ভাব এবং এতন্মূলক সামটি উদ্গাতৃগণের উপযোগী, এইজন্যই সামবেদীয় আর্চ্চিক গ্রন্থে সমাদৃত। ইহার প্রকাশক ঋষি বামদেব। ছ৹ গা৹। দেবতা অনির্ণীত। বধ্র্যশ্ববংশীয় সুমিত্র বা অনূপ ঋষি এইটি গান করিয়াছেন,তদনুযায়ী ইহার 'সৌমিত্র' বা 'আনূপ' নামকরণ হইয়াছে। তাহাই এক্ষণে গে৹ গা৹ ১প্র৹১অ৹১৯শ। যথা—

৪ ৫র ৪ ৫ ১র ৫ ৪ ১ ৫ ২র ১
গে৹ গা৹। অগ্নেব্বিব্বস্বদাভরো। ব্বাহাযি। অস্মভ্যমূতা

১ ২র ১ ২ ২ ১ ২ ২ ১ ২
হ৩যাযিমহে। ওহ্। ব্বা৩হাযি। ওহ্। ব্বা৩হাযি। দাযিব্বো

৩ — ১ ২ ২ ১ ২ ২ ১
হ১হিযা২। ওহ্। ব্বা৩হাযি। ওহ্। ব্বা৩হা৩যি। সা২যি

৩ ৫র র ২
না২৩৪ ঔহোব্বা। দৃশেহ১ ॥ ১৯ ॥ ১০

বা৹টী৹। এ মন্ত্রে অগ্নি শব্দের অর্থ সূর্য্য। হে 'ব্বিব্বস্বৎ' তমোধ্বংসকারিন্ 'অগ্নে!' তেজঃপুঞ্জরূপ সূর্য্য!'নঃ' আমাদের 'মহে ঊতয়ে' মহতী রক্ষার নিমিত্ত তুমি 'অস্মভ্যম্' আমাদিগের শরীর হইতে (যথাসময় যথাক্রমে) 'আভর' রস সকল আহরণ করিয়া থাক এবং 'দৃশে' দৃষ্টিক্রিয়ার জন্য 'দেবঃ অসি' দীপ্যমান রহিয়াছ। অর্থাৎ তোমার আলোকেই আমরা ইতস্ততঃ দৃষ্টিবিক্ষেপে কৃতকার্য্য হই এবং তোমার রসাহরণ শক্তিতেই আমাদের শারীরিক সুস্থতা সুরক্ষিত হইয়া থাকে। বিবস্বৎ শব্দের তমোধ্বংসকারী অর্থটি সর্ব্ববাদিসম্মত এবং সেইজন্যই উহা অমরকোষে সূর্য্যের নামাবলিতে নির্দ্দিষ্ট হইয়াছে; সায়নাচার্য্যও

অপরাপর স্থলে তাহাই বলিয়া থাকেন। বিবরণকার এ মন্ত্রের ব্যাখ্যাতেও তাহাই স্বীকার করিয়াছেন। 'আ ভর' এটি হৃ ধাতু হইতে নিষ্পন্ন এবং আঙ্‌-পূর্ব্বক হৃ ধাতুর অর্থ আহরণ করা, ইহা সর্ব্ববাদিসম্মত সুতরাং সূর্য্যের আহরণীয় বস্তু রস, তাহাই আক্ষেপলব্ধ হইবে (হরিপদ ঘটিত প্রায় সমস্ত মন্ত্রই এ বিষয়ে প্রমাণ এবং নিরুক্তের দৈবতকাণ্ডের ১ম অধ্যায়ের ১ম ও ২য় খণ্ডও দ্রষ্টব্য) এমন্ত্রেও যথেষ্ট বৈজ্ঞানিক ভাব এবং শরীরের সহিত গ্রহ-নক্ষত্রাদির যোগ থাকাও অবশ্য মন্তব্য, দেখা যায়॥ ১০

সা° ভা°। পূর্ব্বোক্তাসু ঋক্ষু বহ্বৃচানামনুক্রমণিকাগ্রন্থং পর্য্যালোচ্য তত্রোক্তা ঋষিচ্ছন্দোদেবতা যোজিতাঃ। এবমুত্তরাস্বপি যোজনীয়াঃ। অগ্নেৰিবস্বদিত্যেষা তু বহ্বৃচৈর্নাম্নাতা, তথাপ্যস্যাশ্ছন্দোদেবতে পূর্ব্ববদ্বিস্পষ্টে, ঋষিস্তু বামদেবইতি গ্রন্থান্তরাদবগতঃ॥ হে অগ্নে! ত্বম্ অস্মভ্যম্ অস্মাকম্। মহে উতয়ে, মহতে রক্ষণায়। অব রক্ষণে-ইতি ধাতোঃ ঊতিযূতিজূতীতি সূত্রেণ নিপাতিতং রূপম্। বিবস্বৎ স্বর্গাদিলোকেষু বিশেষেণ নিবাসস্য হেতুভূতমিদং কর্ম্ম, আভর সম্পাদয়। হৃগ্রহোর্ভশ্ছন্দসীতি ভত্বম্। হি যস্মাৎ ত্বং, নঃ অস্মাকম্, দৃশে দর্শনার্থম্। দেবঃ দ্যোতমানঃ, অসি। ইন্দ্রাদয়ো নাস্মাভিঃ দৃশ্যন্তে, ত্বং তু গার্হপত্যাদিদেশেঽতিদ্যোতমানঃ প্রত্যক্ষেণ দৃশ্যসে, তস্মাত্ত্বাং বিশেষণ প্রার্থয়ামহে ইত্যভিপ্রায়ঃ॥ ১০

ভা° অ°। হে 'অগ্নে!' তুমি' 'অস্মভ্যং' আমাদিগের 'মহে উতয়ে' মহতী রক্ষার জন্য 'বিবস্বৎ' যাদৃশ কর্ম্ম করিলে স্বর্গাদিলোকে নিবাস করিতে পারা যায় তাদৃশ কর্ম্ম 'আ ভর'

সম্পাদিত কর। 'হি' যেহেতু তুমি 'নঃ' আমাদের 'দৃশে' দর্শনের জন্য 'দেবঃ' দ্যোতমান 'অসি' রহিয়াছ; অর্থাৎ ইন্দ্রাদিকে আমরা দেখিতে পাইনা কিন্তু গার্হপত্যাদি বেদীতে অতিশয় দ্যোতমান, প্রত্যক্ষ দৃষ্ট হইয়া থাক অতএব তোমাকে বিশেষরূপে প্রার্থনা করি ॥ ১০

বক্তব্য;— কি আশ্চর্য্য কালের মহিমা! যে সময়ে অতি-সরলভাবে অতি সংক্ষেপে অথচ সুস্পষ্টরূপে এই মন্ত্রটীতে মহান্ বৈজ্ঞানিক ভাব স্মরণপূর্ব্বক ঈশ্বরমাহাত্ম্য গীত হইয়াছিল, সে সময়ই বা কি? এবং যৎকালে আমাদের দেশ সম্পূর্ণরূপে বিজ্ঞানাদিচর্চ্চাশূন্য, যবন-যন্ত্রণা-জ্বলিত মুমূর্ষু-প্রায়, তদানীন্তনীয় আচার্য্য (টীকাকার) গণের অন্তঃকরণে সর্ব্বথা তাদৃশভাবের অসদ্ভাবে তাঁহারা যে কোন রূপে হউক উদ্ধার হইবার অভিপ্রায়ে কুটিলবর্ত্মগামী হইয়া কতই না কষ্ট পাইয়াছেন? এই জন্যই অথর্ব্বসংহিতার ঊনবিংশ কাণ্ডের ষষ্ঠানুবাকীয় ৫৩ ও ৫৪ সূক্তদ্বয়ে কালের মহিমা যথেষ্ট আন্দোলিত হইয়াছে ॥ ১০

ইতি প্রথমপ্রপাঠকীয় প্রথমার্দ্ধের প্রথম দশতের

শ্রীসত্যব্রত-সামশ্রমি-সামগ-কৃত

বাঙ্গালা ব্যাখ্যা সমাপ্তা। ১

দ্বিতীয় দশতি—

(১১)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ৩ ১ ২
নমস্তেঅগ্নওজসেগৃণন্তিদেবকৃষ্টয়ঃ।
১ ২ ৩ ১ ৩
অমৈরমিত্রমর্দ্দয় (ঋ০ ৮, ৭৫, ১০) ॥ ১

বি০। অঙ্গিরোবংশাবতংস বিরূপ ঋষি ১৬টি ঋকের যে একটি সূক্ত প্রকাশ করেন, যাহা ইদানীং ঋক্ সংহিতার অষ্টম মণ্ডলের পঞ্চসপ্ততিতম। এ ঋক্‌টি উহারই দশম অতএব ইহার ঋষি বিরূপ। ছ০ গা০। ঐ সূক্তটি দশরাত্র যাগের তৃতীয়াহে আজ্যশস্ত্ররূপে ব্যবহৃত হইয়া থাকে সেই জন্য আগ্নেয় সুতরাং এই ঋক্‌টিও আগ্নেয়ী। ইহার একটি গান উহগ্রন্থের ১৬প্র০ ১অ০ ষোড়শ, অপরটি গেয়গানের ১প্র০ ১অ০ ২০শ। এ সামের প্রকাশক অগ্নিঋষি এবং ইহার নাম 'সংবর্গ'। যথা—

১ ২ র ৪ ৫ ১ ২ ১
গে০ গা০। নমস্তো। হোগ্নাযি। ওজসা৩যি। গৃণা২
৩ ৫র ১ ৩ — ১ ২ ১ ৩
ন্তা২৩৪যিদে। বাকৃষ্টযা২ঃ। অমাযে৩ঃ। আ২মা২৩৪
৫র র ২ ৩ ১ ১ ১ ১
ঔহোবা। ত্রমর্দযা২৩৪৫ ॥ ২০ ॥ ১

বা০ টী০। 'অগ্নে!' হে অগ্নির অগ্নি! অগ্নিরূপে সর্ব্বভূতান্তরাত্মন্! 'দেব-কৃষ্টয়ঃ' দেবস্বভাব মনুষ্যেরা 'ওজসে' ওজোলাভের জন্য তোমাকে 'গৃণন্তি, সততই স্তুতি করিতেছেন এবং তুমিও 'অমৈঃ' বিবিধরোগ সৃষ্টি করিয়া 'অমিত্রং'

সর্ব্ব-শত্রু পাপকে 'অর্দ্দয' পুনঃ পুনঃ অর্দ্দিত করতঃ তাহাদের অন্তঃকরণে অননুভূতপূর্ব্ব বল প্রদান করিতেছ অর্থাৎ রোগযন্ত্রনার দ্বারা পাপ নষ্ট করতঃ তাহাদিকে বিশুদ্ধ করিতেছ। 'নমস্তে' তোমাকে নমস্কার।

বিরূপ ঋষি কর্ত্তৃক সূক্ত গ্রথনার্থ সংগৃহীত হইবার পূর্ব্বে, ইহা অবশ্য ঈশ্বরেরই স্তুতি বোধক ছিল সুতরাং এ মন্ত্রে প্রকৃত অগ্নিশব্দে ঈশ্বরই বুঝিতে হইবে, ঈশ্বরবাচক অগ্নি আছে, তদ্বিষয়ে ঋক্‌সংহিতার প্রথম মণ্ডলের ১৬৪ সূক্তের ষট্‌চত্বারিংশ মন্ত্রই যথেষ্ট প্রমাণ এবং উহা ঐ অভিপ্রায়েই ব্যক্ত, তাহা ঋগ্বেদ সংহিতার ভাষ্যাবতরণিকাতে সায়ণাচার্য্য সুস্পষ্ট স্বীকারও করিয়াছেন বরং এই প্রমাণেই সমস্ত বেদে মন্ত্রের ঈশ্বরারাধনাতেই প্রকৃত তাৎপর্য্য স্থির করিয়াছেন। ঐ মন্ত্রটি এই—"সেই দিব্য, সুপর্ণ, গরুত্মান্ (ঈশ্বর) এক হইলেও মেধাবীরা অনেক প্রকারে ব্যক্ত করেন;—ইন্দ্র, মিত্র, বরুণ ও অন্তরগ্নি তাঁহাকেই বলেন এবং বহিরগ্নি, যম ও মাতরিশ্বাও তাঁহাকেই বলেন"। এস্থলে 'অর্দ্দয' এই পদটি অনুজ্ঞা অর্থে নহে, ইহা পুনঃ পুনঃ অর্থে পাণিনির ৩, ৪, ২য় সূত্র দ্রষ্টব্য। ওজঃ শব্দের অর্থ বল, নিরুক্ত ৬, ৮ দেখ।

বোধ হয়, সেনাপতি অগ্নি ঋষি রণ-প্রয়ান কালে এই মন্ত্রটি গান করতঃ ঈশ্বর স্মরণ করিয়াছিলেন। তাদৃশ অবস্থায় এ মন্ত্রের অর্থ যথা—হে 'অগ্নে' ব্রহ্মাগ্নে! 'দেব-কৃষ্টয়ঃ' রাজ-সম্বন্ধী মনুষ্যগণ অর্থাৎ সৈন্যগণ 'ওজসে' বল প্রাপ্তির জন্য তোমাকে 'গৃণন্তি' প্রার্থনা করিতেছে; 'অমৈঃ' প্রচুর

বল প্রদান করিয়া 'অমিত্রং' শত্রুকুল 'অর্দ্দয' অর্দ্দিত কর অর্থাৎ অর্দ্দন করিবার সামর্থ্যবান্ কর। অথবা 'অর্দ্দয' এ পদটি ণিজন্ত ধাতুর সুতরাং অর্দ্দন করাও,—এ অর্থও নির্ব্বিবাদ। 'নমস্তে' তোমায় নমস্কার ॥ ১

সা৹ ভা৹। অথ দ্বিতীয়খণ্ডে;—সেয়ং প্রথমা। হে অগ্নে! তে তুভ্যং নমোগৃণন্তি নমস্কারশব্দমুচ্চারয়ন্তি। কিমর্থম্? ওজসে বলায়। কে? কৃষ্টয়ঃ মনুষ্যাঃ, যজমানাঃ; অতোঽহমপি গৃণামীত্যর্থঃ। ত্বং চ অমৈঃ বলৈঃ। অমিত্রং শত্রুম্। অর্দ্দয় নাশয় ॥ ১

ভা৹ অ৹। হে 'অগ্নে!' 'দেব!' 'তে' তোমার তুষ্টির জন্য 'নমো গৃণন্তি' নমঃ শব্দ উচ্চারণ করে। কি জন্য? 'ওজসে' বললাভের জন্য। কাহারা উচ্চারণ করে? 'কৃষ্টযঃ' যজমান মনুষ্যগণ। অতএব আমিও নমঃশব্দ উচ্চারণ করি। তুমি 'অমৈঃ' বল সমূহের দ্বারা 'অমিত্রং' শত্রুকে 'অর্দ্দয' নাশকর ॥ ১

—ঃ#ঃ—

(১২)

২ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
দূতংবোবিশ্ববেদসংহব্যবাহমমর্ত্ত্যম্।
১ ২ ৩ ২
যজিষ্ঠমৃঞ্জসেগিরা (ঋ৹ ৪, ৮, ৭) ॥ ২

বি৹। গোতমবংশাবতংস বামদেব ঋষি ৮টি ঋকের যে একটি সূক্ত প্রকাশ করেন, যাহা ইদানীং ঋক্-সংহিতার চতুর্থমণ্ডলের অষ্টম। এ ঋকৃটি উহারই প্রথম অতএব ইহার ঋষি বামদেব। ঐ সূক্ত ব্যূঢ় দশরাত্র যাগের

প্রথমাহে ব্যবহৃত হয়, তন্মধ্যে এটি প্রাতরনুবাক সম্বন্ধীয় আগ্নেয় ক্রতুতে ব্যবহার্য্য সুতরাং ইহাও আগ্নেয়ী। এই ঋকৃটি বিশ্বমনা ঋষি গান করিয়াছেন অতএব ইহার নাম 'বৈশ্বমনা'; ইহা এক্ষণে গেয় গানের ১প্র০ ১অ০ ২১শ। যথা—

৫র ৪　২　৪ ৫র র　২ ১র
গে০ গা০। দূতাত্ংৱোত্ৗ ৱিশ্বৱেদসাম্। হৱ্যৱাহাম্।
১　৩　৫　১　২　১　২ ২　২১
অমা২র্ত্তা২৩৪যাম্। যাজিষ্ঠম্। ঋ। জসে৩হাযি। গিরা।
২　৪　৫　৪
ঔ৩হোৱা। হো২৫ই। ডা॥ ২১॥ ২

বা০ টী০। সেনাপতি অগ্নিঋষি শিবিরস্থায়ী হইলে তাঁহার ভগিনীগণ কর্ত্তৃক তাঁহার নিকটে একজনা চপাটী-বাহী দূত প্রেরিত হন, তাহাই এ মন্ত্রে প্রকাশিত হইতেছে। 'ৱঃ' (মান্যার্থ বহুবচন) আপনার নিকটে 'হৱ্যৱাহং' হব্য শব্দে খাদ্যবস্তু (অদ্যাপি রাজপুতানা প্রভৃতির রাজন্যগণ গুপ্ত সমাচার লিখিত পত্রাদি বড় বড় রুটির অন্তর্গত করিয়া পাঠাইয়া থাকেন ঐরূপ রুটিগুলিকে চপাটী কহে এই জন্যই খোট্টাদেশে 'চিঠী চপাটী' প্রবাদ শ্রুত হওয়া যায়; এস্থলে হব্য শব্দে সেই চপাটী বুঝিতে হইবে) তদ্বাহী 'দূতং' জনৈক দূতকে প্রেরণ করিতেছি (মন্ত্রে যদিও ঐরূপ ক্রিয়াপদ নাই তথাপি অর্থানুসারে অবশ্যই অধ্যাহর্ত্তব্য অর্থাৎ ভাবার্থে স্বয়ং সমাগত হইবে)। ইনি 'অমর্ত্ত্যং' যেহেতু দূত অতএব শত্রুরও অবধ্য, 'ৱিশ্বৱেদসং' আমাদের সমস্ত সংবাদ-জ্ঞ, 'যজিষ্ঠং' (এ পদটি সঙ্গমার্থ যজ ধাতুর অতএব) প্রেরিত সংবাদটি নিশ্চয় ও সম্যক্‌রূপে উপস্থিত করিতে সমর্থ।

ইহাঁকে আপনি 'গিরা' বাক্যের দ্বারা অর্থাৎ নিজ সংবাদ প্রদান করতঃ 'ঋঞ্জসে' প্রসাধিত কৃতকৃত্যরূপে পরিতুষ্ট করিবেন ॥ ২

সা০ ভা০। সৈষা দ্বিতীয়া। হে অগ্নে! বিশ্ববেদসং বিশ্বং সমস্তং বেদো ধনং যস্যাসৌ বিশ্ববেদাঃ, তম্ সর্ববিদং বা। হব্যবাহং দেবেভ্যো হবিষাং বোঢ়ারম্। অমর্ত্ত্যং অমরণধর্ম্মাণম্। যজিষ্ঠম্ অতিশয়েন যষ্টারম্। দূতম্ দেবানাম্। বঃ ত্বাম্। গিরা স্তুতিরূপয়া বাচা। ঋঞ্জসে যজমানোঽহং প্রসাধয়ামি বর্দ্ধয়ামীত্যর্থঃ। 'ঋঞ্জতিঃ প্রসাধনকর্ম্মা'-ইতি যাস্কঃ ॥ ২

ভা০ অ০। হে অগ্নে! 'বিশ্ববেদসং' বিশ্ব সমস্ত, বেদঃ ধন, যাহার তাহাকেই বিশ্ববেদাঃ কহে, তাদৃশ, 'হব্যবাহং' দেবগণের সমীপে হবিঃ-সমস্তের বাহক, 'অমর্ত্ত্যং' অমরণ-ধর্ম্মা, 'যজিষ্ঠং' অতিশয় যষ্টা, 'দূতং' দেবগণের, 'বঃ' তোমাকে 'গিরা' স্তুতিরূপ বাক্যের দ্বারা 'ঋঞ্জসে' আমি যজমান তোমার প্রসাধন করি অর্থাৎ বর্দ্ধন করি। যাস্ক বলেন যে 'ঋঞ্জ ধাতু প্রসাধন কর্ম্মক' ॥ ২

—:*:—

(১৩)

উপত্বাজাময়োগিরোদেদিশতীর্হবিষ্কৃতঃ।

বায়োরনীকেঅস্থিরন্ (ঋ০৮,১০২,১৩) ॥ ৩

বি০। ভৃগুবংশাবতংস প্রয়োগ ঋষি অথবা বৃহস্পতি-বংশীয় অগ্নিঋষি কিংবা অগ্নিগোত্রে সহ ঋষির পুত্রদ্বয় গৃহ-

পতি ও যবিষ্ঠ নামক ঋষিরা বা তাহাদেরই একজনা দ্বাবিংশ ঋকের যে একটি সূক্ত প্রকাশ করেন, যাহা ইদানীং ঋক্‌-সংহিতায় অষ্টম মণ্ডলের দ্ব্যধিকশততম। এ ঋক্‌টি ঐ সূক্তেরই ত্রয়োদশ অতএব ইহার ঋষি তাঁহাদেরই কেহ। সায়নাচার্য্য একমাত্র প্রয়োগঋষিরই উল্লেখ করিয়াছেন। ছ০ গা০। ঐ সূক্তের প্রথম অষ্টাদশ ঋক্ প্রাতরনুবাক্ সম্বন্ধী আগ্নেয় ক্রতুতে অনুবাক্যা রূপে ব্যবহৃত হইয়া থাকে এই জন্যই ইহাও আগ্নেয়ী। এতন্মূলক সাম ৫টি। তন্মধ্যে অরণ্যগানের ২প্র০ ২অ০ ৯ম ও ১০ম এবং ঊহগানের ১১প্র০ ১অং ১৩শ, এই তিনটি, অপর দুইটি গেয়গানের ১প্র০ ১অ০ ২২শ ও ২৩শ, এই দুইটির প্রকাশক যথাক্রমে শ্যাভঋষি ও শ্রুষ্টঋষি এবং নামও যথাক্রমে 'শ্যাভ' ও 'শ্রৌষ্টীয়'। যথা—

৫ র ১ ২র ৬ ১ ২ ১ ৭ — ২ ১
গে০ গা০। উপত্বাজা। মযো২গি। রওযিযযূ২ঃ। দাযি
২ র ১ ২ ১ ৭ — ১র ১র ২ ৩ ২ ৪
দীশতির্হব্রিষ্ক। তওহযিযযূ২ঃ। ব্বাযোরা২৩ নী। কযাতস্থা
৫ ১ ২ ১র ১ ১ ১ ১
হ৫যিরা৬৫৬ন্। অশ্বাতগাব্রা২৩৪৫ঃ॥ ২২॥

৫ র র ৫র ১ ২ ১ ২
উপত্বাজামা৬যোগিরাঃ। দাহযিদিশ। তাহযিঃ। হব্রীহ
৩ . ৫ ৫র র র র ৪ ৫ ১ ২ ৩র ৫
ষ্কা২৩৪র্ত্তাঃ। ব্বাযোরনাহাযিকাযা। স্থাযিরা। ঔহো২৩৪ব্রা।
৪ ৫
ঈ ডা॥ ২৩॥ ৩

বা০ টী০। উক্ত দূত তথায় উপস্থিত হইয়া এই ঋক্‌-টির দ্বারা সংক্ষেপে তদীয় গৃহসংবাদ ব্যক্ত করিতেছেন বা

উক্ত চপাটীর মধ্যেই এ ঋকটি বাহিত হইয়াছিল। 'হবিষ্কৃতঃ' হবিঃ অর্থাৎ চপাটী, তৎ-প্রস্তুতকারিণী 'জাময়ঃ' তদীয় ভগিনীগণ 'ত্বা' তোমাকে 'উপদেদিশতীঃ' উপদেশ অর্থাৎ সংবাদ দিতেছেন যে তাঁহারা 'বায়োঃ' বাতাসের 'অনীকে' মুখে 'অস্থিরন্' অবস্থিতি করিতেছেন অর্থাৎ তাঁহাদিগের নষ্ট হইতে একবারমাত্র বায়ুপ্রবাহের অপেক্ষা আছে এতাবতা তাঁহারা নিতান্তই সহায়-সম্পৃক্তি-হীনা সুতরাং ভীতা হওতঃ কালযাপন করিতেছেন, ইহাই সূচিত হইল॥ ৩

সা০ ভা০। সৈষা তৃতীয়া। হে অগ্নে! হবিষ্কৃতঃ যজমানার্থম্। গিরঃ স্তুতয়ঃ। জাময়ঃ স্বসার ইব। দেদিশতীঃ তব গুণান্ দিশন্ত্যঃ। ত্বা ত্বাম্, উপতিষ্ঠন্তে। বায়োঃ অনীকে সমীপে, ত্বাং সমেধয়ন্ত্যঃ, অস্থিরন্ অতিষ্ঠংশ্চ॥ ৩

ভা০ অ০। হে অগ্নে! 'হবিষ্কৃতঃ' যজমানের জন্য, 'জাময়ঃ' ভগিনীগণের ন্যায় 'দেদিশতীঃ' তোমার গুণসমস্তবর্ণনাকারিণী 'গিরঃ' স্তুতিসকল 'ত্বা' (উপতিষ্ঠন্তে) তোমার নিকটে উপস্থিত হইতেছে। এবং তাহারা 'বায়োঃ' বায়ুর 'অনীকে' সমীপে তোমাকে পরিবর্দ্ধিত করতঃ 'অস্থিরন্' স্থিতিও করিতেছে॥ ৩

—ঃ*ঃ—

(১৪)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২
উপত্বাগ্নেদিবেদিবেদোষাবস্তর্দ্ধিযাবয়ম্।

২ ৩ ১ ২ ৩ ১ ২
নমোভরন্তএমসি (ঋ০১,১, ৭)॥ ৪

বি০। বিশ্বামিত্রবংশধর মধুচ্ছন্দ ঋষি ৯টি ঋকের যে

একটি সূক্ত প্রকাশ করেন, যাহা ইদানীং ঋক্‌সংহিতার প্রথম মণ্ডলের প্রথম। এ ঋকটি উহারই সপ্তম অতএব ইহার ঋষি মধুচ্ছন্দ। ছ০ গা০। ঐ সূক্তটি প্রাতরনুবাক সম্বন্ধী আগ্নেয় ক্রতুতে বিনিযুক্ত হইয়া থাকে বিশেষত এ ঋক্‌টি অগ্নীষোমীয় প্রণয়ন কালে ব্যবহার্য্য অতএব আগ্নেয়ী। অদ্যতনীয় যজুর্ব্বেদেও ইহার পাঠ আছে (যং বাং সং ৩অং ২২কং)। এতন্মূলক একটিমাত্র গান গেয় গানের ১প্র০ ১অ০ ২৪শ দেখা যায়, উক্ত মধুচ্ছন্দের পিতা বিশ্বামিত্র ঋষিই ইহার প্রকাশক অতএব ইহার নাম 'বৈশ্বামিত্র'। যথা—

            ২ ১   ৪র ৫র   ১ —১
গে০ গা০। উপাত্বা২৩গ্নেদিব্বেদিব্বাযি। দোষা২ব্বা
১ —   ২ ১র   ১   —১   — ২ ১র   ২
স্তা২ঃ। ধিযাবযম্। নামো২ভারা২। তযেমা২৩সা৩৪৩যি।
১
ও২৩৪৫ই। ডা ॥ ২ ৪ ॥ ৪

বা০ টী০। এ ঋক্‌টিও সেই ভগিনীদেরই উক্তি। হে 'অগ্নে' 'ত্বা' (এটি চতুর্থীর রূপ) তোমার জন্য অর্থাৎ ত্বদীয় মঙ্গল কামনা করতঃ 'দিব্বে দিব্বে' প্রতিদিবস 'দোষাব্বস্তঃ' কি রাত্রে কি দিবাভাগে 'ব্বয়ং' আমরা 'ধিযা নমঃ' প্রজ্ঞা-সহকৃত নমস্কার 'উপভরন্তঃ' ঈশ্বরকে উপহার প্রদান করতঃ 'এমসি' কালযাপন করিতেছি ॥ ৪

সা০ ভা০। সৈষা চতুর্থী। হে 'অগ্নে' 'ব্বযম্' অনুষ্ঠাতারঃ 'দিব্বে দিব্বে' প্রতিদিনং 'দোষাব্বস্তঃ' রাত্রাব্বহনি চ 'ধিযা' বুদ্ধ্যা 'নমো ভরন্তঃ' নমস্কারং সম্প্রাদযন্তঃ 'উপ' সমীপে

'ত্বা এমসি' ত্বামাগচ্ছামঃ॥ উপশব্দস্য নিপাত-স্বরঃ। 'ত্বামৌ দ্বিতীয়ায়াঃ ইতি যুষ্মচ্ছব্দস্যানুদাত্তত্বাদেশঃ। দোষা-শব্দো রাত্রিবাচী। বস্তঃ-ইত্যহর্বাচী দ্বন্দ্বসমাসে কার্ত্তকৌজ-পাদিত্বাদাদ্যুদাত্তঃ। সাবেকাচইতি ধিযো বিভক্তিরুদাত্তা। নমঃ ইতি নিপাতঃ যদ্বা, নব্‌বিষয়স্যেত্যাদ্যুদাত্তঃ। ভরন্ত-ইত্যত্র শপঃ পিত্বাৎ শতুর্লসার্ব্বধাতুকত্বাচ্চ অনুদাত্তত্বে সতি ধাতুস্বরঃ শিষ্যতে। এমসীতি 'ইদন্তোমসি'-ইত্যনেন ইকারঃ, 'তিঙঃ'-ইতি নিঘাতঃ॥ ৪

ভা° অ°। হে 'অগ্নে !' 'বয়ং' অনুষ্ঠানকারী আমরা 'দিবে দিবে' প্রতি দিবস 'দোনাবস্তঃ' কি রাত্রে কি দিবসে 'ধিয়া' বুদ্ধিসহকৃত 'নমঃ' নমস্কার 'ভরন্তঃ' আহরণ করতঃ 'ত্বা' তোমার সমীপে 'এমসি' আগত হইতেছি॥ ৪

—:*:—

(১৫)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
জরাবোধতদ্বিবিড়্ঢিবিশেবিশেযজ্ঞিযায।
১ ২ ৩ ১ ২ ৩ ২
স্তোমংরুদ্রাযদৃশীকম্ (ঋ° ১, ২৭, ১০)॥ ৫

বিং। অজীগর্ত্তবংশধর শুনঃশেপ ঋষি ১৩টি ঋকের যে একটি সূক্ত প্রকাশ করেন যাহা ইদানীং ঋক্‌সংহিতার প্রথম মণ্ডলে সপ্তবিংশ। এ ঋক্‌টি তাহারই দশম অতএব ইহার ঋষি শুনঃশেপ। ছ° গা°। ঐ সূক্তটিও প্রাতরনুবাক সম্বন্ধী আগ্নেয় ক্রতুতে বিনিযুক্ত হইয়া থাকে বিশেষতঃ এ ঋক্‌টি আপ্তোর্যাম যাগে হোতার অতিরিক্ত উক্থ সম্পাদনার্থ ব্যবহৃ-

হৃত হইয়া থাকে অতএব আগ্নেয়ী। এতন্মূলক সাম তিনটি, তন্মধ্যে একটি উহগানের ১৪প্র০ ১অ০ ৫ম, অপর দুইটি গেয়গানের ১প্র০ ১অ০ ২৫শ ও ২৬ শ। এই দুইটি সামের প্রকাশক অগ্নিঋষি এবং যেহেতু এই মন্ত্রে জরাবোধ পদ শ্রুত আছে অতএব তদনুসারে ইহা 'জরাবোধীয' নামেই প্রসিদ্ধ। যথা—

৪ ৫ ১ — ১ — ১
গে০ গা০। জারা। বোধা২বোধা২। তদ্বিবিড্ঢাযি।
২র ১ — ১ ম২ ৫র ম ১র ১ ১র
বিশেবাযিশে২। যজ্ঞা২৩। যাযা৩৪ঔহোবা। স্তোমহং রুদ্রায
২র ১
দৃশীকাম্॥ ২৫ ॥

৫ র র ৪ ৫ ১ ২ ১ ২ ১ ২
জরাবোধোবা। তাদ্বিবিড্ঢাযি। বিশাযিবা২৩যিশে।
২ ১র র ৭ ৪ ৫ ৩র ২
যজ্ঞিযাযা। স্তোমা২ংরুদ্রা২৩যা২। দৃশীকো৩৪৫ ই।
ডা। ২৬ ॥ ৫*

বা০ টী০। যেরূপ উক্তির দ্বারা ঈশ্বরকে নমস্কার উপহার প্রদান করিয়া থাকেন, তাহাই এ ঋকে প্রকাশিত হইতেছে। হে 'জরাবোধ' (জরাশব্দে স্তুতি অথবা জরাবস্থা বা বয়োহানি, তদ্বিষয়ক বোধ বিশিষ্ট) আমাদের জরাবস্থাজ্ঞ! অথবা স্তুতির উদ্দেশ্যাভিজ্ঞ! বা বয়োহানিজ্ঞ অর্থাৎ রণক্ষেত্রে কত শত অকালে কাল-কবলিত হইতেছে তদবস্থাভিজ্ঞ। ঈশ্বর! 'যজ্ঞিযায' এই যুদ্ধ যজ্ঞ সম্বন্ধী 'বিশে বিশে' প্রতি মনুষ্যের হিত কামনায় 'রুদ্রায়' রুদ্র নামে প্রসিদ্ধ তোমার তুষ্ট্যর্থ 'দৃশীকং' এই দৃশ্যমান 'স্তোমং' স্তোত্র

(হইতেছে), 'তৎ' তাহা 'বিবিড্ঢি' বিদিত হও। রণক্ষেত্রস্থ মনুষ্যগণের হিতকামনায় এই স্তুতি করা হইতেছে অতএব এস্থলে ভীষণ-স্বভাব রুদ্ররূপেই ঈশ্বর বর্ণনীয়; রুদ্র শব্দে যে ঈশ্বরও হইতে পারেন, এ বিষয়ে আপাততঃ একটিমাত্র অথর্ব্ববেদ-সংহিতার প্রমাণ উদ্ধৃত হইতেছে; যথা—"যে রুদ্র দেবতা অগ্নির মধ্যে, যিনি জলের অন্তরে, যিনি সমস্ত ওষধি ও লতাদিতে প্রবিষ্ট আছেন। যিনি এই সমস্ত ভুবন সৃজন করেন; তাদৃশ অগ্নিদেবতাকে—রুদ্র দেবতাকে নমস্কার (৭, ৮১, ১)" ॥ ৫

সা০ ভা০। অথ পঞ্চমী। হে জরাবোধ! জরযা স্তুত্যা বোধ্যমানাগ্নে! বিশেবিশে তত্তদ্যজমানরূপপ্রজানুগ্রহার্থম্। যজ্ঞিযায যজ্ঞসম্বন্ধ্যনুষ্ঠানসিদ্ধ্যর্থম্। তদ্ দেব-যজনম্। বিবিড্ঢি প্রবিশ। যজমানোঽপি রুদ্রায ক্রূরাযাগ্নযে ত্বত্যম্। দৃশীকং দর্শনীযম্ সমীচীনং, স্তোমং স্তোত্রং করোতীতি শেষঃ ॥ অত্র যাস্ক এবং ব্যাখ্যাতবান্;—"জরা স্তুতিঃ, জরতেঃ স্তুতিকর্ম্মণঃ তদ্বোধতযা বোধযিতরিতি বা। তদ্ বিবিড্ঢি তৎ কুরু। মনুষ্যস্য যজমানায। স্তোমং রুদ্রায দর্শনীযম্"-ইতি। জরাবোধ। জৄষ্ বযোহানৌ অত্র তু স্তুত্যর্থঃ। 'ষিদ্ভিদাদিভ্যোঽঙ্'-ইত্যঙ্ প্রত্যযঃ, অতষ্টাপ্। জরযা স্তুত্যা বোধো যস্যাসৌ জরাবোধঃ। যদ্বা, জরযা বোধ্যতে -ইতি জরাবোধঃ; কর্ম্মণি আমন্ত্রিতাদ্যুদাত্তত্বম্। বিবিড্ঢি বিশ্ প্রবেশনে; লোটো হিঃ, 'বহুলং ছন্দসি' -ইতি শপঃ শ্লুঃ, অভ্যাস-হলাদিশেষৌ, 'হুঝল্‌ভ্যোহের্ধিঃ'-ইতি হের্ধিরা-দেশঃ, ষত্বষ্টুত্বে। যদ্বা; বিষ্‌৯ ব্যাপ্তাবিত্যস্য লোণ্মধ্য-

কৈকবচনে অত্যাগস্য গুণাভাবঃ। বিশেবিশে, 'আবেশাচ' -ইতি চতুর্থ্যা উদাত্তত্বম্, 'অনুদাত্তঞ্চ'-ইত্যাম্রেড়িতানুদাত্তত্বম্। যজ্ঞিযায, 'যজ্ঞর্ত্বিগ্‌ভ্যাং ঘখঞৌ'-ইতি ঘঃ। দৃশীকম্, 'অনিদৃশীভ্যাঞ্চেতি কীকন্, নিত্ত্বাদাদ্যুদাত্তঃ ॥ ৫

ভা৹ অ৹। হে 'জরাবোধ' জরাশব্দে স্তুতি তদ্দ্বারা বোধ্যমান অগ্নে। 'বিশেবিশে' সেই সেই যজমানরূপ প্রজা-গণের প্রতি অনুগ্রহ প্রকাশার্থ 'যজ্ঞিযায' যজ্ঞ সম্বন্ধী অনু-ষ্ঠান সিদ্ধির জন্য 'তৎ' সেই দেবযজন প্রদেশে 'বিবিড্ঢি' প্রবেশ কর। যজমানও 'রুদ্রায' ক্রূররূপী তোমাকে, 'দৃশীকং' দেখিবার উপযুক্ত সমীচীন 'স্তোমং' স্তব করিতেছে। জৄ ধাতু বয়োহানিবাচক হইলেও এস্থলে স্তুত্যর্থঃ ॥ ৫

মা৹ ভা৹ অ৹। এস্থলে একটি ইতিহাস লাভ হয়;— "অগ্নি শুনঃশেপকে বলেন;—তুমি রুদ্রকে স্তব কর, যে হেতু একমাত্র রুদ্রই সমস্ত পশুর দেবতা। তিনি তদুত্তরে বলিলেন;—আমি রুদ্রকে স্তব করিতে জানিনা তুমিই ইহাঁকে স্তব কর। এই বৃত্তান্তটি এ ঋকে প্রকাশিত হই-তেছে। হে 'জরাবোধ' যাহা আমাকে বলিলে, তাহা তুমিই 'বিবিড্ঢি' বিদিত আছ, আমি জানি না। অথবা 'বিবিড্ঢি এই পদটি ব্যাপ্ত্যর্থ বিষ ধাতুর, কিন্তু নিঘণ্টু গ্রন্থে বেশ শব্দটি কর্ম্মপর্য্যায় দৃষ্ট হয়। ফলে, ব্যাপনকরা ও করা, প্রায় একই অতএব এস্থলে 'বিবিড্ঢি'=কর। কি করিতে হইবে? 'বিশে বিশে' ঋত্বিক্ মনুষ্যদিগের হিতার্থ, 'যজ্ঞিযায' যজ্ঞ সম্পাদনের জন্য, 'রুদ্রায' রুদ্রদেবতার প্রীতির উদ্দেশে, 'দৃশীকং' দর্শ-নীয় 'স্তোমং' স্তোত্র। অথবা রোদনক্রিয়ানুসারে অগ্নিই

এস্থলে রুদ্রপদ-বাচ্য এবং জরাবোধ এ পদটি অন্তরাত্মারই সম্বোধন ও প্রৈষ। হে মদীয় অন্তরাত্মন্! সর্ব্ব মনুষ্যের যজ্ঞ-সম্পাদনকারী অগ্নির তুষ্টির জন্য স্তোত্র কর॥ ৫

—*ঃ*ঃ*—

(১৬)

২ ৩ ১ ৩২। ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
প্রতিত্যঞ্চারুমধ্বরংগোপীথায়প্রহূয়সে।
৩ ১ ২ ৩ ১ ২
মরুদ্ভিরগ্নআগহি (ঋ৹ ১, ১৯, ১)॥ ৬

ব৹। কণ্বংশীয় মেধাতিথি ঋষি যে কয়েকটি সূক্ত প্রকাশ করেন, তন্মধ্যে নব ঋকের যে সূক্তটি ইদানীং ঋক্-সংহিতার প্রথম মণ্ডলের ঊনবিংশ, এ ঋক্‌টি তাহারই প্রথম। ছ৹ গা৹। যেহেতু এ মন্ত্রে মরুদ্গণের সহিত অগ্নির আগমন প্রার্থিত হইয়াছে অতএব ইহার দেবতা অগ্নি ও মরুৎ নির্ণীত হইয়াছে। বৃষ্টিকামনায় কারীরী নামক যাগ অনুষ্ঠিত হইয়া থাকে, ইহা তাহারই ধায্যারূপে বিনিযুক্ত হয়। এতন্মূলক সাম একটি মাত্র গেয় গানের ১ প্র৹ ১ অ৹ ২৭ শা৹। ঐ সামের ঋষি— অগ্নি এবং নাম— যেহেতু ইহা মরুচ্ছব্দ-ঘটিত-মন্ত্র মূলক অতএব 'মারুত'। যথা—

২ ১ ৪র ৫ ২র র ১র
গে৹ গা৹। প্রতিত্যা২৩ঞ্চারুমধ্বরাম্। গোপাথা। যাহ্।
২ ৩ ৫ ২ ১ ২ ১ ২র ১ ২ ৪ ৫
প্রাহূয়া২৩৪সাযি। মরুদ্ভিঃ। আগ্না আগহা। ঔতহোবা।
৪
হোই৫ই। ডা। ২৭॥ ৬

বা॰ টী॰। এ মন্ত্রটী পূর্ব্বোক্ত প্রকরণের নহে, ইহা অগ্নিনামক সেনাপতির প্রেরকের উক্তি— হে 'অগ্নে!' 'ত্যম্ অধ্বরং চারুং' সেই রণানুষ্ঠান সুসম্পন্ন (জ্ঞাত্বা) অবগত হইয়া 'গোপীথায' গো পানের জন্য 'প্রহূযসে' তুমি আহূত হইতেছ; —'মরুদ্ভিঃ' সৈন্যগণের সহিত 'প্রত্যাগহি' প্রত্যাগমন কর। গো শব্দের অর্থ বহুবিধ আছে (মৎপ্রকাশিত নিরুক্ত দ্রষ্টব্য), এস্থানে টীকাকারগণ সোমরস বলেন, তাহা এঅর্থেও অসংলগ্ন নহে অর্থাৎ যুদ্ধজয়ীর অভিনন্দনার্থ পানামোদ অসম্ভাব্য নহে 'অধ্বরং' এই কর্ম্মপদের অনুরোধে 'জ্ঞাত্বা' এই অসমাপিকা ক্রিয়াটি অধ্যাহার করাও টীকাকারগণের প্রথা-বিরুদ্ধ নহে॥ ৬

সা॰ ভা॰। অথ ষষ্ঠী। ত্যচ্ছব্দঃ সর্ব্বনামস্তচ্ছব্দপর্য্যাযঃ। হে অগ্নে! যো যজ্ঞঃ চারুঃ অঙ্গবৈকল্যরহিতঃ। ত্যং তথাবিধম্, চারুম্, অধ্বরম্ প্রতি লক্ষ্য। গোপীথায সোমপানায। প্রহূযসে প্রকর্ষেণ ত্বং হূযসে। তস্মাদস্মিন্নধ্বরে ত্বং মরুদ্ভির্দেববিশেষৈঃ সহ, আ গহি, আগচ্ছ। সেযমৃগ্ যাস্কেনৈবং ব্যাখ্যাতা—'তং প্রতি চারুমধ্বরং সোমং পানায প্রহূযসে—সোঽগ্নির্ম্মরুদ্ভিঃ সহাগচ্ছ'-ইতি॥ ৬

ভা॰ অ॰। হে 'অগ্নে'! যে যজ্ঞ, চারু=অঙ্গবৈকল্যরহিত 'ত্যং' তাদৃশ 'চারুম্ অধ্বরম্' সুন্দর যজ্ঞ 'প্রতি' লক্ষ্য করিয়া 'গোপীথায' সোমপানের জন্য 'প্রহূযসে' প্রকৃষ্ট রূপে আহূত হইতেছ। অতএব এ অধ্বরে তুমি 'মরুদ্ভিঃ' মরুন্নামক দেবগণের সহিত 'আ গহি' আগমন কর॥ ৬

—:#:—

(১৭)

অশ্বন্ন ত্বা বারবন্তং বন্দধ্যা অগ্নিন্নমোভিঃ।
সম্রাজন্তমধ্বরাণাম্ (ঋ০ ১, ২৭, ১)॥ ৭

বি০। অজীগর্ত্তপুত্র শুনঃশেপ ঋষির প্রকাশিত যে ১৩ ঋকের সূক্ত ইদানীং ঋক্ সংহিতার প্রথম মণ্ডলের ২৭শ; ইহা তাহারই প্রথম ঋক্। ছং গাং। যেহেতু এ মন্ত্রে অগ্নিপদটিরই বর্ণনীয়তা দৃষ্ট হইতেছে অতএব অগ্নিই ইহার দেবতা। এতন্মূলক সাম ৫টি; তন্মধ্যে ঊহগানের ১২প্র০ ২অ০ ১৭শ এবং ২৩প্র০ ১অ০ ১৫শ; — এই দুইটী এবং অপর তিনটি, গেয়গানের ১প্র০ ১অ০ ২৮শ ২৯শ ও ৩০শ। এ তিনটির দ্বিতীয়টির প্রকাশক ইন্দ্র ঋষি ও নাম 'বারবন্তীয' এবং প্রথম ও তৃতীয়ের প্রকাশক ভৃগু বা শুনঃশেপ নাম ও তদনুযায়ী ভার্গব বা শৌনঃশেপ অথবা সামত্রয়েরই প্রকাশক ভৃগু বা শুনঃশেপ এবং যেহেতু মূলীভূত ঋক্‌টিতে 'বারবন্ত' শব্দ আছে অতএব এ সামত্রয়েরই নাম 'বারবন্তীয'। যথা—

গে০ গা০। আশ্বা। ঔহোঽ২৩৪বা। নাত্বা। ঔহোঽ২৩৪বা। বারবন্তংবন্দধ্যা। অগ্না। ঔহোঽ২৩৪বা। নমোভিঃসম্রাজ-ন্তাম্। আধ্বরাণাম্। ঔ২৩হোবা। হোঽ৫ই। ডা॥ ২৮॥

আব্বারবন্তাম্। বন্দধ্যা অগ্নিন্নমোতাভিঃ। সম্রাজন্

২ ৩র ৪র ৫ ১ ৩ ৫ ৩র ২ ৩
ত্বমাধ্বরা৩ঔহোবা। ইহা২৩৪হাই। ঔহো৩১২। ষা২৩৪
৫র র ২
ঔহোবা। ণা৩৪৫ম্ ॥ ২৯ ॥

৫ র র ৪ ৫ ২ ৩ ৫ ২ ১
অশ্বনত্বাঔহোহাযি। বারাবা২৩৪ন্তাম্। বন্দাধ্যা২৩৪
৫ ১ ২ ৩র র ৫ ১ ০ ৫ ২ ০
হাযি। অগ্নাযিনমা৩৪। ঔহোবা। ইহা২৩৪হাযি। উহুবা
৫ ২ ১র ২ ১ ৭ ২ ৩র ৪৩৫ ১ ০
২৩৪ভীঃ। সম্রাজ। ন্তাহ্মধ্বরা৩৪। ঔহোবা। ইহা২৩৪
৫ ৩র ২ ৫র ৫ ৪
হাযি। ঔহো৩১২৩৪। ণাম্। এহিযা৬হা। হো২৫ই।
ডা ॥ ৩০ ॥ ৭

বা০ টী০। এই মন্ত্রের দ্বারা রণজয়ী প্রত্যাগত সেনাপতি অগ্নির অভিনন্দন সম্পন্ন হইয়াছিল;— স্কন্ধ-কেশ-বিশিষ্ট উৎকৃষ্ট অশ্বে আরোহী, রণানুষ্ঠান সকলের একাধিপত্যকারী সেনানায়ক অগ্নিঋষিকে নমস্কার সহ বন্দনা করি। এ মন্ত্রে ইহাও বোধিত হইল যে, যে অশ্বের স্কন্ধে ভালরূপ কেশ থাকে, তাহা উৎকৃষ্ট ॥ ৭

সা০ ভা০। অথ সপ্তমী। অধ্বরাণাং যজ্ঞানাং, সম্রাজম্ তং সম্রাট্স্বরূপং স্বামিনম্ আগ্নম্ ত্বাং, নমোভিঃ স্তুতিভিঃ, বন্দধ্যৈ বন্দিতুং প্রবৃত্তাঃ-ইতি শেষঃ। অগ্নের্দৃষ্টান্তঃ— বারবন্তং' বালযুক্তম্। অশ্বং ন অশ্বমিব। অশ্বো যথা বালৈর্ব্যথকান্ মশকমক্ষিকাদীন্ পরিহরতি, তথা ত্বমপি জ্বালাভিরস্মদ্বিরোধিনঃ পরিহরসীত্যর্থঃ ॥ ৭

ভা০ অ০। আমরা, 'অধ্বরাণাং' যজ্ঞসমস্তের 'সম্রাজং' সম্রাট্স্বরূপ অগ্নিকে 'নমোভিঃ' স্তুতিসমূহের দ্বারা 'বন্দধ্যৈ'

বন্দনা করনার্থ, (প্রবৃত্তাঃ) প্রবৃত্ত হইয়াছি 'বারবন্তম্ অশ্বং ন' বালবিশিষ্ট অশ্বের ন্যায়;—এটি অগ্নির বিশেষণ অর্থাৎ যেরূপ স্কন্ধ:কেশ-বিশিষ্ট অশ্বগণ সেই কেশ দ্বারা দংশ মশকাদির তাড়না করে, তুমিও সেইরূপ স্বীয় জ্বালাসমূহের দ্বারা আমাদিগের বিরোধী শত্রুদিগকে দূর করিতেছ ॥ ৭

—:#:—

(১৮)

৩ ১ ২। ৩ ১ ২।
ঔর্ব্বভৃগুবচ্ছুচিমপ্নবানবদাহুবে।
৩ ১ ২ ৩ ১ ২
অগ্নিꣳসমুদ্রবাসসম্ (ঋ° ৮, ১০২, ৪) ৮

বিং। যেহেতু ইহা ইদানীং ঋক্সংহিতার ৮ম মণ্ডলের ১০২ সূক্তেরই চতুর্থ অতএব এই দশতির তৃতীয় ঋকের সহিত ইহার ঋষ্যাদির কোন ভেদ নাই (৩৭পৃ°)। ইহার গান দুইটিই গেয়গানের ১প্র° ১অ° ৩১শ ও ৩২শ। ইহাদের প্রকাশক ঔর্ব্ববংশীয় বৈধারয় ঋষি এবং যেহেতু এই মন্ত্রটিতে সমুদ্র বাসস্ শব্দ আছে অতএব ইহাদের নাম 'সামুদ্র' বা 'সমুদ্রবাস'। যথা—

৫র ৪ ৩ ৫ ১ ২র
গে° গা°। ঔর্ব্বভৃগুবৎ। ঔহাযি। শূ২৩৪চীম্। আপ্নবান
১ — ১২১ ১ — ১ ১ ২২ ২ ১ ২
বদা২হবা২যি। হুবওযি। অগ্না২যি৪ꣳসমূ২সমুও। দ্রবাসসা
১১১১
৩:উবা২৩৪৫ ॥ ৩১ ॥

[illegible] এ মন্ত্রটি বিভিন্ন প্রকরণের। বোধ হয় [illegible] হইতে পুরীষ্য (গ্যাস) অগ্নি আহৃত হইয়া [illegible] চিত্তক্রিয়াদি সম্পন্ন হইত এবং অন্তরীক্ষ হইতে [illegible] (বিদ্যুৎ) আহৃত হইয়া তাঁহা শরফলকাদিতে নি-য়োজিত হইত, সেইরূপ সমুদ্র হইতেও বাড়বাগ্নি আহৃত এবং আমাদের বুদ্ধির অগোচর কোন না কোন কার্য্যে ব্যব-হৃত হইত; এ মন্ত্রে তাহাই প্রকাশ পাইতেছে,— 'ঔর্ব ভৃগুবৎ' ঔর্ববংশীয় ভৃগু ঋষি ও 'অপ্নবানবৎ' অপ্নবান ঋষির ন্যায় 'শুচি' নামে প্রসিদ্ধ 'সমুদ্র বাসসং' জলধিবাসী অর্থাৎ বাড়ব 'অগ্নিম্' অগ্নিকে 'আহুবে' স্পর্দ্ধা সহ আহরণ করি-তেছি। এস্থলে শ্রুত ঋষিদ্বয়ের নামোল্লেখে স্পষ্টই প্রমাণিত হইতেছে যে ইহাঁরাই শুচি অগ্নির আবিষ্কারক। ৮

সা° ভা°। অথ অষ্টমী। সমুদ্রবাসসং সমুদ্রমধ্য-বর্ত্তিনং বাড়বম্। শুচিং শুদ্ধং অগ্নিম্। ঔর্বভৃগুবৎ যথা ঔর্বভৃগুঃ। অপ্নবানবৎ যথা অপ্নবানঃ। তথা আহুবে অহ-[illegible]। ৮

[illegible] অং। 'সমুদ্রবাসসং' সমুদ্র মধ্যবর্ত্তী বাড়ব নামক [illegible] বিশুদ্ধ 'অগ্নিম্' অগ্নিকে 'ঔর্বভৃগুবৎ' ঔর্বভৃগু ঋষির [illegible] 'অপ্নবানবৎ' অপ্নবান ঋষির ন্যায় 'আহুবে' [illegible]

—:•:—

(১৯)

৩ ১ ২ ৩১ ২ ৩ ১২ ৩ ২১
অগ্নি মিন্ধানো মনসা ধিয়ং সচেত মর্ত্ত্যঃ।
৩১ ২ ৩১২
অগ্নি মিন্ধে বিবস্বভিঃ (ঋ০ ৮, ৭০২, ২২)॥

বি০। ইহাও ঐ সূক্তেরই ২২শ অর্থাৎ অন্তিম অতএব ঋষ্যাদিও পূর্ব্ববৎ। এতন্মূলক একটিমাত্র সাম, উহাই গেয় গানের ১ প্র০ ১ অ০ ৩৩শ। ইহার প্রকাশক অত্রি ঋষি এবং নাম 'অসঙ্গ'। যথা—

৫৪ ৫র ৪ ৫র ৫ ৩৪ ৫র র
অগ্নিমিন্ধানোমনসো। হোহোবাহাই। ধীয়ংসচেতমৌ।
র২ ১ ১ ১ ১
হোতহাত। হো২৩৪র্ত্তিয়াঃ। অগ্নায়েতম্। আয়িন্ধা২৩৪
৫র র ২১ ৩১১১১
ঔহোবা। বিবস্বভী২৩৪৫ঃ॥ ৩৩॥ ৯

বা০ টী০। 'মর্ত্ত্যঃ' মানব জাতি 'মনসা' মনোভিনিবেশ পূর্ব্বক অর্থাৎ যেরূপে হউক 'ধিয়ং' কর্ম্ম (অন্নাদি রন্ধন শীত ক্লেশ বারণ প্রভৃতি) 'সচেত' করিবে, (ইহাই ঈশ্বরের অভিপ্রায়)। এক্ষণে অনন্যোপায় সুতরাং 'বিবস্বভিঃ' সূর্য্য-কিরণাবলির সাহায্যে 'অগ্নিম্ ইন্ধে' অগ্নি জ্বালিতেছি। 'সচেত' এটি বিধিপদ, এ বিধানটি কাহার বলিয়া স্বীকার্য্য? কাজেই বলিতে হইবে— 'অগ্নির দ্বারা পাকাদি নিষ্পাদিত হইবে' এ নিয়মটি যাঁর, এ বিধানটিও তাঁরই; পাকাদি সামর্থ্য অগ্নিতে যাঁহার প্রদত্ত, 'অগ্নি জ্বালিয়া পাকাদি কার্য্য করিবে' এই প্রকৃত বিধিটিও তাঁহারই, অবশ্য

স্বীকার্য্য। বিবস্বান্ পদে সূর্য্যকিরণ। এ বিষয়ে নিরুক্তই যথেষ্ট প্রমাণ "বিবস্বান্ বিবাসনবান্ (৭, ২৬)" সূর্য্যকিরণে আতসী কাচের সাহায্যে বা অন্য কোনরূপে এই অগ্নি আহৃত হইত তাহা যদিও বোদ্ধব্য নহে পরং ঋষিরা আতপাগ্নিও যে ব্যবহার করিতে জানিতেন, এ বিজ্ঞানটি নূতন নহে, এ মন্ত্রে ইহা স্পষ্টই প্রকাশিত হইতেছে ॥ ৯

সাং ভাং। মর্ত্ত্যঃ মনুষ্যঃ। অগ্নিমিন্ধানঃ কাষ্ঠৈঃ প্রজ্ব-লয়ন্। মনসা এব শ্রদ্ধধানঃ। ধিয়ং কর্ম্ম। সচেত কালে ভজেত। বিবস্বভিঃ ঋত্বিগ্‌ভিঃ। অগ্নিম্ এব ইন্ধে প্রজ্বলয়তি। বহ্ব্‌চানাম্ "ঈধে"—ইতি পাঠঃ ॥ ৯

ভা০ অ০। 'মর্ত্ত্যঃ' মনুষ্যজাতি 'অগ্নিম্' অগ্নিকে 'ইন্ধানঃ' কাষ্ঠাদির দ্বারা প্রজ্বলিত করত 'মনসা' শ্রদ্ধাযুক্ত সুসমাহিত হইয়া 'ধিয়ং সচেত' যথাকালে কর্ম্মানুষ্ঠান ক-রিবে। এবং 'বিবস্বভিঃ' ঋত্বিগ্‌গণের দ্বারা 'ইন্ধে' অগ্নি প্রজ্বলিত করাইবে ॥ ৯

—:*:—

(২০)

২উ ৩১২৩ ১২৩ ১২ ৩২
আদিৎ প্রত্নস্য রেতসো জ্যোতিঃ পশ্যন্তি বাসরম্।
৩২উ ৩১২৩১
পরো যদিধ্যতে দিবি (ঋ০ ৮, ৬, ৩০) ॥ ১০

ইতি দ্বিতীয় দশতি। ১, ১, ২।

বিং। ঋং কণ্বৃবংশীয় বৎস ঋষি যে ৪৮ ঋকের এক সূক্ত প্রকাশ করেন, যাহা ইদানীং ঋক্ সংহিতার ৮ম মণ্ডলের ষষ্ঠ, এ ঋক্‌টি সেই সূক্তেরই ৩০শ। ছং গাং। দেং ঋক্‌সংহিতাতে ইন্দ্র স্থির হইয়াছে, এস্থলে অগ্নিই নির্ণীত আছে। উক্ত সূক্তটির শেষ মন্ত্রত্রয়াতিরিক্ত সমস্ত মন্ত্রই মহাব্রত নামক সত্রে বিনিযুক্ত হইয়া থাকে। এতন্মূলক সাম একটিমাত্র; তাহা ইদানীং গেয় গানের ১প্রং ১অং ৩৪শ, এই সামেই ঐ অর্দ্ধাধ্যায়টি সমাপ্ত হইয়াছে। ইহার প্রকাশক প্রজাপতি ঋষি এবং নাম 'নিধনকাম'। যথা—

গেং গাং। আদিৎপ্রত্নাস্য রেতসাঃ। জ্যোতিঃ পশ্যন্তি ৱাসা২ রাম্। পরায়া২ দিধ্যতাই। দিৱি। হোই। হোই। ঔহো ঔহোৱা২৩৪৫হা উ। ৱা॥ ৩৪ ॥ ১০

ইতি প্রথমপ্রপাঠকস্য প্রথমার্দ্ধঃ। ১, ১।

বাং টীং। ইহাও একটি বৈজ্ঞানিক উপদেশ;— 'পরঃ' পরস্তাৎ অন্তরীক্ষে 'দিৱি' দ্যুসমীপে 'য়ৎ' যে 'ৱাসরং' অতি চঞ্চল 'জ্যোতিঃ' 'পশ্যন্তি' সকলে দেখে, তাহা 'আদিৎ' নিশ্চয়ই 'প্রত্নস্য রেতসঃ' পুরাতন জল সম্বন্ধী অর্থাৎ সঞ্চিত জলাত্মক মেঘগণের পরস্পর ঘর্ষণে প্রকাশ পায়। এ বিষয়ে আরও অনেক শ্রুতি আছে, তন্মধ্যে ইহাও একটি। ৱাসর শব্দের অর্থ অতি চঞ্চল, বিবরণকার মাধবাচার্য্যেরও সম্মত। পাঠকগণ দেখিবেন যাঁহাদিগকে পাশ্চাত্য ধীমদ্গণ বিজ্ঞান-মূর্খ বলিয়াই এক প্রকার স্থির করিয়াছেন, সেই

মহামহিম ঋষিগণ বিদ্যুৎকে কেমন উৎকৃষ্টরূপে পরিচিত করিয়াছেন! এ ঋকৃটিও ১০ম-মণ্ডলের নহে, বজ্রও যে বিদ্যুৎ হইতে ভিন্ন নহে, তাহা আথর্ব্বণ সংহিতাদিতে সুপ্রকাশিত আছে ॥ ১০

সাং ভাং। অথ দশমী। পরোদিবি দিবঃ পরস্তাৎ। ব্যত্যয়েন সপ্তমী। বহুবৃচানা" দিবেতি তৃতীয়ান্তেন ব্যত্যয়ঃ। দিবি দ্যুলোকস্যোপরি। য়দ্ য়দা। অয়ং বৈশ্বানরোঽগ্নিঃ, সূর্য্যাত্মনা ইধ্যতে দীপ্যতে। আদিৎ অনন্তরমেব। প্রত্নস্য চিরন্তনস্য। রেতসঃ গন্তুঃ, রী গতিরেষণয়োঃ, অস্মাৎ স্রুরীভ্যাং তুড়্বেত্যসুন্ তুড়াগমশ্চ। যদ্বা; রেতস ইত্যুদকনাম, রেতস্বিন উদকবতঃ। সামর্থ্যান্মত্বর্থো লক্ষ্যতে। ঈদৃশস্যেন্দ্রস্য সূর্য্যাত্মনঃ বাসরং নিয়ামকং, বাসরস্য নিবাসহেতুভূতং বা। জ্যোতিঃ দ্যোতমানং তেজঃ। পশ্যন্তি সর্ব্বে জনাঃ। য়দ্বা, বাসরমিত্যত্যন্তসংয়োগে দ্বিতীয়া, কৃৎস্নমহঃ উদয়প্রভৃত্যস্তময়াৎ জ্যোতিঃ পশ্যন্তীত্যর্থঃ। 'ইসুসোঃ সামর্থ্যে'-ইতি বিসর্জনীয়স্য ষত্বম্ ॥ ১০

ভাং অং। 'পরঃ দিবি' (দিবি এ সপ্তমী ব্যত্যয়ে) দ্যুলোকের উপরি 'য়দ্' যৎকালে এই বৈশ্বানর অগ্নি সূর্য্যরূপে 'ইধ্যতে' প্রদীপ্ত হএন, 'আদিৎ' তৎপরেই 'প্রত্নস্য রেতসঃ' চিরগমনকারী অথবা রেতঃ-শব্দে উদক, এ স্থলে উদকবিশিষ্ট; এতাবতা চির-উদকবিশিষ্ট সূর্য্যরূপ ইন্দ্রের 'বাসরং' নিয়ামক বা বাসরের বাসহেতু 'জ্যোতিঃ' দ্যোতমান তেজ 'পশ্যন্তি' সকলেই দেখিতে পায় ॥ ১০

মাং বিং অং। 'বাসরং' চঞ্চলগতি 'জ্যোতিঃ' বিদ্যুৎ 'য়ৎ

দিবি পরঃ ইধ্যতে' দ্যুলোকের নিম্নে চমকিতে 'পশ্যন্তি' সকলে দেখেন, উহা 'প্রত্নস্য রেতসঃ' সঞ্চিত-জল-সম্বন্ধী। আৎ ও ইৎ পাদপূরণে ॥ ১০

ইতি প্রথম প্রপাঠকীয় প্রথম অর্দ্ধের দ্বিতীয় দশতির
শ্রীসত্যব্রত সামশ্রমি-সামগ কৃত
বাঙ্গালা ব্যখ্যা সমাপ্তা। ১,১,২

তৃতীয় দশতি—

(২১)

৩১ ২ ৩১২ ৩১২ ৩ ২
অগ্নিং বো বৃধন্ত মধ্বরাণাং পুরুতমম্।
১৩ ২৩ ১২
অচ্ছা নপ্ত্রে সহস্বতে (ঋং ৮ ১০২, ৭) ॥ ১

বিং। ঋ০ ভৃগু-গোত্র প্রয়োগ ঋষি অথবা বৃহস্পতি০ বংশীয় অগ্নি ঋষি কিংবা সহ ঋষির গৃহপতি ও যবিষ্ঠ নামক পুত্রদ্বয় বা তাহারই অন্যতর। ছ০ গা০। দেং অগ্নি। এই ঋক্‌টি আভিপ্লবিক উক্‌থে তৃতীয় সবনে মৈত্রাবরুণ সম্বন্ধী। বৈকল্পিক স্তোত্রিয়ের প্রথম। এই ঋক্ অবলম্বন করিয়া পাঁচটি সাম গীত হইয়াছে। তন্মধ্যে ঊহগানের ২,২,২০শ এবং ৬, ২, ১১; অবশিষ্ট তিনটি গেয় গানের ১, ২, ১-২-৩য়। এই তিনটিরই প্রকাশক সিন্ধুক্ষিত অতএব নামও তদনুযায়ী "সৈন্ধুক্ষিত"। যথা—

৫ র ৪ ৫ ১ র র ১
গেং গা০। অগ্নিং বোবৃধাস্তাম্। অধ্বরাণাম্। পুরু-

২র র ২ ৹১ ১ ২ ১ ৫
তাম্মৌ। হোবা৩হা৩। আচ্ছা২নাপ্তে২৩। সহো২৩৪বা।
৪ ৫
স্বা৫তো৬হাই॥ ১

৫ ৫ ২ ১ র র র
অগ্নিং বা৬এ। বৃধন্তাম্। অধ্বরাণাম্। পুরূতমমচ্ছা২
১ ৩
হো১ই। না২৩প্তে। সহাস্বা২৩৪৫তা৬৫৬ই। ঈ২৩৪
৫
তী॥ ২

৫৪ ৫ ৪ ১ ২ ১ র র ২
অগ্নিং বঃ। ওহাই। বৃধা২৩ন্তাম্। অধ্বরাণাম্। পুরূ১
২ ৩ র ৩ ৫ ১২ ২ ১ ২
তা৩মাম্। অচ্ছানপ্তে১২৩৪হাই। সাহা৩হা। স্বতা। ঔ৩
৪ ৫ ৪
হোবা। হো৫ই। ডা॥ ৩॥ ১

সাং ভাং। অথ তৃতীয় খণ্ডে;— সৈষা প্রথমা। অধ্বরাণাং অহিংস্যানাং বলিনাম্। নপ্তে বন্ধুম্। সহস্বতে বলবন্তম্। বিভক্তিব্যত্যয়ঃ। বৃধন্তং জ্বালাভির্ব্বর্দ্ধমানম্। পুরূতমং অতিশয়েন বহুমগ্নিম্। হে ঋত্বিজঃ! বঃ যূয়ম্। অচ্ছা অভিগচ্ছত॥ ১

ভাং অং। 'অধ্বরাণাং' অহিংসনীয় বলীগণের 'নপ্তে' বন্ধু, 'সহস্বতে' বলবান্ (নপ্তে ও সহস্বতে এ দুইটি পদের বিভক্তি পরিবর্ত্তন করিয়া অর্থাৎ চতুর্থী আছে, তাহাতে হেতু প্রভৃতি অর্থ হইতে পারে, তাহার পরিবর্ত্তনে দ্বিতীয়া করিয়া, যাহাতে কর্ম্ম হওত অগ্নির বিশেষণ হইতে পারে এরূপ করিয়া ব্যাখ্যান কর্ত্তব্য); 'বৃধন্তং' জ্বালাসমূ

হের দ্বারা বর্দ্ধমান 'পুরুতমম্' অতিশয় বহু 'অগ্নিম্' অগ্নিকে হে ঋত্বিক্‌গণ! 'বঃ' তোমরা (এ স্থলেও বিভক্তি পরিবর্ত্তন করিয়া ব্যাখ্যা করা হইল, নতুবা 'বঃ' পদের অর্থ তোমাদিগকে বা তোমাদের হইতে পারিত) 'অচ্ছা' অভি সর্ব্বতো ভাবে 'গচ্ছত' গমন কর (এই ক্রিয়াটি মূলে না থাকিলেও অর্থানুরোধে আক্ষেপ-লব্ধ) অর্থাৎ ভাল রূপে অগ্নির সেবা কর ॥ ১

---

(২২)

৩ ২ ৩ ১ ২ ৩ ২৩ ২ ৩ ২৩ ২ ১ ২
অগ্নি স্তিগ্মেন শোচিষা য়ংসদ্ বিশ্বং ন্যত্রিণম্।
৩ ১ ২ ৩ ২
অগ্নি র্নো বংসতে রয়িম্ (ঋ৹ ৬, ১৬, ২৮) ॥ ২

বিং। ঋ৹ বৃহস্পতিবংশীয় ভরদ্বাজ। ছ৹ গা৹। দে৹ অগ্নি। প্রাতরনুবাক ও আশ্বিন শস্ত্র সম্বন্ধী আগ্নেয় ক্রতুতে যে সূক্তটি ব্যবহৃত হইয়া থাকে ইহা তাহারই অষ্টাবিংশ। এই ঋক্ অবলম্বন করিয়া গেয় গানের ১, ১, ৪-৫-৬ তিনটি মাত্র সাম গীত দেখা যায়। এই সামত্রয়ের মধ্যে প্রথম দুইটির প্রকাশক অগ্নি ঋষি এবং নাম "হরঃ"; তৃতীয়টি ও 'ইহ শব্দ বিশিষ্ট হওআ প্রযুক্ত "ইহবৎ" নামে অভিহিত এবং বামদেব ঋষির প্রকাশিত বলিয়া "বামদেব্য" বলিয়াও প্রসিদ্ধ; এই জন্যই ইহা "ইহবৎ বামদেব্য" বলিয়া যাজ্ঞিক সমাজে ব্যবহৃত হইয়া থাকে। যথা—

১ ২ ৩ ৫ ২ ৪ ১ ২
গেং গাং। আগ্না৩২৩৪বা। তিগ্মেনা৩শা। চাইষা৩
৫ ১ ২ ২৩ ৫ ১ ২ ৩
২৩৪ বা। য়াণ্‌সা৩২৩৪বা। বা ইশ্বানিয়া। ত্রাইণা৩২৩৫
৫ ২ ১ ৪২ ২ ৩ ২
বা। অগ্নির্নো২বণ্‌সতেরয়ী১ম্॥ ৪॥

৪ ৫ ৪ ৫ ৩ ৫ ২ ১ ৩ ৫ ১
ওহা। ওগ্নীঃ। তা২৩৪ইগ্মে। নাশোচা৩২৪ ইষা। য়ণ্
৩ ৫ ২ ৩ ৫ ২ ১ ২ ১ ৩
সা২শ্বা২৩৪ইশ্বাম্। নিয়ত্রা২৩৪ইণাম্। অগ্নির্নো২। বা২ণ্‌সা২
৩ ৫২ ২ ৩ ৫
তা২৩৪ঔহোবা। রা২৩য়ীম্॥ ৫॥

৫ ৪ ৫ ৩২ ৫ ২ ৪ ৫২ ৩ ১
অগ্নিস্তিগ্মেনশোচিষা। ইহা। য়২ণ্‌সদ্বিশ্বং ন্যত্রিণা২ম্।
১২ ১ ২ ১ ২ ১ ৫ ৫
ইহা। অগ্নির্নোবণ্‌সতা২ই। ইহা৩রা২৩৪য়ো৬হাই ৬॥ ২

সাং ভাং। অথ দ্বিতীয়া। ভরদ্বাজঋষি। অয়ম্ অগ্নিঃ, তিগ্মেন তীক্ষ্নেন শোচিষা তেজসা। বিশ্বং সর্ব্বম্। অত্রিণং অত্তারম্ রাক্ষসাদিকম্। নিয়ংসৎ নিহন্তু। বহ্বৃচা অনুস্বারস্থানে আকারং কৃত্বা 'য়াসৎ'-ইতি পঠন্তি। অপিচ, নঃ অস্মভ্যম্। অগ্নিঃ রয়িং ধনম্, বংসতে দদাতু। 'বংসতে'-ইতি ছন্দোগাঃ। 'বনতে' ইতি বহ্বৃচাঃ॥ ২

ভাং অং। এই 'অগ্নিঃ' 'তীগ্মেন শোচিষা' তীব্র তেজের দ্বারা 'বিশ্বং' সমস্ত 'অত্রিণম্' অত্তাকে অর্থাৎ রাক্ষসাদিকে 'নিয়ংসৎ' নিহত করুন। এবং 'নঃ' আমাদিগকে 'অগ্নিঃ', 'রয়িং' ধন 'বংসতে' প্রদান করুন॥ ২

—:※:—

(২৩)

১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২

অগ্নে মৃড় মহাং অস্যয় আ দেবয়ুংজনম্।

৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২

ইয়েথ বর্হিরাসদম্ (ঋ° ৪, ৯, ১) ॥ ৩

বিং। ঋ° গোতম বংশীয় বামদেব। ছ° গা°। দে° অগ্নি। দ্বিতীয় ছন্দোম প্রকরণে যে সূক্তটি জাতবেদস্ত-নিবিদ্ধানীয়, ইহা তাহারই প্রথম। এই ঋক্ অবলম্বন করিয়া গেয় গানের ১, ২, ৭-৮ দুইটি মাত্র সাম গীত হইয়াছে। ইহাদের প্রকাশক অগ্নি ঋষি এবং নাম "যাম"। যথা—

১ ৭ ৩ ২ ৩ ৫ ১

গেং গাং। অগ্নাইমৃড়া২ই°। মহাং আ২৩৪সী। অয় র ৩ ২ ৩ ৫ ১ র ৩ ২ ৪

আদা২ই। রয়ুঞ্জা২৩৪নাম্। ইয়েথবা২৩। হিরা৩ সা৫ দা৬৫৬ম্ ॥ ৭

৩ ৪র ৫ ৪ ৩র ৪ ৩র ২ ৪ ৫ ৩ ৪ ৩র ৪র ৩ ৪ ৫

অগ্নেমৃড়মহা২° অসি। ওহা৩ওহা। অয়আদেরযুঞ্জনম্।

৩র ২ ৪ ৫ ২১র ২ ৩ ৪ ৪

ওহা৩ওহা। ইয়েথা২৩ব। হিরা ৩সা৫দা৬৫৬ম্ ॥ ৮ ॥ ৩

সাং ভাং। অথ তৃতীয়া। হে অগ্নে! মৃড়, অস্মান্ সুখয়। স ত্বং মহান্ অসি প্রভূতো ভবসি, যঃ ত্বম্ অয়ঃ গন্তা। দেবয়ুং দেবানাং কাময়িতারম্। জনং যজমানম্। বর্হিঃ দর্ভম্। আসদং যজ্ঞে আসত্তুম্। আ ইয়েথ আগচ্ছসি। 'অয়ঃ'-ইতি ছন্দোগাঃ। 'য়য়ীম্'-ইতি বহ্বৃচাঃ ॥ ৩

ভাং অং। 'য়ঃ' যে তুমি 'দেবয়ুং' দেবগণের পরিতোষাভিলাষী 'জনং' যজমানের সমীপে 'অয়ঃ' গমন-স্বভাব

অতএব 'বর্হিঃ' কুশে 'আসদম্' আসীন হইবার জন্য 'আ ইয়েথ' আগমন করিতেছ; তুমি 'মহান্ অসি' মহৎস্বভাব। 'অগ্নে!' আমাদিগকে 'মৃড়' সুখী কর ॥ ৩

— ※ —

(২৪)

২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
অগ্নেরক্ষাণোঅংহসঃ প্রতিস্মদেবরিষতঃ।

১ ২ ৩ ১ ২
তপিষ্ঠৈরজরোদহ (ঋ০৭, ১৫, ১৩) ॥ ৪

বিং। ঋং মিত্রাবরুণ বংশীয় বসিষ্ঠ। ছং গাং। দেং অগ্নি। ইহা স্বস্ত্যয়নী ইষ্টিতে প্রথম আজ্যভাগের অনুবাক্যা-রূপে পঠিত হইয়া থাকে। এতন্মূলক সাম গেয় গানের ১, ২, ৯ম, একটিমাত্র। ইহারও ঋষি অগ্নি; নাম "রাক্ষোঘ্ন" যথা—

৫ র ২ ৪র ৫র ৪ ৫ ১ র ২
গেং গাং। অগ্নেরাতক্ষাণো অংহসাঃ। প্রতিস্মদেব-

১ ২ ১ ২ ১ র ২ ১
রিষা২৩তাঃ। তপাইষ্ঠা২৩ইরা। জরোদা২৩হা২৪৩। ও ২৩৪৫ই। ডা ॥ ৯ ॥ ৪

সাং ভাং। অথ চতুর্থী। হে 'অগ্নে'! ত্বং 'নঃ' অস্মান্ 'অংহসঃ' পাপাৎ 'রক্ষা' পাহি; সংহিতায়াং দীর্ঘশ্ছান্দসঃ। অপিচ হে 'দেব' দ্যোতমানাগ্নে! 'অজরঃ' জরা-রহিতস্ত্বং 'রীষতঃ' হিংসতঃ শত্রূন্ সংহিতায়াং দীর্ঘশ্ছান্দসঃ। 'তপিষ্ঠৈঃ' তাপকৈস্তেজোভিঃ 'প্রতি দহ স্ম' ভস্মীকুরু। স্মেতি সকারস্য সংহিতায়াং "প্রতি ষ্ম"-ইতি ষত্বং বহ্বৃচাঃ কুর্বন্তি ॥ ৪

ভাং অং। হে 'অগ্নে!' তুমি 'নঃ' আমাদিগকে 'অংহসঃ' পাপ হইতে 'রক্ষা' (এটি সংহিতানুরোধে দীর্ঘ [পাং ৬, ৩, ১৩৬] হইয়াছে) রক্ষা কর। এবং হে 'দেব' দ্যোতমান! 'অজরঃ' জরা শূন্য তুমি 'রীষতঃ' (ইহাও সংহিতানুরোধেই দীর্ঘ [পাং ৭, ৩, ১৩৬] হইয়াছে) হিংসক শত্রুগণকে 'তপিষ্ঠৈঃ' অতিশয় তাপক তেজঃসমূহের দ্বারা 'প্রতি দহ স্ম' ভস্মীভূত কর॥ ৪

—ঃ০ঃ—

(২৫)

১ ২ ৩ ১র ২র ২র ৩ ১ ২
অগ্নেয়ুঙ্‌ক্ষ্ব। হি য়ে তবাশ্বাসোদেব সাধবঃ।
২ ৩ ১ ৩ ১ ২
অরং বহন্ত্যাশবঃ (ঋং ৬, ১৬, ৪৩)॥ ৫

বিং। ২য় দেখ। এটি সেই সূক্তের ত্রিচত্বারিংশত্তম। এতন্মূলক সাম অরণ্য গানের ৩, ১, ৮ম এবং গেয় গানের ১, ২, ১০ম। এই ১০ম টির ঋষিও অগ্নি এবং নামও "রাক্ষোঘ্ন"। যথা—

৫ র২ ৪ব ৫ ৪র ৫ ১র র র ১র
গেং গাং। অগ্নেয়ূ৩হুঙ্‌ক্ষ্বাহিয়েতবা। অশ্বাসোদেবসাধা২৩বাঃ। অরংবা২৩হা। তিয়াশা২৩বা৩৪৩২ঃ। ও৩৪৫ই। ডা॥ ১০॥ ৫
২ ১ ২ ১র ২ ১

সাং ভাং। অথ পঞ্চমী। হে 'দেব' দ্যোতমান! 'অগ্নে!' তান্ অশ্বান্ 'যুঙ্‌ক্ষ্ব' আত্মীয়ে রথে যোজয়; বহ্বৃচৈস্তৈত্তিরীয়াশ্চ বিকরণপ্রত্যয়স্য লোপং কৃত্বা "যুক্ষ্ব"-ইতি

বিং। ঋং কণ্ববংশীয় প্রস্কণ্ব। ছং দেং পূর্ব্ববৎ। এতন্মূলক সামটি গেয় গানের ১৬,১,৬ষ্ঠ। ইহার নাম "অপাংসাম"। যথা—

রসের প্রাচুর্য্যানুসারেই চক্ষুরাদিরূপ ইন্দ্রিয় সমস্তে ব্যাপৃত, রংহণশীল—গতিশীল, সুতরাং রথ নামে ব্যবহার্য্য (যাহার রথী, আত্মা) মনের ক্রিয়া-প্রাবল্য হইয়া থাকে, সেই জন্যই সোমকে তদীয় ঘোটক অর্থাৎ বাহক বলিয়া বর্ণনা করা হইয়াছে।

¶ যাহার প্রভাবে বাক্‌শক্তি স্ফূর্ত্তি পায়। (ঐং ব্রাং ১, ৫, ১ দেখ)

§ চন্দ্র—সোম পক্ষে দশদিক্‌কেই দশভগিনী কল্পনা বুঝিতে হইবে। শারীর সোমপক্ষে দশভগিনী—দশেন্দ্রিয়। সোমলতা পক্ষে দশভগিনী—দশাঙ্গুলি; হস্তদ্বয়ের সাহায্যেই সোম-কণ্ডন সম্পন্ন হইয়া থাকে।

* অর্থাৎ জীব-গৃহসমূহে, শারীর ধমনীসমূহে ও যজ্ঞীয় বিক্কসমূহে।

† অর্থাৎ জ্যোৎস্না বা স্নিগ্ধরশ্মির প্রাপকরূপে, যজ্ঞোদনের গমন-সাহায্যকারী রূপে ও দেবগণের আবাহনের হেতুরূপে।

‖ অন্তরীক্ষে, বস্তিপ্রদেশে ও শিলাপট্টকে।

৫ ৪র ৫ ৪র৫র ৪ ৫ ৪র ৫
গেং গাং। অপামিবেদূর্ম্ময়স্তৌ। হোবা। হাই।
৩ ২ ৩ ৩র ২ ১ ২র ১ ২র — ২ ৩ ৫
তুরাণা২৩৪ঃ। হাহোই। প্রমনী। ষাঃ। ঈরতেত। সোমম।
২ ৩র ২ ১ ২ — ২ ৩ ৫
চ্ছা৩৪। হাহোই। নমস্য। তাইঃ। উপচা৩। য়ন্তিসম্।
২ ৩র ২ ১ ২ ১ ২ ৩ ২ ৩ ৫ ২
চা৩৮। হাহোই। আচরি। শা। তিয়ুশ। তীরুশ। তা৩৪ম্।
৩র ২ ৫র ম ২ ১ ১ ১ ১ ১
হাহা৩৪। ঔহোবা। বা৩হা২৩৪৫ ॥ ৬ ॥ ১২

সাং ভাং। অথ দ্বাদশী। প্রস্কণ্বঋষিঃ। অপামিব যথা উদকানাম্ ঊর্ম্ময়ঃ ত্বরন্তে। ইৎ ইতি পূরণঃ। তদ্বৎ তর্তুরাণাঃ কর্ম্মণি দেবান্ স্তোতুং ত্বরমাণাঃ। তুর ত্বরণে জৌহোত্যাদিকঃ। যঙ্লুগন্তস্য শানচি রূপম্। অভ্যাসস্য উবর্ণস্য রেফাদেশশ্ছান্দসঃ। অভ্যস্তস্বরঃ। তাদৃশা ঋত্বিজঃ। মনীষাঃ মনস ঈশিত্রীঃ স্তুতীঃ। সোম মচ্ছ সোমং প্রতি প্রেরয়ন্তি। নমস্যন্তীঃ নমস্যন্ত্যঃ সোমং য়োজয়ন্ত্যঃ সত্যঃ তম্ উপয়ন্তি চ উপ সমীপে গচ্ছন্তি। তমেব সংয়ন্তি চ সঙ্গচ্ছন্তে। চ-বাযোগে প্রথমা ইতি ন নিঘাতঃ। উশতীঃ কাময়মানাঃ স্তুতয়ঃ উশন্তং কাময়মানং সোমম্ আবিশন্তি চ প্রবিশন্তি চ ॥ ১২

ইতি শ্রীমৎসায়ণাচার্য্য বিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে ছন্দোব্যাখ্যানে পঞ্চমস্যাধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ ॥ ৫,৭ ॥

॥ ইতি ত্রৈষ্টুভম্ ॥

অং। সমুদ্রের ঢেউ গুলির ন্যায় ভাসমান জীবগণ*এই সোম লাভের জন্য † অভিলাষী হইয়া সেই কাম্য বস্তুর কামনা করিতে করিতেই একবার উঠিতেছে, আবার পড়িতেছে, পুনঃ তাহতেই মিশাইয়া যাইতেছে ‡ ॥ ১২

ইতি ষষ্ঠ প্রপাঠকীয় প্রথমার্দ্ধে পঞ্চম দশতের শ্রীসত্যব্রত সামশ্রমী কৃত বঙ্গানুবাদ সমাপ্ত ॥ ৬, ১, ৫ ॥ ॥ প্রথমার্দ্ধ ও সমাপ্ত ॥ ৬,১

---

(৭৯)

৩ ১ ৩ ৩ ১২ ৩ ১ ২ ৩ ১ ২
পুরোজিতীবোঅন্ধসঃসুতায়মাদয়িত্নবে।
৩ ১ ২ ৩ ১ ২ ৩ক ২র
অপশ্বানংশ্নথিষ্টনসখায়োদীর্ঘজিহ্ব্যম্ ॥ ১

(ঋং ৭,৫,১,১)

বিং। ঋং শ্যাবাশ্ব বংশধর অন্ধীগু। ছং অনুষ্টুপ্। দেং পূর্ব্ববৎ। এতন্মূলক পঞ্চপঞ্চাশৎ টি সাম দেখা যায়। তন্মধ্যে অরণ্য গানের ১,২,২২শ; উহগানের ১,১, ১১শ ১২শ ২,২,১৮শ ৪,১,১৩শ ১৪শ ৬,২,৯ম ৭,২, ১০ম ৮,২,১৫শ ১৬শ ১৭শ ১০,১,৩য় ১৭শ ১২, ১, ৬ষ্ঠ

---

* প্রবলস্রোতাপাহিত অথচ ক্ষণভঙ্গুর।

† অর্থাৎ চন্দ্রের জন্যই জোয়ার হয় এবং জোয়ার বা বান ডাকিলে অতি প্রবৃদ্ধ ঢেউ হয়, ইহা সর্বত্রই প্রত্যক্ষ।

‡ এতাবতা কোন কামনারই বিরাম নাই ইত্যাদি বোধে নিবৃত্তি মার্গই উপদিষ্ট [illegible]।

২, ১১শ ১২শ ১৩শ ১৪শ ১৩,১, ৬ষ্ঠ ১৬,১,২য় ৮ম ৯ম ২০, ১,১৮শ ২০, ২, ১২শ ১৩শ ২১,২,১ম ২১, ৩,৩য় ২২,১, ৬ষ্ঠ ৭ম ৯ম ২২, ২, ১২শ ১৫শ ২৩, ১, ৯ম ; ঊহগানের ২, ১, ১৮শ ২,২,৩য় ৫ম ৩,১,১ম ১৯শ ৩,২,২য় ৪,১,৮ম, ৪,২,৫ম ৮ম ১৪শ ১৬শ ৫,১,৮ম ১২শ ৫,২,১৪শ ৬, ১,১২শ ; অবশিষ্ট ছয়টি গেয় গানের ১৬,১,৭ম হইতে ১২শ। প্রথম দুইটির প্রকাশক বামদেব বংশীয় নকুল ঋষি, নাম "প্রেশ্ব" ; তৃতীয়টির প্রকাশক কৃত্তিয়শা ঋষি, নাম "মহাকার্ত্তয়শ" ; চতুর্থটির প্রকাশক ঊর্দ্ধসদ্মা ঋষি, নামও তদনুযায়ী "ঊর্দ্ধসদ্মন" ; পঞ্চমটির প্রকাশক শ্যবাশ্বি ঋষি, তদনুযায়ী নামও "শ্যবাশ্ব" ; শেষটির প্রকাশক অন্ধীগু ঋষি, নামও তদনুযায়ী "আন্ধীগব"। উক্ত ষট্ সাম এই—

৫ র　２ ৩　৫　২ ১র
গেং গাং। পুরোজিতী। বোঅন্ধা২৩৪সাঃ। সুতায়াম।

২　৫ ১　২
১২দয়া৩১উবায়েত। শ্বা২৩৪বে। অপশ্বানা২শ্নথা৩১উবায়েও।

৫ ২ র　২
ষ্টা২৩৪না। স্নথায়োদী১২র্ঘজা৩১বায়েত। হ্বী২৩৪য়াম্ ॥ ৭

৫ র　২ ১ ২ ২　১ ২র —　—
পুরোজিতী। বোওন্ধাওসাঃ। সূতায়মা২। উ২।

—　১　১ ২ ২　১ ২র —　—
হা২ই। ঊ১২। দাওয়াইষ্কাওবে। আপশ্বানা২ম্। উ২।

— ১ ১ ২ ২ ১ ২র র — —
হা২ই। উ১২। শ্বা৩থাইষ্টা৩তা। সাখায়োদা২ই। উ২।

— ১ ১ ৩ ৫র র ১ ১ ১১১১
হা২ই। উ২৩। ঘা২জা২৩৪ ঔহোবা। এ৩। হ্বিয়া২৩৪৫ম্। ৮

৫র র ৩ ৫ ২র ১ ২ ২ ৪৫
পুরোহাহাউ। জা২৩৪ইতী। বোআউ২হো২। ধাসাঃ।

২ ১ ২ ২ ৪ ৫ ৫ ২ ১ র ১ ২
স্বতাউ২হো৩। য়ামা৬। হাউবা। দয়িস্তুবে২। উপা।

১ র ১ ২ ২ ১ ২ ২ ৪ ৫
অপশ্বানত্শ্নথা১ইষ্টা৩না। সখাউ৩হো৩। য়োদা৬।

৫ ২ ১ ৩ ১ ১ ১ ১
হাউবা। ঘজিহ্বিয়ম্। উপা২৩৪৫ ॥ ৯

৫ ৪র ৫ র ৪ ৫ ৪ ৫ ২ ১র র
পুরোজিতীবোঅন্ধসঃ। উবাহাই। স্বতায়মাদয়িত্নব

১ র ১ ২র র
উবা২৩হোই। অপশ্বানত্শ্নথিষ্টনউবা২৩হোই। সাখায়ো

১ ২ ৩ ২ ২ ১র ২ ১ র
দাই। ঘাজিহ্বা২৩৪৫য়া৬৫৬ম্। স্ববৃক্তিভির্মাদনস্তুরে২

৩ ২
স্থবা ১ ॥ ১০

৩ ২ ২ ৪ র ৫ ২ ৪ ৫ ১
পুরো৩১। জী৩তী। বোঅ। ধা৩সঃ। এহিয়া। সু।

র র ২ ১ — ১র — ১র ২ ৪
তায়মাদা। য়ি। স্তুবা২ই। এহিয়া২। অপ শ্বানত্শ্না৩থী৩।

৫ ২র — ১র — র ১র ২ ৪
ষ্টা২৩৪না। ঐহা২ই। এহিয়া২। সখায়ো দাইর্জা৩জী৩।

২ ১
হ্বা৩৪৫য়ো৬হাই ॥ ১১

৫র র ৫ ২ ১র র ২ ' ১ —
পুরোজিতীবোঽন্ধাসাঃ। সুতায়। মাদা২৩য়া। ই্ম্বা২১২।
১র র ২ ১ ২ ৫ '—১ ৪
ত্নবেঅপশ্বানংশ্নথিষ্টন। সাথা৩উবা। যো২দী। ঘা২৩জী।
১ ৪ ৫ ৪
হ্বিয়াম্। ঔ২৩হোয়া। হো৫ই। ডা॥ ১২॥ ২

সাং ভাঃ। পুরোজিতীতি মুখ্যাস্তু নবর্চো বৃহতীত্যসৌ।
আহর্য্যতায় ধৃষ্ণবে শিষ্টা অনুষ্টুভঃ স্মৃতাঃ॥ ঋষীণাং
বিপ্রকীর্ণত্বাৎ তত্র তত্রাভিদধ্মহে॥ তত্রাষ্টমে খণ্ডে সৈষা
প্রথমা। শ্যাবাশ্ব ঋষিঃ। হে সখায়ঃ সখিভূতাঃ সমান-
খ্যানা বা হে স্তোতারঃ। বঃ যুয়ং। পুরোজিতী। ষষ্ঠ্যাঃ
পূর্ব্বসবর্ণদীর্ঘঃ। পুরঃস্থিতজয়স্য। অন্ধসঃ অদনীয়স্য সোমস্য
স্বতুতায় সুতায় অভিষুতায়। মাদয়িত্নবে অত্যন্তং মদকরায়
রসায়। দীর্ঘজিহ্ব্যং দীর্ঘা জিহ্বা অস্য স দীর্ঘজিহ্বী। দীর্ঘজিহ্বী
চ ছন্দসি ইতি ঙীষন্তত্বেন নিপাতিতঃ। তাদৃশং শ্বানং চ
অপশ্নথিষ্টন অপশ্নথয়ত অপবাধধ্বম্। যথা শ্বা রাক্ষসা বা
সুতং সোমং ন লিহন্তি তথা কুরুতেত্যর্থঃ॥ ১

অং। হে বন্ধুগণ। আনন্দকর অন্নের জন্য—সোমের
জন্য যত্নবান্ হও,—তোমাদের সম্মুখেই জয় পড়িয়া আছে
পরং সাবধান। অতিকষ্টে উপার্জ্জিত, আনন্দহেতু সেই
সোম, দীর্ঘজীহ্বী* কুকুরী কর্ত্তৃক লীঢ় না হয়†॥ ১

* দীর্ঘজীহ্বী অর্থাৎ ভোগার্থ লহলহায়মান জিহ্বা যাহার।

† এতাবতা অভিষবারেই শরীর সোম নষ্ট হইয়া থাকে, তাহা নিতান্ত অকর্ত্তব্য। ইহাই উপদিশ্য হইল। যজ্ঞ পক্ষে, কুকুর তাড়াইবার উপদেশ প্রদত্ত হইল।

(৮০)

০ ২ ৩ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২
অয়ম্পূষারয়িভ´গঃসোমঃপুনানোঅর্ষতি।
৩ ১ ২ ৩ ১ ২ ৩ক ২র ৩ ১ ২ ৩ ২
পতির্বিশ্বস্যভূমনোব্যখ্যদ্রোদসীউভে ॥ ২

(ঋং ৭,৫,২,২)

বিং। মনুবংশীয় নহুষ। ছং দেং পূর্ব্ববৎ। এতন্মূলক ষড়্‌বিংশতি সাম আছে। তন্মধ্যে আরণ্য গানের ২,১, ৮ম ও ৯ম ৭,২, ১৭শ ১৮শ ১৯শ; উহগানের ২,১,৮ম ও ৯ম ৭,১,৯ম ১১,২,১০ম ২০শ ১৩,১,২য় ১৫,১,১৩শ ১৪শ ১৭শ ২০,১,৫ম ২০,২,১৮শ ২২,২,৯ম; উহগানের ২,১,৬ষ্ঠ ৮ম ৩,১,১১শ ৩,২,১১শ ৫,২,৯ম ৬,১,৮ম; অবশিষ্ট তিনটি গেয় গানের ১৬,১, ১৩শ হইতে ১৫শ। এই তিনটিরই প্রকাশক ক্রৌঞ্চ ঋষি এবং তিনটিই "সোম-সাম" নামে বৈদিক সমাজে পরিচিত। যথা—

১ ১র র ২র ১ ২র
গেং গাং। অয়ম্পুষৌহো। রায়িভ´গাঃ। সোমঃপুনা৩।
১ ২ ৪ ২ ১র ২র ১র ২
নোআ৩র্ষা৫তা৬৫৬ই। পতির্বিশ্বৌহো। স্যাভুমনাঃ। বিয়খ্য।
১ ২ ৪
দ্রো৩। দাসী৩উ৫ভা৬৫৬ই ॥ ১৩

৫ র র ২ ১ ২র ১ —
অয়ম্পুষা। অয়ম্পুষা। রয়ির্ভগাঃ। সোমঃপুনা২।
র ১ ২ ১ — ১ ২ — ১
নোঅর্ষতাই। পতির্ব ইশ্বা২। ওস্যাভূ১মানা২ঃ। ওইবিয়
২ ১ র ২ ১ ২ ১
খ্যা২৩দ্রো। দাসীউভ। ইভা২৩ভা৩৪৩। ও২৩৪৫ই। ডা॥ ১৪

৪ ৩৪র ৫র ২, ৩৪ ৫ ৫ ১ — ১ —
অয়ম্পূষা। হো। রয়ির্ভগা৬এ। সোমা২ঃপুনা২।
৩ ২ ৩ ৫ ১ ২ ১র ২ ১ ২
নআ৩৪৫। যা২৩৪ভী। পতির্বিশ্বস্যভূমনঃ। বিয়খ্যা১৩দ্রো।
১র ২ ১
দসীউ২৩ভা৩৪৩ই। ও২৩৪৫ই। ডা॥ ১৫॥ ২

সাং ভাং। অথ দ্বিতীয়া। য়য়াতির্নাহুষ ঋষিঃ। পূষা পোষকঃ সর্ব্বেষাম্। ভগঃ ভজনীয়ঃ। রয়িঃ ধনহেতুঃ অয়ং সোমঃ পুনানঃ পবিত্রে পূয়মানঃ সন্। অর্ষতি কলশ মভিগচ্ছতি। তথা বিশ্বস্য সর্ব্বস্য ভুমনঃ ভূতজাতস্য পতিঃ পালয়িতা সোমঃ উভে রোদসী দ্যাবাপৃথিব্যৌ ব্যখ্যৎ স্বতেজসা প্রকাশয়তি। অনেন লোকদ্বয়পতিত্বং সূচিতম্॥ ২

অং। পূয়মান*, এই সোম চলিতেছেন†; ইনি পূষা, ইনি রয়ি, ইনি ভগ, ইনি সমস্ত প্রাণিরই পালনকারী সুতরাং ইহাঁর মহিমা দ্যাবাপৃথিবী পরিব্যাপ্ত রহিয়াছে ‡॥২

(৮১)

৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
সুতাসোমধুমত্তমাঃসোমাইন্দ্রায়মন্দিনঃ।
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
পবিত্রবন্তোঅক্ষরন্দেবান্‌গচ্ছন্তুবোমদাঃ॥ ৩
(ঋং ৭,৫,১,৪)

---

* পূয়মান্ — শোধ্যমান অর্থাৎ যাহা প্রতিক্ষণেই শোধিত হইতেছে।

† চন্দ্র ও শরীরের গতি প্রসিদ্ধই রহিয়াছে; যজ্ঞীয় সোমরসের গতি দ্রোণ কলশে হইয়াথাকে। অতএব যে সময়ে সোমরস ছাঁকিয়া দ্রোণ কলশে ঢুলিতে হয় সেই সময়েই এ মন্ত্র ব্যবহৃত হয়।

‡ পূষা — পোষণকারী। রয়ি — সম্পত্তি। ভগ — ভজনীয়।

বিং। ঋং নহুষপুত্র যজাতি। ছং দেং পূর্ব্ববৎ। এতন্মূলক চতুর্বিংশতি সাম আছে। তন্মধ্যে, ঊহগানের ২, ২,৩য় ও ৪র্থ ৭,১,২০শ ১৫,২,১ম ও ২য় ১৬,১,২য় ২০,১, ১২শ ও ১৬শ ২২,২,১১শ; ঊহ্যগানের ২,১,১০ম ৪,১, ৭ম ৫,২,১২শ ও ১শ ৬,১,১০ম ও ১৫শ ও ৬,২,২য়; অবশিষ্ট আটটি গেয়গানের ১৬,১,১৬শ হইতে ২৩শ। তাহার প্রথম দুইটী ত্বষ্টার প্রকাশিত বলিয়া ত্বাষ্ট্রী সাম নামে বিশ্রুত, তৃতীয়, পঞ্চম ও অষ্টম বসিষ্ঠের প্রকাশিত সেই জন্যই "বাসিষ্ঠ", চতুর্থাদি পঞ্চসামও ত্বষ্টারই অধিকন্তু চতুর্থের নিধন ভাগে "আ" থাকায় উহাকে "আস্কার-নিধন, ত্বাষ্ট্রী সাম", ষষ্ঠে স্বর আছে বলিয়া "স্বারত্বাষ্ট্রী" সপ্তমের দ্বিরভ্যস্ততা থাকায় "দ্বিরভ্যস্ত ত্বাষ্ট্রী" কহে। সেই সামগুলি এই—

৫ র র ২ ২ ১র ২ ২
গেং গাং। সুতাসোমা। ধুমাওত্তমাঃ। সোমাইন্দ্রাওয়

২ ২৩২ ১ ২ ২ ২ ২৩২
মাও। এও। দিনআ। পবাইত্রবাওন্তোও। এও। ক্ষরয়া।

১ ২ ২ ২ ২৩র২
দাইবানুগচ্ছাওন্তুবাওঃ। এও। মদাআ॥ ১৬

৫ ৪র ৫র ৪ ৫ র ৪র —২ ৩২
সুতাসোমধুমত্তমাঃ। সোমাংইন্দ্রাং। য়মাও৪৫।

৬ ৫ ২ ১ ২ র ৩র র ২ ১ ২ ১র
দীং৩৪য়াঃ। পবিত্রবন্তোঅক্ষরন্। দেবান্গচ্ছা। ন্তুবোমা

২ ২
২৩দা৩৪৩ঃ। ও২৩৪৫ই। ডা॥ ১৭

১৪র ৫র ৪ ৫ ৪ র ৪ র ৫ ২ ১ ৭
সুতাসোমধুমত্তমাঃ। সোমাইন্দ্রা।। য়মন্দিনঃ। পাবি
— ১র ২ ২ র ৩ ৩ ৫ ২১
ত্রবা২। তোঅক্ষরন্। দাইবান্ গচ্ছৌবী। তূ২৩৪বাঃ। মদা।
২ ৪ ৫ ৪
ঊ৩হোবা। হো৫ই। ডা॥ ১৮

৫ ৪ ৫ র ৪ ৫ র ৪র ৫ ২ র ২ ১ ৭ ১
সুতাসোমধুমত্তমাঃ। সোমাহাউ। ইন্দ্রা৩য়ামন্দিনা২ঃ।
৩২ ১ ৭ ৩ ৫ ২ ১ ৭
ইন্দ্রা৩হো। যমা২ন্দ্রা২৩৪ইনাঃ। পবিত্রবা৩স্তোঅক্ষারা২ন্
৩২ ১ ৭ ৩ ৫ ২র র ১ ২
ত্রবা৩হো। তীইক্ষা২৩৪রান্। দেবানুগচ্ছা৩স্তুবো১মাদাইঃ।
৩র ২ ১ ৩ ৪ ১ ৩ ৫র র
দেবা৩ন্হোই। গচ্ছো২৩৪হা। ভু২বা২৩৪ঊহোবা।
৩ ১ ১১১১
মদা২আ২৩৪৫॥ ১৯

৫র র ৫ ২র র র ২ ৭ —
সুতাসোমধুমত্তমা৬এ। সোমাইন্দ্রা৩য়ামন্দিনা২ঃ।
১ — ১ ৭ — ১ — র র
দাইনা২ঃ। পবিত্রবা৩স্তোঅক্ষারা২ন্। ক্ষারা২ন্। দেবান্
১ ২ ১ ৩র ২ ১ ৩ ৫
গচ্ছা৩স্তুবো১মাদা২ঃ। মাদা২ঃ। দেবা৩ন্হোই। গচ্ছা২৩৪হা।
৫-৩ ৫র র ২ ১১১১
ভু২বা২৩৪া৩হোবা। মদা৩ই২৩৪৫॥ ২০

১র র২ ২ ৩২১ — ১র র ২ ২
সুতাসোমা২হা। ধুমত্তামা২ঃ। সোমাইন্দ্রাই৩হা।
৩৫১২ — ৩ ২ ২ ৩র২১ — ১রর ২
যমন্দাইনা২ঃ। পবিত্রবা৩হা। তোঅক্ষারা২ন্। দেবানুগচ্ছা
২ ৩ ২ ১ ৫ ৫ ৫
হহা। ভুবো৩হো২হা। বা। মা৫দো৩হাই॥ ২১

১র ৩র ২ ২ ২ ৩১২০ র ৫র
স্থতা। সোমা৩। হা৩হা। ধুমত্তমা২৩৪ঃ। সোমা।
৩ ২ ২ ২ ৩২১ ৫ ৩২ ২ ২
ইন্দ্রা২। হা৩হা। য়মন্দাইনা২৩৪ঃ। পবি। ত্রবা৩। হা৩হা।
৩র ২ ১ র ৫র ৩ ২ ২ ২ ৩ ২
তোঅক্ষারা২৩৪ন্। দেবান্। গচ্ছা২। হা৩হা। ভুবো৩
৪ ৫
মা৫দো৬হাই। ২২

৫র ২ ৪ ৫ ৪ ৫ ২র ১র ২ ১ ২ ১
স্থতাসো৩মাধুমত্তমাঃ। সোমাইন্দ্রা। য়মন্দিনঃ।
২ ৩ ৫ ২ র ৩র র ২ ১ ২ ১র
পাবা৩২৩৪বা। ত্রবন্তাঅক্ষরন্। দেবান্গচ্ছা। ভুবোমা২৩
২ ১
দা৩৪৩ঃ। ও২৩৪৫ই। ডা॥ ২৩॥ ৩

সাং ভাং। অথ তৃতীয়া। য়য়াতির্নাহুষ ঋষিঃ। মধুমত্তমাঃ অতিশয়েন মাধুর্য্যোপেতাঃ। অতএব মন্দিনঃ মদকরাঃ। স্থতাসঃ অভিষুতাঃ সোমাঃ। পবিত্রবন্তঃ পবিত্রে বর্ত্তমানাঃ সন্তঃ। ইন্দ্রায় ইন্দ্রার্থম্। ক্ষরন্ পাত্রেষু ক্ষরন্তি। অথ প্রত্যক্ষ স্তুতিঃ। বঃ যুষ্মাকং মদাঃ মদহেতবো রসাঃ। দেবান্ ইন্দ্রাদীন্ গচ্ছন্তু॥ ৩

অং। অতিশয় মধুর অভিযুত সোমরস ইন্দ্রের* তৃপ্তিকর হউক। হে পবিত্র সোম! তোমার রস সমূহ ক্ষরিত হওত দেবগণেরণ† আনন্দের জন্য গতি করুক। ৩

---

* চন্দ্র – সোমপক্ষে ইন্দ্র – সূর্য্য; শারীর সোমপক্ষে ইন্দ্র – আত্মা। (যাস্ক ১,১,২)
† চন্দ্র – সোম পক্ষে দেবগণ – উপগ্রহাদি; পক্ষান্তরে দেবগণ – ইন্দ্রিয় সমস্ত।

(৮২)

৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
সোমাঃপবন্তইন্দবোস্মভ্যঙ্গাতুবিত্তমাঃ।
৩ ২ ৩ ১ ২ ৩ ১ ৩ক ২ ১ ৩ ১ ২
মিত্রাঃস্বানাঅরেপসঃস্বাধ্যঃস্বর্বিদঃ ॥ ৪

(ঋ০ ৭,৫,২,৫)

বিং। ঋং সংবরণবংশীয় মনু। ছং দেং পূর্ব্ববৎ। এতন্মূলক দ্বাদশ সাম দেখা যায়। তন্মধ্যে উহ গানের ৩,২, ১৩শ হইতে ১৬শ ১৫,২,১৬শ হইতে ১৮শ ১৬,১,১ম ২৩,১ ১৪শ; উহ্য গানের ৬,১,২০শ; অবশিষ্ট দুইটী গেয় গানের ১৬,১,২৪শ ও ২৫শ। এ দুটিকেও 'ক্রৌঞ্চ' কহে। সামদ্বয় এই—

৪ ৫ ২ ১ ৭ ২
গেং গাং। হাউসোমাঃ। পবাওস্তাইন্দাবাউ। ব ।৩।
২ ১ র ৭ ২ ২ ১র র র
হাউবা। অস্মভ্যঙ্গাতুবিত্তামাউ। বা৩। হাউবা। মিত্রাঃ স্বানা
২ ২ ২ ২ ৫র ৩ ২
আরে১পাসাউ। বা৩। হাউবা৩৪। সুবা। ধিয়া৩ঃ।
১ ৪ ২ ৫
সুর্২৩বা৩ঃ। বা৩৪৫ইদো৬হাই ॥ ২৪

৫র র ৩২৩৪৫ ২ ১ ২ ১ ২ ৩ ২ ১
সোমাঃপবন্তইন্দবাঃ। অস্মাভ্যঙ্গা। তুবিত্তমাঃ। মাই
২ ০ ৫ ২র১র ২র১২ ৩র ২ ১ ১ ১ ২
ত্রাও২৩৪বা। স্বানাঅরেপসঃ। সুবাধিয়াঃ। সুবর্বা২৩ইদা
১
৩৪ঔ। ও২৩৪৫ই। ডা ॥ ২৫ ॥ ৪

সাং ভাং। অথ চতুর্থী। মনুঃ সাংবরণ ঋষিঃ। গাতু-বিত্তমাঃ অতিশয়েন মার্গস্য লম্ভকাঃ। ইন্দবঃ দীপ্তাঃ সোমাঃ। পবন্তে অস্মভ্যং মদর্থং ক্ষরন্তি আগচ্ছন্তি বা। কীদৃশাঃ? মিত্রাঃ দেবানাং সখিভূতাঃ। স্বানাঃ অভিষূয়মাণাঃ। অরেপসঃ পাপ-রহিতাঃ। অতএব স্বাধ্যঃ শোভনধ্যানাঃ। স্বর্বিদঃ সর্ব্বজ্ঞাঃ॥ "স্বানাঃ"-"স্ববানাঃ"—ইতি পাঠৌ॥ ৪

অং। অতিশয় গতিশীল, দোষশূন্য, সকলেরই বিদিত, মিত্ররূপে স্পষ্ট, সমুজ্জ্বল এই সোমরসসমূহ, আমাদেরই স্বার্থসিদ্ধির জন্য নিরন্তর ভ্রমণ করিতেছে*॥ ৪

---

(৮৩)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
অভীনোবাজসাতমংরয়িমর্ষশতস্পৃহম্।
১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২
ইন্দোসহস্রভর্ণসন্তুবিদ্যুম্নংবিভাসহম্॥ ৫

(ঋং ৭,৪,২৩,১)

বিং। ঋং বৃষাগির বংশীয় অম্বরীষ এবং ভরদ্বাজ বংশীয় ঋজিশ্বা। এতন্মূলক বিংশতি সাম দেখা যায়। তন্মধ্যে উহ গানের ৫,১, ৩য় হইতে ৮ম ১২,১,১৫শ ১৬শ ১৭,১,১২শ হইতে ১৪শ ও ১৯শ ১৮,১,১০ম ১৯,১,২য় ও

---

* অন্তরীক্ষে, শরীর ধমনী সমূহে এবং দ্রোণকলশ, প্রকরণ ও আধিভৌতিক গ্রহ সমূহে।

৯ম; অবশিষ্ট পাঁচটি গেয় গানের ১৬,১,২৬শ হইতে ৩০শ। প্রথম তিনটি ও পঞ্চমটিকে 'সোমসাম' কহে, চতুর্থটী 'ক্রৌঞ্চ' নামে প্রসিদ্ধ। যথা—

৫ র র ১ ৩ ৫র র ৩
গেং গাং। অভীনোবা। জা২ইসা২৩৪ঔহোবা। তা২৩
৫ ২ ১ ৫ ১ ২ ১ র ১ ৩
৪মাম্। রয়িমরিশতস্পৃহম্। ইন্দোসহস্রভা২৩হো। পসা
— ১ ১ ২ ২ ৩
২ম্। ভুবিদ্যুম্নংবিভা২৩হোয়েও। সহমো২২৪৫ই। ডা॥ ২৬

৫ র র ১ র ২ ১ র
অভীনোবা। জাসাতমম্। রয়িম। যাউবা২৩।
র ২ ২ ১ ২ ১ ১র ১
হোবা৩হাই। শতস্পৃহম্। ইন্দা৩স। হাউবা২৩।
১ ২ ২ ১ ১ ১ ৩ ৫র র
হোবা৩হা। অভর্ণসম্। ভুবায়েও। দ্যুা২মা২৩৪ঔহোবা।
২ র ১ ৩ ১ ১ ১ ১
বিভাসহা২৩৪৫ম্॥ ২৭

২ — ১ ২র র ৪ ২ ৩ ৫
অভী২হোই। নোবাজা৩সা৩। হাতা২৩৪মাম্।
২ — ১ ২ ৪ ২ ৩ ৫ ২
রয়ী২হ্হোই। অর্ষ শা২তা৩। হাস্পৃ২৩৪হাম্। ইন্দো
— ১ ২ ৪ ২ ৩ ৫ ২ — ১
২হোই। সহস্রা৩ভা৩। হার্ণা২৩৪সাম্। ভুবা২হোই।
২ ৪ ২ ৪
দ্যুম্ন২বী৩ভা৩। হা৩সা৬৫৬ম্। ২৮

২ ১ ২ ৫র ৩২ ২ ১ ২
অভীনোবা৩১২৩৪। জসা। তমা৩ম্। রয়িমর্ষা৩১২
৫ ৩ ২ ২ ১ ২ ৫
২৪। শত। স্পৃহা৩ম্। ইন্দোসাহা৩১২৩৪। স্রভ।
২ ১ ২ ৪
ণসা৩ম্। তুবাইদ্যুম্না৩১৩৩ম্। বিভা৫সহাউ। বা॥ ২৯
৪ র র র র র ৪ র ৪
অভীনোবৌহোহো৫জসাতমাম্। রয়িমর্বৌহোহো৫শতস্পৃ
র র ৪ র
হাম্। ইন্দোসহোহোহো৫স্রভর্ণসাম্। তুবিদ্যুম্নৌহোহো৫
র ৪ ৫ ৪ ৫ ৫ ২
বিভাসহাম্। সহম্। তুবিদ্যুম্নংবিভা৬। হাউবা। সহা৩
১ ১১১১
মে২৩৪৫ ॥ ৩০ ॥৫

সাঃ ভাঃ। অথ পঞ্চমী। অম্বরীষঋজিশ্বানৌ ঋষী।
ইন্দো দীপ্যমান সোম। বাজসাতমম্ অত্যন্তং বলপ্রদ মন্ন-
প্রদং বা ধনং পুত্রং নঃ অস্মাকম্ অভ্যর্ষ অভিগময়। কীদৃ-
শম্? শতস্পৃহম্ বহুভিঃ স্পৃহণীয়ম্। সহস্রভর্ণসংবহুবিধভর-
ণম্ অনেকপোষণযুক্ত মিত্যর্থঃ। তুবিদ্যুম্নং। দ্যোততের্যশো
বান্নং বেতি যাস্কঃ। বহ্বন্নং বহুযশোযুক্তং বা। বিভাসহং
মহতঃ প্রকাশস্যাভিভবিতারম্ অতিতেজস্বিন মিত্যর্থঃ॥
"শতস্পৃহং"-"পুরুস্পৃহম্"—ইতি, "বিভাসহম্"-"বিভ্বাস-
হম্—ইতি চ সাম্ন ঋচশ্চ পাঠৌ॥ ৫

অং। হে স্বপ্রকাশ জ্যোতিঃস্বরূপ দেব!* বহুবলপ্রদ,
বহুজনবাঞ্ছনীয়, বহুপোষণসমর্থ, বহুযশা, বহুপ্রভাশালী
এই সোম আমাদিগকে প্রাপ্ত করাও। ৫

* এই দেবতা কে? উত্তর— যিনি প্রার্থনাপূরণে সমর্থ।

(৮৪)

৩ ১ ২ ৩ ১ ২ ২ ১র ২।'৩ ১ ২
অতীনবন্তেঅক্রহঃ প্রিয়মিন্দ্রস্যকাম্যম্।
৩ ২উ ৩ ১। ২। ৩ ১ ২ ৩ ১ ২
বৎসমপূর্ব্বআয়ুনিজাতংহ্বরিহন্তিমাতরঃ ॥ ৬
(ঋং ৭,৪,২৭,১)

বিং। ঋং কশ্যপ বংশীয় রেভ ও সূনু। এতন্মূলক চারিটি সাম দেখাযায়। তন্মধ্যে একটী মাত্র আরণ্য গানের ১,২,২৪শ, অপর তিনটিই গেয়গানের ১৬,১,৩১শ হইতে ৩৩শ। এ তিনটীরই প্রকাশক অঙ্গিরোবংশীয় প্রিয়মেধা ঋষি সুতরাং ইহাদিগকে "আঙ্গিরস" বা "প্রৈয়মেধ" কহে।

সামত্রয় যথা—

গেং গাং। আ২৩৪ভী। ওইনবন্ত আক্ন্১হাঃ। ওইপ্রিয়মিন্দ্রস্যকামায়া২ম্। ওই বৎসমপূর্ব্বআয়ু১নী২। ওই। জাতংহ্বরিহন্তিমো১২৩৪। বা। তা৫রো৬হাই ॥ ৩১

অভী। নবী৩২। তআ৫ক্রহাঃ। প্রিয়ামিন্দ্রা৩। স্যাকামা২৩৪য়াম্। বৎসমপ্৩। র্বআয়ু২৩৪নী। জাআ৩হ্বোই। রিহা৩হো। স্তিমাতা২৩রা৩৪। ও২৩৪৫ই। ডা ॥ ৩২

৫ ৪র ৫ র ৪ ৩৫ ৪ ৫ ৪ ৫ ৪র ৫
অভীনবন্তেঅক্রুহঃ। ওহাই। প্রিয়মিন্দ্রস্যকাম্যিয়ম্।
৪ ৫ ৪ র ৫ ৪র ৫ র ৪ ৫ ১ ২
ওহাই। বৎসম্পূর্ব্বআয়ুনি। ঔহোবাহাই। জাতংরিহৌরা।
৩ ৫ ২ ১ ২ ৪ ৫ ৪
তীং৩৪মা। তরা। ঔ৩হোবা। হো৫ই। ড়া ॥ ৩৩ ॥ ৬

সাং ভাং। অথ ষষ্ঠী। রেভ-সূনূ কাশ্যপৌ ঋষোঃ। যথা মাতরঃ গাবঃ পূর্ব্বে প্রথমে আয়ুনি বয়সি জাতং বৎসং রিহন্ত লিহন্তি। তথা অক্রুহঃ অদ্রোহাঃ বসতীবর্য্যাখ্যা আপঃ ইন্দ্রস্য প্রিয়ং কাম্যং সর্ব্বৈঃ কাম্যমানং সোমম্ অভি নবন্তে অভিগচ্ছন্তি ॥ ৬

অং। মানবজাতি মধ্যে প্রথম বয়সের সন্তান যেরূপ বহু আনন্দে ও প্রগাঢ় স্নেহে প্রতিপালিত হয়*, ইন্দ্রের বাঞ্ছনীয় ও প্রিয় এই সোমরসসমূহও তাদৃশ দ্রোহশূন্য ভাবে অর্থাৎ অকৃত্রিম যত্নে রক্ষিত হইয়া থাকে ॥ ৬

---

(৮৫)

১ ২৩ ১ ২ ২ ৩ ১ ২ ৩ ১ ২
আহর্ষতায়ধৃষ্ণবেধনুষ্টন্বন্তিপৌংস্যম্।
৩ ২৩ ৩ ১ ২ ২ ১ ২ ৩ ১ ২ ৩ ২
শুক্রাবিয়ন্ত্যসুরায়নির্ণিজেবিপামগ্রেমহীয়ুবঃ ॥ ৭

(ঋং ৭,৩,২৫,১)

* যেহেতু সেই সময়ে পিতামহ পিতামহী প্রভৃতি জীবিত থাকিবার সম্ভাবনা, না থাকিলেও প্রথম পুত্রোৎসব বিশেষ আনন্দকর ইহা সুপ্রসিদ্ধ।

বিং। ঋং দেং পূর্ব্ববৎ। ছং বৃহতী। এতম্মূলক চারিটী সাম গেয়গানের ১৬, ২, ৩৪শ হইতে ৩৭শ। এ চারিটীই গৃৎসমদ বা বসিষ্ঠের 'সূক্ত' বলিয়া প্রথিত। যথা—

৩র ২ ১ ৫ ২ ১র ২ ১ ১র ৩ ২ ১ ৫
আহা৩। ও২৩৪বা। যঁতায়ধৃষ্ণুবে২। ধনূ৩ঃ। ও২৩৪বা।
২ ১র ২ ৩ ২ ৮ ৫
তস্বস্তিপৌংসিয়ম্। শুক্রা৩ঃ। ও২৩৪বা। বিয়স্ত্যস্থ
২র ১র র ১ ৩ ২ ১ ৫ ১ ১র র ১
রায়নির্ণিজে২। বিমা৩। ও২৩৪বা। অগ্রে২মহীয়ুবা
১ ১ ১ ১
২৩৪৫ঃ ॥ ৩৪

২ ২ ১ ৭ ২ ৩ ৫ ২ ২ ৫র র
হা৩হাই। আহর্ষতা। য়া২৩৪ধৃ। হা৩হা৩৪। ঔহোবা।
৩ ৫ ২ ২ ১ ২ ৩ ৫ ২ ২
ষ্ণা২৬৪বে। হা২হাই। ধনুষ্টাম্বা। তী২৩৪পৌ। হা৩হা৩৪।
৫র র ২ ৫ ২ ২ ১ র ২ ১ ৭ ২
ঔহোবা। সী২৩৪য়াম্। হা৩হাই। শুক্রাবিয়। তাঅহ্য়া।
৩ ৫ ২ ২ ৫র র ৩ ৫ ২ ২
য়া২৩৪নী। হা৩হা৩৪। ঔহোবা। ণী২৩৪জে। হা৩হাই।
১ ২ ৩ ৫ ২ ২ ৫র র ৩
বিপামাগ্রাই। মা২৩৪হী। হা৩হা৩৪ ঔহোবা। যু১৩৪রাঃ ॥৩৫

৪ ৫র ৫ ৪ ৫ ৪ ১ ২ — ১ ২ —
আহর্ষতায়ধৃষ্ণবআ। ধনুষ্টা১ম্বা২। তিপৌংসা১য়ীং২য্।
১র ২ ১ ৭ ২ ১ ৩ ৫ ১ ২
শুক্রাবিয়। তাঅহ্য়া৩। য়ানীর্ণা২৩৪ ইজাই। বিপামা১
— ১ ৪ ২ ৫
গ্রা২ই। ওই। মা২৩হী৩। যু৩৪৫বো৬হাই ॥ ৩৬

৬ ৫ ৩ ৫ ২ ৪ ৫ ২ ১ ৩ ২
আ৪হর্য। তা৪মগ্ন। ক্ষা৩বোধনুষ্টস্বা। তিপৌ২সিয়ায়।
১ র ২ ১ ৭ ২ ৩ ২ ৫ ১
শুক্রাবিয় । তা অসুরা। য়নাউবা৩। ণীহ৩৪জে। বাই
২ ২ ১ ২ ২ ১র ২ ১
পা৩২হাই। আগ্রে৩হাঈ। মহীয়ুং৩বা৩৪৩ঃ। ও২২৪৫ই।
ডা॥ ৩৭॥ ৭

সাং ভাং। অথ সপ্তমী। হর্য্যতায় সর্বৈঃ স্পৃহণীয়ায়। ধৃষ্ণবে শত্রূণাং ধর্ষণশীলায় সোমায় পৌংস্যং পুংস্ত্ব মভিব্যঞ্জকং। ধনুরাতন্বন্তি ধনুষি জ্যাং কুর্বন্তীতি। সোমস্য ধারাবিসর্গার্থং বিতায়মানং পবিত্র মভিধীয়তে। তদেব বিস্বপোতি—বিপাং মেধাবিনাম্। অগ্রে পুরস্তাৎ। মহীয়ুবঃ পূজাকামা অধ্বর্যবঃ। শুক্রা শুক্লবর্ণানি গোপয়াংসি। অসুরায় বলবতে। নির্ণিজে স্বরূপায় শোধনার্থম্। বয়ন্তি আচ্ছাদয়ন্তীত্যর্থঃ। "শুক্রাবিয়ন্ত্যসুরায়নির্ণিজে"—"শুক্রাংবয়ন্ত্যসুরায়নির্ণিজম্"—ইতি সাম্ন ঋচঃ পাঠৌ॥ ৭

অং। ধৃষ্ট, হরণকারী, দস্যুদলকে দমন করিতে পৌরুষ প্রকাশক ধনুষ্টঙ্কার এই সোম বলেই সাধিত হইয়াথাকে; বিবিভুনী ভূপতিগণ, মেধাবী-মন্ত্রিদলের সাহায্যে এবং প্রভাবেই অসুরের * বীর্য্যও আচ্ছন্ন করিয়াথাকেন॥ ৭

---

* অতি বলবানের।

(৮৬)

২ ৩ ১ ২ ৩ ১র ২র ৩ ১ ২ ৩ ১ ২
পরিত্যংহর্ষতংহরিম্বভ্রুস্পুনস্তিবারেণ।
৩ ২উ ৩ ২উ ৩ ১ ২ ৩ ১র ২র
য়োদেবান্বিশ্বাংইৎপরিমদেনসহগচ্ছতি ॥ ৮

(ঋং ৭,৪,২৪,১)

বিং। ঋং বৃষাগির বংশীয় অম্বরীয এবং ভরদ্বাজ বংশীয় ঋজিশ্বা। ছং অনুষ্টুপ্। দেং পূর্ব্ববৎ। এতন্মূলক ঊনবিংশ সাম দেখা যায়। তন্মধ্যে ঊহগানের ৫,২,১৮শ হইতে ২০শ ৬,১,১ম হইতে ৩য় ১২, ২, ১ম ও ২য় ১৪,২, ১৬শ হইতে ২১শ ১৭,১, ৮ম ও ৯ম ১৭, ২, ২য় ২০,২, ৪র্থ; ঊহ্যগানের ৪,২,৩য়; অবশিষ্ট সামটী গেয় গানের ১৬, ১,৩৮শ। এই সামটিকে "আকূপার" কহে এবং "ত্বিরভ্যন্ত আকূপার"ও কহে। যথা—

৩৪ ৩ ৪ ৩ ৪ ৫ ৩ র
গেং গাং। পরিত্যংহর্ষতংহরিম্। পা২৩৪। রিত্যংহো
৪ ৩ ৪ ৩ র ৪র ৫ ১
হো৫র্ষতংহরাইম্। বভ্রুস্পুনস্তি বারেণ। বা২৩৪। ভ্রুস্পু
র র ৪র ৩র ৪র ৩র ৪র ৩ ৪ ৫ ১
নৌহো৫স্তিবারেণা। য়োদেবান্বিশ্বাংইৎপরি। যো২৩৪।
র র র র ৪ ৩ ৪র ৩ ৪ ৫ ১
দেবান্বৌহো৫শ্বাংইৎপরাই। মদেনসহগচ্ছতি। শ্বা২৩৪।
র র ৪ ৫
দেনসৌহো৫হগ। চ্ছা৫তোঙহাই ॥ ৩৮ ॥ ৮

সাং ভাং। অথ অষ্টমী। ঋজিশ্বাম্বরীষাবৃষী। হর্য্যতঃ সর্বৈঃ স্পৃহণীয়ম্। ’হরিং হরিতবর্ণম্। বভ্রুং বভ্রুবর্ণং চ। ত্যং তং। সোমং। বারেণ বালেন পবিত্রেণ। পরি পুনন্তি পরিশোধয়ন্তি। য়ঃ সোমঃ বিশ্বান্ সর্বানিন্দ্রাদীন্ দেবানিৎ দেবানেব। মদেন মদকরেণ রসেন সহ পরিগচ্ছতি ইতি ॥ ৮

অং। যাহা, সর্ব্বদেবতার মোদ-কররূপ, সর্ব্বত্র গমনশীল, সেই সর্ব্বজনস্পৃহণীয়,শ্রমহারী, বভ্রুবর্ণ সোম, বারের দ্বারা* পরিশোধিত হইয়া থাকে ॥ ৮

---

(৮৭)

১ ২ ৩ ১র ২র ৩ ২ ৩ ১ ২ ৩ ১র ২র
প্রসুম্বানায়ান্ধসোমর্ত্তোনবষ্টতদ্বচঃ।
৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১র ২র
অপশ্বানমরাধসংহতামখমভৃগবঃ ॥ ৯

(ঋং ৭,৫,৩,৩,)

ইতি ষষ্ঠপ্রপাঠকে দ্বিতীয়ার্দ্ধে প্রথমদশতি—৬,১

বিং। ঋং বাশ্য প্রজাপতি। ছং দেং পূর্ব্ববৎ। এতন্মূলক পঞ্চদশ সাম আছে। তন্মধ্যে উহগানের ১,৯, ১৭শ ১৮শ ৬,২,১৭শ ২০শ ১১,২,২য় ৩য় ১৩শ ১৫,১,১৬শ ২০শ ২১শ ২২, ২, ৭ম; উহ্যগানের ২,১,৪র্থ ৩,২,৪র্থ ও ৬,

---

* চন্দ্র—সোম পক্ষে মেঘের দ্বারা, শারীর সোম পক্ষে ইন্দ্রিয়রোধের দ্বারা ও যজ্ঞীয় সোমপক্ষে মেষবাল-নির্ম্মিত ছাঁকনির দ্বারা।

১,৬ষ্ঠ ; অবশিষ্ট সামটী গেয় গানের ১৬,১,৩৯শ। এই সামটি মৃগ ঋষির প্রকাশিত ; ইহাকে 'বৈরূপ' কহে। যথা—

২ ১ ৪র্ ৫ ১ ২ ১ ২
গেং গাং। প্রস্বস্বা২৩নায়অন্ধসাঃ। মর্ত্তঃ। নবা২।
৩ ২ ৩ ৫ ২ র ৩২ ৩ ৫ ২ ১র
ষ্টতদ্বা২৩৪চাঃ। অপশ্বানমরা। ধা২৩৪সাম্। হতামা২৩
২ ৩ ২ ৪
খম্। নভৃ৩গা৫বো৬ঃ॥ ৩৯ ॥ ৯

॥ ইতি গ্রামে গেয়ে ষোড়স্যার্দ্ধঃ প্রপাঠকঃ॥ ১৬, ১

সাং ভাং। অথ নবমী। প্রজাপতিঋর্ষিঃ। সুম্বানায় অভিষূয়মাণায়। ষষ্ঠ্যর্থে চতুর্থী। অভিষূয়মাণস্য অন্ধস্য সোমস্য তৎ প্রসিদ্ধং বচঃ বচনং য়োঽয়ং মর্ত্তো ন মর্ত্ত্য ইব কর্ম্মবিঘ্নকারী তবষ্টন কাময়তাং ন শৃণোত্বিতি য়াবৎ। তথা হে স্তোতারঃ অরাধসং সাধক-কর্ম্ম-রহিতং শ্বানম্ অপহত। তত্র দৃষ্টান্তঃ—মখং ন। য়থা পুরা অরাধসং মখম্ এতন্নামানং ভৃগবোঽপহতবন্তঃ তথা অপহতেত্যর্থঃ। "সুম্বা-নায়"-"সুম্বানস্য"—ইতি, "বষ্ট"-"বৃতে"— ইতি, চ সাম্ন ঋচঃ পাঠৌ॥ ৯

ইতি শ্রীমৎসায়ণার্য্যবিরচিতে মাধবীয়ে সামবেদার্থপ্রকাশে ছন্দোব্যাখ্যানে পঞ্চমস্যাধ্যায়স্যাষ্টমঃ খণ্ডঃ॥ ৫, ৮॥

॥ ইত্যানুষ্টুভম্॥

অং। হে ভৃগুগণ। রসরূপী সোমের স্তুতিও ক্ষমতা-শালী চেতনাবিশিষ্ট জীবের ন্যায় কর এবং যজ্ঞবিঘ্নকারী, ধনহারী, কুক্কুরজাতিকে দূরীভূত কর ॥ ৯

ইতি ষষ্ঠপ্রপাঠকীয় দ্বিতীয়ার্দ্ধে প্রথম দশতের শ্রীসত্যব্রত সামশ্রমী কৃত বঙ্গানুবাদ সমাপ্ত ॥ ৬, ২, ১

---

(৮৮)

৩ ১ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ২ ৩ ১ ২
অভিপ্রিয়াণিপবতেচনোহিতোনামানিয়হ্বোঅধিয়েষুবর্দ্ধতে।
১ ২র ৩ ২ ৩২উ ৩ ২ ৩ ১ ২ ৩ ২
আসূর্যস্যবৃহতোবৃহন্নধিরথংবিষ্বঞ্চমরুহদ্বিচক্ষণঃ ॥ ১

(ঋং ৭,২,৩৩,১)

বিং। ঋং ভৃগুবংশীয় কবি। ছং জগতী। দেং পূর্ব্ব-বৎ। এতন্মূলক চতুর্দ্দশ সাম দেখাযায়। তন্মধ্যে আরণ্য গানের ২,১,৬ষ্ঠ; উহ গানের ১,১,১৩শ ৯,১,২য় ১৪,১,১৮শ ১৬,১,১৫শ ১৯,১,১৪শ; উহ্যগানের ৪,১,১ম ও ১৯শ; অবশিষ্ট ছয়টি গেয় গানের ১৬,২,১ম হইতে ৬ষ্ঠ। প্রথম ও ষষ্ঠ সামদ্বয় 'কাব' নামে পরিচিত হইয়া থাকে এবং দ্বিতীয় ও তৃতীয়টি বাজসনি ঋষির প্রকাশিত বলিয়া 'বাজসনি' নামেই প্রসিদ্ধ, ৪র্থ ও পঞ্চমটিকে 'বাজজিতি' কহে। যথা—

২ ৩ ৫ ২ ৩ ৫
গেং গাং। ওম্। আভিপ্রী২৩৪য়া। ণীপাবাং৩৪তাই।
২র ১র ২ ৩ ৫ ২ ৩ ৫ ২র ১
চানোহিতোং৩ঃ। নামানী২৩৪য়া। হ্বোঅধী২৩৪য়ে। যুব

৫ ২ ৪ ৩ ৫ ২ ৪ ৩ ৫ ২র ১ ২
ৰ্দ্ধতায়েও। আসূরীং৩৪য়া। স্যাবৃহাং৩৪তাঃ। বৃহন্নধায়েও।
২ ৩ ৫ ২ ৪ ৩ ৫ ৩
রাথংবাং৩৪ইষা। চামান্থং৩৪হাৎ। বিচা৩১উবাং৩।
২
ক্ষাং৩৪ণাঃ ॥ ১

৪ ৪ ৫ ৪ ৩ ৪ ৫ ৪ ৪ র ৫
এ৫। অভিপ্রিয়াং। ণিপৰতাই। এ৫। চনোহিতাঃ।
৫ ৪র র ৫ ৪ ৩র ৪ ৫ ৪ ৪ ৫ ৫
এ৫। নামানীয়াং। হ্বোঅধিয়াই। এ৫। যুবর্দ্ধতাই। এ৫।
৪র র ৫ ৪ ৩ ৪ ৫ ৪ ৪ ৫ ৪ ৪ ৫ ৪
আসূরিয়াং। স্যবৃহতাঃ। এ৫। বৃহন্নধী। এ৫। রথংবিষাং।
৩ ৪ ৫ ৪ ৪ ৫ ৪
চমনূহাৎ। এ৫। বিচক্ষণাঃ। হো৫ই। ডা ॥ ২

৫ র র র র ৪ ৫ ১ ২৪ ৩ ১ ২ ১
অভ্যোহোবাহাইপ্রিয়াণী। পৰতাইচাং৩৪নো। হিতাঃ।
২র ১ ২ র র ১ ২র ১ ২ র ১
নামানিয়হ্বোঅধিয়েযুবর্দ্ধতাই। আসূর্ষস্যবৃহতোবৃহন্নধাই।
২ ১ ২ ১ ২ ২ ১ ১ ১ ১ ১
রথম্। বাইষকমনূহৎ। বিচা৩১উবাং৩। ক্ষা৩ণাং৩৪৫ঃ ॥৩

২ ১ ২র ১ ১ ২ ১ ২ ৫র
অভিপ্রিয়া। ণীপৰতাই। হোইহোবা৩হোয়ে৩৪। চনো
৪ ৫র ৪ ৫ ২র র ১ ২র ১ ১
হিতাঃ। হাহো। বাহাই। নামানিয়া। হ্বোঅধিয়াই। হোই
২ ১ ২ ৫ ৪ ৫র ৫ ২র র ১
হোবা৩হোয়ে৩৪। যুবর্দ্ধতাই। হাহো। বাহাই। আসুরিয়া।
২র ১ ১ ২ ১ ২ ৫ ৪ ৫র ৪
স্যাবৃহতাঃ। হোইহোবা৩হোয়ে৩৪। বৃহন্নধী। হাহো।

৫ ২ ১ ২র ১ ২ ১ ২
বাহাই। রথংবিশ্বা। চামরুহাৎ। হোইহোবা৩হোয়ে৩৪।
৫ ৪ ৫র ৪ ৫ ৬ ২র ১র ২ ১
বিচক্ষণাঃ। হাহো। বা৬হাউ। বা। বাজীজিগী৩বা৩১ ॥ ৪

২ ১ ২র ১ ২র ১র ২ ১
অভিপ্রিয়া। ণীপবতাই। চানোহিতাঃ। হোবা৩হোই।
২র র ১ ২র ১ ২র ১ ২ ১ ২র র
নামানিয়া। হ্বোঅধিয়াই। যুবর্দ্ধতাই। হোবা৩হোই। আসূ
১ ২র ১ ২র ১ ২ ১ ২ ১
রিয়া। স্যাবৃহতাঃ। বৃহমধাই। হোবা৩হো। রথবিশ্বা।
২র ১ ২র ১ ২ ১ ৩ ৫র র
চামরুহাৎ। বীচক্ষণাঃ। হোবা৩হো২। বা২৩৪ঔহোবা।
২র ১র ২র ১র ২র ১২র ৩ ১ ১ ১ ১
বাজীজিগীবাবিশ্বাধনা২নী২৩৪৫ ॥ ৫

৫ ৪ ২ ১র ২ র ১ —
অভ্যোবা। প্রিয়াণিপবতাই। চনোহাইতা২ঃ।
১র র র ২ ১ — ১র র
নামানিয়হ্বোঅধিয়াই। যুবর্দ্ধাতা২ই। আসূর্যস্যবৃহতো।
২ ১ ১ ২ ৪ ৫ ২ ১ ১ র
বৃহমাধী২৩। রাথা৩০বাইশ্বা। চমরুহা২৩৫। বাইচা৩
৪
ক্ষা৫ণা৬৫৬ঃ ॥ ৬ ॥ ১

সাং ভাং। অগত্ত্যোঽভিপ্রিয়াণীতি মুখ্যা দ্বাদশ সম্মতাঃ। আদ্যাস্তিস্র ঋচো দৃষ্টাঃ কবিনাম্না মহর্ষিণা। উত্তরা বিপ্রকীর্ণ-ত্বাদ্ বক্ষ্যন্তে ঋষয়ঃ পৃথক্ ॥ অথ নবমে খণ্ডে সৈষা প্রথমা। চনোহিতঃ। চন ইত্যন্ননাম। চায়তেরসুনি চন ইত্যৌণাদিক-সূত্রেণ নিপাতিতঃ। চনসে অন্নায় হিতঃ। যদ্বা। হিতাঃ পোষঃ। প্রিয়াণি জগতঃ প্রীণয়িতৃণি। নামানি নমনশীলানি।

তান্যুদকানি অভিপবতে অভিতঃ ক্ষরণং করোতি। যেষু অন্তরিক্ষস্থিতেষু উদকেষু মহঃ মহানয়ং সোমঃ। অধিবর্দ্ধতে অধিকং প্রবৃদ্ধো ভবতি। অপাং মধ্যে সোমো বসতি খলু। ততঃ বৃহন্ মহান্ সোমঃ। বৃহতঃ মহতঃ পরিবৃঢ়স্য সূর্য্যস্য। বিষ্বঞ্চং বিশ্বগ্‌গমনং রথম্ অধি উপরি বিচক্ষণঃ বিশ্বস্য দ্রষ্টা সন্। আরুহৎ আরোহতি। অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যাদিত্য গামুপতিষ্ঠতে (ম০৩,৭৬)—ইতি ॥ ১

অং। অন্নের হিতকারী * এই সোম যে উদকসঙ্ঘাতে পরিবর্দ্ধিত হন, তৎসমস্তকে বিশোধিত করেন †। আরও এই সম্মুখে দেদীপ্যমান বৃহৎ সূর্য্যমণ্ডলের বিশ্বব্যাপী বৃহৎ রথে সতত আরোহণ করেন ‡ ॥ ১

---

(৮৯)

৩ ১ ২ ৩১২৩ ২৩১ ২৩২ ৩২৩১২
অচোদসোনোধন্বন্ত্বিন্দবঃপ্রস্বানাসোবৃহদ্দেবেষুহরয়ঃ।
১২ ৩২৩২৩১২ ৩১২ ৩১২ ৩১২
বিচিদশ্নানাইষয়োঅরাতয়োর্যোনঃসন্তুসনিষন্তুনোধিয়ঃ ॥ ২
(ঋং ৭,৩,৪,১)

---

* চন্দ্র—সোমের রশ্মিপাতেই 'ওষধি' সমস্ত পুষ্ট হয়, এইজন্যই চন্দ্রের নামান্তর ওষধীশ। সোমবল্লী রসপানেও ভুক্তান্ন শীঘ্র সুপরিণাম প্রাপ্ত হয়। শারীর সোমের আধিক্যানুসারেই জোর্ঠনশক্তি দেখায়।

† চন্দ্র—সোমের স্থিতি অন্তরীক্ষস্থ সমুদ্রে, সোমবল্লীর স্থিতি হিমালয়ের উপত্যকা-জলাশয়ে এবং শারীর সোমের স্থিতিও শরীর-রসসমূহে।

‡ অর্থাৎ সূর্য্যকিরণে সোম-রসসমস্ত আকৃষ্ট হয়।

বিং। ঋষ্যাদি সমস্তই পূর্ব্ববৎ। এতন্মূলক ছয়টি গান দেখা যায়। ঐ ছ'টি গেয় গানের ১৬,২,৭ম হইতে ১২শ। ইহার প্রথম তিনটি অঙ্গিরাঋষি কর্তৃক প্রকাশিত সুতরাং 'আঙ্গিরস' নামে প্রসিদ্ধ, অপর তিনটি 'সামরাজ' নামে অভিহিত হইয়া থাকে; বিশেষত শেষটিকে 'সিমানাং-নিষেধ' ও বলে। যথা—

২ র ১ ২র ১ ২র
গেং গাং। অচোদাসোং৩। নোধনূবাং৩। ভূই
১ ২ র ১ ২ ১ ২র ১ ১
ন্দবাঃ। প্রম্বানাসোং৩। বৃহদ্দাইবেও৩। হূহরয়াঃ। বিচি
১ ২র ১ ২র ১র ২ র ১
দাশ্বাং৩। নাইষায়াং৩ঃ। আরাতয়াঃ। অর্ধোনাঃসাং৩।
২র ১ ২র ১র ২ ১ ১ ১ ১
তূসনাইষাং৩। ভূনোধিয়া৩১উবাং৩৪৫॥ ৭

১ ২র ৩ ২ ৩র ৪ ৫ ৪ ৫ ১ ২র র ২
আচোদেসৌ। নোধন্নুবন্ত। ইন্দবাঃ। প্রাম্বানাসৌ।
৩ ৪ র র ৫ ৪ ৫ ১ ২ ৩ ২ ৩র ৪ র ৫ ৪র ৫
বৃহদ্দেবেষু। হরয়াঃ। বাইচিদশ্বা। নাইষয়োজ। রাতয়াঃ।
১ ২র ৩ ২ ৩ ৪ ৫ ৪
আর্ব্ব্যোনঃসা। ভূসনিষ। ভূনো ৫ধিয়াউ। বা॥ ৮

২র র ২ র র ১র ১ ২ ৪
হাউহোবা৩হাই। অচোদসোনো৩ধা। নূবা৩ন্ত৩।
২ ৩ ১ ২ ১ ১ ২র র ২ র র র
ইন্দবাং৩৪৫ঃ। হাউহোবা৩হাই। প্রম্বানাসোবৃ৩ ৩হাং।
২র ৪ ২ ৩ ১ ১ ১ ১ ২র র ২ র ১র
দেবে৩ষু৩। হরয়াং৩৪৫ঃ। হাউহোবা৩হাই। বিচিদশ্বানা

১ ২ ৪ ২র ৩১ ১ ১ ১ ২র র ২
ওআই। ঘয়োওআও। য়াতয়া২৩৪৫ঃ। হাউহোবাওহাই।
র ১ ২ ৪ ২র ১ ১ ১
অর্য্যোনঃসুস্তুওসা। নিষাওস্তুও। নোধিয়াওইউবাও৪৫ ॥ ৯

৫ ৪ ১ র র ২ ১ — ১ র র
অচোহাই। দাসোনোধন্থুবা। ভুইন্দাবা২ঃ। প্রস্বানা
র ২ ১ ৫ ৩
সোব্রহদ্দেবাই। মুহয়ায়া২ঃ। বিচো২৩৪হাই। অগো২৩৪
৫ ২র ৩ ৫ ১ ২ ৩ ৫
হাই। মাইষয়ঃ। অয়ো২৩৪হাই। তায়াঃ। অর্য্যো২৩৪হাই।
৩ ৫ ২ ৩ ৫ ১ ৫ ২ ৫
নঃসো২৩৪হা। ভুসানী২৩৪য়া। ভুনাওউবাও। ধী২৩৪য়াঃ ॥ ১০

৫ র ৪ ৫ ১ র র ২ ১ — ১ র র
অচোহোবা। দাসোনোধন্থুবা। ভুইন্দাবা২ঃ। প্রস্বানা
র র ২ ১ ১ ২ ৪ ৫ ২ ৩ ৫
সোব্রহদ্দেবাই। মুহয়ায়া২৩ঃ। বাইচীওদাশ্বা। নাইষা২৩৪য়া।
২ ৩ ২ ৩ ৫ ৩ ১ ২ ৪ ৫ ২ ৩
হোই। অয়াতা২৩৪য়াঃ। হোওই। আর্য্যোওনাঃসা। ভুসানী২
৫ ২ ৩ ২ ৪
৩৪যা। হো। ভুনোওধা৫য়া৬৫৬ঃ ॥ ১১

৫ র ৪ ৫ ১ র র ২ ১ ১ র
অচো। বাহাই। দাসোনোধন্থুবা। ভুইন্দাবা২ঃ। প্রাস্বা
র র র ২ ১ ১ ২ ১
নোসোব্রহদ্দেবাই। মুহয়ায়া২৩ঃ। বা২৩ইচীৎ। আহ৩।
২ ৩র ৪ ৩ ৪র ৫র ২ ২ ১ ২ ১ ২
শ্বা৩৪। নাইষয়োঙ্গরা। তাওয়াঃ। আ২৩র্য্যো। না২৩ঃসা৩৪।
৩ ৪ ৫ ৩ ২ ৪
ভুসনিষ। ভুনোওধা৫য়া৬৫৬ঃ ॥ ১২ ॥ ২

সাং ভাং। অথ দ্বিতীয়া। অচোদসঃ অচোদনাঃ অনন্যপ্রেরিতাঃ। ইন্দবঃ সোমাঃ। নঃ অস্মাকং প্রধবন্ত প্রগচ্ছন্তু ধন্বতির্গতিকর্মা। কুত্র? বৃহদ্দেবেষু হরয়ঃ প্রভূত দেবয়ুক্তেষু যজ্ঞেষু যথা বা বৃহদ্দেবকুলজেষু মধ্যে তে ইতি সম্বন্ধঃ। কীদৃশা ইন্দবঃ। স্বনাসঃ সূয়মানাঃ। হরয়ঃ হরিতবর্ণাঃ। কিঞ্চ। অরাতয়ঃ ধনাদি-দানরহিতাঃ। নঃ অস্মাকম্ অর্যঃ অরয়ঃ। ইষয়ঃ ইষোঽন্নানি ইচ্ছন্তঃ। অশ্নানাঃ অশনেন ভোজনেন বিযুক্ত এব সন্তু। কিঞ্চ। নোঽস্মাকং ধিয়া কর্ম্মাণি দেবপ্রিয়াণি স্তোত্রাণি "সনিষন্ত" দেবান্ সম্ভজন্তু। "দেবেষু"—"দিবেষু"—ইতি পাঠৌ। "বিচিদশ্নানাইষয়োঅরাতয়োর্য্যোনঃসন্তসনিষন্তনো ধিয়া"—ইতি ছন্দোগাঃ। "বিচিনশন্নইষোঅরাতয়োর্য্যোনঃসন্তসনিষন্তনোধিয়ঃ"—ইতি বহ্বৃচাঃ ॥ ২

অং। এই চন্দ্ররশ্মিসমূহ, অচেতন হইলেও আমাদের হিতের জন্য, সূর্য্যকিরণসাহায্যে তমোহারী হওত বৃহৎ বৃহৎ নক্ষত্রমণ্ডলগুলিতে প্রধাবিত হইতেছে এবং আমাদের অন্ন-পানীয় দ্রব্য সমস্তেই ব্যাপৃত হইতেছে; এসমস্তই অমৃতময় সম্পত্তি রূপে আমাদের স্বগত হউক;—আমাদের প্রধানবুদ্ধিবৃত্তি সমস্ত, এ সমস্তকে তত্ত্বত বুঝিতে চেষ্টা করুক ॥ ২

---

* এই অনুবাদটী চন্দ্র—সোম পক্ষেই কৃত হইল; অন্যান্য পক্ষেও অনুবাদ হইতে পারে।

(৯০)

০২উ ৩ ১ ২ ৩ ১ ২ ০ ১ ৩ ১২ ৩ ১ ২
এষপ্রকোশেমধুমাংহ্ অচিক্রদদিন্দ্রস্যবজ্রোবপুষোবপুষ্টমঃ।
৩ ২ ১ ৩ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ১ ৩ ১ ২
অভ্যৃ৩তস্যসুদুঘাঘৃতশ্চুতোবাশ্রাঅর্ষন্তিপয়সাচধেনবঃ। ৩

(ঋং ৭,৩,২,১)

বিং। ঋষ্যাদি সমস্তই পূর্ব্ববৎ। এতন্মূলক সামটি গেয় গানের ১৬,২,১৩শ। এটি বসিষ্ঠ-প্রকাশিত বলিয়াই 'বাসিষ্ঠ' নামে অভিহিত হইয়া থাকে। যথা—

২র ১ — ১ ৭ ৩ ২ ৭ ৩
গেং গাং। এষপ্রকোশে২। ম। ধুমাহ্২। অচাইক্রা২৩৪
৫ ২ ১ ২ ১ — ১ ৩ ২ ৩ ৫ ২ ১
দাৎ। ইন্দ্রাস্যবাজ্রা২ঃ। ব। পুষোই। বপুষ্টা২৩৪মাঃ। অভা
২ ১ — ২ ৭ ৩ ২ ৭ ৩ ৫ ২র ১র ২ ১ —
ঋতাস্যা২। সু। দুঘা২ঃ। ঘৃতাশ্চু২৩৪তাঃ। বাশ্রাঅর্ষান্তী২।
১ ২ ৪ —
প। য়সা২৩। চধা৩ইনা৫বো৬৫৬ঃ॥ ১৩॥ ৩

স্যাং ভাং। অথ তৃতীয়া। এষঃ অয়ং সোমঃ। মধুমান্ মধুররসঃ। কোশে দ্রোণকলশে প্রাচিক্রদৎ প্রকর্ষেণ শব্দায়তে। কীদৃশ এষঃ। ইন্দ্রস্য বজ্রঃ বজ্রস্থানীয়ঃ বলকরত্বেন বজ্রবৎ প্রহরণসাধনত্বাদ্ বজ্রত্বোপচারঃ। এষঃ এব হি সোমঃ বপুষঃ বীজানাং বপ্তুঃ রম্যত্বাৎ বপুষ্টমঃ অতিশয়েন বপ্তা। বীজাবাপস্য সোমকর্তৃকত্বাৎ। সোমো বৈ রেতোধা ইতি শ্রুতেঃ। ঋতস্য সত্যফলস্য দোহস্য

ধারা ইতি শেষঃ। তা অভ্যর্যন্তি অভিগচ্ছন্তি। কীদৃশ্যঃ। সুদুঘঃ সুষ্ঠু দোগ্ধ্র্যঃ ফলানাম্। ঘৃতশ্চুতঃ উদকস্য রসস্য বা ক্ষারয়িত্র্যঃ বাশ্রাঃ শব্দয়ন্ত্যঃ। পয়সা যুক্তা বাশ্রা ধেনবঃ ইব লুপ্তোপমমেতৎ॥ "বপুষ্টমঃ"–"বপুষ্টরঃ—ইতি, "অভ্যৃতস্য"–"অভীবৃতস্য"—ইতি, "পয়সাচধেনবঃ"–পয়সেনধেনবঃ—ইতি চ ছন্দোগবহ্বৃচানাম্॥ ৩

অং। এই সোম, মধুমান্ হইলেও ইন্দ্রের বজ্র সদৃশ সুদৃঢ় এবং সমস্তসৌন্দর্য্যের দৃষ্টান্তস্থান হইলেও নির্দ্দিষ্ট স্থানমাত্রে আবদ্ধ থাকিয়া সতত ক্রন্দন করিতেছেন* পরঃ ইহার ঘৃতস্রাবী রশ্মিসমূহই পয়োদান দ্বারা † এই সৃষ্টি যজ্ঞে সুন্দর-দুগ্ধবতী ধেনুর কার্য্য করিতেছেন॥ ৩

---

(৯১)

১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ২ ৩ ২। ২। ৩ ১
প্রোঅয়াসীদিন্দুরিন্দ্রস্যনিষ্কৃতংসখাসখ্যুর্নপ্রমিনাতিসঙ্গিরম্।
১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২
মর্যইবযুবতিভিঃসমর্ষতিসোমঃকলশেশতয়ামনাপথা॥ ৪
(৭,৩,১৫,১)

---

* সমস্ত গতিশীল পদার্থেই গতির বলানুসারে একটী শব্দ অনুভূত হয় সুতরাং চন্দ্রমণ্ডলের গতির শব্দও আছেই, তাহাকেই কারাবদ্ধতা-নিবন্ধন ক্রন্দন বলিয়া বৈদিক কবি বর্ণনা করিতেছেন।

† পয়ঃ শব্দে জল ও দুগ্ধ উভয় অর্থই হয়, তদনুসারেই এস্থলে কবির কবিত্ব সম্পন্ন হইয়াছে।

বিং। ঋং সিকতানিবারী ঋষিগণ। ছং দেং পূর্ব্ববৎ। এতন্মূলক একাদশটি সাম দেখা যায়। তন্মধ্যে উহগানের ৪,১,৭ম ৬,২,১০ ৭,২,১১শ ১৭,১,৫ম ২৩,২,১৫শ ও ১৮শ; অবশিষ্ট পাঁচটি গেয়গানের ১৬,২,১৪শ হইতে১৮শ ইহার প্রথম দুইটী লৌশ ঋষির প্রকাশিত সুতরাং 'লৌশ' নামে প্রসিদ্ধ; তৃতীয়টি ভৃগু ঋষির সুতরাং'ভার্গব' বিশেষত 'প্রবদ্' নামে ব্যবহৃত হইয়া থাকে, চতুর্থ ও পঞ্চম সাম দুটিই বিরূপ-ঋষির; তন্মধ্যে প্রথমটিকে 'তন্ত্র' ও শেষটিকে 'য়াম' কহে। যথা—

২ ৩ ৫ ১ ৪
গেং গাং। প্রোয়া২৩৪সীৎ। ইন্দুরিন্দ্রা২৩। স্যা
২৩৫ ৩২র ৫ ১ ৪ ২৩৫ ৩২৩৫
৩নিষ্কৃতম্। সখাসখ্যুঃ। নপ্রমিনা২৩। তীতসঙ্গিরম্। মর্যইব।
১ ৪ ২৩৫ ৩র২ ৩৫ ১র
যুবতিভা২৩ইঃ। সা৩মর্ষতি। সোমঃকলা। শেশতয়া২৩।
২ ৪
মনা৩পা৫থা৬৫৬ ॥ ১৪

৩র ৫র র ৩৪ ৩৪৫ ৩২ ৩১১১১
প্রোয়াসীদিন্দুরিন্দ্রস্যনিঃ। কৃতাম্। কৃতা২৩৪৫ম্।
৩২ ৫৪ ৫র ৪৫৪৫ ৩২
সখা৩১২৩৪। সখ্যুর্নপ্রমিনাতিসম্। গিরাঙ্গিরাম্। মর্যা
৫ ৪ ৫ ৪৫ ৪৫ ৪৫ ৪র২
৩১২৩৪ঃ। ইবয়ুবতিভিঃসম। ষতাইষতাই। সোমা৩
৫র ৪৫র ৩২
১২৩৪ঃ। কলশেশতয়া। মনা৩পা৫থা৬৫৬ ॥ ১৫

২র ১র ২ ১ ১ ২ ১ ২ র
প্রোঅয়াসাইৎ। ইন্দুরিন্দ্রা। স্যা২নিষ্কৃতাম্। সখা
১ ২ ১ — ১ ২ ১ ২ ১
সখ্যুঃ। নপ্রমিনা। তা২ইসঙ্গিরাম্। মর্যইবা। য়ুবতিভাইঃ।
— ১ ২র ১ ২র ১ — ১র ২
সা২মর্ষতাই। সোমঃকলা। শেশতয়া। মা২নাপথা২১উ।
১ ১ ১ ১
বা২৩৪৫ ॥ ১৬

২র ১র ২ ১ ২র ১ —
প্রোঅয়াসাইৎ। ইন্দুরিন্দ্রা। স্যানিষ্কৃতা২৩ম্।
২র৩৫ ৩২৩৫র ৩২৩ ৫ ১ ১ ২ ১
সখাসখ্যুঃ। নপ্রামিনা। তিসঙ্গা২৩৪ইরাম্। মর্যইবা। য়ুবতি
২র১ ২ র ২ ৩ ৫ ৩র ২ ৩ ৫র ৩ ২
ভাইঃ। সামর্ষতায়েও। সোমঃকলা। শেশাতিয়া। মনা৩
পাথো৬৫৬ ॥ ১৭

১ র র ৩ ১ ২
আ২ই। ইয়া। প্রোঅয়াসাইদিন্দুরিন্দ্রা২৩। স্যা৩নি
৩ ৫ ১ র ৭ ৪ ২ ৩ ৫ ১ ৭
ষ্কৃতম্। সখাসখ্যুর্নপ্রমিনা২৩। তী৩সঙ্গিরম্। মর্যইবায়ুবতি
— ৪ ২ ৩ ৫ — ১ র ২
ভা২৩ইঃ। সা৩মর্ষতি। আ২ই। ইয়া। সোমঃকলাশে১
২ ৪
শতয়া২৩। মনা৩পা৫থা৬৫৫ ॥ ১৮ ॥ ৪

সাং ভাং। অথ তৃতীয়া। ঋষিগণ ঋষিঃ। ইন্দুঃ সোমঃ। ইন্দ্রস্য নিষ্কৃতং সংস্কৃতং স্থানং মুদরং প্রো অয়াসীৎ প্রকর্ষে ণৈব গচ্ছতি গম্বা চ সখা সখিভূতঃ সোমঃ। সখ্যুঃ ইন্দ্রস্য। সঙ্গিরং সম্যক্‌গিরণাধারভূত মুদরং ন প্রমিতানি ন হিনস্তি।

কিঞ্চ। সঃ মর্য্যঃ ইব যুবতিভিঃ মর্ত্ত্যো যথা তরুণীভিঃ সহ সঙ্গতো ভবতি তদ্বৎ অয় মপি সোমো· যুবতিভির্মিশ্রণশীলা ভির্বসতীবরীভিরদ্ভিঃ সহ সমর্ষতি সঙ্গচ্ছতে অভিষবকালে। স চ সোমঃ শতয়ামনা শতয়াম্না অনেকয়ামনসাধনচ্ছিদ্রোপে- তেন পথা মার্গেণ দশাপবিত্রসম্বন্ধিনা। কলশে দ্রোণকলশে গচ্ছতীতি শেষঃ। য়দ্বৈক মেব বাক্যম্। য়থা মর্য্যো যুবতিভিঃ সহ সঙ্গচ্ছতে এবং কলশো শতয়াম্না পথা সঙ্গচ্ছতেঽদ্ভিঃ॥ "শতয়ামনা"-"শতয়াম্না"—ইতি পাঠৌ॥ ৪

অং। সখা, সখার সহিত যেরূপ মিলিত হন, এই শীতরশ্মি, মহান্, সোমও তদ্রূপ ইন্দ্রের আকরণে সতত গমন করেন*। আরও মানব প্রকৃতি যেরূপ প্রীতিসহ- কারে যুবতিজনের সহিত সঙ্গত হয়, সেইরূপ এই সোমও শত শতপথে, প্রতিঘটে, সস্নেহে সঙ্গত হইয়া থাকেন†॥ ৪

(৯২)

৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২
ধর্ত্তাদিবঃপবতেকৃৎব্যোরসোদক্ষোদেবানামনুমাদ্যোনৃভিঃ।
১ ২ ৩ ২উ ৩ ১। ২। ৩ ২ ৩ ১ ২ ৩ ২
হরিঃসৃজানোঅত্যোনসত্বভির্বৃথাপাজাংসিকৃণুষেনদীষ্বা॥ ৫

(ঋং ৭,৩,১,১)

বিং। ঋং ভৃগুবংশধর কবি। ছং দেং পূর্ব্ববৎ। এতন্মূলক সপ্তদশ সাম আছে। তন্মধ্যে আরণ্য গানের

---

* অর্থাৎ সূর্য্যকিরণে চন্দ্র আলোকিত হন।

† চর্ব্ব্য, চোষ্য, লেহ্য, পেয়—এই চতুর্ব্বিধ (অনন্ত) খাদ্যের সহযোগেই প্রত্যেক জীবশরীরে দেখা দেন।

১,২,৪র্থ ও ২৫শ হইতে ২৮শ; উহগানের ৪,২,১৪শ ৯,১,১৬শ ১৫,১,১৫শ ১৭,১,২০শ ২৩,২,১৬শ ও ১৯শ; উহ্যগানের ৩,১,১০ম ও ৪,১,৪র্থ; অবশিষ্ট দুইটি গেয়গানের ১৬,২,১৯শ ও ২০শ। এ দুইটীকেই 'দাসশিরঃ' বা 'দাসদয়স' কহে। যথা—

গেং গাং। ধর্ত্তাদাইবাও। ওবা৪এ। পবক্কেক্ষ্যী ওয়োরাসাও। ওবা৫এ। দক্ষোদাইবাও। ওবা৫এ। নাম হ্বাদীওয়োনৃতাও। ওবা৫এ। হরাইঃসার্জাও। ওবা৫এ। নোঅতিয়োনাওসাম্বাভাও। ওবা৫এ। বৃথাপাজাও। ওবা৫এ। সিক্তপুবাইমদাইযুবাও। ওবাওএ। হোৎই। ডা॥ ১৯

ধর্ত্ত।ঔহোহোহাই। দিবঃ। পবতেকী। ঔহোওহাও। হা। যিয়োরসো। দক্ষোদেবা। ঔহোওহাও। হা। নামমূর্না। দিয়োনৃত্যাইঃ। হরাইঃসার্জা। ঔহোওহাও। হা। নোঅতিয়ো। নসম্বণাইঃ। বৃথাপাজা। ঔহোওহাও। হা। সিক্তপুবা। ঔহোওহাও। হাই। মদীযুবা। ঔহোওহাও। হাওর। ঔহোবা। এও। মদীযুবা১॥ ২০॥ ৫

সাং ভাং। কবির্ধ্বি। ধর্ত্তা সর্ব্বস্য ধারকঃ সোমঃ। দিবঃ অন্তরিক্ষাৎ অন্তরিক্ষস্থিতাৎ কলশাৎ পবিত্রাৎ পবতে পূয়তে। কীদৃশঃ সোমঃ। কৃত্ব্যঃ কর্ত্তব্যঃ শোধ্য ইত্যর্থঃ। রসঃ রসাত্মকঃ দেবানাম্। দক্ষঃ বলপ্রদঃ। যদ্বা। দক্ষঃ প্রবর্দ্ধনীয়ো দেবানাং মর্ধায়। তথা নৃভিঃ নেতৃভির্ঋত্বিগ্ভিঃ অনুমাদ্যঃ অনুমাদনীয়ঃ স্তুত্যো বা। হরিঃ হরিতবর্ণঃ। সত্বভিঃ প্রাণিভিঃ অস্মদাদিভিঃ সৃজানঃ সৃজ্যমানঃ। অত্যো ন অশ্ব ইব। স যথা অশ্বোহত্যনায়াসেন গচ্ছতি তদ্বৎ। বৃথা অপ্রযত্নেন। পাজাংসি বলানি স্বীয়ান্ বেগান্। কৃণুতে কুরুতে। নদীষু বসতীবরীষু। তাভিঃসিক্ত ইত্যর্থঃ। অয়মভিষবসময়াভি-প্রায়ঃ॥ ৫

অং। দ্যুলোকের ধারণকারী *, রসস্রাবণকারী, কিরণ-সমূহের যোগে অন্যান্য জ্যোতিষ্ক মণ্ডলসমস্তের অনুমোদন-কারী, স্বকার্য্যকুশল, তমোহর, সোম, অশ্বের ন্যায় বেগ-গমনশীল রূপে সৃষ্ট হইয়াছেন; তিনি সমুদ্রসম্বন্ধ নদী-সমস্তের জল যে সবলে আকর্ষণ করেন, তাহা কি বৃথা ?† ৫

---

* দ্যুলোকধারী শব্দ শব্দেই সূর্য্য ও বুঝায় (যাস্ক ১,৪,২ দেখ)। সূর্য্য চন্দ্রকে পান করিয়া জীবিত থাকেন, সেইজন্যই চন্দ্র তাঁহার শরীর ধারণের [illegible] হইয়াছে।

† [illegible], সৃষ্টিকর্ত্তা চন্দ্র [illegible] করিয়া যে জোয়ার ভাটা [illegible] করিয়াছেন, তাহার দ্বারা অনেক উপকার আছে, ইহাই সূচিত হইল।

(৯৩)

১ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ১। ২। ৩ ২
বৃষামতীনাম্পবতেবিচক্ষণঃসোমোঅহ্নাস্প্রতরীতোষসান্দিবঃ।
৩ ১। ২। ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ১ ২
প্রাণাসিন্ধুনাঙ্কলশাঁ অচিক্রদদিন্দ্রস্যহার্দ্যাবিশন্মনীষিভিঃ ॥৬

(ঋং ৭,৩,১৫,৪)

বিং। ঋষ্যাদি পূর্ব্ববৎ। এতন্মূলক সপ্ত সাম আছে। তন্মধ্যে উহগানের ২,১,১০ম ৯,১,৫ম ১৬,১,১৭শ; উহ্য গানের ৪,১,২য়; অবশিষ্ট তিনটি গেয় গানের ১৬,২,২১শ, ২২শ ও ২৩শ। এই তিনটিই যমঋষির প্রকাশিত অত এব 'য়াম' নামে পরিচিত; বিশেষত প্রথমটিকে 'ঐড় য়াম'ও কহে। যথা—

২র ১ ২র ১ ২
গেং গাং। বৃষামাতী২৩। নাম্পবাতা২৩ই। এ৩।
২ ২র র ১ ২ ১ ২
বিচক্ষণএ৩। সোমোআহ্না২৩ম্। প্রতরাইতা২৩। এ৩।
২ র ২র র ১ ২র ১ ২
উষসান্দিবএ৩। প্রাণাসাইন্ধু২৩। নাঙ্কলশাঁ২৩। এ৩।
২ ২ ১ ২ র ১ ২ ২র
অচিক্রদদে৩। ইন্দ্রস্যাহা২৩ন্। দিয়াবাইশা২৩। এ৩। মনী
১
ষিভিরে৩৪৩। ও২৩৪৫ই। ডা॥ ২১

১২র র ১র ২ ৫ ৩ ১ ১ ১ ১
বৃষামতীনাম্পব। আইবা১ইচা২৩৪। ক্ষ। ণা২৩৪৫ঃ।
১র ২র ১ ২র ২র ১ ২ ৩ ১ ১ ১ ১
সোমোঅহ্নাস্প্রতরী। তোষা১সা২৩৪ম্। দি। বা২৩৪৫ঃ

২র ১র ২র র ১ ২ ৫ ৩ ১ ১ ১ ১
প্রাণাসিন্ধূনাঙ্কল। শাণ্ণ্আ১চা২৩৪ই। ক্র। দা২৩৪৫৫।
১ ২ ১র র ৩ ৫ ১
আইন্দ্রস্যহার্দিয়াবি। শান্মা১না২৩৪ই। ষিভা২ইউ। বা৩
১ ১
৪৫ ॥ ২২

১ — ১ — ১র র ২ ১ ২ ১র
বৃষা২মতা২ই। নাম্পাবতেবিচক্ষা২৩ণাঃ। সোমো
— ১ — ১ র র ২ ১র ২ ১র — ১ —
২অহ্না২ম্। প্রতরীতোষসান্দা২৩ইবাঃ। প্রাণা২সিন্ধূ২।
১র র ২ ১ ২ ১ — ১ — ১ র ২ ১র
নাঙ্কলশাণ্ণ্অচিক্রা২৩দাৎ। ইন্দ্রা২স্যহা২। দিয়াবিশন্মনী
২ ১
ষা২৩ইভা৩৪৩ইঃ। ও২৩৪৫ই। ডা ॥ ২৩ ॥ ৬

সাং ভাং। অথ ষষ্ঠী। কবির্ঋষিঃ। অয়ং সোমঃ পবতে অভিষূয়তে। কীদৃশঃ সোমঃ। মতীনাং মতয়ঃ স্তোতারস্তেষাং বৃষা বর্ষকঃ কামানাম্। বিচক্ষণঃ বিদ্রষ্টা। অহ্নাম্ উষসাম্। দিবঃ দ্যুলোকস্য আদিত্যস্য বা প্রতরীতা প্রবর্দ্ধয়িতা। কিঞ্চ। সিন্ধূনাং স্যন্দমানানা মুদকানাং প্রাণা। প্রকর্ষেণ অনিতি চেষ্টতে ইতি প্রাণা কর্ত্তা সোমঃ। কলশান্ অচিক্রদৎ ধারয়া অধ্বনয়ৎ প্রবেষ্টুম্। যদ্বা। সিন্ধূনাং তৃতীয়ার্থে ষষ্ঠী সিন্ধুভিরদ্ভিঃ প্রাণা প্রা পূরণে পূর্ণঃ সোমঃ কলশান্ অভি লক্ষ্য ক্রন্দতে। কিং কুর্ব্বন্। ইন্দ্রস্য হার্দি হৃদয়ম্ আবিশন্ প্রবিষন্। মনীষিভিঃ মনস ঈশিত্রীভিঃ স্তুতিভিঃ সহেতি শেষঃ। যদ্বা ব্যবহিত মপি মনীষিভিরি-

বিং । এবং বিশ্বামিত্র বংশধর রেণু ঋষি, দেব পূর্ববৎ । এতন্মূলক দুইটী মাত্র সাম দেখা যায় । তন্মধ্যে একটি উহ-গানের ৮,১,১২শ ; অপরটি গেয় গানের ১৩,২,২৪শ । এটি 'মরুদ্গণের ধেনু সাম' বলিয়া পরিচিত হইয়া থাকে । যথা—

১ ৫র ৪ ৫র ৪ ৫র র
গেং গাং । ত্রো২৩৪ইঃ । অস্মৈসপ্তধেনবোদুদ্রো ।
৪ ৫ ২ ১র র ২র ১ — ১র
হ্রোহাইরাই । সত্যামাশিরম্পরমাই । বিয়োমানী২ । চত্বার্য্য
র ২ ১ ২ ৩ ৫ ২র ১ ২র
ন্যাভুবনা । নিনির্ণাইজা২৩ই । চারুণা২৩৪ইচা । ক্রেয়দৃতৈঃ ।
১ ২ ৪
আবাওর্ত্থা৫ত্তা৬৫৬ ॥ ২৪ ॥ ৭

সাং ভাং । অথ সপ্তমী । রেণুঋ বিঃ । অস্মৈ পবমানায় পরমে উৎকৃষ্টে ব্যোমনি । বিবিধং ওম অবনং গমনং যেষানা সন্তেতি ব্যোমা যজ্ঞঃ । তস্মিন্ স্থিতায় । যদ্বা । পরমে ব্যোমন্যন্তরিক্ষে বর্ত্তমানায় । ত্রিঃ সপ্ত একবিংশতি-সংখ্যাকাঃ । ধেনবঃ প্রীণয়িত্র্যো গাবঃ । সত্যাম্ যথার্থভূতম্ । আশিরম্ আশ্রয়ণসাধনং ক্ষীরাদি দুদুহ্রিরে দুহন্তি । যদ্বা । ত্রিঃসপ্ত । দ্বাদশমাসাঃ পঞ্চর্ত্তবঃ ত্রয় ইমে লোকাঃ অসাবা-দিত্য একবিংশ ইতি । এতৈঃ সর্ব্বৈঃ সহ গোঃ পয় উৎপাদ্যতে তদ্ গাবো দুহন্তীতি । কিঞ্চ । অয়ং লোকঃ । [illegible] চত্বারি [illegible] ভুবনা [illegible] চত্বারি তানি চতুঃসংখ্যাকানি । [illegible]

নির্দেজনায় পরিশোধনায় পরিপোষণায় বা তদা করোতি। যদ্ যদা অয়ম্ ঋতৈঃ যজ্ঞৈঃ অবর্দ্ধত বৰ্দ্ধিতবান্ তদা করোতি। "দুদুহ্রিরে"—"দুদুহ্রে"—ইতি, "পরমে"—"পূর্ব্বে" —ইতি চ পাঠৌ॥ ৭

অং। পরম আকাশে এই বৎসটিকে প্রতিপালন করিবার জন্য একবিংশতি গাভী সত্য-দুগ্ধ দান করেন, ইনি সেই দুগ্ধে পরিপুষ্ট হইয়া অন্যান্য চারিটী ভুবনকে রূপবান্ করেন এবং কল্যাণকর করেন *॥ ৭

---

(৯৫)

১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ৩ ২
ইন্দ্রায়সোমসুষুতঃপরিস্রবাপামীবাভবতুরক্ষসাসহ।
৩ ১ ২ ১ ৩ ২ ১ ২ ৩ ২ ৩ ১ ২
মাতেরসস্যমৎসতদ্বয়াবিনোদ্রবিণস্বন্তইহসন্ত্বিন্দবঃ॥ ৮

(ঋ০ ৭,৩,১০,১)

বিং। ঋং ভৃগুবংশধর বেণ। ছং দেং পূর্ব্ববৎ। এতন্মূলক দুটি সামই গেয় গানের; ১৬,২,২৫শ ও ২৬শ। ইহার 'প্রথমটি ইন্দ্রের অপামীব' ও শেষটী 'বায়ুর অতিক্রম' নামে যাজ্ঞিক সমাজে ব্যবহৃত হইয়াথাকে। যথা—

---

* এই [illegible] অর্থ পাঠকগণ আপন আপন বুদ্ধ্যনুসারে স্থির করিবেন; ভাষ্যকারে ইহার বহুবিধ অর্থ প্রকাশ পাইয়াছে।

গেং গাং। ইন্দ্রা। য়সোমস্বুতাও:পা৩রিস্রব। অপা।

২র র ৪ ২র৩৫ ২র১ ২ ৪ ২র
মীবাভবতুরা৩ক্ষা৩সাসহ। মা৩াই। রসস্যমৎসভা৩ব্বা৩য়া

৩৫ ২১ ২ ৩২ ৪
বিনঃ। ত্রবাই। ণম্বস্তইহস। তুবা৩ইন্দা৫বা৬৫৬ঃ ॥ ২৫

২১ র ৪৫ ৪৫র ৪ ৫ ১র র র
ইন্দ্রায়সোমসুষুতঃপর্যো। হোইস্রাবা। অপামীবাভব

২ ২ ২ ১র র ২ ২ ২ ৩
তুরক্ষসা১সা৩হা। মাতেরসস্যমৎসতদ্বয়া১বী৩নো। ত্রাং৩

৫ ৩ ৫ ১২৩২ ১ ২ ৪
৪বী। ণা২৪স্বা। তাইহসা৩। হা২৩। তুবা৩ইন্দা৫বা৬৫৬ঃ
॥ ২৬ ॥ ৮

অং। হে প্রার্থনা—পূরণসমর্থ দেব ! * ইন্দ্রের জন্য যে সোম অভিষুত হইয়াছে, তাহা পরিস্রুত কর †। আমাদের দুঃখসকল, রক্ষোগণের সহিত অপসৃত হউক ! ‡ দ্বয়াবীরা §

---

* মূলে এই অংশ নাই পরং যখন প্রার্থনা আছে, তখন তাহার পূরণ-সমর্থ দেবই, যে কেহ হউন, তিনিই সম্বোধ্য হইবেন, তাহাতে সন্দেহ কি ? লতা—সোম পক্ষে অভিষবকারী ঋত্বিক্ই ইহার সম্বোধ্য।

† চন্দ্র—সোম পক্ষে,— ইন্দ্র—সূর্য্য এবং অভিষুত—প্রসূত অর্থাৎ সৃষ্ট। সুধাকর সোমের সুধাস্রাবেই ওষধিসমস্ত পরিপুষ্ট হয় বলিয়া, সেই পরস্রবণ প্রার্থনীয়। শারীর—সোম পক্ষে, ইন্দ্র— আত্মা। লতা—সোম পক্ষে পরিস্রবণ,—যে পাত্রে সোম কণ্ডন করা হইয়াছে, তাহা হইতে দ্রোণ কলশে মেষ লোম নির্ম্মিত (কম্বলের) ছাঁকনির সূক্ষ্ম রন্ধ্র সমস্ত হইতে গলন।

‡ অর্থাৎ চন্দ্রের জ্যোৎস্নোদয়ে চৌরাদি ভয় এবং শারীর সোমাভিষেকে ও লতা সোমরস পানে রোগাদি ভয় দূরীকৃত হউক।

§ যাহাদের মত, দুইদিকে দোদুল্যমান অর্থাৎ অবিশ্বাসী, পাপী, তাহা-দিগকেই দ্বয়াবী [illegible]

মৎকর্ত্তৃক অভিষুত এই সোম রসের প্রকৃত ভাবে রক্ষিত হইতেই হউক কিন্তু আমাদের সমাজে ইহার জ্যোতিঃ-সমুহ পরম পদার্থ বলিয়া আদৃত হউক * ॥ ৮ ॥

---

(৯৫)

১ ২ ৩ ১ ২ ৩ ২উ ৩ ১ ২ ৩
অসাবিসোমোঅরুষোবৃষাহরী

১ ২ ৩ ৩ ২ ৩ ২ ।
রাজেবদস্মোঅভিগাঅচিক্রদৎ।

৩ ২উ ৩ ১ ২ ৩ ১ ২
পুনানোবারমত্যেষ্যব্যয়ং

৩ ১ । ২ । ৩ ১ ২ ৩ ১ ২
শ্যেনোনযোনিং ঘৃতবন্তমাসদৎ ॥ ৯

(ঋ০ ৭,৩,৭,১)

বিং। ঋং ভরদ্বাজবংশীয় বসু। ছং দেং পূর্ব্ববৎ। এতন্মূলক নয়টি সাম দেখা যায়। তন্মধ্যে ঊহ গানের ৫,২,৮ম ৮,১,২য় ১৭,২,৪র্থ ২৩,২,১৭শ ও ২০শ; ঊহ্য গানের ৩,১, ২,৮ম; অবশিষ্ট তিনটি গেয় গানের ২৭শ, ২৮শ ও ২৯শ। এ তিনটিকেই 'সাম' কহে। যথা—

২ [illegible] ২ ১ [illegible]
সেং গাং। অসাবিসো। [illegible]। [illegible]।
[illegible]
[illegible]। [illegible]। [illegible]। [illegible]।

---

* [illegible]

রামত্তিয়া২৩৪ই। বিঅব্যয়াম্। শ্যেনোনয়ো। নিজ্মৃত্বাং২

৩। তমা৫ সদাৎ। হো৫ই। ডা॥ ২৭

আসাবী২৩৪সো। মোঅরু২৩৪ষাঃ। বার্ষাহরায়েঙঃ।

রাজৈবা২৩৪দা। স্মোঅভী২৩৪গাঃ। আচিক্রদা২৩৫।

পুনানো২৩৪বা। রামাতী২৩৪য়ে। বীঅব্যয়া২৩ম্। শ্যেনো

না২৩৪য়ো। নিজ্মার্তা২৩৪বা। তমা৩। সা২দা২৩৪ঔহোবা।

দে৩। দিবী২৩৪৫॥ ২৮

অসাবিসোমোঅরুষোবৃষাহ। রাইঃ। রাজেবদস্মো

অভিগাঅচিক্র। দাৎ। পুনানোবারমত্যেষ্যব্যা। য়াম্।

শ্যেনোনয়োনিজ্মৃত। বা। তমা৩। সা২দা৩৩৪ঔহোবা।

এ৩। দিবী২৩৪৫॥ ২৯॥ ৯

সাং ভাং। অথ নবমী। ভরদ্বাজো বসুঃ ঋষিঃ। সোমঃ অসাবি অভিষুতোঽভূৎ। কীদৃশঃ সোমঃ। অরুষঃ অরোচমানঃ। বৃষাঃ বর্ষকঃ। হরিঃ হরিতবর্ণঃ। স চ রাজেব দস্মঃ দর্শনীয়ঃ সন্ গাঃ উদকানি অভি লক্ষ্য অচিক্রদৎ শব্দায়তে অভিষবনিমিত্ত-শব্দরে। পশ্চাৎ পুনানঃ পূয়মানঃ

অব্যম্ অবিতবং বারং বালং পবিত্রম্ অত্যেষি হে সোম! অতিক্রম্য গচ্ছসি। ততঃ শ্যেনো ন শ্যেন ইব য়োনিং স্বীয়ং স্থানং ঘৃতবন্তম্ উদকবন্তম্ আসদৎ বসতীবরীষ্বাসীদতীত্যর্থঃ। "অত্যেষি"–"পর্ষেতি"—ইতি, "আসদৎ"–"আসদম্"—ইতি চ পাঠৌ। ৯

অং। সুধাবর্ষণশীল, তমোহর, রূপবান্, এই দর্শনীয় সোমকে স্রষ্টা, নক্ষত্র মণ্ডলীর মধ্যে রাজার ন্যায় করিয়া সৃজন করিয়াছেন; ইনি এই পৃথিবীর নিম্নোর্দ্ধ সর্ব্বদিকেই বেষ্টন করত সতত সশব্দে ভ্রমণ করিতেছেন এবং বিমানচারী পক্ষীগণের ন্যায়, পূয়মান এই সোমও সতত নভোমণ্ডলে, স্বীয় অব্যয় কক্ষাবলম্বনে, ঘুরিতে ঘুরিতে, একটির পর একটি নক্ষত্র ভোগ করেন পরং কখনও জলময় স্বীয় স্থান ত্যাগকরেন না *। ৯

(৯৭)

২ ৩ ২উ ৩ ১ ২ ৩ ২ ৩ ১ ২ ৩ ২ ৩ ২উ ৩ ১ ২
প্রদেবমচ্ছামধুমন্তইন্দবোসিষ্যদন্তগাবআনধেনবঃ।

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১ ২ ২ ৩ ১ ১ ৩ ১ ২ ৩ ১ ২
বর্হিষদো বচনবন্তঊধভিঃপরিস্রুতমুস্রিয়ানির্ণিজন্ধিরে ॥ ১০
(ঋং ৭,২,১৯,১)

---

* অর্থাৎ কখনও ইহাকে বক্রীভূত হইতে দেখাযায়না। যাঁহারা বলেন—"বেদ অসভ্য কালের", তাঁহারা এই মন্ত্রের অন্তোক্ত পদের ভাবার্থ লক্ষ্য করিবেন।

বিং। ঋং ভলন্দন বংশীয় বৎসপ্রী। ছং দেং পূর্ব্ববৎ। এতন্মূলক সাম একটী মাত্র; গেয় গানের ১৬,২,৩০শ দেখা যায়। ইহাকেও 'মরুদ্ গণের ধেনু' কহে। যথা—

৪ ৫ ২ ১ ২র ১ ২ — ১
গেং গাং। প্রাদে। রমচ্ছামধুম। তআ২ইন্দবাঃ।
২ ৩ ৫ ২ ১র ২র — ১ ২ ৩ ৫
আসিষ্যা২৩৪দা। তগাবআ। নধা২ইনবাঃ। বর্হিষা২৩৪দাঃ।
২ ১র ২র — ১ ২ ৩ ৫ ২ ১ র
বচনাবা২। তউ২ধভাইঃ। পরিস্রু২৩৪তাম্। উস্রিয়ানি
২ ২ ৫র র ২ ১ ১ ১ ১ ১
র্ণিজন্ধাইরায়েও। ধাইরা৩৪ঔহোবা। ধা৩ইরা২৩৩৫ই ॥৩০॥১০

সাং ভাং। অথ দশমী। বৎসপ্রীঃ ঋষিঃ। মধুমন্তঃ মদকর-রসযুক্তাঃ ইন্দবঃ সোমাঃ দেবং দ্যোতমানম্। সোমাত্মকম্ ইন্দ্রম্ অচ্ছ প্রতি প্রাসিষ্যদন্ত পরিস্যন্দন্তে গ্রহাদিষু প্রক্ষরন্তি। স্যন্দতের্ণ্যন্তস্য লুঙি চঙি রূপম্। তত্র দৃষ্টান্তঃ। গাব আ ন ধেনবঃ। পয়স্বিন্যঃ প্রীণয়িত্র্যঃ গাবো যথা বৎসং প্রতি পয়াংসি প্রস্রবন্তি তদ্বৎ। কিঞ্চ। বর্হিষদঃ বর্হিষি সীদন্ত্যঃ। বচনবন্তঃ হম্ভা-রবাদি—শব্দবন্তঃ। উস্রিয়েতি গোনাম। তাদৃশ্যো গাবঃ। ঊধভিঃ পয়আধারকৈঃ স্বৈঃস্বৈরূধোভিঃ। তেভ্যঃ পরিস্রুতম্ পরিতঃ স্রবণশীলং নির্ণিজং শুদ্ধং পয়োভূতং সোমরসং ধিরে দধিরে ইন্দ্রার্থং ধারয়ন্তি। ১০

অং। যেরূপ সদ্যঃ-প্রসূতা গোগণ, দুগ্ধভারাক্রান্ত সুতরাং দুগ্ধস্রাবী স্তনগুলি লঘু ভার করিবার জন্য 'বৎসাভি-

যথে হাম্বারবে ছুটিতে থাকে, এই মধুবৎ সোমও স্বীয় সুধা বিতরণার্থ সুধাস্রাবী জ্যোৎস্নাসমূহের সহিত বৎসরূপ সূর্য্যকে পাইবার জন্যই সতত গড়াইয়া গড়াইয়া চলিয়া যাইতেছে * ॥ ১০

— —

(৯৮)

১ ২ ৩ক ২।   ৩ ১ ২   ০
অঞ্জতেব্যঞ্জতেসমঞ্জতে

৩ ২   ৩ ২ ৩ক ২।
ক্রতুংরিহন্তিমধ্বাভ্যঞ্জতে।

১ ২   ৩   ২ ৩ ১ ২   ৩ ১ ২
সিন্ধোরুচ্ছ্বাসেপতয়ন্তমুক্ষণং

৩ ২   ৩ ২ ৩   ১ ২
হিরণ্যপাবাঃপশুমপ্সুগৃভ্ণতে ॥ ১১

(ঋং ৭,৩,২০,৩)

বিং। ঋং ভূমিবংশীয় অত্রি। ছং দেং পূর্ব্ববৎ। এতন্মূলক চারিটি সামের একটি ঊহগানের ১২,১,১৭শ; অপর তিনটি গেয় গানের ১৬,২,৩১শ হইতে ৩৩শ। এ

---

* পূর্ব্বমন্ত্রেই বলা হইয়াছে যে সীয় স্থান ত্যাগ করেন না অতএব সূর্য্যাভি-মুখে বেগে গমন করিয়া সূর্য্যে সম্মিলিত হইবার কোনই সম্ভাবনা নাই প্রত্যুত সূর্য্যকে লাভ করিতেই ছুটিতেছেন এবং লাভও করিতেছেন—স্বীয় সুধাপানও করাইতেছেন। বিশেষত চন্দ্রের গতি 'গড়াইয়া গড়াইয়া' বলায় পৃথিবীতে [illegible] [illegible] আবিষ্কারের [illegible] [illegible]

তিনটিরই প্রকাশক শৃগ বংশীয় কক্ষীবান্ ঋষি অতএব এ তিনটিকেই 'শার্গ সাম' কহে এবং 'কাক্ষীবত সাম'ও কহে। যথা—

    .   ২ ১   ২ ১   ২ ১ —২
গেং গাং। অগ্নতাই। বিয়গ্নতাই। সমগ্নাতা২ই।
১   ২র ১   ২ ১ —   র ১
ক্রতুহরিহা। তীমধুবা। ভিয়গ্নাতা২ই। সিন্ধোরুচ্ছ্বা।
২র ১   ২ ১ —   ১   ২র ১   ২র ১
সেপতয়া। তমুক্ষাণা২ম্। হিরণ্যপা। বাঃপশুমা। পন্থগৃভ
২   ১১১১
তা৩১উবা২৩৪৫॥ ৩১

৩ ২ ১   ২ ১   ১   ৪ ২ ৩ ৫
অগ্নাও৩হো। তেও৩হোই। বিয়গ্নতেও৩সা৩মগ্নতাই।
৩ ২ ১   ৩ ২ ১   ২   ৪ ২ ৩ ৫
ক্রতু৩হুহোই। রিহা৩হো। ভিমধুবা৩ভী৩অগ্নতাই।
৩ ২ ১   ৩ ২ ১   ২র   ৪ ২ ৩ ৫
সিন্ধো৩হোই। উচ্ছ্বা৩হো। সেপতয়া৩স্তা৩মুক্ষণম্।
৩ ২ ১   ৩ ২ ১   ২র   ৩ ২ ৪
হিরা৩হো। ণ্যপা৩হো। বাঃপশুম। পন্থগা৩র্ভ্ণ৫তা৬
৫৬ই॥ ৩২

৪ ৫   ১   ৩ ৪ ৫ র ৩ ৪ ৫ র   ১ ৩ ২
হাবাগ্না। তা২৩৪ই। বিয়গ্নতেসমগ্নতে। এহিয়া।
১ ৩ ২   ৫   ১   ৩ ৪ র ৩ ৪ ৫ র
এহিয়া৩৪। হাউক্রাতুম্। য়া২৩৪ই। হস্তিমধুবাভিয়গ্নতে।
১ ৩ ২   ১ ৩ ১   ৫   ১   র ৩র
এহিয়া। এহিয়া৩৪। হাউসাইবো। উ২৩৪২। বাদেশ

৩ ৪ ৫ ৪ ৫ ১ ৩২ ১ ৩ ২ ৫ ১

তরন্তমুক্ষণম্। এহিয়া। এহিয়া৩৪। হাউহাইরা। প্যাং

র ৩র ৪ ৩ ৪ ৩ ৪ ৫ র ১ ৩ ২ ১ ৩ ২ ৫

৩৪। পাবাঃপশুমপ্সুগৃভ্ণুতে। এহিয়া। এহিয়া৩৪। হাউ।

৪

হো৫ই। ডা॥ ৩৩॥ ১১

সাং ভাং। অথ একাদশী। অত্রির্ঋষিঃ। সোমম্ ঋত্বিজঃ অঞ্জতে গোভিঃ। তথা ব্যঞ্জতে বিবিধ মঞ্জতি। সমঞ্জতে সম্যক্ অঙ্কতি। স্তুত্যর্থত্বাদপুনরুক্তিঃ। তথা ক্রতুং বলকর্তারং রিহন্তি লিহন্তি আস্বাদয়ন্তি দেবাঃ। তথা পুনঃ মধ্বা মধুনা গব্যেন অভ্যঞ্জতে। তমেব সোমং সিন্ধোঃ উদকস্য রসস্যাধারভূতে উচ্ছ্বাসে উচ্ছ্রিতে দেশে পতয়ন্তং গচ্ছন্তম্। পৎলৃ গতাবিত্যস্মাৎ স্বার্থিকে ণিচি বৃদ্ধ্যভাবশ্ছান্দসঃ। উক্ষণং সেক্তারম্। হিরণ্যপাবাঃ হিরণ্যেন পুনন্তঃ। পশুং দ্রষ্টারম্। পশুঃ পশ্যতেরিতি নিরুক্তম্। অপ্সু রসতীবরীষু গৃভ্ণুতে গৃহ্ণন্তি। "মধ্বা"—"মধুনা"—ইতি, "অপ্সু"—"আপ্সু"—ইতি চ পাঠৌ॥ ১১

অং। এই সুধাকর সোম, ইন্দ্রের উদ্দেশে নভঃ-সমুদ্রে পড়িয়া ভাসিতে ভাসিতে চলিয়া যাইতেছে,—বিশেষরূপে চলিয়া যাইতেছে—সম্যক্ চলিয়া যাইতেছে—চতুর্দিকে তথা ছড়াইয়া ছড়াইতে যাইতেছে; সুধী-বিদ্বগণ ইহাকে এই অবস্থাতেই পান করিতেছে [illegible]

পতিত সুতরাং সতত বিপন্ন; —এই উক্ষা পশুটীকে * হিরণ্যপাবা দেবতা, জলের মধ্যেই সতত ধারণ করিয়া আছেন + ॥ ১১

---

(৯৮)

৩ ১ ২ ৩ ১ ২ ৩ ১। ২। ৩ ১ ২ ৩ ১ ২
পবিত্রন্তেবিততম্ব্রহ্মণস্পতেপ্রভুর্গাত্রাণিপর্য্যেষিবিশ্বতঃ।
১ ২ ৩২উ ৩ ১ ২ ৩ ২ ৩১ ২ ৩ ১। ২।
অতপ্ততনূর্ন তদামোঅশ্নুতেশৃতাসইদ্বহন্তঃসন্তদাশত ॥ ১২

(ঋং ৭,৩,৮,১)

ইতি ষষ্ঠ-প্রপাঠকে দ্বিতীয়াৰ্দ্ধে দ্বিতীয় দশতি—৬,২,২

